মহাভারতম্

জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

বনপর্ব্ব

১০

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন

শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

বিশ্ববাণী প্রকাশনী

কলিকাতা-৭০০০০৭

প্রকাশকের নিবেদন

'মহাভারতম্' মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীমদ্ হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়ের তপস্যালব্ধ অমৃতময় ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চর তপস্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্ত রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। 'মহাভারতম্'-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হরিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। সুধীজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ। *

যুধিষ্ঠিরো মহারাজ! পপ্রচ্ছ ভরতর্ষভঃ।
মার্কণ্ডেয়ং তপোবৃদ্ধং দীর্ঘায়ুষমকল্মষম্ ॥১॥
বিদিতাস্তব ধর্ম্মজ্ঞ! দেবদানবরাক্ষসাঃ।
রাজবংশাশ্চ বিবিধা ঋষিবংশাশ্চ শাশ্বতাঃ ॥২॥
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিদস্মিল্লোঁকে দ্বিজোত্তম!।
কথাং বেৎসি মুনে। দিব্যাং মনুষ্যোরগরক্ষসাম্ ॥৩॥
দেবগন্ধর্ব্বযক্ষাণাং কিন্নরাপ্সরসাং তথা।
ইদমিচ্ছাম্যহং শ্রোতুং তত্ত্বেন দ্বিজসত্তম! ॥৪॥ যুগ্মকম্।
কুবলাশ্ব ইতি খ্যাত ইক্ষ্বাকুরপরাজিতঃ।
কথং নামবিপর্য্যাসাদ্ধুন্ধুমারত্বমাগতঃ ॥৫॥

ভারতকৌমুদী

যুধীতি। তপোবৃদ্ধত্ব নিদেশাদেব তং প্রতি প্রশ্ন ইত্যাশয়ঃ।১।
বিদিতা ইতি। দেবাদীনাং বৃত্তান্তা ইত্যর্থঃ। শাশ্বতা নিত্যা অবিচ্ছিন্নাঃ ॥২॥
নেতি। কথামুপাখ্যানম্। দিব্যামুত্তমাম্। তত্ত্বেন যাথার্থ্যেন ॥৩—৪।

ভারতভাবদীপঃ

শ্রুত্বেতি। ঋষীণাং রাজ্ঞঃ লোককণ্টকোদ্ধরণং পরমেশ্বরপ্রীতিকরমিতি ধুন্ধুমারোপাখ্যান-তাৎপর্য্যম্। পদার্থঃ স্পষ্টঃ ॥১—৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭১॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠির—তপোবৃদ্ধ, দীর্ঘায়ু ও নিষ্পাপ মার্কণ্ডেয়ের নিকট পুনরায় জিজ্ঞাসা করিলেন—॥১॥

"ধর্ম্মজ্ঞ! দেব, দানব, রাক্ষস, নানাবিধ রাজবংশ এবং অবিচ্ছিন্ন ঋষিবংশের বৃত্তান্ত সকল আপনার জানা আছে ॥২॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! এই জগতে আপনার অবিদিত কিছুই নাই। মুনি! আপনি—দেব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, কিন্নর, অপ্সরা, নাগ ও মনুষ্যগণের উত্তম উত্তম উপাখ্যান জানেন; অতএব দ্বিজশ্রেষ্ঠ! এই উপাখ্যানটী যথার্থভাবে শুনিতে ইচ্ছা করি—॥৩—৪॥

* ইতঃ পরম্—"শ্রুত্বা তু রাজা রাজর্ষিদ্রুহ্যুম্নস্য তত্ত্বথা। মার্কণ্ডেয়ান্মহাভাগাৎ স্বর্গস্য প্রতিপাদনম্ ॥" ইতি শ্লোকঃ বা ব কা পি। (১)···ভরতর্ষভ!—বা ব কা।

এতদিচ্ছামি তত্ত্বেন জ্ঞাতুং ভার্গবসত্তম!।
বিপর্য্যস্তং তথা নাম কুবলাশ্বস্য ধীমতঃ ॥৬॥

বৈশম্পায়ন উবাচ।

যুধিষ্ঠিরেণৈবমুক্তো মার্কণ্ডেয়ো মহামুনিঃ।
ধৌন্ধুমারমুপাখ্যানং কথয়ামাস ভারত! ॥৭॥

মার্কণ্ডেয় উবাচ।

হন্ত তে কথয়িষ্যামি শৃণু রাজন্! যুধিষ্ঠির!।
ধর্ম্মিষ্ঠমিদমাখ্যানং ধুন্ধুমারস্য তচ্ছৃণু ॥৮॥

যথা স রাজা ইক্ষ্বাকুঃ কুবলাশ্বো মহীপতিঃ।
ধুন্ধুমারত্বমগমৎ তচ্ছৃণুষ্ব মহীপতে! ॥৯॥

মহর্ষির্বিশ্রুতস্তাত! উতঙ্ক ইতি ভারত!।
মরুধন্বসু রম্যেষু আশ্রমস্তস্য কৌরব! ॥১০॥

ভারতকৌমুদী

কুবলেতি। ইক্ষ্বাকুবংশীয়ঃ। নামবিপর্যাসং সংজ্ঞাবৈপরীত্যাৎ ॥৫॥

এতদিতি। বিপর্যস্তমন্যথা ভূতম্, তৎ ধুন্ধুমার [illegible] ॥৬॥

যুধীতি। ধুন্ধুমারস্যেদং ধৌন্ধুমারম্ ॥৭॥

হন্তেতি। হর্ষে হন্তশব্দঃ [illegible] বোধ্যম্ ॥৮॥

যথেতি। ইক্ষ্বাকুঃ ইক্ষ্বাকুবংশীয়ঃ মহীপতিঃ পৃথিবীপালঃ ॥৯॥

'কুবলাশ্ব'-নামে বিখ্যাত ইক্ষ্বাকুবংশীয় বিজয়ী রাজা কি কারণে নামের ব্যত্যয় হওয়ায় 'ধুন্ধুমার' হইয়াছিলেন? ॥৫॥

ভৃগুবংশশ্রেষ্ঠ! ধীমান কুবলাশ্বের নাম সেইরূপ হইয়াছিল কেন, ইহাই আমি যথার্থরূপে জানিতে ইচ্ছা করি" ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন! যুধিষ্ঠির এইরূপ বলিলে, মহর্ষি মার্কণ্ডেয় ধুন্ধুমারের উপাখ্যান বলিতে আরম্ভ করিলেন ॥৭॥

মার্কণ্ডেয় বলিলেন— "রাজা যুধিষ্ঠির! আমি তোমাকে জিজ্ঞাসিত বিষয় বলিব, তুমি শ্রবণ কর। ধুন্ধুমারের এই উপাখ্যান ধর্ম্মসম্বদ্ধ ; অতএব তাহা তুমি শ্রবণ কর ॥৮॥

রাজা! ইক্ষ্বাকুবংশীয় সেই কুবলাশ্বরাজা যাহাতে ধুন্ধুমার হইয়াছিলেন, তাহা তুমি শ্রবণ কর ॥৯॥

বৎস ভরতনন্দন! 'উতঙ্ক'-নামে বিখ্যাত এক মহর্ষি ছিলেন এবং মনোহর মরুসন্নিহিত দেশে তাঁহার আশ্রম ছিল ॥১০॥

(১০)…উত্তঙ্ক ইতি—বা, …উদঙ্ক ইতি—নি।

উতঙ্কস্তু মহারাজ! তপোঽতপ্যৎ সুদুশ্চরম্।
আরিরাধয়িষুর্বিষ্ণুং বহূন্ বর্ষগণান্ বিভুঃ ॥১১॥
তস্য প্রীতঃ স ভগবান্ সাক্ষাদ্দর্শনমীষিবান্।
দৃষ্টৈব চর্ষিঃ প্রহ্বস্তং তুষ্টাব বিবিধৈঃ স্তবৈঃ ॥১২॥

উতঙ্ক উবাচ।

ত্বয়া দেব! প্রজাঃ সর্ব্বাঃ সসুরাসুরমানবাঃ।
স্থাবরাণি চ ভূতানি জঙ্গমানি তথৈব চ ॥১৩॥
ব্রহ্ম বেদাশ্চ বেদ্যঞ্চ ত্বয়া সৃষ্টং মহাদ্যুতে!।
শিরস্তে গগনং দেব! নেত্রে শশিদিবাকরৌ ॥১৪॥ (যুগ্মকম্)
নিশ্বাসঃ পবনশ্চাপি তেজোঽগ্নিশ্চ তবাচ্যুত!।
বাহবস্তে দিশঃ সর্ব্বাঃ কুক্ষিশ্চাপি মহার্ণবঃ ॥১৫॥
ঊরূ তে পর্ব্বতা দেব! খং জঙ্ঘে মধুসূদন!।
পাদৌ তে পৃথিবী দেবী রোমাণ্যোষধয়স্তথা ॥১৬॥

ভারতকৌমুদী

মহর্ষিরিতি। বিশ্রুতো বিখ্যাতঃ। মরুধন্বসু মরুপ্রদেশেষু, আশ্রম আসীৎ ॥১০॥
উতঙ্ক ইতি। আরিরাধয়িষুঃ আরাধয়িতুমিচ্ছুঃ। বিভুঃ প্রভাববান্ ॥১১॥
তস্যেতি। স বিষ্ণুঃ। ঈষিবান্ প্রাপ্তবান্। প্রহ্বঃ অবনতঃ সন্ ॥১২॥
ত্বয়েতি। ভূতানি প্রাণিনঃ। ব্রহ্ম তপঃ, বেদ্যম্ অন্যৎ সর্ব্বং জ্ঞেয়ম্ ॥১৩—১৪॥
নিশ্বাস ইতি। পবনো বায়ুঃ। কুক্ষিরুদরম্ ॥১৫॥

মহারাজ! প্রভাবশালী সেই উতঙ্ক বিষ্ণুকে সন্তুষ্ট করিবার জন্য বহু বৎসর যাবৎ অতিদুষ্কর তপস্যা করেন ॥১১॥

তাহাতে ভগবান বিষ্ণু সন্তুষ্ট হইয়া তাঁহাকে সাক্ষাৎ দর্শন দান করেন; তখন উতঙ্কমুনি তাঁহাকে দেখিয়াই অবনত হইয়া নানাবিধ স্তব দ্বারা তাঁহাকে সন্তুষ্ট করিতে লাগিলেন ॥১২॥

উতঙ্ক বলিলেন—"দেব! আপনি—সমস্ত লোক এবং দেব, দানব, মানব, স্থাবর ও জঙ্গম সমস্ত প্রাণী, তপস্যা, বেদ ও সমস্ত জ্ঞেয় পদার্থ সৃষ্টি করিয়াছেন; আর মহাতেজা দেব! আকাশ আপনার মস্তক, চন্দ্র ও সূর্য্য আপনার নয়নযুগল ॥১৩—১৪॥

নারায়ণ! বায়ু আপনার নিশ্বাস, অগ্নি আপনার তেজ, সমস্ত দিক্ আপনার বাহু এবং মহাসমুদ্র আপনার উদর ॥১৫॥

(১২)...দর্শনমেযিবান্—বা ব কা নি।

ইন্দ্রসোমাগ্নিবরুণা দেবাসুরমহোরগাঃ।
প্রহ্বাস্ত্বামুপতিষ্ঠন্তি স্তুবন্তো বিবিধৈঃ স্তবৈঃ ॥১৭॥
ত্বয়া ব্যাপ্তানি সর্ব্বাণি ভূতানি ভুবনেশ্বর!।
যোগিনঃ সুমহাবীর্য্যাঃ স্তুবন্তি ত্বাং মহর্ষয়ঃ ॥১৮॥
ত্বয়ি তুষ্টে জগৎ স্বস্থং ত্বয়ি ক্রুদ্ধে মহদ্ভয়ম্।
ভয়ানামপনেতাসি ত্বমেকঃ পুরুষোত্তম! ॥১৯॥
দেবানাং মানুষাণাঞ্চ সর্ব্বভূতসুখাবহঃ।
ত্রিভির্বিক্রমণৈর্দেব! ত্রয়ো লোকাস্ত্বয়া হৃতাঃ ॥২০॥
অসুরাণাং সমৃদ্ধানাং বিনাশশ্চ ত্বয়া কৃতঃ।
তব বিক্রমণৈর্দেবা নির্ব্বাণমগমন্ পরম্ ॥২১॥

ভারতকৌমুদী

উরূ ইতি। খমাকাশম্। ওষধয়ো লতাঃ ॥১৬॥

ইন্দ্রেতি। প্রহ্বা অবনতাঃ সন্তঃ, উপতিষ্ঠন্তি উপাসতে ॥১৭॥

ত্বয়েতি। ভূতানি ক্ষিতিজলতেজোবায়ুগগনানি ॥১৮॥

ত্বয়ীতি। স্বস্থং নির্ভয়ং ভবতি। অপনেতা নাশয়িতা ॥১৯॥

দেবানামিতি। দেবানাং মানুষাণাঞ্চ সুখাবহ ইতি শেষঃ। কিঞ্চ সর্ব্বেষাং ভূতানাং প্রাণিনাঞ্চ সুখাবহঃ সুখজনকঃ। বিক্রমণৈঃ পাদক্ষেপৈঃ, হৃতা আক্রান্তাঃ ॥২০॥

অসুরাণামিতি। বিক্রমণৈঃ পরাক্রমৈঃ, নির্ব্বাণং নির্বৃতিং শান্তিমিতি যাবৎ ॥২১॥

দেব! মধুসূদন! পর্ব্বত সকল আপনার উরু, আকাশ আপনার জঙ্ঘা, পৃথিবী আপনার চরণ এবং লতাসমূহ আপনার লোম ॥১৬॥

ইন্দ্র, চন্দ্র, অগ্নি, বরুণ, অন্যান্য দেবগণ, অসুরগণ ও মহানাগগণ অবনত হইয়া নানাবিধ স্তোত্র দ্বারা স্তব করিতে থাকিয়া আপনার উপাসনা করিয়া থাকেন ॥১৭॥

জগদীশ্বর! আপনি সকল ভূতকে ব্যাপ্ত করিয়া আছেন। এইজন্যই মহাপ্রভাবশালী যোগী ও মহর্ষিরা আপনার স্তব করিয়া থাকেন ॥১৮॥

পুরুষোত্তম! আপনি সন্তুষ্ট থাকিলে জগৎ সুস্থ থাকে এবং আপনি ক্রুদ্ধ হইলে জগতের গুরুতর ভয় উপস্থিত হয়; আর একক আপনিই সমস্ত ভয়নাশক ॥১৯॥

দেব! আপনি—দেবগণ, মনুষ্যগণ এবং অন্যান্য সমস্ত প্রাণীর সুখজনক; আর আপনি তিনটা পাদক্ষেপদ্বারাই ত্রিভুবন আক্রমণ করিয়াছিলেন ॥২০॥

আপনি সমৃদ্ধিশালী অসুরগণের বিনাশ সাধন করিয়াছেন; সুতরাং আপনার বিক্রমেই দেবতারা পরম নির্বৃতি লাভ করিয়াছেন ॥২১॥

পরাভূতাশ্চ দৈত্যেন্দ্রাস্ত্বয়ি ক্রুদ্ধে মহাদ্যুতে ।।
ত্বং হি কর্ত্তা বিকর্ত্তা চ ভূতানামিহ সর্ব্বশঃ।
আরাধয়িত্বা ত্বাং দেবাঃ সুখমেধন্তি সর্ব্বশঃ ॥২২॥
এবং স্তুতো হৃষীকেশ উতঙ্কেন মহাত্মনা।
উতঙ্কমব্রবীদ্বিষ্ণুঃ প্রীতস্তেঽহং বরং বৃণু ॥২৩॥

উতঙ্ক উবাচ।

পর্য্যাপ্তো মে বরো হ্যেষ যদহং দৃষ্টবান্ হরিম্।
পুরুষং শাশ্বতং দিব্যং স্রষ্টারং জগতঃ প্রভুম্ ॥২৪॥

বিষ্ণুরুবাচ।

প্রীতস্তেঽহমলৌল্যেন ভক্ত্যা চ তব সত্তম।।
অবশ্যং হি ত্বয়া ব্রহ্মন্। মত্তো গ্রাহ্যো বরো দ্বিজ! ॥২৫॥
এবং সংছন্দ্যমানস্তু বরেণ হরিণা তদা।
উতঙ্কঃ প্রাঞ্জলির্বব্রে বরং ভরতসত্তম! ॥২৬॥

ভাবকৌমুদী

পরেতি। বিকর্ত্তা সংহর্ত্তা। সর্ব্বশঃ সর্ব্বেষাম্। এধন্তি বর্দ্ধন্তে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥
এবমিতি। কিমব্রবীদিত্যাহ—প্রীত ইত্যাদি ॥২৩॥
পর্য্যাপ্ত ইতি। পর্য্যাপ্তো যথেপ্সিতঃ। শাশ্বতং নিত্যম, দিব্যমলৌকিকম ॥২৪॥
প্রীত ইতি। অলৌল্যেন অচাঞ্চল্যেন। মত্তঃ মম সকাশাৎ ॥২৫॥
এবমিতি। সংছন্দ্যমানঃ অভ্যর্থ্যমানঃ ॥২৬॥

মহাবল! আপনি ক্রুদ্ধ হওয়াযই দৈত্যেন্দ্রগণ পরাভূত হইয়াছিল এবং এই জগতে আপনিই সমস্ত ভূতের কর্ত্তা ও সংহর্ত্তা, আর দেবতারা আপনার আরাধনা করিয়াই অনায়াসে সর্ব্বপ্রকারে উন্নতি লাভ করিতেছেন ॥২২॥

মহাত্মা উতঙ্ক এইরূপ স্তব করিলে, হৃষীকেশ নারায়ণ উতঙ্ককে বলিলেন—"আমি তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি, তুমি বর গ্রহণ কর" ॥২৩॥

উতঙ্ক বলিলেন "এ-ই আমার যথেষ্ট বর হইয়াছে যে, আমি—নিত্য ও অলৌকিক পুরুষ এবং জগতের সৃষ্টিকর্ত্তা ও প্রভু নারায়ণকে প্রত্যক্ষ দেখিতে পাইয়াছি" ॥২৪॥

বিষ্ণু বলিলেন—"সাধুশ্রেষ্ঠ ব্রাহ্মণ! তোমার ভক্তিবশতঃ আমি স্থির চিত্তেই তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি; অতএব ব্রাহ্মণ! আমার নিকট হইতে অবশ্যই তোমার বর গ্রহণ করিতে হইবে" ॥২৫॥

যদি মে ভগবান্ প্রীতঃ পুণ্ডরীকনিভেক্ষণ ! ।
ধর্ম্মে সত্যে দমে চৈব বুদ্ধির্ভবতু মে সদা ।
অভ্যাসশ্চ ভবেদ্ভক্ত্যা ত্বয়ি নিত্যং মমেশ্বর ! ॥২৭॥

ভগবানুবাচ । *

সর্ব্বমেতদ্ধি ভবিতা মৎপ্রসাদাত্তব দ্বিজ ! ।
প্রতিভাস্যতি যোগশ্চ যেন যুক্তো দিবৌকসাম্ ।
ত্রয়াণামপি লোকানাং মহৎ কার্য্যং করিষ্যসি ॥২৮॥
উৎসাদনার্থং লোকানাং ধুন্ধুর্নাম মহাসুরঃ ।
তপস্যতি তপো ঘোরং শৃণু যস্তং হনিষ্যতি ॥২৯॥
বৃহদশ্ব ইতি খ্যাতো ভবিষ্যতি মহীপতিঃ ।
তস্য পুত্রঃ শুচির্দান্তঃ কুবলাশ্ব ইতি শ্রুতঃ ॥৩০॥

ভারতকৌমুদী

যদীতি। দমে ইন্দ্রিয়নিগ্রহে। অভ্যাসঃ সান্নিধ্যম্। অযমপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২৭॥
সর্ব্বমিতি। প্রতিভাস্যতি আবির্ভবিষ্যতি, যোগো যৌগিকবলম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥
উৎসাদনেতি। উৎসাদনার্থং সংহারার্থম্ ॥২৯॥
বৃহাদতি। পুত্রো ভবিষ্যতীতি শেষঃ। দান্ত ইন্দ্রিয়দমনশীলঃ ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ ! নারায়ণ বর দিবার জন্য এইভাবে অনুরোধ করিলে, উতঙ্ক তখন কৃতাঞ্জলি হইয়া বর গ্রহণ করিলেন—॥২৬॥

"জগদীশ্বর পুণ্ডরীকাক্ষ ! যদি আপনি আমার উপরে সন্তুষ্ট হইয়া থাকেন, তবে যেন সর্ব্বদাই ধর্ম্ম, সত্য ও ইন্দ্রিয়দমনের প্রতি মতি হয় এবং সর্ব্বদাই যেন ভক্তিভরে আপনার সান্নিধ্যলাভ হয়" ॥২৭॥

বিষ্ণু বলিলেন—"ব্রাহ্মণ ! আমার অনুগ্রহে তোমার এ সমস্তই হইবে ; বিশেষতঃ তোমার যৌগিক শক্তিও জন্মিবে ; যে যৌগিকশক্তিযুক্ত হইয়া তুমি দেবগণের এবং ত্রিভুবনের গুরুতর কার্য্য সম্পাদন করিবে ॥২৮॥

'ধুন্ধু'-নামে একটা প্রবল অসুর ত্রিভুবন উৎসন্ন করিবার জন্য দারুণ তপস্যা করিতেছে ; তাহাকে যিনি বধ করিবেন, তাঁহার কথা শোন—॥২৯॥

---

* ইতঃ পরম্ 'বাঢ়মেবং ভবেন্নিত্যং তব বুদ্ধিমতাং বরং বর ! । মৎসমীপে চ সততং ভবিষ্যসি দ্বিজোত্তম ! ।' ইত্যধিকঃ শ্লোকঃ—পি। (২৯) ইতঃ পরম্ 'রাজা হি বীর্য্যবাংস্তাত ! ইক্ষ্বাকুরপরাজিতঃ' ইত্যর্দ্ধমধিকম্—বা ব কা পি।

স যোগবলমাস্থায় মামকং পার্থিবোত্তমঃ।
শাসনাত্তব বিপ্রর্ষে! ধুন্ধুমারো ভবিষ্যতি।
উতঙ্কমেবমুক্ত্বা তু বিষ্ণুরন্তরধীয়ত ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ধুন্ধুমারোপাখ্যানে একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

---:*:---

দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

--:*:-

মার্কণ্ডেয় উবাচ।

ইক্ষ্বাকৌ সংস্থিতে রাজন্! শশাদঃ পৃথিবীমিমাম্।
প্রাপ্তঃ পরমধর্ম্মাত্মা সোঽযোধ্যায়াং নৃপোঽভবৎ ॥১॥

ভারতকৌমুদী

স ইতি। মামকং মৎসম্বন্ধি মৎপ্রবর্ত্তিতমিত্যর্থঃ। শাসনাদুপদেশাৎ। ধুন্ধুং মারয়তীতি ধুন্ধুমারঃ ধুন্ধোঃ সংহর্ত্তা ভবিষ্যতি। অয়মপি পূর্ব্বাদঃ শ্লোকঃ ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ইক্ষ্বাকাবিতি। সংস্থিতে মৃতে, "পরাসুপ্রাপ্তপঞ্চত্বপরেতপ্রেতসংস্থিতাঃ" ইত্যমরঃ ॥১॥

ভারতভাবদীপঃ

ইক্ষ্বাকাবিতি ॥১—৩০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭২॥

'বৃহদশ্ব'-নামে এক রাজা হইবেন, তাঁহারও 'কুবলাশ্ব'-নামে এক পুত্র হইবে, সেই পুত্রটীও যথাকালে পবিত্র ও ইন্দ্রিয়দমনশীল হইবে ॥৩০॥

ব্রহ্মর্ষি! রাজশ্রেষ্ঠ সেই কুবলাশ্ব আমার দেওয়া যোগবল অবলম্বন করিয়া তোমার আদেশে ধুন্ধুকে সংহার করিয়া 'ধুন্ধুমার' হইবেন"। উতঙ্ককে এইরূপ বলিয়া বিষ্ণু অন্তর্হিত হইলেন" ॥৩১॥

--:*:--

মার্কণ্ডেয় বলিলেন—"রাজা! ইক্ষ্বাকুর মৃত্যু হইলে, তাঁহার পুত্র পরম ধার্ম্মিক শশাদ এই পৃথিবী লাভ করিয়া অযোধ্যায় রাজা হন ॥১॥

* '…সপ্তনবত্যধিক…'—পি, '…দ্বিশত…'—বা ব, '…একাধিকদ্বিশততমঃ…'—কা, '…চতুরধিকদ্বিশততমঃ…'—নি।

শশাদস্য তু দায়াদঃ ককুৎস্থো নাম বীর্য্যবান্ ।
অনেনাশ্চাপি কাকুৎস্থঃ পৃথুশ্চানেনসঃ সুতঃ ॥২॥
বিষগশ্বঃ পৃথোঃ পুত্রস্তস্মাদদ্রিশ্চ জজ্ঞিবান্ ।
অদ্রেশ্চ যুবনাশ্বস্তু শ্রাবস্তস্যাত্মজোঽভবৎ ॥৩॥
তস্য শ্রাবস্তকো জ্ঞেয়ঃ শ্রাবস্তী যেন নির্ম্মিতা ।
শ্রাবস্তকস্য দায়াদো বৃহদশ্বো মহাবলঃ ॥৪॥
বৃহদশ্বস্য দায়াদঃ কুবলাশ্ব ইতি স্মৃতঃ ।
কুবলাশ্বস্য পুত্রাণাং সহস্রাণ্যেকবিংশতিঃ ॥৫॥
সর্ব্বে বিদ্যাসু নিষ্ণাতা বলবন্তঃ দুরাসদাঃ ।
কুবলাশ্বশ্চ পিতৃতো গুণৈরভ্যধিকোঽভবৎ ॥৬॥
সময়ে তং পিতা রাজ্যে বৃহদশ্বোঽভ্যষেচয়ৎ ।
কুবলাশ্বং মহারাজ ! শূরমুত্তমধার্ম্মিকম্ ॥৭॥

ভারতকৌমুদী

শশাদস্যেতি । দায়ং মরণেন ত্যক্তং ধনম্ আদত্ত ইতি দায়াদঃ পুত্রঃ ।২।
বিষগিতি । বিষক্ সর্ব্বাসু দিক্ষু অশ্বো যস্য স তথাভূতঃ ।৩॥
তস্যেতি । শ্রাবস্তকো নাম । শ্রাবস্তী তদাখ্যা নগরী ।৪
বৃহদিতি । একবিংশতিঃ সহস্রাণি অভবন্নিতি শেষঃ ॥৫॥
সর্ব্ব ইতি । সর্ব্বে কুবলাশ্বপুত্রাঃ, বিদ্যাসু সর্ব্বাসু, নিষ্ণাতা নিপুণাঃ ॥৬॥
সময় ইতি । অভ্যষেচয়ৎ ঋত্বিগাদিভিরিতি শেষঃ ॥৭॥

শশাদের পুত্র ককুৎস্থ, তিনি অত্যন্ত বলবান ছিলেন । ককুৎস্থের পুত্র অনেনা ; অনেনার পুত্র পৃথু ॥২॥

পৃথুর পুত্র বিষগশ্ব , বিষগশ্ব হইতে অদ্রি জন্মগ্রহণ করেন । অদ্রির পুত্র যুবনাশ্ব ; যুবনাশ্বের পুত্র শ্রাব ॥৩॥

শ্রাবের পুত্র শ্রাবস্তক , যিনি শ্রাবস্তী নগরী নির্ম্মাণ করিয়াছিলেন । শ্রাবস্তকের পুত্র মহাবল বৃহদশ্ব ॥৪॥

বৃহদশ্বের পুত্র কুবলাশ্ব , কুবলাশ্বের একুশ হাজার পুত্র হইয়াছিল ॥৫॥

সেই কুবলাশ্বের পুত্রেরা সকলেই সমস্ত বিদ্যায় নিপুণ, বলবান্ ও অতিভয়ঙ্কর ছিল ; আর কুবলাশ্বও গুণে পিতা হইতে প্রধান হইয়াছিলেন ॥৬॥

মহারাজ ! পিতা বৃহদশ্ব, মহাবীর ও মহাধার্ম্মিক পুত্র সেই কুবলাশ্বকে যথাসময়ে রাজ্যে অভিষিক্ত করাইলেন ॥৭॥

পুত্রসংক্রামিতশ্রীস্তু বৃহদশ্বো মহীপতিঃ।
জগাম তপসে ধীমাংস্তপোবনমমিত্রহা ॥৮॥
অথ শুশ্রাব রাজর্ষিং তমুতঙ্কো নরাধিপ!।
বনং সংপ্রস্থিতং রাজন্! বৃহদশ্বং দ্বিজোত্তমঃ ॥৯॥
তমুতঙ্কো মহাতেজাঃ সর্ব্বাস্ত্রবিদুষাং বরম্।
ন্যবারয়দমেয়াত্মা সমাসাদ্য নরোত্তমম্ ॥১০॥

উতঙ্ক উবাচ।

ভবতা রক্ষণং কার্য্যং তত্তাবৎ কর্ত্তুমর্হসি।
নিরুদ্বিগ্না বয়ং রাজংস্ত্বৎপ্রসাদাদ্ভবেমহি ॥১১॥
ত্বয়া হি পৃথিবী রাজন্! রক্ষ্যমাণা মহাত্মনা।
ভবিষ্যতি নিরুদ্বিগ্না নারণ্যং গন্তুমর্হসি ॥১২॥
পালনে হি মহান্ ধর্ম্মঃ প্রজানামিহ দৃশ্যতে।
ন তথা দৃশ্যতেঽরণ্যে মা ভূত্তে বুদ্ধিরীদৃশী ॥১৩॥

ভারতকৌমুদী

পুত্রেতি। পুত্রে সংক্রামিতা সঞ্চারিতা শ্রী রাজলক্ষ্মীর্যেন সঃ ॥৮॥
অথেতি। সংপ্রস্থিতং সংপ্রস্থাস্যমানম্ ॥৯॥
তমিতি। অমেয ঔদার্য্যে অসাধারণ আত্মা মনো যস্য সঃ ॥১০॥
ভবতেতি। নিরুদ্বিগ্না দুর্জ্জনাদিদমনাদিত্যাশয়ঃ ॥১১॥
ত্বয়েতি। অতএবারণ্যং তপোবনং গন্তুং নার্হসি ॥১২॥

বুদ্ধিমান্ ও শত্রুহন্তা রাজা বৃহদশ্ব পুত্রের উপরে রাজলক্ষ্মী সংস্থাপন করিয়া তপস্যা করিবার জন্য তপোবনে গমন করিবার উদ্যোগ করিলেন ॥৮॥

নরনাথ রাজা! তাহার পর ব্রাহ্মণশ্রেষ্ঠ উতঙ্ক শুনিলেন যে, রাজর্ষি বৃহদশ্ব তপোবনে প্রস্থান করিলেন ॥৯॥

তখন মহাতেজা ও অসাধারণ উদারচেতা উতঙ্ক যাইয়া সকল অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ রাজা বৃহদশ্বকে বারণ করিলেন ॥১০॥

উতঙ্ক বলিলেন—"রাজা! রাজ্য রক্ষা করা আপনার উচিত; সুতরাং আপনি তাহাই করুন। আপনার অনুগ্রহে আমরা নিরুদ্বেগ হইব ॥১১॥

রাজা। আপনি মহাত্মা; সুতরাং আপনি রক্ষা করিতে থাকিলে পৃথিবীও নিরুদ্বেগ হইবেন; অতএব আপনি বনে যাইতে পারেন না ॥১২॥

(১০)…সমাসাদ্য নরেশ্বরম্—পি। (১১)…ত্বৎপ্রসাদাদ্বসেমহি—নি?

ঈদৃশো নহি রাজেন্দ্র ! ধৰ্ম্মঃ কশ্চন দৃশ্যতে ।
প্রজানাং পালনে যো বৈ পুরা রাজর্ষিভিঃ কৃতঃ ॥১৪॥
রক্ষিতব্যাঃ প্রজা রাজ্ঞা তাস্ত্বং রক্ষিতুমর্হসি ।
নিরুদ্বিগ্নস্তপস্তপ্তুং নহি শক্নোমি পার্থিব ! ॥১৫॥
মমাশ্রমসমীপে বৈ সমেষু মরুধন্বসু ।
সমুদ্রো বালুকাপূর্ণ উজ্জালক ইতি স্মৃতঃ ॥১৬॥
বহুযোজনবিস্তীর্ণো বহুযোজনমায়তঃ ।
তত্র রৌদ্রো দানবেন্দ্রো মহাবীর্য্যপরাক্রমঃ ॥১৭॥
মধুকৈটভয়োঃ পুত্রো ধুন্ধুর্নাম সুদারুণঃ ।
অন্তর্ভূমিগতো রাজন্ ! বসত্যমিতবিক্রমঃ ॥১৮॥ (বিশেষকম্)
তং নিহত্য মহারাজ ! বনং ত্বং গন্তুমর্হসি ।
শেতে লোকবিনাশায় তপ আস্থায় দারুণম্ ॥১৯॥

ভারতকৌমুদী

পালন ইতি। রাজ্ঞাং প্রজাপালনমেব প্রধানধৰ্ম্ম ইতি ভাবঃ ॥১৩॥
ঈদৃশ ইতি। দৃশ্যতে শাস্ত্র ইতি শেষঃ ॥১৪॥
রক্ষিতব্যা ইতি। নহি শক্নোমি, অন্যথেতি শেষঃ ॥১৫॥
মমেতি। সমেষু সমতলেষু, মরুধন্বসু মরুভূমিসকাশে। উজ্জালকো নাম। রৌদ্রো ভয়ঙ্করঃ। ধুন্ধোর্ব্যামুষ্যায়ণতয়া মধুকৈটভয়োরুভয়োরেব পুত্রত্বম্ ॥১৬ ১৭॥

ক্ষত্রিয়ের পক্ষে প্রজাপালনে যেরূপ গুরুতর ধৰ্ম্ম দেখা যায়, তপোবনে সেরূপ ধৰ্ম্ম দেখা যায় না, অতএব আপনার যেন এরূপ বুদ্ধি হয় না ॥১৩॥

রাজশ্রেষ্ঠ ! প্রজাপালনে যে ধৰ্ম্ম হয় এবং পূর্ব্বকালের রাজর্ষিরা যে ধৰ্ম্ম রক্ষা করিয়া গিয়াছেন, সে প্রকার অন্য কোন ধৰ্ম্মই শাস্ত্রে দেখা যায় না ॥১৪॥

রাজা ! প্রজা রক্ষা করা রাজার কর্ত্তব্য, সুতরাং আপনি সেই প্রজা রক্ষা করুন। না হইলে, আমি নিরুদ্বেগে তপস্যা করিতে পারিব না ॥১৫॥

রাজা ! আমার আশ্রমের নিকটে সমতল মরুভূমির সন্নিধানে বালুকাপূর্ণ, বহু যোজনবিস্তীর্ণ এবং বহু যোজনদীর্ঘ 'উজ্জালক'-নামে একটা সমুদ্র আছে ; তাহার নিকটে মধুকৈটভের পুত্র, ভয়ঙ্করমূর্ত্তি, ভয়ঙ্করপ্রকৃতি এবং মহাবল ও মহা-পরাক্রমশালী 'ধুন্ধু'-নামে একটা প্রবল দানব ভূমির ভিতরে শয়ন করিয়া রহিয়াছে ॥১৬—১৮॥

মহারাজ ! আপনি তাহাকে বধ করিয়া তপোবনে যাইতে পারেন। রাজা ! সেই দানব—দেবগণ, মনুষ্যগণ এবং ত্রিভুবন বিনাশ করিবার জন্য

ত্রিদশানাং বিনাশায় লোকানাঞ্চাপি পার্থিব!।
অবধ্যো দেবতানাং হি দৈত্যানামথ রক্ষসাম্ ॥২০॥
নাগানামথ যক্ষাণাং গন্ধর্ব্বাণাঞ্চ সর্ব্বশঃ।
অবাপ্য স বরং রাজন্! সর্ব্বলোকপিতামহাৎ ॥২১॥ বিশেষকম্।
তং বিনাশয় ভদ্রং তে মা তে বুদ্ধিরতোহন্যথা।
প্রাপ্স্যসে মহতীং কীর্ত্তিং শাশ্বতীমব্যয়াং ধ্রুবাম্ ॥২২॥
ক্রূরস্য তস্য স্বপতো বালুকান্তর্হিতস্য চ।
সংবৎসরস্য পর্য্যন্তে নিশ্বাসঃ সম্প্রবর্ত্ততে ॥২৩॥
যদা তদা ভূশ্চলতি সশৈলবনকানন।।
তস্য নিশ্বাসবাতেন রজ উদ্ধূয়তে মহৎ ॥২৪॥
আদিত্যপথমাশ্রিত্য সপ্তাহং ভূমিকম্পনম্।
সবিস্ফুলিঙ্গং সজ্বালং ধূমমিশ্রং সুদারুণম্ ॥২৫॥ বিশেষকম্।
তেন রাজন্! ন শক্নোমি তস্মিন স্থাতুং স্ব আশ্রমে।
তং বিনাশয় রাজেন্দ্র! লোকানাং হিতকাম্যয়া ॥২ ॥

ভাবতকৌমুদী

তমিতি। ত্রিদশানাং দেবানাম্। সর্ব্বশঃ সর্ব্বেষাম্ ॥১৯—২১॥

তমিতি। তে তব, ভদ্রং মঙ্গলং ভবেৎ। শাশ্বতীং চিরস্থায়িনীম্ ॥২২॥

ক্রূরস্যেতি। পর্য্যন্তে অবসানে। আদিত্যপথমাশ্রিত্য মহৎ রজো ধূলিজালম্, উদ্ধূয়তে উত্থাপ্যতে। সপ্তাহং যাবৎ ভূমিকম্পনঞ্চ জায়তে ॥২৩—২৫

তেনেতি। তং ধুন্ধুনামকং দানবম্ ॥২৬॥

পূর্ব্বে অতিভয়ঙ্কর তপস্যা করিয়াছিল। রাজা! সে দানব ব্রহ্মার নিকট বর লাভ করিয়া দেবগণ, দৈত্যগণ, রাক্ষসগণ, নাগগণ, যক্ষগণ এবং সমস্ত গন্ধর্ব্বগণের অবধ্য হইয়াছে ॥১৯—২১॥

অতএব আপনি তাহাকে বধ করুন, আপনার বুদ্ধি যেন ইহার অন্যরূপ হয় না; আপনার মঙ্গল হইবে এবং আপনি চিরস্থায়ী, অক্ষয় ও নিশ্চিত মহাকীর্ত্তি লাভ করিবেন ॥২২॥

একটী বৎসর হইলে, বালুকার অভ্যন্তরে নিদ্রিত সেই ক্রূর মহাসুরের যখন নিশ্বাস বহিতে আরম্ভ হয়, তখন পর্ব্বত, বন ও উপবনের সহিত পৃথিবী কাঁপিতে থাকে এবং তাহার নিশ্বাসবায়ুতে সূর্য্যমণ্ডলপর্য্যন্ত ধূলিরাশি উত্থিত হয়; আর সপ্তাহ পর্য্যন্ত ভূমিকম্প হইতে থাকে, তখন অগ্নির ভয়ঙ্কর স্ফুলিঙ্গ, শিখা ও ধূম উঠিতে থাকে ॥২৩—২৫॥

লোকাঃ স্বস্থা ভবিষ্যন্তি তস্মিন্ বিনিহতেঽসুরে।
ত্বং হি তস্য বিনাশায় পর্য্যাপ্ত ইতি মে মতিঃ ॥২৭॥
তেজসা তব তেজশ্চ বিষ্ণুরাপ্যায়য়িষ্যতি।
বিষ্ণুনা চ বরো দত্তঃ পূর্ব্বং মম মহীপতে ! ॥২৮॥
যস্তং মহাসুরং রৌদ্রং বধিষ্যতি মহীপতিঃ।
তেজস্তং বৈষ্ণবমিতি প্রবেক্ষ্যতি দুরাসদম্ ॥২৯॥
তত্তেজস্ত্বং সমাধায় রাজেন্দ্র ! ভুবি দুঃসহম্।
তং নিসূদয় রাজেন্দ্র ! দৈত্যং রৌদ্রপরাক্রমম্ ॥৩০॥
নহি ধুন্ধুর্মহাতেজাস্তেজসাল্পেন শক্যতে।
নির্দগ্ধুং পৃথিবীপাল ! স হি বর্ষশতৈরপি ॥৩১॥

ভারতকৌমুদী

লোকা ইতি। স্বস্থাঃ সুস্থচিত্তাঃ। পর্য্যাপ্তঃ সমর্থঃ ॥২৭॥
তেজসেতি। আপ্যায়য়িষ্যতি বর্দ্ধয়িষ্যতি। তত্র হেতুমাহ—বিষ্ণুনেতি ॥২৮॥
কোঽসৌ বর ইত্যাহ—য ইতি। দুরাসদং বৈষ্ণবং তেজস্তং প্রবেক্ষ্যতি ॥২৯॥
তদিতি। সমাধায় আত্মনি নিধায়। নিসূদয় বিনাশয় ॥৩০॥
নহীতি। মহাতেজস্ত্বাদেব অল্পেন তেজসা নির্দগ্ধুং নহি শক্যত ইত্যাশয়ঃ ॥৩১॥

রাজা ! সেই জন্যই আমি নিজের সেই আশ্রমেও থাকিতে পারি না ; অতএব রাজশ্রেষ্ঠ ! আপনি ত্রিভুবনের হিতের জন্য সেই অসুরকে বিনাশ করুন ॥২৬॥

সেই অসুরকে বিনাশ করিলে, সমস্ত লোক সুস্থ হইবে এবং আপনি তাহাকে বিনাশ করিতে সমর্থ হইবেন, ইহাও আমার ধারণা আছে ॥২৭॥

বিশেষতঃ, বিষ্ণু তাঁহার তেজদ্বারা আপনার তেজ বর্দ্ধিত করিবেন। কারণ, রাজা ! বিষ্ণু আমাকে পূর্ব্বে এইরূপ বরই দিয়াছিলেন—॥২৮॥

'যে রাজা সেই ভয়ঙ্কর মহাসুরকে বধ করিবেন, দুর্দ্ধর্ষ বৈষ্ণব তেজ সেই রাজার শরীরে প্রবেশ করিবে' ॥২৯॥

রাজশ্রেষ্ঠ ! আপনি সেই ভূতলদুঃসহ বৈষ্ণব তেজ ধারণ করিয়া ভয়ঙ্করপরাক্রমশালী সেই দৈত্যকে সংহার করুন ॥৩০॥

রাজা ! অল্প তেজদ্বারা মহাতেজা সেই ধুন্ধুকে শতবৎসরেও কেহ দগ্ধ করিতে সমর্থ হইবে না" ॥৩১॥

(৩১) শ্লোকাৎ পরম্ '... একাধিকদ্বিশততমঃ...'—বা ব, '...দ্ব্যধিকদ্বিশততমঃ...'—কা, '...পঞ্চাধিকদ্বিশততমঃ...'—নি, পি অধ্যায়সমাপ্তির্নাস্তি।

মার্কণ্ডেয় উবাচ।

স এবমুক্তো রাজর্ষিরুতঙ্কেনাপরাজিতঃ।
উতঙ্কং কৌরবশ্রেষ্ঠ। কৃতাঞ্জলিরথাব্রবীৎ ॥৩২॥
ন তেঽভিগমনং ব্রহ্মন্। মোঘমেতদ্ভবিষ্যতি।
পুত্রো মমায়ং ভগবন্। কুবলাশ্ব ইতি স্মৃতঃ ॥৩৩॥
ধৃতিমান্ ক্ষিপ্রকারী চ বীর্য্যেণাপ্রতিমো ভুবি।
প্রিয়ঞ্চ তে সর্ব্বমেতৎ করিষ্যতি ন সংশয়ঃ ॥৩৪॥
পুত্রৈঃ পরিবৃতৈঃ সর্ব্বৈঃ শূরৈঃ পরিঘবাহুভিঃ।
বিসর্জ্জয়স্ব মাং ব্রহ্মন্। ন্যস্তশস্ত্রোঽস্মি সাম্প্রতম্ ॥৩৫॥ বিশেষকম্)
তথাস্ত্বিতি চ তেনোক্তো মুনিনাঽমিততেজসা।
স তমাদিশ্য তনয়মুতঙ্কায় মহাত্মনে।
ক্রিয়তামিতি রাজর্ষির্জগাম বনমুত্তমম্ ॥৩৬॥

যুধিষ্ঠির উবাচ।

ক এষ ভগবন্। দৈত্যো মহাবীর্য্যস্তপোধন।।
কস্য পুত্রোঽথ নপ্তা বা এতদিচ্ছামি বেদিতুম্ ॥৩৭॥

ভাবকৌমুদী

স ইতি। স রাজর্ষির্বৃহদশ্বঃ ॥৩২॥

নেতি। মোঘং ব্যর্থম্। ধৃতিমান্ ধৈর্য্যশালী। পরিঘা অস্ত্রবিশেষা ইব দীর্ঘা বাহবো যেষাং তৈঃ। ন্যস্তশস্ত্রত্বাদেব পুনঃ শস্ত্রং গ্রহীতুং নেচ্ছামীতি ভাবঃ ॥৩৩—৩৫॥

তথেতি। স বৃহদশ্বঃ, তং কুবলাশ্বম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

মার্কণ্ডেয় কহিলেন—"কৌরবশ্রেষ্ঠ! উতঙ্ক এইরূপ বলিলে, সর্ব্ববিজয়ী রাজর্ষি বৃহদশ্ব কৃতাঞ্জলি হইয়া উতঙ্ককে বলিলেন—॥৩২॥

"ভগবন্ ব্রাহ্মণ! আপনার এই আগমন ব্যর্থ হইবে না। কারণ, আমার পুত্র এই কুবলাশ্ব ধৈর্য্যশালী, ক্ষিপ্রকারী এবং বলে ভূতলে অতুলনীয়, ইনি, পরিঘতুল্য-বাহুশালী মহাবীর আপন পুত্রগণে পরিবেষ্টিত হইয়া আপনার এই প্রিয় কার্য্য করিবেন, এবিষয়ে কোন সন্দেহ নাই, সুতরাং ব্রাহ্মণ! আপনি আমাকে বিদায় দিন; কারণ আমি এখন অস্ত্র পরিত্যাগ করিয়াছি" ॥৩৩—৩৫॥

তখন অমিততেজা উতঙ্কমুনি 'তাহাই হউক' এইরূপ বলিলে, রাজর্ষি বৃহদশ্ব মহাত্মা উতঙ্কের নিকটেই 'এইরূপই কর' এইভাবে পুত্র কুবলাশ্বকে আদেশ করিয়া উত্তম তপোবনে গমন করিলেন ॥৩৬॥

এবং মহাবলো দৈত্যো ন শ্রুতো মে তপোধন ! ।
এতদিচ্ছামি ভগবন্ ! যাথাতথ্যেন বেদিতুম্ ।
সর্ব্বমেব মহাপ্রাজ্ঞ ! বিস্তরেণ তপোধন । ॥৩৮॥

মার্কণ্ডেয় উবাচ ।

শৃণু রাজন্নিদং সর্ব্বং যথাবৃত্তং নরাধিপ ! ।
কথ্যমানং মহাপ্রাজ্ঞ ! বিস্তরেণ যথাতথম্ ॥৩৯॥
একার্ণবে তদা লোকে নষ্টে স্থাবরজঙ্গমে ।
প্রনষ্টেষু চ ভূতেষু সর্ব্বেষু ভরতর্ষভ ! ॥৪০॥
প্রভবং লোককর্ত্তারং বিষ্ণুং শাশ্বতমব্যয়ম্ ।
যমাহুর্ম্মুনয়ঃ সিদ্ধাঃ সর্ব্বলোকমহেশ্বরম্ ॥৪১॥
সুষ্বাপ ভগবান্ বিষ্ণুরপ্সু যোগত এব সঃ ।
নাগস্য ভোগে মহতি শেষস্যামিততেজসঃ ॥৪২॥
লোককর্ত্তা মহাভাগ ! ভগবানচ্যুতো হরিঃ ।
নাগভোগেন মহতা পরিরভ্য মহীমিমাম্ ॥৪৩॥ কলাপকম্)

ভাবতকৌমুদী

ক ইতি । নপ্তা পৌত্রঃ, তদংশ এব চ প্রশ্নঃ "মধুকৈটভয়োঃ পুত্রঃ" ইতি পূর্ব্বমুক্তত্বাৎ ॥৩৭॥

এবমিতি । মে ময়া । অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৮॥

শৃণ্বিতি । কথ্যমানং ময়েতি শেষঃ ॥৩৯॥

একেতি । একার্ণবে কেবলসমুদ্রময়ে, স্থাবরজঙ্গমে প্রাণিনি । ভূতেষু ক্ষিত্যাদিষু । প্রভবত্যস্মাদিতি প্রভব উৎপত্তিকারণং তম্ । শাশ্বতং চিরস্থায়িনম্, অতএব অব্যয়মক্ষয়ম্ । অপ্সু অর্ণবজলে, যোগতো যোগাবলম্বনাৎ । ভোগে শরীরে । শেষস্য অনন্তস্য । মহতা নাগভোগেন শয্যাং কৃত্বেতি শেষঃ, পরিরভ্য আশ্রিত্য ॥৪০—৪৩॥

যুধিষ্ঠির বলিলেন—"ভগবন্ তপোধন ! এই মহাবীর দৈত্যটা কে ? কাহার পুত্র ? কিংবা কাহার পৌত্র ? ইহা আমি জানিতে ইচ্ছা করি ॥৩৭॥

ভগবন্ তপোধন ! এইরূপ মহাবল দৈত্যের বিষয় আমি আর শুনি নাই । অতএব ভগবন্ মহাপ্রাজ্ঞ তপোধন ! ইহার সমস্ত বিষয়ই আমি যথাযথভাবে ও বিস্তরক্রমে জানিতে ইচ্ছা করি" ॥৩৮॥

মার্কণ্ডেয় বলিলেন—"মহাপ্রাজ্ঞ নরনাথ রাজা ! আমি যথাযথভাবে ও বিস্তরক্রমে ইহার সমস্ত বৃত্তান্ত বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৩৯॥

ভরতশ্রেষ্ঠ ! সমগ্র জগৎ কেবল সমুদ্রময় হইয়া গেলে, স্থাবর ও জঙ্গম প্রাণিসমূহ এবং সমস্ত ভূত বিনষ্ট হইলে—সিদ্ধ মুনিরা যে বিষ্ণুকে জগতের

স্বপতস্তস্য দেবস্য পদ্মং সূর্য্যসমপ্রভম্।
নাভ্যা বিনিঃসৃতং দিব্যং তত্রোৎপন্নঃ পিতামহঃ ॥৪৪॥
সাক্ষাল্লোকগুরুর্ব্রহ্মা পদ্মে সূর্য্যসমপ্রভে।
চতুর্ব্বেদশ্চতুর্মূর্ত্তিশ্চতুর্বর্গশ্চতুর্মুখঃ।
স্বপ্রভাবাদ্দুরাধর্ষো মহাবলপরাক্রমঃ ॥৪৫॥ যুগ্মকম্
কস্যচিত্ত্বথ কালস্য দানবৌ বীর্য্যবত্তমৌ।
মধুশ্চ কৈটভশ্চৈব দৃষ্টবন্তৌ হরিং প্রভুম্ ॥৪৬॥
শযানং শযনে দিব্যে নাগভোগে মহাদ্যুতিম্।
বহুযোজনবিস্তীর্ণে বহুযোজনমায়তে ॥৪৭॥
কিরীটকৌস্তুভধরং পীতকৌশেয়বাসসম্।
দীপ্যমানং শ্রিয়া রাজন্! তেজসা বপুষা তথা।
সহস্রসূর্য্যপ্রতিমমদ্ভুতোপমদর্শনম্ ॥৪৮॥ বিশেষকম্

ভারতকৌমুদী

স্বপত ইতি। নাভ্যা নাভিতঃ। ব্রহ্মপ্রজাপতেঃ পিতামহত্বাদেব পিতামহঃ। লোকানাং গুরুঃ শিক্ষয়িতা। চত্বারো বেদা যত্র সঃ, অত এব চত্বারঃ সামাদিরূপা মূর্ত্তয়ো যস্য সঃ, চতুর্ণাং ধর্ম্মার্থকামমোক্ষাণাং বর্গো যত্র সঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪—৪৫॥

কস্যচিদিতি। কালস্য অতিক্রমে সতীত্যর্থঃ। মধুকৈটভৌ বিষ্ণুকর্ণমলোদ্ভূতাবিতি মার্কণ্ডেয়পুরাণে। নাগভোগে অনন্তনাগশরীরে। শ্রিয়া লক্ষ্ম্যা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬—৪৮॥

উৎপত্তির কারণ, জগতের সৃষ্টিকর্ত্তা, চিরস্থায়ী, অক্ষয় ও সমগ্র জগতের মহেশ্বর বলিয়া থাকেন, সেই লোককর্ত্তা, মাহাত্ম্যশালী এবং অচ্যুত ও হরিনামধারী বিষ্ণু অনন্তনাগের বিশাল শরীরদ্বারা শয্যা রচনা করিয়া এই পৃথিবী ধারণপূর্ব্বক অমিত-তেজা সেই অনন্তনাগের বিশাল শরীরের উপরে যোগাবলম্বন করিয়া নিদ্রা যাইতে-ছিলেন ॥৪০—৪৩॥

নিদ্রিত অবস্থায় সেই বিষ্ণুর নাভি হইতে সূর্য্যের তুল্য উজ্জ্বল দিব্য একটী পদ্ম নির্গত হইয়াছিল; তাহাতে ব্রহ্মা উৎপন্ন হইয়াছিলেন। জগতের শিক্ষক, চতুর্ব্বেদবিৎ, চতুর্ব্বেদময়শরীর, চতুর্বর্গশালী চতুর্মুখসম্পন্ন, আপন প্রভাবেই দুর্দ্ধর্ষ এবং মহাবল-পরাক্রমশালী সেই ব্রহ্মা সেই সূর্য্যতুল্য পদ্মেই সাক্ষাৎ অবস্থান করিতে-ছিলেন ॥৪৪—৪৫॥

রাজা! তাহার পর কিছু কাল অতীত হইলে, মধু ও কৈটভনামক অতি

(৪৪)···নাভ্যাং বিনিঃসৃতম্—বা ব কা পি। (৪৫)···তথৈব চ চতুর্মুখঃ—বা ব কা পি।

বিস্ময়ঃ সুমহানাসীন্মধুকৈটভয়োস্তদা।
দৃষ্ট্বা পিতামহঞ্চাপি পদ্মে পদ্মনিভেক্ষণম্ ॥৪৯॥
বিত্রাসয়েতামথ তৌ ব্রহ্মাণমমিতৌজসম্।
বিত্রাস্যমানো বহুশো ব্রহ্মা তাভ্যাং মহাযশাঃ ॥৫০॥
অকম্পয়ৎ পদ্মনালং ততোঽবুধ্যত কেশবঃ।
অথাপশ্যত গোবিন্দো দানবৌ বীর্য্যবত্তরৌ ॥৫১॥ (যুগ্মকম্)
দৃষ্ট্বা তাবব্রবীদ্দেবঃ স্বাগতং বাং মহাবলৌ!।
দদামি বাং বরং শ্রেষ্ঠং প্রীতির্হি মম জায়তে ॥৫২॥
তৌ প্রহস্য হৃষীকেশং মহাদর্পৌ মহাবলৌ।
প্রত্যব্রূতাং মহারাজ! সহিতৌ মধুসূদনম্ ॥৫৩॥

ভারতকৌমুদী

বিস্ময় ইতি। পিতামহং ব্রহ্মাণম্। পদ্মে বৃহৎপ্রাণিস্থিতেরেব বিস্ময়ঃ ॥৪৯॥

বীতি। বিত্রাসয়েতাং ভক্ষণোদ্যমেন বিশেষেণ ত্রাসং জনয়েতাম্। অবুধ্যত জাগরিতো-ঽভবৎ। অথ মার্কণ্ডেয়পুরাণীয়দেবীমাহাত্ম্যে বিত্রাসিতে ব্রহ্মণঃ স্তবেন নিদ্রারূপায়া দেব্যা অপসরণাদ্বিষ্ণোর্জাগরণমুক্তম্, অত্র তু পদ্মনালকম্পনেনেতি বিরোধ ইতি চেন্ন, স্তবকালে ব্রহ্মণো ভয়াকুলতয়া স্বদেহকম্পনেনৈব পদ্মনালকম্পনোপস্থিতেঃ কল্পভেদে ঘটনাবৈবিধ্যাদ্বা ॥৫০—৫১॥

দৃষ্ট্বেতি। দেবো বিষ্ণুঃ। বাং যুবয়োঃ ॥৫২॥

মহাবীর দুইটা দানব দেখিল—মহাতেজা জগদীশ্বর নারায়ণ, বহু যোজন-বিস্তীর্ণ এবং বহু যোজনদীর্ঘ অনন্তনাগের শরীররূপ দিব্য শয্যায় শয়ন করিয়া রহিয়াছেন; তাঁহার মস্তকে কিরীট, বক্ষে কৌস্তুভমণি এবং পরিধানে পীতবর্ণ পট্টবস্ত্র রহিয়াছে এবং তিনি শোভা, তেজ ও দেহদ্বারা দীপ্তি পাইতেছেন; আর তিনি সহস্র সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং অদ্ভুতদৃশ্য হইয়া রহিয়াছেন ॥৪৬—৪৮॥

এহেন নারায়ণকে এবং পদ্মে পদ্মনয়ন ব্রহ্মাকে দেখিয়া মধু ও কৈটভের অত্যন্ত বিস্ময় হইল ॥৪৯॥

তাহার পর তাহারা ব্রহ্মাকে ভক্ষণ করিবার উদ্যম করিয়া তাঁহাকে সন্ত্রস্ত করিল; তখন ব্রহ্মা তাহাদের দ্বারা সন্ত্রস্ত হইতে থাকিয়া পদ্মের নাল কম্পিত করিলেন; তৎপরে বিষ্ণু জাগরিত হইলেন এবং জাগরিত হইয়া মহাবল দানব দুইটাকে দেখিতে পাইলেন ॥৫০—৫১॥

তাহাদিগকে দেখিয়া বিষ্ণু বলিলেন—"মহাবল দানবযুগল! তোমাদের সুখে আগমন হইয়াছে ত? তোমাদের উপরে আমার প্রীতি জন্মিয়াছে; সুতরাং আমি তোমাদিগকে উৎকৃষ্ট বর দান করিব" ॥৫২॥

আবাং বরয় দেব ত্বং বরদৌ স্বঃ সুরোত্তম।
দাতারৌ স্বো বরং তুভ্যং তদ্ব্রবীহ্যবিচারয়ন্ ॥৫৪॥

ভগবানুবাচ।

প্রতিগৃহ্ণে বরং বীরাবীপ্সিতশ্চ বরো মম।
যুবাং হি বীর্য্যসম্পন্নৌ ন বামস্তি সমঃ পুমান্ ॥৫৫॥
বধ্যত্বমুপগচ্ছেতং মম সত্যপরাক্রমৌ।
এতদিচ্ছাম্যহং কামং প্রাপ্তুং লোকহিতায় বৈ ॥৫৬॥

মধুকৈটভাবূচতুঃ।

অনৃতং নোক্তপূর্ব্বং নৌ স্বৈরেষ্বপি কুতোঽন্যথা।
সত্যে ধর্ম্মে চ নিরতৌ বিদ্ধ্যাবাং পুরুষোত্তম ॥৫৭॥
বলে রূপে চ শৌর্য্যে চ শমে চ ন সমোঽস্তি নৌ।
ধর্ম্মে তপসি দানে চ শীলসত্ত্বদমেন চ ॥ ৮॥

ভারতকৌমুদী

তাবিতি। সহিতৌ মিলিতৌ সন্তৌ ॥৫৩॥
আবামিতি। বরয় যাচস্ব। স্বঃ ভবাবঃ ॥৫৪॥
প্রতীতি। হে বীরৌ। বাং যুবয়োঃ, সমঃ বলবত্ত্বে সমানঃ ॥৫৫॥
বধ্যত্বমিতি। উপগচ্ছেতং প্রাপ্নুতম্। কামম্ অভীষ্টম্ ॥৫৬॥
অনৃতমিতি। নৌ আবাভ্যাম্, স্বৈরেষ্বপি স্বচ্ছন্দব্যবহারেষ্বপি ॥৫৭॥
বল ইতি। শমে অন্তরিন্দ্রিয়নিগ্রহে সত্ত্বে [illegible], দমে বহিরিন্দ্রিয়নিগ্রহে ॥৫৮॥

মহারাজ! তখন মহাদর্প ও মহাবল সেই দানবেরা হাস্য করিয়া সাম্মানভাবে বিষ্ণুকে বলিল— ॥৫৩॥

"দেবশ্রেষ্ঠ বিষ্ণু! তুমিই আমাদের নিকট বর প্রার্থনা কর, আমরা বরদাতা, সুতরাং তোমাকে বর দান করিব; তুমি বিশেষ বিবেচনা না করিয়া তাহা বল" ॥৫৪॥

বিষ্ণু বলিলেন—"বীরদ্বয়! আমিই বর গ্রহণ করিব, বর আমার অভীষ্ট। তোমরা বলবান্, বলে তোমাদের তুল্য পুরুষ নাই ॥৫৫॥

হে সত্যপরাক্রম বীরদ্বয়! আমি জগতের হিতের জন্য এই বর লাভ করিতে ইচ্ছা করি যে, তোমরা আমার বধ্য হও" ॥৫৬॥

তখন মধু ও কৈটভ বলিল—"পুরুষোত্তম! আমরা পূর্ব্বে ইচ্ছানুরূপ ব্যবহারের সময়েও মিথ্যা বলি নাই, অন্য সময়ে কি করিয়া বলিব; সুতরাং তুমি আমাদিগকে সত্যধর্ম্মে নিরত বলিয়া মনে কর ॥৫৭॥

উপপ্লবো মহানস্মানুপাবর্ত্তত কেশব ! ।
উক্তং প্রতিকুরুষ্ব ত্বং কালো হি দুরতিক্রমঃ ॥৫৯॥
আবামিচ্ছাবহে দেব ! কৃতমেকং ত্বয়া বিভো ! ।
অনাবৃতেঽবকাশে ত্বং জহ্যাবাং সুরসত্তম ! ॥৬০॥
পুত্রত্বমধিগচ্ছাবস্তব চাপি সুলোচন ! ।
বর এষ বৃতো দেব ! তদ্বিদ্ধি সুরসত্তম ! ॥৬১॥
অনৃতং মা ভবেদ্দেব ! যদ্ধি নৌ সংশ্রুতং তদা ।

ভগবানুবাচ ।

বাঢ়মেবং করিষ্যামি সর্ব্বমেতদ্ভবিষ্যতি ॥৬২॥

মার্কণ্ডেয় উবাচ ।

বিচিন্ত্য ত্বথ গোবিন্দো নাপশ্যদ্‌যদনাবৃতম্ ।
অবকাশং পৃথিব্যাং বা দিবি বা মধুসূদনঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

উপেতি । উপপ্লবো বাসস্থানাভাবরূপ উৎপাতঃ । উক্তম্ আবয়োর্বধম্ ॥৫৯॥

আবামিতি । অবকাশে স্থলে । তদানীঞ্চ স্থলাভাবাদিদং তয়োশ্চাতুর্য্যং বোধ্যম্ ॥৬০॥

পুত্রত্বমিতি । বিষ্ণুনাপি বরদানেচ্ছাপ্রকাশাত্তয়োরিযং প্রার্থনেতি জ্ঞেয়ম্ ॥৬১॥

অনৃতমিতি । তদা নৌ আবযোঃ সম্বন্ধে, যদ্ধি সংশ্রুতং ত্বযা প্রতিশ্রুতম্, তদাবয়োর্হননম্, অনৃতং মিথ্যা মা ভবেৎ, অনাবৃতে স্থল এবাবাং জহীত্যর্থঃ । বাঢমবশ্যম্ ॥৬২॥

বল, রূপ, বীরত্ব, মনঃসংযম, ধর্ম্ম, তপস্যা, দান, সচ্চরিত্র, সাধুতা ও বহিরিন্দ্রিয় সংযমে আমাদের সমান অন্য কেহই নাই ॥৫৮॥

কিন্তু কেশব ! আমাদের গুরুতর উৎপাত উপস্থিত হইয়াছে ; অতএব তুমি যাহা বলিয়াছ, তাহা (আমাদের বধ) সত্বর কর । কারণ, কালের অতিক্রম করা দুষ্কর ॥৫৯॥

দেব ! প্রভু ! আমরা ইচ্ছা করি—তুমি একটা কার্য্য কর ; হে সুরশ্রেষ্ঠ ! তুমি আমাদিগকে কোন অনাবৃতস্থানে বধ কর ॥৬০॥

পদ্মনয়ন দেব ! আমরাও এই বর প্রার্থনা করি যে, আমরা তোমার পুত্র হইব ; দেবশ্রেষ্ঠ ! তুমি ইহা জানিয়া রাখ ॥৬১॥

আর, দেব ! তুমি তখন আমাদের নিকট যাহা প্রতিশ্রুত হইয়াছ, তাহা যেন মিথ্যা হয় না" । বিষ্ণু বলিলেন—"নিশ্চয়ই এইরূপ করিব এবং এ সমস্তই হইবে" ॥৬২॥

---

(৬০)…অনাবৃতেঽস্মিন্নাকাশে বধং সুরবরোত্তম !—বা কা পি।

স্বকাবনাবৃতাবূরূ দৃষ্ট্বা দেববরস্তদা।
মধুকৈটভয়ো রাজন্! শিরসী মধুসূদনঃ।
চক্রেণ শিতধারেণ ন্যকৃন্তত মহাযশাঃ ॥৬৪॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ধুন্ধুমারোপাখ্যানে দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

ধুন্ধুর্নাম মহাবাহো! তয়োঃ পুত্রো মহাদ্যুতিঃ।
স তপোঽতপ্যত মহন্মহাবীর্য্যপরাক্রমঃ ॥১॥

ভারতকৌমুদী

বিচিন্ত্যেতি। যৎ যদা। অবকাশং স্থলং নাপশ্যৎ, একার্ণবকত্বাৎ। ঊরূ ঊরুযুগলম্, তয়োশ্চ পার্থিবত্বাৎ স্থানম্। ন্যকৃন্তত অচ্ছিনৎ। অত্র দেবীমাহাত্ম্যেন সামঞ্জস্যমুন্নেয়ম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩-৬৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

- :*: -

ধুন্ধুরিতি। তয়োর্মধুকৈটভয়োঃ। একস্য দ্বয়োঃ পুত্রত্বাদুপপত্তেরয়ং দ্ব্যামুষ্যায়ণো নাম পুত্র ইতি মন্তব্যম্। তথা চ 'তব ক্ষেত্রং মম বীজম্, অত্র যদপত্যং তদাবয়োরুভয়োরেব ভবিষ্যতি' ইতি নির্দ্ধারণপূর্ব্বকমুৎপাদিতঃ পুত্রো দ্ব্যামুষ্যায়ণঃ। এতদ্বিস্তরস্তু দত্তকচন্দ্রিকাদৌ দ্রষ্টব্যঃ ॥১॥

ভারতভাবদীপঃ

ধুন্ধুরিতি ॥১—৪৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৩॥

মার্কণ্ডেয় বলিলেন—"রাজা! তাহার পর মহাযশা বিষ্ণু চিন্তা করিয়াও যখন পৃথিবীতে বা স্বর্গে অনাবৃত স্থান দেখিলেন না, তখন নিজের উরুযুগলকে অনাবৃত দেখিয়া (তাহার উপরে রাখিয়া) শিতধার চক্রদ্বারা মধু ও কৈটভের মস্তকদ্বয় ছেদন করিলেন" ॥৬৩—৬৭॥

'...অষ্টনবত্যধিকশততমঃ ...'—পি, '...দ্ব্যধিকদ্বিশততমঃ...'—বা ব, *'...ত্র্যধিকদ্বিশততমঃ...'—কা, '...ষড়ধিকদ্বিশততমঃ...'—নি।

অতিষ্ঠদেকপাদেন কৃশো ধমনিসন্ততঃ।
তস্মৈ ব্রহ্মা দদৌ প্রীতো বরং বব্রে স চ প্রভুম্ ॥২॥
দেবদানবযক্ষাণাং সর্পগন্ধর্ব্বরক্ষসাম্।
অবধ্যোঽহং ভবেয়ং বৈ বর এষ বৃতো ময়া ॥৩॥
এবং ভবতু গচ্ছেতি তমুবাচ পিতামহঃ।
স এবমুক্তস্তৎপাদৌ মূর্দ্ধ্না স্পৃশ্য জগাম হ ॥৪॥
স তু ধুন্ধুর্ব্বরং লব্ধা মহাবীর্য্যপরাক্রমঃ।
অনুস্মরন্ পিতৃবধং দ্রুতং বিষ্ণুমুপাগমৎ ॥৫॥
স তু দেবান্ সগন্ধর্ব্বান্ জিত্বা ধুন্ধুরমর্ষণঃ।
ববাধ সর্ব্বানসকৃদ্বিষ্ণুং দেবাংশ্চৈব ভৃশম্ ॥৬॥
সমুদ্রে বালুকাপূর্ণ উজ্জালক ইতি স্মৃতে।
আগম্য চ স দুষ্টাত্মা তং দেশং ভরতর্ষভ!।
বাধতে স্ম পরং শক্ত্যা তমুতঙ্কাশ্রমং বিভো! ॥৭॥

ভারতকৌমুদী

অতিষ্ঠদিতি। ধমনিসন্তত উপবাসেন মাংসক্ষযাৎ শিরাব্যাপ্তদেহঃ ॥২॥
কোঽসৌ বর ইত্যাহ—দেবেতি। সর্পা নাগাঃ। বৃতো যাচিতঃ ॥৩॥
এবমিতি। পিতামহো ব্রহ্মা। তস্য পিতামহস্য পাদৌ ॥৪॥
স ইতি। উপাগমৎ তং হন্তুমিতি শেষঃ ॥৫॥
স ইতি। অমর্ষণঃ ক্ষমারহিতঃ। ববাধ পীড়য়ামাস ॥৬।

মার্কণ্ডেয় বলিলেন—"মহারাজ! সেই মধু ও কৈটভের পুত্র, মহাতেজা, মহাবীর্য্য ও মহাপরাক্রমশালী ধুন্ধু গুরুতর তপস্যা করিয়াছিল ॥১॥

সে কৃশ ও শিরাব্যাপ্তদেহ হইয়া একচরণে অবস্থান করিয়াছিল; তখন ব্রহ্মা সন্তুষ্ট হইয়া তাহাকে বর দিয়াছিলেন, সেও প্রার্থনা করিয়াছিল—॥২॥

"আমি—দেব, দানব, যক্ষ, গন্ধর্ব্ব, নাগ ও রাক্ষসগণের অবধ্য হইব; এই বর প্রার্থনা করিলাম" ॥৩॥

তখন ব্রহ্মা বলিলেন—"এইরূপই হইবে, যাও"। ব্রহ্মা এইরূপ বলিলে, ধুন্ধু মস্তকদ্বারা তাঁহার চরণস্পর্শ করিয়া চলিয়া গেল ॥৪॥

মহাবল-পরাক্রমশালী ধুন্ধু বর পাইয়া পিতৃবধ স্মরণ করিয়া সত্বরই বিষ্ণুর নিকট উপস্থিত হইল ॥৫॥

ক্রমে ক্ষমাহীন ধুন্ধু গন্ধর্ব্বগণের সহিত দেবগণকে জয় করিয়া সকল দেবতা ও বিষ্ণুকে বার বার অত্যন্ত উৎপীড়ন করিতে লাগিল ॥৬॥

অন্তর্ভূমিগতস্তত্র বালুকান্তর্হিতস্তথা।
মধুকৈটভয়োঃ পুত্রো ধুন্ধুর্ভীমপরাক্রমঃ ॥৮॥
শেতে লোকবিনাশায় তপোবলমুপাশ্রিতঃ।
উতঙ্কস্যাশ্রমাভ্যাসে নিশ্বসন্ পাবকার্চ্চিষঃ ॥৯॥ (যুগ্মকম্)
এতস্মিন্নেব কালে তু রাজা সবলবাহনঃ।
কুবলাশ্বো নরপতিরন্বিতো বলশালিনাম্ ॥১০॥
সহস্রৈরেকবিংশত্যা পুত্রাণামরিমর্দ্দনঃ।
প্রায়াদুতঙ্কসহিতো ধুন্ধোস্তস্য বধায় বৈ ॥১১॥ যুগ্মকম্
তমাবিশত্ততো বিষ্ণুর্ভগবাংস্তেজসা প্রভুঃ।
উতঙ্কস্য নিয়োগেন লোকানাং হিতকাম্যয়া ॥১২॥

ভারতকৌমুদী

সমুদ্র ইতি। উজ্জালক ইতি নাম্না। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

অন্তরিতি। বালুকান্তর্হিতত্বেনৈব অন্তর্ভূমিগতে, ভূমাভ্যন্তরস্থিতঃ। তপোবলোপাশ্রয়াদেব তাদৃশশয়নসম্ভব ইতি ভাবঃ। পাবকার্চ্চিষো নিশ্বসন নিশ্বাসেনে দর্শিরন্ ॥৮—৯॥

এতস্মিন্নিতি। বলবাহনৈঃ সহেতি সবলবাহনঃ। অন্বিন এব পুত্রাণাম্ ॥১০—১১॥

তমিতি। তমাবিশৎ কুবলাশ্বদেহে প্রাবিশৎ। নিয়োগেনানুরোধেন ॥১২॥

ভরতশ্রেষ্ঠ! দুরাত্মা ধুন্ধু ক্রমে 'উজ্জালক'-নামক বালুকাপূর্ণ সমুদ্রে আসিয়া সেই দেশ এবং সেই উতঙ্কের আশ্রমকে বলপূর্ব্বক প্রত্যহ উৎপীড়িত করিতে থাকিল ॥৭॥

মধু ও কৈটভের পুত্র ভয়ঙ্কর পরাক্রমশালী ধুন্ধু তপস্যার প্রভাবে সেই দেশে উতঙ্কের আশ্রমের নিকটে ভূমির ভিতরে বালুকায় অন্তর্হিত হইয়া লোকবিনাশের জন্য নিশ্বাসবায়ুদ্বারা অগ্নিশিখা নিঃসারণ করিতে থাকিয়া শয়ন করিয়া রহিল ॥৮—৯

এই সময়েই শত্রুদমনকারী কুবলাশ্বরাজা বলশালী স্বকীয় একবিংশতিসহস্র পুত্র এবং অন্যান্য বল-বাহনের সহিত মিলিত হইয়া উতঙ্ককে সঙ্গে লইয়া সেই ধুন্ধুর বধের জন্য প্রস্থান করিলেন ॥১০—১১॥

তাহার পর ভগবান্ প্রভু নারায়ণ উতঙ্কের অনুরোধে জগতের হিতের জন্য কুবলাশ্বের দেহে প্রবেশ করিলেন ॥১২॥

---

(১০) অত্র 'এতস্মিন্নেব কালে তু রাজা সবলবাহনঃ। উতঙ্কবিপ্রসহিতঃ কুবলাশ্বো মহীপতিঃ। পুত্রৈঃ সহ মহীপাল! প্রযযৌ ভরতর্ষভ!॥ সহস্রৈরেকবিংশত্যা পুত্রাণামরিমর্দ্দনঃ। কুবলাশ্বো নরপতিরন্বিতো বলশালিনাম্॥'—বা ব কা পি।

তস্মিন্ প্রয়াতে দুর্দ্ধর্ষে দিবি শব্দো মহানভূৎ।
এষ শ্রীমান্ নৃপসুতো ধুন্ধুমারো ভবিষ্যতি ॥১৩॥
দিব্যৈশ্চ পুষ্পৈস্তং দেবাঃ সমন্তাৎ পর্য্যবাকিরন্।
দেবদুন্দুভয়শ্চাপি নেদুঃ স্বয়মনীরিতাঃ ॥১৪॥
শীতশ্চ বায়ুঃ প্রববৌ প্রয়াণে তস্য ধীমতঃ।
বিপাংসুলাং মহীং কুর্ব্বন্ ববর্ষ চ সুরেশ্বরঃ ॥১৫॥
অন্তরীক্ষে বিমানানি দেবতানাং যুধিষ্ঠির!।
তত্রৈব সমদৃশ্যন্ত ধুন্ধুর্যত্র মহাসুরঃ ॥১৬॥
কুবলাশ্বস্য ধুন্ধোশ্চ যুদ্ধং কৌতূহলান্বিতাঃ।
দেবগন্ধর্ব্বসহিতাঃ সমবৈক্ষন্ মহর্ষয়ঃ ॥১৭॥
নারায়ণেন কৌরব্য! তেজসাপ্যায়িতস্তদা।
স গতো নৃপতিঃ ক্ষিপ্রং পুত্রৈস্তৈঃ সর্ব্বতো দিশম্।
অর্ণবং খানয়ামাস কুবলাশ্বো মহীপতিঃ ॥১৮॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। ধুন্ধুং মারযতীতি সঃ, ধুন্ধুহন্তা তন্নামকশ্চ স্যাদেব ॥১৩॥
দিব্যৈরিতি। স্বয়ং নেদুঃ শব্দিতবন্তঃ, অনীরিতাঃ কেনাপ্যবাদিতাঃ ॥১৪॥
শীত ইতি। বিপাংসুলাং প্রচুরবর্ষণেনৈব ধূলিশূন্যাম্ ॥১৫॥
অন্তরীক্ষ ইতি। সমদৃশ্যন্ত তত্রত্যৈর্লোকৈরিতি শেষঃ ॥১৬॥
কুবলেতি। সমবৈক্ষন্ সমবেক্ষিতুমাগচ্ছন্ ॥১৭॥
নারেতি। আপ্যায়িতো বর্দ্ধিতঃ। অর্ণবং বালুকাসমুদ্রম্। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥১৮॥

দুর্দ্ধর্ষ কুবলাশ্বরাজা প্রস্থান করিলে, আকাশে এইরূপ বিশাল শব্দ হইল যে, "এই কুবলাশ্বরাজা ধুন্ধুমার (ধুন্ধুহন্তা ও ধুন্ধুমারনামা) হইবেন" ॥১৩॥

এবং দেবতারা কুবলাশ্বরাজার সকল দিকেই স্বর্গীয় পুষ্প বর্ষণ করিতে লাগিলেন; কেহ না বাজাইলেও আপনা-আপনিই দেবদুন্দুভিগুলি বাজিয়া উঠিল ॥১৪॥

আর কুবলাশ্বরাজার প্রস্থানের সময়ে শীতল বায়ু বহিত হইতে থাকিল এবং দেবরাজ পৃথিবীকে ধূলিশূন্য করিয়া বর্ষণ করিতে লাগিলেন ॥১৫॥

যুধিষ্ঠির! মহাসুর ধুন্ধু যেখানে ছিল, সেইখানে আকাশে দেবগণের বিমান সকল দেখা যাইতে লাগিল ॥১৬॥

মহর্ষিরা কুবলাশ্ব ও ধুন্ধুর যুদ্ধ দেখিবার জন্য কৌতুকান্বিত হইয়া দেবগণ ও গন্ধর্ব্বগণের সহিত আগমন করিলেন ॥১৭॥

কুবলাশ্বস্য পুত্রৈশ্চ তস্মিন্ বৈ বালুকার্ণবে।
সপ্তভির্দিবসৈঃ খাত্বা দৃষ্টো ধুন্ধুর্মহাবলঃ ॥১৯॥
আসীদ্ঘোরং বপুস্তস্য বালুকান্তর্হিতং মহৎ।
দীপ্যমানং যথা সূর্য্যস্তেজসা ভরতর্ষভ! ॥২০॥
ততো ধুন্ধুর্মহারাজ! দিশমাবৃত্য পশ্চিমাম্।
সুপ্তোঽভূদ্রাজশার্দ্দূল! কালানলসমদ্যুতিঃ ॥২১॥
কুবলাশ্বস্য পুত্রৈস্তু সর্ব্বতঃ পরিবারিতঃ।
অভিদ্রুতঃ শরৈস্তীক্ষ্ণৈর্গদাভির্মুসলৈরপি ॥২২॥
পট্টিশৈঃ পরিঘৈঃ প্রাসৈঃ খড়্গৈশ্চ বিমলৈঃ শিতৈঃ।
স বধ্যমানঃ সংক্রুদ্ধঃ সমুত্তস্থৌ মহাবলঃ ॥২৩॥ (যুগ্মকম্)
ক্রুদ্ধশ্চাভক্ষয়ত্তেষাং শস্ত্রাণি বিবিধানি চ।
আস্যাদ্বমন্ পাবকং স সংবর্ত্তকসমং তদা ॥২৪॥

ভারতকৌমুদী

কুবলেতি। খাত্বা বালুকাঃ খনিত্বা অপসার্য্যেত্যর্থঃ ॥১৯॥
আসীদিতি। যথা সূর্য্যস্তথা তেজসা দীপ্যমানমাসীদিতি সম্বন্ধঃ ॥২০॥
তত ইতি। বালুকার্ণবস্য পশ্চিমাং দিশমাবৃত্য ব্যাপ্য। অভূদাসীৎ ॥২১॥
কুবলেতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ ॥২২—২৩॥

কুরুনন্দন! তখন কুবলাশ্বরাজা নারায়ণের তেজে পরিবর্দ্ধিত হইয়া সত্বর সে স্থানে উপস্থিত হইলেন এবং সেই পুত্রগণদ্বারা বালুকাসমুদ্রের সকল দিক্ খনন করাইতে লাগিলেন ॥১৮॥

কুবলাশ্বরাজার পুত্রেরা সপ্তাহ যাবৎ খনন করিয়া সেই বালুকাসমুদ্রের ভিতরে মহাবল ধুন্ধুকে দেখিতে পাইল ॥১৯॥

ভরতশ্রেষ্ঠ! ধুন্ধুর ভয়ঙ্কর ও বিশাল শরীর বালুকার ভিতরে তেজ দ্বারা সূর্য্যের ন্যায় দীপ্তিমান্ ছিল ॥২০॥

মহারাজ! প্রলয়কালের অগ্নির ন্যায় দীপ্তিমান্ ধুন্ধু তখন সেই বালুকাসমুদ্রের পশ্চিম দিক্ ব্যাপ্ত করিয়া নিদ্রিত ছিল ॥২১॥

তখন কুবলাশ্বের পুত্রেরা তাহার সকল দিক্ পরিবেষ্টনপূর্ব্বক ধাবিত হইয়া যাইয়া তীক্ষ্ণ বাণ, গদা, মুসল, পট্টিশ, পরিঘ, প্রাস এবং নির্ম্মল ও সুধার তরবারিদ্বারা আঘাত করিতে লাগিল; তখন মহাবল ধুন্ধু অত্যন্ত ক্রুদ্ধ হইয়া গাত্রোত্থান করিল ॥২২—২৩॥

(২০)...দীপ্যমানং যথা সূর্য্যম্—বা ব কা।

তান্ সর্ব্বান্ নৃপতেঃ পুত্রানদহৎ স্বেন তেজসা।
মুখজেনাগ্নিনা ক্রুদ্ধো লোকানুদ্বর্ত্তয়ন্নিব ॥২৫॥
ক্ষণেন রাজশার্দ্দূল! পুরেব কপিলঃ প্রভুঃ।
সগরস্যাত্মজান্ ক্রুদ্ধস্তদদ্ভুতমিবাভবৎ ॥২৬॥ (যুগ্মকম্)
তেষু ক্রোধাগ্নিদগ্ধেষু তদা ভরতসত্তম।
তং প্রবুদ্ধং মহাত্মানং কুম্ভকর্ণমিবাপরম্।
আসসাদ মহাতেজাঃ কুবলাশ্বো মহীপতিঃ ॥২৭॥
তস্য বারি মহারাজ! সুস্রাব বহু দেহতঃ।
তদাঽপীয়ত তত্তেজো রাজা বারিময়ং নৃপ! ॥২৮॥
যোগী যোগেন বহ্নিঞ্চ শময়ামাস বারিণা।
ব্রহ্মাস্ত্রেণ চ রাজেন্দ্র! দৈত্যং ক্রূরপরাক্রমম্।
দদাহ ভরতশ্রেষ্ঠ! সর্ব্বলোকাভয়ায় বৈ ॥২৯॥

ভারতকৌমুদী

ক্রুদ্ধ ইতি। আস্যাদ্বদনাৎ, পাবকমগ্নিম্, সংবর্ত্তকসদৃশং প্রলয়াগ্নিতুল্যম্ ॥২৪॥

তানিতি। উদ্বর্ত্তয়ন্ উৎসাদয়ন্। প্রভুঃ তপঃপ্রভাবশালী ॥২৫—২৬॥

তেম্বিতি। প্রবুদ্ধং জাগরিতম্। আসসাদ প্রাপ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

তস্যেতি। তস্য ধুন্ধোঃ। অপীয়তেতি "পীঙ্ পানে" ইতি দৈবাদিকাত্মনেপদিনঃ পীধাতোর্হ্যস্তন্যাং প্রয়োগঃ। রাজা কুবলাশ্বঃ, বারিময়ং তত্তেজো ধুন্ধোস্তেজঃ ॥২৮॥

এবং তখনই ধুন্ধু ক্রুদ্ধ হইয়া মুখ হইতে প্রলয়াগ্নির তুল্য অগ্নি উদ্গার করিতে থাকিয়া কুবলাশ্বের পুত্রগণের নানাবিধ অস্ত্র ভক্ষণ করিয়া ফেলিল ॥২৪॥

এবং পূর্ব্বকালে তপঃপ্রভাবশালী মহর্ষি কপিল ক্রুদ্ধ হইয়া সগরের পুত্রগণকে যেমন দগ্ধ করিয়াছিলেন, তেমন ক্রুদ্ধ ধুন্ধু আপন প্রভাবে সমস্ত জগৎ উৎসন্ন করিতে প্রবৃত্ত হইয়াই যেন মুখনির্গত অগ্নিদ্বারা কুবলাশ্বের সকল পুত্রকে দগ্ধ করিয়া ফেলিল। তাহা যেন অদ্ভুতের ন্যায় হইল ॥২৫—২৬॥

ভরতশ্রেষ্ঠ! কুবলাশ্বের পুত্রেরা ধুন্ধুর ক্রোধাগ্নিতে দগ্ধ হইলে মহাতেজা কুবলাশ্বরাজা অপর কুম্ভকর্ণের ন্যায় জাগরিত ধুন্ধুর নিকটে উপস্থিত হইলেন ॥২৭॥

মহারাজ! তখন ধুন্ধুর দেহ হইতে প্রচুর জলস্রাব হইতে লাগিল; কিন্তু কুবলাশ্বরাজা সেই জলময় ধুন্ধুর তেজ পান করিয়া ফেলিলেন ॥২৮॥

সোহস্ত্রেণ দগ্ধ্বা রাজর্ষিঃ কুবলাশ্বো মহাসুরম্।
সুরশত্রুমমিত্রঘ্নং ত্রৈলোক্যেশ ইবাপরঃ ॥৩০॥
ধুন্ধোর্বধাত্তদা রাজা কুবলাশ্বো মহামনাঃ।
ধুন্ধুমার ইতি খ্যাতো নাম্নাহপ্রতিরথোহভবৎ ॥৩১॥ (যুগ্মকম্)
প্রীতৈশ্চ ত্রিদশৈঃ সর্ব্বৈর্মহর্ষিসহিতৈস্তদা।
বরং বৃণীষ্বেত্যুক্তঃ স প্রাঞ্জলিঃ প্রণতস্তদা ॥৩২॥
অতীবমুদিতো রাজন্নিদং বচনমব্রবীৎ।
দদ্যাং বিত্তং দ্বিজাগ্র্যেভ্যঃ শত্রূণাঞ্চাপি দুর্জ্জয়ঃ ॥৩৩॥
সখ্যঞ্চ বিষ্ণুনা মে স্যাদ্ভূতেষ্বদ্রোহ এব চ।
ধর্ম্মে রতিশ্চ সততং স্বর্গে বাসস্তথাহক্ষয়ঃ ॥৩৪॥ (বিশেষকম্)
তথাহস্ত্বিতি ততো দেবৈঃ প্রীতৈরুক্তঃ স পার্থিবঃ।
ঋষিভিশ্চ সগন্ধর্ব্বৈরুতঙ্কেন চ ধীমতা ॥৩৫॥

ভারতকৌমুদী

যোগীতি। যোগী যোগপ্রভাবশালী রাজা, বারিণা বারুণাস্ত্রেণ। ষট্‌পাদোহয়ং শ্লোকঃ ॥২৯॥
স ইতি। ত্রৈলোক্যেশো নারায়ণঃ। ধুন্ধুং মারয়তীতি সঃ ॥৩০—৩১॥
প্রীতৈরিতি। ত্রিদশৈর্দেবৈঃ। দুর্জ্জয়ো ভবেয়ম। রতিরনুরাগঃ ॥৩২—৩৪॥
তথেতি। স পার্থিবঃ কুবলাশ্বঃ ॥৩৫॥

এবং যোগপ্রভাবশালী কুবলাশ্বরাজা যোগবলে জলদ্বারা ধুন্ধুর মুখস্থিত অগ্নি নির্ব্বাপিত করিলেন, আর সমস্ত লোককে নির্ভয় দিবার জন্য ব্রহ্মাস্ত্রদ্বারা ভয়ঙ্কর পরাক্রমশালী ধুন্ধুদৈত্যকে দগ্ধ করিয়া ফেলিলেন ॥২৯॥

রাজর্ষি কুবলাশ্ব, দেবশত্রু ও শত্রুহন্তা মহাসুর ধুন্ধুকে ব্রহ্মাস্ত্রদ্বারা দগ্ধ করিয়া দ্বিতীয় নারায়ণের ন্যায় শোভা পাইতে লাগিলেন এবং মহামনা কুবলাশ্বরাজা তখন ধুন্ধুকে বধ করায় জগতে 'অপ্রতিরথ' ও 'ধুন্ধুমার'—এই নামদ্বারা বিখ্যাত হইলেন ॥৩০—৩১॥

রাজা! তখন মহর্ষিগণের সহিত দেবতারা সকলেই সন্তুষ্ট হইয়া বলিলেন—"রাজা! আপনি বর গ্রহণ করুন"। তখন কুবলাশ্বরাজা কৃতাঞ্জলি, অবনত ও অত্যন্ত আনন্দিত হইয়া এই কথা বলিলেন—"আমি যেন ব্রাহ্মণদিগকে ধন দান করিতে পারি, শত্রুদের পক্ষে যেন দুর্জ্জয় হই, বিষ্ণুর সহিত যেন আমার সখিত্ব হয়, প্রাণীদের উপর যেন দ্রোহ হয় না, সর্ব্বদা ধর্ম্মে যেন অনুরাগ থাকে এবং অন্তিমে যেন অক্ষয় স্বর্গবাস হয় ॥৩২—৩৪॥

সম্ভাষ্য চৈনং বিবিধৈরাশীর্ব্বাদৈস্ততো নৃপ ! ।
দেবা মহর্ষয়শ্চাপি স্বানি স্থানানি ভেজিরে ॥৩৬॥
তস্য পুত্রাস্ত্রয়ঃ শিষ্টা যুধিষ্ঠির ! তদাঽভবন্ ।
দৃঢ়াশ্বঃ কপিলাশ্বশ্চ চণ্ডাশ্বশ্চৈব ভারত ! ॥৩৭॥
তেভ্যঃ পরম্পরা রাজন্ ! ইক্ষ্বাকূণাং মহাত্মনাম্ ।
বংশস্য সুমহাভাগ ! রাজ্ঞামমিততেজসাম্ ॥৩৮॥
এবং স নিহতস্তেন কুবলাশ্বেন সত্তম ! ।
ধুন্ধুর্নাম মহাদৈত্যো মধুকৈটভয়োঃ সুতঃ ॥৩৯॥
কুবলাশ্বশ্চ নৃপতির্ধুন্ধুমার ইতি স্মৃতঃ ।
নাম্না চ গুণসংযুক্তস্তদা প্রভৃতি সোঽভবৎ ॥৪০॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ।
ধৌন্ধুমারমুপাখ্যানং প্রথিতং যস্য কর্ম্মণা ॥৪১॥

ভারতকৌমুদী

সম্ভাষ্যেতি। সম্ভাষ্য সম্ভাষয়া সংবর্দ্ধ্য। ভেজিরে জগ্মুঃ ॥৩৬॥
তস্যেতি। তস্য কুবলাশ্বস্য। শিষ্টা অবশিষ্টাঃ ॥৩৭॥
তেভ্য ইতি। তেভ্যো দৃঢ়াশ্বাদিভ্যঃ, ইক্ষ্বাকূণাং বংশস্য পরম্পরা ধারা স্থিতা ॥৩৮॥
এবমিতি। হে সত্তম ! সাধুশ্রেষ্ঠ যুধিষ্ঠির ! ॥৩৯॥
কুবলেতি। স্মৃতো লোকে খ্যাতঃ। গুণসংযুক্তঃ শৌর্য্যাদিগুণবান্ ॥৪০॥
এতদিতি। যস্য কুবলাশ্বাদেঃ, কর্ম্মণা যুদ্ধাদিনা ॥৪১॥

তাহার পর দেবগণ, ঋষিগণ, গন্ধর্ব্বগণ ও জ্ঞানী উতঙ্কমুনি সন্তুষ্ট হইয়া কুবলাশ্বকে বলিলেন—"তাহাই হইবে" ॥৩৫॥

রাজা ! তদনন্তর দেবতারা ও মহর্ষিরা নানাবিধ আশীর্ব্বাদদ্বারা কুবলাশ্ব-রাজাকে সংবর্দ্ধিত করিয়া স্ব স্ব স্থানে চলিয়া গেলেন ॥৩৬॥

ভরতনন্দন যুধিষ্ঠির ! তখন দৃঢ়াশ্ব, কপিলাশ্ব ও চণ্ডাশ্বনামে তিনটী পুত্র মাত্র কুবলাশ্বরাজার অবশিষ্ট ছিল ॥৩৭॥

মহাভাগ রাজা ! অমিততেজা ও মহাত্মা ইক্ষ্বাকুবংশীয় রাজগণের বংশের ধারা সেই দৃঢ়াশ্বপ্রভৃতি হইতেই রহিয়া গিয়াছে ॥৩৮॥

সাধুশ্রেষ্ঠ ! সেই কুবলাশ্বরাজা এইভাবে সেই মধু-কৈটভের পুত্র মহাদৈত্য ধুন্ধুকে বধ করিয়াছিলেন ॥৩৯॥

এবং সেই গুণবান্ কুবলাশ্বরাজা তদবধি 'ধুন্ধুমার'—এই নামে জগতে প্রসিদ্ধ হইয়া গিয়াছেন ॥৪০॥

ইদন্তু পুণ্যমাখ্যানং বিষ্ণোঃ সমনুকীর্ত্তনম্।
শৃণুয়াদ্‌যঃ স ধর্ম্মাত্মা পুত্রবাংশ্চ ভবেন্নরঃ ॥৪২॥
আয়ুষ্মান্ ভূতিমাংশ্চৈব শ্রুত্বা ভবতি পর্ব্বসু।
ন চ ব্যাধিভয়ং কিঞ্চিৎ প্রাপ্নোতি বিগতজ্বরঃ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয় সমাস্যায়াং ধুন্ধুমারোপাখ্যানে ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
ততো যুধিষ্ঠিরো রাজা মার্কণ্ডেয়ং মহামুনিম্।
পপ্রচ্ছ ভরতশ্রেষ্ঠ। ধর্ম্মপ্রশ্নং সুদুর্বচম্ ॥১॥

ভারতকৌমুদী

ইদমিতি। পুণ্যং পুণ্যজনকম্। বিষ্ণোঃ সম্যক্ অনুকীর্ত্তনং যত্র তৎ ॥৪২॥
আয়ুষ্মানিতি। ভূতিমান্ ধনাদিসম্পত্তিমান্, পর্ব্বসু সংক্রান্ত্যাদিষু ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির! তুমি আমার নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলে এবং যাঁহার কার্য্য অনুসারে ধুন্ধুমারের উপাখ্যান প্রসিদ্ধ হইয়াছে, এই তোমার নিকট সেই সমস্ত সন্তাপবৃত্তান্ত বলিলাম ॥৪১॥

যে লোক এই বিষ্ণুচরিত্রসমন্বিত পুণ্য উপাখ্যান শ্রবণ করে, সে লোক ধার্ম্মিক ও পুত্রবান্ হয় ॥৪২॥

মানুষ পর্ব্বকালে এই উপাখ্যান শুনিয়া দীর্ঘায়ু ও ধনসম্পত্তিশালী হয় এবং সন্তাপ বিহীন হইয়া কোন রোগের ভয় পায় না" ॥৪৩॥

—:*:—

* '...নবনবত্যধিকশততমঃ...'—পি, '...ত্র্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...চতুরধিকদ্বিশততমঃ...'—কা, '...সপ্তাধিকদ্বিশততমঃ...'—নি।

(১)...মার্কণ্ডেয়ং মহাদ্যুতিম্...ধর্ম্মপ্রশ্নং সুদুর্বিদম্—বা ব কা নি।

শ্রোতুমিচ্ছামি ভগবন্! স্ত্রীণাং মাহাত্ম্যমুত্তমম্।
কথ্যমানং ত্বয়া বিপ্র! সূক্ষ্মধর্ম্মঞ্চ তত্ত্বতঃ ॥২॥
প্রত্যক্ষমিহ বিপ্রর্ষে! দেবা দৃশ্যন্তি সত্তম!।
সূর্য্যাচন্দ্রমসৌ বায়ুঃ পৃথিবী বহ্নিরেব চ ॥৩॥
পিতা মাতা চ ভগবন্! গুরুরেব চ সত্তম।।
যচ্চান্যদ্দেববিহিতং তচ্চাপি ভৃগুনন্দন! ॥৪॥ (যুগ্মকম্)
মান্যা হি গুরবঃ সর্ব্বে একপত্ন্যস্তথা স্ত্রিয়ঃ।
পতিব্রতানাং শুশ্রূষা দুষ্করা প্রতিভাতি মে ॥৫॥
পতিব্রতানাং মাহাত্ম্যং বক্তুমর্হসি নঃ প্রভো!।
নিরুধ্য চেন্দ্রিয়গ্রামং মনঃ সংরুধ্য চানঘ। ॥৬॥
পতিং দৈবতবচ্চাপি চিন্তয়ন্ত্যঃ স্থিতা হি যাঃ।
ভগবন্। দুষ্করং হ্যেতৎ প্রতিভাতি মম প্রভো। ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ততে ইতি। পপ্রচ্ছ চকারেত্যর্থঃ। অতিদুঃখেনোচ্যত ইতি সুদুর্বচম্ ॥১॥
শ্রোতুমিতি। সূক্ষ্মধর্ম্মঞ্চ স্ত্রীণামেব, তত্ত্বতো যাথাথ্যেন ॥২॥
প্রত্যক্ষমিতি। দৃশ্যন্তি লোকৈর্দৃশ্যন্তে। দেবৈর্হেন বিহিতং দেববিহিতং বিগ্রহাদি ॥৩—৪॥
মান্যা ইতি। একঃ পতির্যাসাং তা একপত্ন্যঃ। পতিব্রতানাং তৎকর্ত্তৃকা ॥৫॥
পতীতি। নঃ অস্মান্। দৈবতবদ্দেবমিব। এতৎ পাতিব্রত্যাচার্য্যম্ ॥৬-৭॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ জনমেজয়! তাহার পর রাজা যুধিষ্ঠির মহর্ষি মার্কণ্ডেয়ের নিকটে ধর্ম্মবিষয়ে কঠিন প্রশ্ন করিলেন—॥১॥

"ভগবন! আপনি স্ত্রীলোকদিগের উত্তম মাহাত্ম্য ও সূক্ষ্ম ধর্ম্ম যথার্থরূপে বলুন, আমি তাহা শুনিতে ইচ্ছা করি ॥২॥

সাধুশ্রেষ্ঠ ব্রহ্মর্ষি! এই জগতে কতকগুলি দেবতাকে প্রত্যক্ষ দেখা যায় (যথা—) চন্দ্র, সূর্য্য, বায়ু, পৃথিবী, অগ্নি, পিতা, মাতা ও আচার্য্য। আর ভগবন্ সাধুশ্রেষ্ঠ ভৃগুনন্দন! দেবতারূপে অন্য যাহা নির্ম্মিত হয়, তাহাও প্রত্যক্ষ দেবতা (দেববিগ্রহ) ॥৩—৪॥

সমস্ত গুরুজন এবং একমাত্র পতিপরায়ণ স্ত্রীলোকগণ—এই উভয়ই পূজনীয়। কারণ, পতিব্রতারা যে পতির পরিচর্য্যা করেন, তাহা আমার নিকট দুষ্কর বলিয়াই বোধ হয় ॥৫॥

নিষ্পাপ প্রভু! যাঁহারা নয়নপ্রভৃতি ইন্দ্রিয়সমূহকে ও মনকে নিরুদ্ধ

মাতাপিত্রোশ্চ শুশ্রূষা স্ত্রীণাং ভর্ত্তরি চ দ্বিজ!।
স্ত্রীণাং ধর্ম্মাৎ সুঘোরাদ্ধি নান্যং পশ্যামি দুষ্করম্ ॥৮॥
সাধ্ব্যাচারাঃ স্ত্রিয়ো ব্রহ্মন্! যৎ কুর্ব্বন্তি সদাদৃতাঃ।
দুষ্করং খলু কুর্ব্বন্তি পিতরং মাতরঞ্চ বৈ ॥৯॥
একপত্ন্যশ্চ যা নার্য্যো যাশ্চ সত্যং বদন্ত্যুত।
কুক্ষিণা দশ মাসাংশ্চ গর্ভং সন্ধারয়ন্তি যাঃ ॥১০॥
নার্য্যঃ কালেন সম্ভূয় কিমদ্ভুততরং ততঃ।
সংশয়ং পরমং প্রাপ্য বেদনামতুলামপি ॥১১॥
প্রজায়ন্তে সুতান্ নার্য্যো দুঃখেন মহতা বিভো!।
পুষ্ণন্তি চাপি মহতা স্নেহেন দ্বিজপুঙ্গব। ॥১২॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

মাতেতি। শুশ্রূষা পুত্রকর্ত্তৃকা, ভর্ত্তরি স্ত্রীণাং শুশ্রূষা। ধর্ম্মাৎ পাতিব্রাত্যাৎ ॥৮॥

সাধ্বিতি। সদা আদৃতা আদরবত্যঃ। পিতরং মাতরঞ্চ প্রতি পুত্রা যৎ কুর্ব্বন্তি ॥৯॥

একেতি। এক এব পতির্যাসাং তা একপত্ন্যঃ। সম্ভূয় রজস্বলা ভূত্বা। সংশয়ং প্রসবকালে জীবনসন্দেহম্ প্রজায়ন্তে জনয়ন্তি। পুষ্ণন্তি সুতান্ ॥১০—১২॥

করিয়া পতিকে দেবতার ন্যায় চিন্তা করিতে থাকিয়া সংসারে অবস্থান করেন, সেই পতিব্রতাদের মাহাত্ম্য আপনি আমাদের নিকট বলুন। ভগবন্ প্রভু! পতিব্রতাদের এই কার্য্যটা কিন্তু আমার নিকট দুষ্কর বলিয়াই বোধ হয় ॥৬—৭॥

ব্রাহ্মণ! পুত্রেরা মাতা ও পিতার যে শুশ্রূষা করে, স্ত্রীলোকেরা ভর্ত্তার যে পরিচর্য্যা করে এবং স্ত্রীলোকদের যে ভয়ঙ্কর পাতিব্রাত্যধর্ম্ম, এই সকল অপেক্ষা অন্য দুষ্কর কর্ম্ম আমি দেখিতে পাই না ॥৮॥

ব্রাহ্মণ! সাধ্বী রমণীরা সর্ব্বদা যত্নপরায়ণ হইয়া যে পতিসেবা করেন এবং পুত্রেরা পিতা ও মাতার যে পরিচর্য্যা করে, তাহা অতি দুষ্কর কার্য্যই করে ॥৯॥

প্রভু ব্রাহ্মণশ্রেষ্ঠ! যাঁহারা একমাত্র পতির প্রতিই আসক্ত থাকেন, যাঁহারা সর্ব্বদাই সত্য বাক্য বলেন এবং যাঁহারা যথাকালে রজস্বলা হইয়া দশ মাস যাবৎ উদরে গর্ভ ধারণ করেন, তা'র পর প্রসবের কালে অতুলনীয় বেদনা অনুভব করিয়া জীবনে পর্য্যন্ত গুরুতর সন্দেহাপন্ন হইয়া গুরুতর কষ্টে সন্তান প্রসব করেন, পরে আবার মহাকষ্টে তাহাদের লালন-পালন করেন, সেই সকল নারীদের এই সকল কার্য্য হইতে গুরুতর অদ্ভুত কার্য্য কি আছে? ॥১০—১২॥

যে চ ক্রূরেষু সর্ব্বেষু বর্ত্তমানা জুগুপ্সিতাঃ।
স্বকর্ম্ম কুর্ব্বন্তি সদা দুষ্করং তচ্চ মে মতম্ ॥১৩॥
ক্ষত্রধর্ম্মসমাচারং তত্ত্বং ব্যাখ্যাহি মে দ্বিজ ! ।
ধর্ম্মঃ সুদুর্লভো বিপ্র ! নৃশংসেন মহাত্মনাম্ ॥১৪॥
এতদিচ্ছামি ভগবন্ ! প্রশ্নং প্রশ্নবিদাং বর ! ।
শ্রোতুং ভৃগুকুলশ্রেষ্ঠ ! শুশ্রূষে তব সুব্রত ! ॥১৫॥

মার্কণ্ডেয় উবাচ।

হন্ত তে সর্ব্বমাখ্যাস্যে প্রশ্নমেতং সুদুর্ব্বচম্।
তত্ত্বেন ভরতশ্রেষ্ঠ ! গদতস্তন্নিবোধ মে ॥১৬॥
মাতৄস্তু গৌববাদন্যে পিতৄনন্যে তু মেনিরে।
দুষ্করং কুরুতে মাতা বিবর্দ্ধয়তি যা প্রজাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

য ইতি। যে চ যোদ্ধারঃ, ক্রূরেষু নিষ্ঠুরেষু হত্যাদিকর্ম্মসু ॥১৩॥

ক্ষত্রেতি। তত্ত্বং যথার্থং যথা স্যাত্তথা। নৃশংসেন মহাত্মনা' ধর্ম্মঃ সুদুর্লভঃ ॥১৪॥

এতদিতি। প্রশ্নং প্রশ্নোত্তরম্। শুশ্রূষে অনুনয়েন শুশ্রূষাং করোমি ॥১৫॥

হন্তেতি। প্রশ্নং প্রশ্নোত্তরম্। তত্ত্বেন যাথার্থ্যেন, গদতো বদতঃ ॥১৬॥

মাতৄরিতি। অন্যে পিতৃভ্যো মাতৄঃ গৌরবাদধিকা মেনিরে, "সংস্রস্ত পিতুর্মাতা গৌরবেণাতিরিচ্যতে" ইতি স্মৃতেঃ। অন্যে তু মাতৃভ্যঃ পিতৄন্ গৌরবাদধিকান্ মেনিরে, "বীজস্য চৈবং যোন্যাশ্চ বীজমুৎকৃষ্টমুচ্যতে" ইতি স্মৃত্যাশয়াদিতি ভাবঃ। ব্যক্তিভেদাদ্বহু-বচনম্। মাতুরধিকত্বে যুক্তিমাহ—দুষ্করমিতি। প্রজাঃ সন্তানান্ ॥১৭॥

আর, যে সকল যোদ্ধা সমস্ত নিষ্ঠুর কার্য্যে প্রবৃত্ত হইয়া সকলের নিকটেই নিন্দিত হইতে থাকিয়া সর্ব্বদাই আপন কার্য্য করিতে থাকেন, তাহাও দুষ্কর কার্য্য বলিয়াই আমি ধারণা করি ॥১৩॥

ব্রাহ্মণ ! আর আপনি আমার নিকট যথাযথভাবে ক্ষত্রিয়ধর্ম্ম বলুন। কারণ, নৃশংসের পক্ষে সাধুর ধর্ম্ম লাভ করা অতি দুষ্কর ॥১৪॥

ভগবন্ প্রশ্নজ্ঞশ্রেষ্ঠ ! এই সকল প্রশ্নের উত্তর আমি শুনিতে ইচ্ছা করি ভৃগুকুলশ্রেষ্ঠ ! দৃঢ়ব্রতপরায়ণ ! আমি আপনার শুশ্রূষা করিতেছি" ॥১৫॥

মার্কণ্ডেয় বলিলেন—"ভরতশ্রেষ্ঠ ! কঠিন হইলেও এই সকল প্রশ্নের উত্তর আমি তোমার নিকট বলিব। এখনই যথাযথভাবে বলিতেছি, তাহা তুমি শ্রবণ কর ॥১৬॥

অনেকে পিতা অপেক্ষা মাতাকে গৌরবে অধিক মনে করেন; আবার

তপসা দেবতেজ্যাভির্বন্দনেন তিতিক্ষয়া।
অভিচারৈরুপায়ৈশ্চাপীহন্তে পিতরঃ সুতান্ ॥১৮॥
এবং কৃচ্ছ্রেণ মহতা পুত্রং প্রাপ্য সুদুর্লভম্।
চিন্তয়ন্তি সদা বীর! কীদৃশোঽয়ং ভবিষ্যতি ॥১৯॥
আশংসতে হি পুত্রেষু পিতা মাতা চ ভারত!।
যশঃ কীর্ত্তিমথৈশ্বর্য্যং প্রজা ধর্ম্মং তথৈব চ ॥২০॥
তয়োরাশাস্তু সফলাং যঃ করোতি স ধর্ম্মবিৎ।
পিতা মাতা চ রাজেন্দ্র! তুষ্যতো যস্য নিত্যশঃ।
ইহ প্রেত্য চ তস্যাথ কীর্ত্তির্ধর্ম্মশ্চ শাশ্বতঃ ॥২১॥
ন চ যজ্ঞক্রিয়া কাচিন্ন শ্রাদ্ধং নোপবাসকম্।
যা তু ভর্ত্তরি শুশ্রূষা তয়া স্বর্গং জয়ত্যুত ॥২২॥

ভারতকৌমুদী

পিতুরধিকত্বে যুক্তিমাহ দ্বাভ্যাম্—তপসেতি। তপসা উপবাসাদিনা, দেবতেজ্যাভি-র্দেবপূজয়া, বন্দনেন দেবতানামেব, তিতিক্ষয়া শীতাদিসহনেন। অভিচারৈঃ পশুবলি-দানাদিভিঃ, উপায়ৈর্জপাশয়াদিবিশেষেষু ফলবিশেষদানাদিভিশ্চ, ঈহন্তে লব্ধুং চেষ্টন্তে ॥১৮॥

এবমিতি। চিন্তয়ন্তি পিতরঃ ন্যস্তবুদ্ধিঃ। কীদৃশো বিদ্বান্ মূর্খো বা ॥১৯॥

আশংসত ইতি। ঐশ্বর্য্যং ধনাদিসম্পদম্, প্রজাঃ সন্ততীঃ ॥২০॥

তয়োরিতি। ইহ লোকে, প্রেত্য পরলোকে চ। শাশ্বতঃ স্থি. । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

অনেকে মাতা অপেক্ষা পিতাকে গৌরবে শ্রেষ্ঠ বলিয়া ধারণা করেন। ইহার প্রতি ক্রমিক কারণ এই যে, যে মাতা সন্তানকে বর্দ্ধিত করেন, তিনি দুষ্কর কার্য্যই করেন ॥১৭॥

আবার পিতা—তপস্যা, দেবতার পূজা ও বন্দনা, শীতগ্রীষ্মপ্রভৃতি সহ্য করা, অভিচার এবং অন্যান্য উপায়দ্বারা পুত্রলাভের চেষ্টা করেন ॥১৮॥

এবং তিনি অতি কষ্টে অতি দুর্লভ পুত্র লাভ করিয়া সর্ব্বদাই চিন্তা করেন যে, এ পুত্র কিপ্রকার হইবে ॥১৯॥

ভরতনন্দন! তা'র পর, পিতা ও মাতা দুই জনই পুত্রের যশ, কীর্ত্তি, ঐশ্বর্য্য, সন্তান ও ধর্ম্মের আকাঙ্ক্ষা করেন ॥২০॥

রাজশ্রেষ্ঠ! যে লোক পিতা ও মাতার আশা সফল করে, সেই লোকই বাস্তবিক ধর্ম্মজ্ঞ; আর যাহার উপরে পিতা ও মাতা সর্ব্বদা সন্তুষ্ট থাকেন, তাহার ইহলোকে ও পরলোকে কীর্ত্তি ও ধর্ম্ম স্থায়ী হয় ॥২১॥

এতৎ প্রকরণং রাজন্নধিকৃত্য যুধিষ্ঠির ! ।
পতিব্রতানাং নিয়তং ধর্ম্মঞ্চাবহিতঃ শৃণু ॥২৩॥
কশ্চিদ্দ্বিজাতিপ্রবরো বেদাধ্যায়ী তপোধনঃ ।
তপস্বী ধর্ম্মশীলশ্চ কৌশিকো নাম ভারত ! ॥২৪॥
সাঙ্গোপনিষদো বেদানধীতে দ্বিজসত্তমঃ ।
যদ্ভূতহিতমত্যন্তং তদ্ধি সত্যং পরং মতম্ ॥৩১॥
যস্য সর্ব্বে সমারম্ভা নিরাশীর্ব্বন্ধনাঃ সদা।
ত্যাগে যস্য হুতং সর্ব্বং স ত্যাগী স চ বুদ্ধিমান্ ॥৩২॥
যতো ন গুরুরপ্যেনং শ্রাবয়েদুপপাদয়েৎ।
তং বিদ্যাদ্‌ব্রহ্মণো যোগং বিয়োগং যোগসংজ্ঞিতম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

সর্ব্বেতি। বিনিগ্রহঃ কর্ত্তব্য ইতি শেষঃ। সংক্রমঃ সংসারপারাবারতরণসেতুঃ ॥২৮॥
নিত্যমিতি। মৎসরাৎ অন্যশুভদ্বেষাৎ। প্রমাদতঃ অনবধানতাতঃ ॥২৯॥
আনৃশংস্যমিতি। আনৃশংস্যম্ অনিষ্ঠুরতা দয়েত্যর্থঃ ॥৩০॥
সত্যস্যেতি। বচনং ভাষণম্। ভূতানাং প্রাণিনাং হিতমিতি পারিভাষিকম্ ॥৩১॥
যস্যেতি। নিরাশীর্ব্বন্ধনা নিষ্কামাঃ। ত্যাগে ফলত্যাগে, হুতং হোমাদি ॥৩২॥
যত ইতি। যতো গুরুরপি এনং যোগং শ্রাবয়েদেব, ন তু উপপাদয়েৎ সম্পাদয়িতুঃ

ভারতভাবদীপঃ

দর্শনমিত্যর্থঃ ॥২৭॥ সংক্রমঃ সেতুঃ, পারপ্রাপকো মার্গঃ ॥২৮—৩০॥ ভূতহিতমনৃতমপি, সত্যমেব ভূতানামহিতকরং সত্যমপ্যনৃতমেবেত্যর্থঃ ॥৩১॥ ত্যাগে ফলত্যাগে, হুতং হোমযজ্ঞদানাদি, ত্যাগী সন্ন্যাসী ॥৩২॥ এনং ব্রহ্মণা যোগং ন শ্রাবয়েৎ অপদার্থত্বাৎ, কিন্তু উপপাদয়েল্লক্ষণয়া জ্ঞাপয়েৎ, তং চিত্তবিয়োগমেব বিরুদ্ধলক্ষণয়া যোগসংজ্ঞিতং প্রাহুঃ— "তং বিদ্যাদ্দুঃখসংযোগবিয়োগং যোগসংজ্ঞিতম্" ইত্যাদ্যাগমা ইত্যর্থঃ ॥৩৩॥ মৈত্রং মিত্র-

সর্ব্বদা ক্রোধ হইতে তপস্যাকে, পরের বিদ্বেষ হইতে ধর্ম্মকে, মান ও অপমান হইতে বিদ্যাকে এবং প্রমাদ হইতে আত্মাকে রক্ষা করিবে ॥২৯॥

দয়াই পরম ধর্ম্ম, ক্ষমাই পরম বল, আত্মজ্ঞানই পরম জ্ঞান এবং সত্যব্রতই পরম ব্রত ॥৩০॥

সত্যবাক্য বলা মঙ্গলজনক, সত্যজ্ঞান হিতকারী এবং প্রাণিগণের যাহা অত্যন্ত হিত, তাহাই পরম সত্য ॥৩১॥

যাঁহার সমস্ত কার্য্যই সর্ব্বদা নিষ্কামভাবে সম্পাদিত হয় এবং যিনি ফলত্যাগী হইয়া হোমাদি সমস্ত কার্য্য করেন, তিনিই বাস্তবিক সন্ন্যাসী এবং তিনিই যথার্থ বুদ্ধিমান্ ॥৩২॥

ন হিংস্যাৎ সর্ব্বভূতানি মৈত্রায়ণগতির্ভবেৎ।
নেদং জীবিতমাসাদ্য বৈরং কুর্ব্বীত কেনচিৎ ॥৩৪॥
অকিঞ্চনত্বং সন্তোষো নিরাশিত্বমচাপলম্।
এতদেব পরং জ্ঞানং সদাত্মজ্ঞানমুত্তমম্ ॥৩৫॥
পরিগ্রহং পরিত্যজ্য ভবেদ্বুদ্ধ্যা যতব্রতঃ।
অশোকং স্থানমাশ্রিত্য নিশ্চলং প্রেত্য চেহ চ ॥৩৬॥
তপোনিত্যেন দান্তেন মুনিনা সংযতাত্মনা।
অজিতং জেতুকামেন ভাব্যং সঙ্গেষ্বসঙ্গিনা ॥৩৭॥

ভারতকৌমুদী

শক্নুয়াৎ স্বয়মেব কুর্য্যাদিত্যর্থঃ, অতস্তং বিয়োগং ফলসন্ন্যাসরূপং যোগসংজ্ঞিতং ব্রহ্মণো যোগং বিদ্যাজ্জানীয়াৎ, ন পুনঃ কেবলশ্রবণার্থং গুরুমভিগচ্ছেৎ ॥৩৩॥

নেতি। মৈত্রং মিত্রতৈব অয়নং পন্থাস্তত্র গতির্যস্য সঃ ॥৩৪॥

অকিঞ্চনেতি। অকিঞ্চনত্বং নিঃস্বত্বম্, অন্নাভাবাদপি সন্তোষঃ, নিরাশিত্বং নিস্পৃহত্বম্, অচাপলং বিষয়েষু অচাঞ্চল্যঞ্চ, এতৎ সর্ব্বমেব পরং জ্ঞানং পরমজ্ঞানসাধকম্। তচ্চ পরং জ্ঞানম্, আত্মজ্ঞানমেব, তদপি চ সদা উত্তমম্ ॥৩৫॥

পরীতি। প্রেত্য পরলোকে, ইহলোকে চ, অশোকং শোকরহিতং নিশ্চলঞ্চ, স্থানং স্বর্গাদিকং রাজ্যাদিকঞ্চ দেশমাশ্রিত্যাপি, পরিগ্রহং সর্ব্ববিধবিষয়গ্রহণম্, পরিত্যজ্য বুদ্ধ্যা যতব্রতঃ সংযমনিষ্ঠো ভবেৎ, মুক্তিলাভায়েত্যাশয়ঃ ॥৩৬॥

তপ ইতি। অজিতম্ অজ্ঞানিভিরনায়ত্তীকৃতং মোক্ষম্, জেতুকামেন লব্ধুমিচ্ছুনা

ভারতভাবদীপঃ

তাবত্তদেবায়নং মার্গস্তত্রতশ্চরেৎ ॥৩৪॥ জ্ঞানং জ্ঞানসাধনম্, জ্ঞানমপি স্তৌতি সাধনে প্রবৃত্ত্যর্থং সদাত্মজ্ঞানমুত্তমমিতি ॥৩৫॥ অশোকং স্থানং বৈরাগ্যম্, প্রেত্য মৃত্বা স্বর্গাদৌ ইহ

গুরুও যখন ব্রহ্মযোগের বিষয় কেবল শুনাইতেই পারেন; কিন্তু সম্পাদন করিয়া দিতে পারেন না; তখন ফলসন্ন্যাসকেই যোগনামক প্রসিদ্ধ ব্রহ্মযোগ বলিয়া জানিবে (এবং নিজেই তাহা করিবে) ॥৩৩॥

কোন প্রাণীর হিংসা করিবে না, সর্ব্বত্র মিত্রভাব অবলম্বন করিবে এবং এই নশ্বর জীবন পাইয়া কাহারও সহিত শত্রুতা করিবে না ॥৩৪॥

দারিদ্র্য, সন্তোষ, নিষ্কামভাব ও অচাঞ্চল্য—এই কয়টী তত্ত্বজ্ঞানের সাধক। ব্রহ্মজ্ঞানই তত্ত্বজ্ঞান এবং তাহাই সর্ব্বদা সর্ব্বাপেক্ষা উত্তম ॥৩৫॥

ইহলোকে বা পরলোকে শোকবিহীন ও দৃঢ় স্থান আশ্রয় করিয়াও সর্ব্বপ্রকার পরিগ্রহ ত্যাগ করিয়া মুক্তির জন্য বুদ্ধি অনুসারে সংযমী হইবে ॥৩৬॥

(৩৫) আকিঞ্চন্যং সুসন্তোষঃ—বা ব কা নি।

গুণাগুণমনাসঙ্গমেকচর্য্যমনন্তরম্ ।
এতত্ত্ব ব্রহ্মণো বৃত্তমাহুরেকপদং সুখম্ ॥৩৮॥
পরিত্যজতি যো দুঃখং সুখং বাপ্যুভয়ং নরঃ ।
ব্রহ্ম প্রাপ্নোতি সোঽত্যন্তমসঙ্গেন চ গচ্ছতি ॥৩৯॥
যথাশ্রুতমিদং সর্ব্বং সমাসেন দ্বিজোত্তম ! ।
এতত্তে সর্ব্বমাখ্যাতং কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥৪০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং দ্বিজব্যাধসংবাদে উনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

মুনিনা, তপো নিত্যং যস্য তেন, দান্তেন ইন্দ্রিয়দমনশীলেন, সংযতাত্মনা সংযতচিত্তেন, সঙ্গেষপি সঙ্গসক্তবেষপি অসঙ্গিনা, ভাব্যং ভবিতব্যম্ ॥৩৭॥

গুণেতি। গুণা লৌকিকোৎকর্ষা অপি অগুণা দোষা যস্মিন্ তৎ, অনাসঙ্গং সর্ব্বসঙ্গরহিতম্, একেন বৈরাগ্যেণৈব চর্য্যং গম্যম্, অনন্তরম্ অজ্ঞানধ্বংসাৎ পরং গম্যম্, সুখং সুখময়ম্, একপদম্ অদ্বিতীয়বস্তুভূতম্, ব্রহ্মণ এতদ্বৃত্তং স্বরূপমাহুঃ ॥৩৮॥

পরীতি। যো নরঃ দুঃখং সুখম্ উভয়মপি বা তৎসাধনানীত্যর্থঃ, পবিত্যজতি, সঃ, অসঙ্গেন বৈরাগ্যেণ, গচ্ছতি জীবনশেষপর্য্যন্তং যাতি, অত্যন্তমেব ব্রহ্ম প্রাপ্নোতি মোক্ষং লভতে চ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

চ রাজ্যাদৌ আশ্রিত্য যতব্রতো ভবেৎ ॥৩৬—৩৭॥ গুণাঃ লোকবেদাদয়ঃ, অগুণা যস্মিন্ তৎ গুণাগুণম্। অত্র "লোকা, অলোকা বেদা অবেদা" ইত্যাদিশ্রুতেঃ অনাসঙ্গং থাদিসঙ্গহীনম্ অতএব এককার্য্যম্ একেন প্রত্যগাত্মনৈব নিষ্পাদ্যম্ অনন্তরম্ অজ্ঞানমাত্রাপনয়াদ্রম্যং ন তু ক্রিয়াব্যবহিতং স্বর্গাদিসুখবৎ বৃত্তং প্রাক্‌সিদ্ধম্, একমেব পদ্যতে গম্যতে ন তু জ্ঞানজ্ঞেয়বিভাগো যস্মিন্ তৎ একপদম্ ॥৩৮—৪০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৯॥

মুক্তিকামী মুনি সর্ব্বদা তপস্বী, ইন্দ্রিয়দমনশীল, সংযতচিত্ত এবং সঙ্গসক্তবস্থলেও অসঙ্গ হইবেন ॥৩৭॥

লৌকিক গুণ যাহার বিষয়ে দোষ, যাহাতে কোন আসঙ্গ নাই, একমাত্র বৈরাগ্য দ্বারা যাহাকে পাওয়া যায়, অজ্ঞাননাশের পরই যাহা প্রাপ্য হয় এবং যাহা সুখময়, তাহাই অদ্বিতীয় বস্তু ব্রহ্ম ॥৩৮॥

যে লোক দুঃখ, সুখ ও সেই উভয়ের সাধক সমস্ত বিষয় পরিত্যাগ করে, সে লোক বৈরাগ্যদ্বারাই জীবনের শেষপর্য্যন্ত যাইতে পারে এবং অন্তিমে ব্রহ্ম লাভ করে ॥৩৯॥

---

(৩৮)···এককার্য্যমনন্তরম্—বা ব কা নি।
*'···অষ্টাধিকদ্বিশততমঃ···'—পি, '···দ্বাদশাধিকদ্বিশততমঃ···'—বা ব, '···ত্রয়োদশাধিকদ্বিশততমঃ···'—কা, '···ষোড়শাধিকদ্বিশততমঃ···'—নি।

অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

এবং সংকথিতে কৃৎস্নে মোক্ষধর্ম্মে যুধিষ্ঠির!।
দৃঢ়ং প্রীতমনা বিপ্রো ধর্ম্মব্যাধমুবাচ হ ॥১॥
ন্যায়যুক্তমিদং সর্ব্বং ভবতা পরিকীর্ত্তিতম্।
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিদ্ধর্ম্মেষ্বিহ হি দৃশ্যতে ॥২॥

ব্যাধ উবাচ।

প্রত্যক্ষং মম যো ধর্ম্মস্তঞ্চ পশ্য দ্বিজোত্তম!।
যেন সিদ্ধিরিয়ং প্রাপ্তা ময়া ব্রাহ্মণপুঙ্গব! ॥৩॥

ভারতকৌমুদী

যথেতি। ইদং সর্ব্বং ময়া গুরুমুখাৎ যথা শ্রুতম, তথৈব এতৎ সর্ব্বং তে সমাসেন সংক্ষেপেণ আখ্যাতম। অতো ব্যাধোক্ততয়া তৈয়জ্ঞানং ন কর্ত্তব্যমিত্যাশয়ঃ ॥৭০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াম্ ঊনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

এবমিতি। দৃঢ়ং সাতিশয়ং প্রীতমনাঃ, তস্য প্রাজ্ঞত্বদর্শনাৎ স্বস্য জ্ঞানলাভাচ্চ ॥১॥
ন্যায়েতি। ন্যায়যুক্তং যুক্তিযুক্তম্। অবিদিতং নাস্তি, সাবার্থকথনাদিত্যাশয়ঃ ॥২॥
প্রত্যক্ষমিতি। তং ধর্ম্মঞ্চ প্রত্যক্ষং পশ্যেতি সম্বন্ধঃ। সিদ্ধির্ধর্ম্মজ্ঞানস্য ॥৩॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি গুরুর নিকট এই সকল বিষয় যেমন শুনিয়াছিলাম, তেমন ভাবেই আপনার নিকট এই সকল বলিলাম। এখন আপনি আর কি শুনিতে ইচ্ছা করেন?" ॥৭০॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—"যুধিষ্ঠির! ধর্ম্মব্যাধ এইভাবে সমস্ত মোক্ষধর্ম্ম বলিলে, কৌশিক অত্যন্ত সন্তুষ্ট হইয়া ধর্ম্মব্যাধকে কহিলেন—॥১॥

"আপনি এই সমস্ত বিষয়ই যুক্তিযুক্তভাবে বলিয়াছেন; অতএব দেখা যাইতেছে যে, ধর্ম্মবিষয়ে আপনার কিছুই অবিদিত নাই" ॥২॥

ধর্ম্মব্যাধ বলিলেন—"ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমার যে ধর্ম্ম, তাহা আপনি আসিয়া প্রত্যক্ষ দর্শন করুন; যাহাতে আমি এই সিদ্ধি লাভ করিয়াছি ॥৩॥

উত্তিষ্ঠ ভগবন্! ক্ষিপ্রং প্রবিশ্যাভ্যন্তরং গৃহম্।
দ্রষ্টুমর্হসি ধর্ম্মজ্ঞ! মাতরং পিতরঞ্চ মে ॥৪॥

মার্কণ্ডেয় উবাচ।

ইত্যুক্তঃ স প্রবিশ্যাথ দদর্শ পরমার্চ্চিতম্।
সৌধং হৃদ্যং চতুঃশালমতীব চ মনোরমম্ ॥৫॥
দেবতাগৃহসঙ্কাশং দৈবতৈশ্চ সুপূজিতম্।
শয়নাসনসংবাধং গন্ধৈশ্চ পরমৈর্যুতম্ ॥৬॥ (যুগ্মকম্)
তত্র শুক্লাম্বরধরৌ পিতরাবস্য পূজিতৌ।
কৃতাহারৌ সুসন্তুষ্টাবুপবিষ্টৌ বরাসনে।
ধর্ম্মব্যাধস্তু তৌ দৃষ্ট্বা পাদেষু শিরসাহপতৎ ॥৭॥

বৃদ্ধাবূচতুঃ।

উত্তিষ্ঠোত্তিষ্ঠ ধর্ম্মজ্ঞ! ধর্ম্মস্ত্বামভিরক্ষতু।
প্রীতৌ স্বস্তব শৌচেন দীর্ঘমায়ুরবাপ্নুহি ॥৮॥

ভারতকৌমুদী

উত্তিষ্ঠেতি। গৃহং তদভ্যন্তরঞ্চ প্রবিশ্যেত্যর্থঃ ॥৪॥

ইতীতি। পরমার্চ্চিতম্ আদরেণ সুপরিষ্কৃতম্। হৃদ্যং প্রিয়ম্, চতসৃষু দিক্ষু শালা যস্য তম্ শয়নাসনৈর্যোগ্যশয্যাসনৈঃ সংবাধং ব্যাপ্তম্ ॥৫—৬॥

তত্রেতি। পিতরৌ মাতাপিতরৌ, অস্য ধর্ম্মব্যাধস্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

উত্তিষ্ঠেতি। স্ব আবাম্, শৌচেন বহিরন্তরে চ পবিত্রতয়া ॥৮॥

ভগবন্! ধর্ম্মজ্ঞ! আপনি উঠুন, আমার বাড়ীর ভিতরে প্রবেশ করিয়া আমার মাতা ও পিতাকে দর্শন করুন” ॥৪॥

মার্কণ্ডেয় বলিলেন—“ধর্ম্মব্যাধ এইরূপ বলিলে, কৌশিক তাঁহার বাড়ীর ভিতরে প্রবেশ করিয়া দেখিলেন—সুপরিষ্কৃত, চিত্তাকর্ষক, পরমসুন্দর, দেবগৃহতুল্য, দেবগণেরও পরম আদৃত এবং মনোহর সৌরভযুক্ত চতুঃশালাময় অট্টালিকা রহিয়াছে এবং তাহার ভিতরে যথাস্থানে উপযুক্ত শয্যা ও আসন সংস্থাপিত আছে ॥৫—৬॥

এবং ধর্ম্মব্যাধের পিতা ও মাতা আহার করিয়া, আদৃত হইয়া শুক্লবস্ত্রপরিধানপূর্ব্বক সন্তুষ্টচিত্তে উৎকৃষ্ট আসনে, সেখানে উপবিষ্ট রহিয়াছেন। তখন ধর্ম্মব্যাধ তাঁহাদিগকে দেখিয়াই মস্তকদ্বারা তাঁহাদের চরণে নমস্কার করিলেন ॥৭॥

গতিমিষ্টাং তপো জ্ঞানং মেধাঞ্চ পরমাং গতঃ।
সৎপুত্রেণ ত্বয়া পুত্র! নিত্যং কালে সুপূজিতৌ ॥৯॥
ন তেঽন্যদ্দৈবতং কিঞ্চিদ্দৈবতেষ্বপি বর্ত্ততে।
প্রয়তত্বাদ্দ্বিজাতীনাং দমেনাসি সমন্বিতঃ ॥১০॥
পিতুঃ পিতামহা যে চ তথৈব প্রপিতামহাঃ।
প্রীতাস্তে সততং পুত্র! দমেনাবাঞ্চ পূজয়া ॥১১॥
মনসা কর্ম্মণা বাচা শুশ্রূষা নৈব হীয়তে।
ন চান্যা হি তথা বুদ্ধির্দৃশ্যতে সাম্প্রতং তব ॥১২॥
জামদগ্ন্যেন রামেণ যথা বৃদ্ধৌ সুপূজিতৌ।
তথা ত্বয়া কৃতং সর্ব্বং তদ্বিশিষ্টঞ্চ পুত্রক! ॥১৩॥

ভারতকৌমুদী

গতিমিতি। ইষ্টাং গতিং চরমে স্বর্গলাভযোগ্যতাম্। সুপূজিতাবাবাম্ ॥৯॥
নেতি। দ্বিজাতীনাং দমেন ব্রাহ্মণতুল্যেন্দ্রিয়নিগ্রহেণ ॥১০॥
পিতুরিতি। পূজয়া তব পরিচর্য্যয়া, আবাঞ্চ প্রীতৌ স্বঃ ॥১১॥
মনসেতি। অন্যা আবয়োঃ শুশ্রূষাভিন্নবিষয়া ॥১২॥
জামেতি। বৃদ্ধৌ মাতাপিতরৌ। তদ্বিশিষ্টং ততোঽতিরিক্তম্ ॥১৩॥

তখন বৃদ্ধেরা বলিলেন—“ধর্ম্মজ্ঞ! উঠ উঠ, ধর্ম্ম তোমাকে সর্ব্বপ্রকারে রক্ষা করুন, তোমার পবিত্রতায় আমরা সন্তুষ্ট আছি, তুমি দীর্ঘ আয়ু লাভ কর ॥৮॥

পুত্র! তুমি অভীষ্ট গতিলাভের যোগ্যতা, তপস্যা, জ্ঞান ও পরম মেধা লাভ করিয়াছ এবং তুমি আমাদের সৎপুত্র বলিয়া প্রত্যহই যথাকালে আমাদের পূজা করিতেছ ॥৯॥

বৎস! দেবতাদের মধ্যেও অন্য কোন দেবতা তোমার নাই। আর তুমি সংযত বলিয়া ব্রাহ্মণতুল্য ইন্দ্রিয়সংযমী হইয়াছ ॥১০॥

পুত্র! আমার পিতার যাঁহারা পিতামহ বা প্রপিতামহ, তাঁহারা তোমার এই ইন্দ্রিয়সংযমে সর্ব্বদাই তোমার উপরে সন্তুষ্ট আছেন এবং আমরাও তোমার শুশ্রূষায় সন্তুষ্ট আছি ॥১১॥

মন, কার্য্য বা বাক্য—ইহার কোনটাদ্বারাই তোমাকর্ত্তৃক আমাদের পরিচর্য্যা ন্যূন হইতেছে না এবং এখন অন্য বিষয়ে তোমার বুদ্ধি দেখিতে পাই না ॥১২॥

পুত্র! পূর্ব্বকালে পরশুরাম যেমন বৃদ্ধ পিতা-মাতার শুশ্রূষা করিয়াছিলেন, তুমিও তেমনই—কিংবা তদপেক্ষা অধিক শুশ্রূষাই করিতেছ” ॥১৩॥

ততস্তং ব্রাহ্মণং তাভ্যাং ধর্ম্মব্যাধো ন্যবেদয়ৎ।
তৌ স্বাগতেন তং বিপ্রমর্চ্চয়ামাসতুস্তদা ॥১৪॥
প্রতিগৃহ্য চ তাং পূজাং দ্বিজঃ পপ্রচ্ছ তাবুভৌ।
সপুত্রাভ্যাং সভৃত্যাভ্যাং কচ্চিদ্বাং কুশলং গৃহে।
অনাময়ঞ্চ বাং কচ্চিৎ সদৈবেহ শরীরয়োঃ ॥১৫॥

বৃদ্ধাবূচতুঃ।

কুশলং নৌ গৃহে বিপ্র! ভৃত্যবর্গে চ সর্ব্বশঃ।
কচ্চিত্ত্বমপ্যবিঘ্নেন সম্প্রাপ্তো ভগবন্নিতি ॥১৬॥

মার্কণ্ডেয় উবাচ।

বাঢ়মিত্যেব তৌ বিপ্রঃ প্রত্যুবাচ মুদান্বিতঃ।
ধর্ম্মব্যাধো নিরীক্ষ্যাথ ততস্তং বাক্যমব্রবীৎ ॥১৭॥
পিতা মাতা চ ভগবন্নেতৌ মে দৈবতং মহৎ।
যদ্দৈবতেভ্যঃ কর্ত্তব্যং তদেতাভ্যাং করোম্যহম্ ॥১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। তাভ্যাং তয়োর্মাতাপিত্রোঃ সমীপে। স্বাগতেন তৎপ্রশ্নেন ॥১৪॥
প্রতীতি। বাং যুবয়োঃ। অনাময়ম্ আরোগ্যম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥
কুশলমিতি। নৌ আবয়োঃ। সর্ব্বশঃ সর্ব্বৈঃ প্রকারৈঃ ॥১৬॥
বাঢ়মিতি। বাঢ়ম্ অবশ্যমেবাবিঘ্নেন সম্প্রাপ্ত ইত্যর্থঃ ॥১৭॥
পিতেতি। এতাভ্যাম্ এতয়োঃ পিত্রোঃ সম্বন্ধে ॥১৮॥

তাহার পর ধর্ম্মব্যাধ তাঁহাদের নিকটে কৌশিকের পরিচয় জানাইলেন। তখন তাঁহারা স্বাগতপ্রশ্ন করিয়া কৌশিকের সম্মান করিলেন ॥১৪॥

পরে কৌশিক সেই সম্মান গ্রহণ করিয়া তাঁহাদের নিকট জিজ্ঞাসা করিলেন—"ঘরে পুত্র ও ভৃত্যবর্গের সহিত আপনাদের মঙ্গল ত? এবং আপনাদের এই শরীর দুইটাতে সর্ব্বদাই আরোগ্য আছে ত?" ॥১৫॥

বৃদ্ধেরা বলিলেন—"ব্রাহ্মণ! আমাদের ঘরের ও ভৃত্যবর্গের সর্ব্বপ্রকারেই মঙ্গল। ভগবন্! আপনিও নির্ব্বিঘ্নে আসিয়াছেন ত?" ॥১৬॥

মার্কণ্ডেয় বলিলেন—"তখন ব্রাহ্মণ আনন্দিত হইয়া বলিলেন—"আমি নিশ্চয়ই নির্ব্বিঘ্নে আসিয়াছি"। পরে ধর্ম্মব্যাধ তাঁহার প্রতি দৃষ্টিপাত করিয়া বলিলেন—॥১৭॥

---

(১৫) প্রতিপূজ্য চ তাং পূজাম্—বা ব কা। (১৭) শ্লোকাৎ পরং 'ব্যাধ উবাচ' —বা ব কা পি। (১৮)···যদ্দৈবতং পরম—বা ব কা নি।

ত্রয়স্ত্রিংশদ্‌যথা দেবাঃ সর্ব্বে শক্রপুরোগমাঃ।
সম্পূজ্যাঃ সর্ব্বলোকস্য তথা বৃদ্ধাবিমৌ মম ॥১৯॥
উপহারানাহরন্তো দৈবতানাং যথা দ্বিজাঃ।
কুর্ব্বন্তি তদ্বদেতাভ্যাং করোম্যহমতন্দ্রিতঃ ॥২০॥
এতৌ মে পরমং ব্রহ্মন্! পিতা মাতা চ দৈবতম্।
এতৌ পুষ্পৈঃ ফলৈরত্নৈস্তোষয়ামি সদা দ্বিজ! ॥২১॥
এতাবেবাগ্নয়ো মহ্যং যান্ বদন্তি মনীষিণঃ।
যজ্ঞা বেদাশ্চ চত্বারঃ সর্ব্বমেতৌ মম দ্বিজ! ॥২২॥
এতদর্থং মম প্রাণা ভার্য্যা পুত্রঃ সুহৃজ্জনঃ।
সপুত্রদারঃ শুশ্রূষাং নিত্যমেব করোম্যহম্ ॥২৩॥

ভারতকৌমুদী

ত্রয় ইতি। শক্রপুরোগমা ইন্দ্রপ্রভৃতয়ঃ ॥১৯॥

উপেতি। কুর্ব্বন্তি পূজামিতি শেষঃ, এতাভ্যাং এতয়োঃ সম্বন্ধে ॥২০॥

এতাবিতি। পরমং দৈবতং দেবতেতি সম্বন্ধঃ ॥২১॥

এতাবিতি। মহ্যং মম, যান্ দক্ষিণাগ্নিগার্হপত্যাহবনীয়ান্ ॥২২॥

এতদিতি। এতদর্থম্ এতয়োর্নিমিত্তম্। শুশ্রূষামেতয়োঃ পরিচর্য্যাম্ ॥২৩॥

"ভগবন্! আমার এই পিতা ও মাতা--আমার নিকট পরমদেবতা; সুতরাং দেবতাদের সম্বন্ধে যাহা করা উচিত, আমি উঁহাদের সম্বন্ধে তাহাই করি ॥১৮॥

ইন্দ্রপ্রভৃতি তেত্রিশ দেবতা যেমন সকল লোকেরই পূজনীয়, তেমন এই বৃদ্ধেরাও আমার পূজনীয় ॥১৯॥

ব্রাহ্মণেরা যেমন উপহার সংগ্রহ করিয়া দেবগণের পূজা করেন, আমিও তেমন সতর্ক হইয়া ইঁহাদের পূজা করি ॥২০॥

ব্রাহ্মণ! এই পিতা ও মাতা আমার নিকট পরমদেবতা; এই জন্যই আমি সর্ব্বদা ফল, ফুল ও রত্নদ্বারা ইঁহাদিগকে সন্তুষ্ট করি ॥২১॥

ব্রাহ্মণ! জ্ঞানীরা যে তিনটী অগ্নির কথা বলিয়া থাকেন, ইঁহারাই আমার নিকট সেই তিনটী অগ্নি এবং যজ্ঞ ও চারিটী বেদ ইত্যাদি সমস্ত আদরণীয় বস্তুই আমার নিকট ইঁহারা ॥২২॥

ইঁহাদের জন্যই আমার প্রাণ, পুত্র, কলত্র ও বন্ধুজন; সুতরাং আমি পুত্র ও কলত্রপ্রভৃতির সহিত মিলিত হইয়া সর্ব্বদাই ইঁহাদের শুশ্রূষা করি ॥২৩॥

স্বয়ঞ্চ স্নাপয়াম্যেতৌ তথা পাদৌ প্রধাবয়ে।
আহারং সম্প্রযচ্ছামি স্বয়ঞ্চ দ্বিজসত্তম ! ॥২৪॥
অনুকূলং তথা বচ্মি বিপ্রিয়ং পরিবর্জ্জয়ে।
অধর্ম্মেণাপি সংযুক্তং প্রিয়মাভ্যাং করোম্যহম্ ॥২৫॥
ধর্ম্মমেব গুরুং জ্ঞাত্বা করোমি দ্বিজসত্তম ! ।
অতন্দ্রিতঃ সদা বিপ্র ! শুশ্রূষাং বৈ করোম্যহম্ ॥২৬॥
পঞ্চৈব গুরবো ব্রহ্মন্ ! পুরুষস্য বুভূষতঃ।
পিতা মাতাগ্নিরাত্মা চ গুরুশ্চ দ্বিজসত্তম ! ॥২৭॥
এতেষু যস্তু বর্ত্তেত সম্যগেব দ্বিজোত্তম ! ।
ভবেয়ুরগ্নয়স্তস্য পরিচীর্ণাস্তু নিত্যশঃ।
গার্হস্থ্যে বর্ত্তমানস্য এষ ধর্ম্মঃ সনাতনঃ ॥২৮॥

ভারতকৌমুদী

স্বয়মিতি। প্রধাবয়ে প্রক্ষালয়ামি ॥২৪॥
অন্বিতি। বচ্মি ব্রবীমি, বিপ্রিয়মপ্রিয়ম্। আভ্যামনযোঃ ॥২৫॥
ধর্ম্মমিতি। গুরু মাতরং পিতরঞ্চ, ধর্ম্মং ধর্ম্মপুরুষমেব জ্ঞাত্বা ॥২৬॥
পঞ্চেতি। বুভূষতঃ কল্যাণার্থিনঃ। গুরুরাচার্য্যশ্চ ॥২৭॥
এতেষ্বিতি। নিত্যশঃ পরিচীর্ণা নিত্যহোমাদিনা শুশ্রূষিতাঃ। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥২৮॥

আমি নিজেই ইহাদিগকে স্নান করাই, ইহাদের পাদপ্রক্ষালন করিয়া দিই এবং নিজেই ইহাদিগকে খাদ্য দিয়া থাকি ॥২৪॥

আর, প্রিয়বাক্য বলি, অপ্রিয় করি না এবং পাপযুক্ত হইলেও ইহাদের প্রিয়-কার্য্যই করি ॥২৫॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! পিতা ও মাতাকে সাক্ষাৎ ধর্ম্ম মনে করিয়াই আমি আলস্য পরিত্যাগপূর্ব্বক সর্ব্বদাই ইহাদের শুশ্রূষা করি ॥২৬॥

ব্রাহ্মণ ! কল্যাণকামী পুরুষের পক্ষে পিতা, মাতা, অগ্নি, আত্মা ও আচার্য্য এই পাঁচটীই গুরু ॥২৭॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! যে লোক এই গুরুদের বিষয়ে যথানিয়মে চলে, তাহার পক্ষে নিত্যই অগ্নিত্রয়ের সেবা করা হয় এবং গৃহস্থ ব্যক্তির ইহাই সনাতন ধর্ম্ম" ॥২৮॥

---

(২৮) শ্লোকাৎ পরম্ '...ত্রয়োদশাধিকদ্বিশততমঃ...'—বা ব,—'...চতুর্দ্দশাধিকদ্বিশততমঃ...' —কা,'...সপ্তদশাধিকদ্বিশততমঃ...'—নি।

মার্কণ্ডেয় উবাচ।

গুরূ নিবেদ্য বিপ্রায় তৌ মাতাপিতরাবুভৌ।
পুনরেব স ধর্ম্মাত্মা ব্যাধো ব্রাহ্মণমব্রবীৎ ॥২৯॥

প্রবৃত্তচক্ষুর্জাতোঽস্মি সংপশ্য তপসো বলম্।
যদর্থমুক্তোঽসি তয়া গচ্ছস্ব মিথিলামিতি ॥৩০॥

পতিশুশ্রূষপরয়া দান্তয়া সত্যশীলয়া।
মিথিলায়াং বসেদ্ব্যাধঃ স তে ধর্ম্মান্ প্রবক্ষ্যতি ॥৩১॥ যুগ্মকং

ব্রাহ্মণ উবাচ।

পতিব্রতায়াঃ সত্যায়াঃ শীলাঢ্যায়া যতব্রত!।
সংস্মৃত্য বাক্যং ধর্ম্মজ্ঞ! গুণবানসি মে মতঃ ॥৩২॥

ব্যাধ উবাচ।

যত্তয়া ত্বং দ্বিজশ্রেষ্ঠ! নিযুক্তো মাং প্রতি প্রভো!।
দৃষ্টমেব তয়া সম্যগেকপত্ন্যা ন সংশয়ঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

গুরূ ইতি। গুরূ নিবেদ্য গুরুত্বেন বিজ্ঞাপ্য ॥২৯॥

প্রবৃত্তেতি। প্রবৃত্তচক্ষুর্দিব্যচক্ষুঃ। তপসঃ পিত্রোঃ শুশ্রূষারূপস্য। যদর্থং যত্তপস্যার্থম্। শুশ্রূষেতি স্ত্রিয়ামাপ্রত্যয়াভাব আর্ষঃ ॥৩০—৩১॥

পতীতি। সত্যায়াঃ সত্যপরায়ণায়াঃ। গুণবান্ তপঃপ্রভাববান্ ॥৩২॥

যদিতি। নিযুক্তঃ প্রেরিতঃ। তৎ তয়া সম্যগেব দৃষ্টং জ্ঞাতম্ ॥৩৩॥

মার্কণ্ডেয় বলিলেন—"ধর্ম্মব্যাধ কৌশিকের নিকটে সেই মাতা ও পিতাকে গুরু বলিয়া জানাইয়া পুনরায় তাঁহাকে বলিলেন—॥২৯॥

"আমার দিব্য চক্ষু হইয়াছে; আমার তপস্যার শক্তি দেখুন—যে তপস্যার জন্য সেই পতিশুশ্রূষাপরায়ণা, সত্যবাদিনী ও জিতেন্দ্রিয়া পতিব্রতা আপনাকে বলিয়াছিলেন যে, আপনি মিথিলায় গমন করুন, সেখানে এক ব্যাধ বাস করেন, তিনি আপনার নিকট ধর্ম্ম বলিবেন" ॥৩০—৩১॥

ব্রাহ্মণ বলিলেন—"সেই সত্যবাদিনী ও সচ্চরিত্রা পতিব্রতার বাক্য স্মরণ করিয়া আমার ধারণা হইয়াছে যে, আপনি বাস্তবিকই তপঃপ্রভাবসম্পন্ন" ॥৩২॥

ধর্ম্মব্যাধ বলিলেন—"ব্রাহ্মণশ্রেষ্ঠ! সেই পতিব্রতা যে আপনাকে আমার নিকট পাঠাইয়া দিয়াছেন, তাহা তিনি ভালই করিয়াছেন ॥৩৩॥

(৩৩) যত্তয়া ত্বং দ্বিজশ্রেষ্ঠ! ত্বয়োক্তো মাং প্রতি প্রভো!—ব্রা ব কা পি।

ত্বদনুগ্রহবুদ্ধ্যা তু বিপ্রৈতদ্দর্শিতং ময়া।
বাক্যঞ্চ শৃণু মে তাত! যত্তে বক্ষ্যে হিতং দ্বিজ! ॥৩৪॥
ত্বয়া বিনিকৃতা মাতা পিতা চ দ্বিজসত্তম!।
অনিসৃষ্টোঽসি নিষ্ক্রান্তো গৃহাত্তাভ্যামনিন্দিত!।
বেদোচ্চারণকার্য্যার্থমযুক্তং তত্ত্বয়া কৃতম্ ॥৩৫॥
তব শোকেন বৃদ্ধৌ তাবন্ধীভূতৌ তপস্বিনৌ।
তৌ প্রসাদয়িতুং গচ্ছ মা ত্বাং ধর্ম্মোঽত্যগাদয়ম্ ॥৩৬॥
তপস্বী ত্বং মহাত্মা চ ধর্ম্মে চ নিরতঃ সদা।
সর্ব্বমেতদপার্থং তে ক্ষিপ্রং তৌ সম্প্রসাদয় ॥৩৭॥
শ্রদ্দধস্ব মম ব্রহ্মন্! নান্যথা কর্ত্তুমর্হসি।
গম্যতামদ্য বিপ্রর্ষে! শ্রেয়স্তে কথয়াম্যহম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

ত্বদিতি। ত্বয়ি অনুগ্রহবুদ্ধ্যা, এতৎ সর্ব্বজ্ঞত্বরূপং তপোবলম্ ॥৩৪॥
ত্বয়েতি। বিনিকৃতা অবজ্ঞাতা। অনিসৃষ্টঃ অবিসৃষ্টঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫॥
তবেতি তপস্বিনৌ শোচ্যৌ। মা অত্যগাৎ ন অতিক্রামতু ॥৩৬॥
তপস্বীতি। অপার্থং পিত্রোঃ প্রসাদাভাবে ব্যর্থম্ ॥৩৭॥

ব্রাহ্মণ! আপনার প্রতি অনুগ্রহবুদ্ধিবশতই আমি এই তপোবল দেখাইলাম। বৎস! ব্রাহ্মণ! আমি আপনার পক্ষে যে হিতকর বাক্য বলিব, আপনি তাহা শ্রবণ করুন ॥৩৪॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি আপনার পিতা ও মাতাকে অবজ্ঞা করিয়াছেন। কারণ, আপনি তাঁহাদের নিকট বিদায় না লইয়াই বেদ অধ্যয়ন করিবার জন্য গৃহ হইতে নির্গত হইয়া আসিয়াছেন; ইহা আপনি অসঙ্গত কার্য্য করিয়াছেন ॥৩৫॥

তাহাতে আপনার শোকে সেই শোচনীয় বৃদ্ধ দুই জন অন্ধ হইয়া গিয়াছেন; সুতরাং আপনি তাঁহাদিগকে প্রসন্ন করিবার জন্য সত্বর যান। এই ধর্ম্ম যেন আপনাকে অতিক্রম করে না ॥৩৬॥

আপনি তপস্বী, মহাত্মা এবং সর্ব্বদাই ধর্ম্মে নিরত বটেন; কিন্তু পিতা ও মাতাকে প্রসন্ন না করিলে আপনার এ সমস্তই ব্যর্থ; অতএব আপনি সত্বর যাইয়া তাঁহাদিগকে প্রসন্ন করুন ॥৩৭॥

ব্রাহ্মণ! আপনি আমার বাক্যে বিশ্বাস করুন, অন্যথা যেন করেন না, অদ্যই গমন করুন; আপনার মঙ্গলের কথাই আমি বলিতেছি" ॥৩৮॥

ব্রাহ্মণ উবাচ।

যদেতদুক্তং ভবতা সর্ব্বং সত্যমসংশয়ম্।
প্রীতোঽস্মি তব ভদ্রং তে ধর্ম্মাচারগুণান্বিত! ॥৩৯॥

ব্যাধ উবাচ।

দৈবতপ্রমিতো হি ত্বং যত্ত্বং ধর্ম্মমনুব্রতঃ।
পুরাণং শাশ্বতং দিব্যং দুষ্প্রাপমকৃতাত্মভিঃ ॥৪০॥
মাতাপিত্রোঃ সকাশং হি গত্বা ত্বং দ্বিজসত্তম!।
অতন্দ্রিতঃ কুরু ক্ষিপ্রং মাতাপিত্রোর্হি পূজনম্।
অতঃ পরমহং ধর্ম্মং নান্যং পশ্যামি কঞ্চন ॥৪১॥

ব্রাহ্মণ উবাচ।

ইহাহমাগতো দিষ্ট্যা দিষ্ট্যা মে সঙ্গতং ত্বয়া।
ঈদৃশা দুর্ল্লভা লোকে নরা ধর্ম্মপ্রদর্শকাঃ ॥৪২॥

ভারতকৌমুদী

শ্রদিতি। মম বাক্যং শ্রদ্দধস্ব বিশ্বসিহি। শ্রেয়ে মঙ্গলম্ ॥৩৮॥
যদিতি। তে তব, ভদ্রং মঙ্গলম্, অস্ত্বিতি শেষঃ ॥৩৯॥
দৈবতেতি। দৈবতপ্রতিমো দেবতুল্যঃ। অনুব্রতঃ অনুসৃতঃ ॥৪০॥
মাতেতি। অতন্দ্রিতঃ অনলসঃ। পরমুত্তমং তব ধর্ম্মম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥
ইহেতি। দিষ্ট্যা ভাগ্যেন। সঙ্গতং সম্মেলনং জাতম্ ॥৪২॥

ব্রাহ্মণ বলিলেন—"হে ধর্ম্মাচারগুণান্বিত! আপনি যাহা বলিলেন, এ সমস্তই সত্য, এ বিষয়ে কোন সন্দেহ নাই; সুতরাং আমি আপনার উপরে সন্তুষ্ট হইয়াছি, আপনার মঙ্গল হউক" ॥৩৯॥

ধর্ম্মব্যাধ বলিলেন—"যে হেতু আপনি—প্রাচীন, নিত্য, অলৌকিক ও অসংযত-চিত্ত লোকের পক্ষে দুর্লভ ধর্ম্মের অনুসরণ করিতেছেন, সেই হেতু আপনি দেবতার তুল্য ॥৪০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি সত্বর মাতা-পিতার নিকটে যাইয়া আলস্য পরিত্যাগ করিয়া তাঁহাদেরই সেবা করুন। আমি ইহা অপেক্ষা অধিক অন্য কোন ধর্ম্মকার্য্যই আপনার দেখিতেছি না" ॥৪১॥

ব্রাহ্মণ বলিলেন—"আজ ভাগ্যবশতই আমি এখানে আসিয়াছিলাম এবং ভাগ্য-বশতই আপনার সহিত আমার সম্মেলন হইয়াছে। কারণ, এইরূপ ধর্ম্মপ্রদর্শক লোক জগতে দুর্লভ ॥৪২॥

একো নরঃ সহস্রেষু ধর্ম্মবিদ্বিদ্যতে ন বা।
প্রীতোঽস্মি তব সখ্যেন ভদ্রং তে পুরুষর্ষভ ! ॥৪৩॥
পতমানোঽস্ম নরকে ভবতাস্মি সমুদ্ধৃতঃ।
ভবিতব্যমথৈবঞ্চ তদ্দৃষ্টোঽসি ময়ানঘ ! ॥৪৪॥
রাজা যযাতির্দৌহিত্রৈঃ পতিতস্তারিতো যথা।
সদ্ভিঃ পুরুষশার্দ্দূল। তথাহং ভবতা ত্বিহ ॥৪৫॥
মাতাপিতৃভ্যাং শুশ্রূষাং করিষ্যে বচনাত্তব।
নাকৃতাত্মা বেদয়তি ধর্ম্মাধর্ম্মবিনিশ্চয়ম্ ॥৪৬॥
দুর্জ্ঞেয়ঃ শাশ্বতো ধর্ম্মঃ শূদ্রযোনৌ হি বর্ত্ততে।
ন ত্বাং শূদ্রমহং মন্যে ভবিতব্যং হি কারণম্ ॥৪৭॥

ভারতকৌমুদী

এক ইতি। সহস্রেষু নরাণাম্। তে তব, ভদ্রং মঙ্গলমস্তু ॥৪৩॥
পতেতি। এবমিত্থম্, ভবিতব্যং মমাদৃষ্টমাসীৎ ॥৪৪॥
রাজেতি। বৃত্তান্তোঽস্যাদিপর্ব্বণি দ্রষ্টব্যঃ। ভবতা নরকাত্তারিতঃ ॥৪৫॥
মাতেতি। মাতাপিতৃভ্যাং মাতাপিত্রোঃ অকৃতাত্মা অশিক্ষিতচিত্তঃ ॥৪৬॥

ভাবভাবদীপঃ

এবমিতি ॥১—৫॥ শয়নাসনসংবাধং শয়নাদিসঙ্কীর্ণানাম্ ॥৬—১৪॥ বাং যুবয়োঃ ॥১৫॥ নৌ আবয়োঃ ॥১৬—২৯॥ প্রবৃত্তচক্ষুর্দিব্যদৃষ্টিঃ তপসঃ পিত্রোঃ শুশ্রূষাত্মকস্য ॥৩০—৪৭॥

পুরুষশ্রেষ্ঠ। সহস্র সহস্র লোকের মধ্যে একটী ধর্ম্মজ্ঞ লোক থাকে কি না সে বিষয়েও সন্দেহ। (সে যাহা হউক,) আপনার সহিত সৌহার্দ্দ হওয়ায় আমি সন্তুষ্ট হইয়াছি, আপনার মঙ্গল হউক ॥৪৩॥

আমি আজ নরকে পতিত হইতেছিলাম, আপনি উদ্ধার করিলেন। অথবা আমার এইরূপই শুভাদৃষ্ট ছিল, তাই আপনাকে দেখিতে পাইয়াছি ॥৪৪॥

পুরুষশ্রেষ্ঠ ! পূর্ব্বকালে যযাতিরাজা পতিত হইতেছিলেন, তখন যেমন তাঁহার ধার্ম্মিক দৌহিত্রেরা তাঁহাকে উদ্ধার করিয়াছিলেন, তেমন আপনিও আমাকে এখন উদ্ধার করিলেন ॥৪৫॥

আমি আপনার উপদেশ অনুসারে মাতা-পিতার শুশ্রূষা করিব। অশিক্ষিত লোক ধর্ম্মাধর্ম্মের নিশ্চয় বলিতে পারে না ॥৪৬॥

শূদ্রজাতির মধ্যেও সনাতন ধর্ম্ম দুর্জ্ঞেয় অবস্থায় থাকে। অথবা আমি আপনাকে শূদ্র বলিয়া মনে করি না; তবে, আপনার এই শূদ্রভাবের মূলে কোন কারণ থাকিবে ॥৪৭॥

যেন কর্ম্মবিশেষেণ প্রাপ্তেয়ং শূদ্রতা ত্বয়া।
এতদিচ্ছামি বিজ্ঞাতুং তত্ত্বেন হি মহামতে।।
কাময়া ব্রূহি মে সর্ব্বং সত্যেন প্রযতাত্মবান্ ॥৪৮॥

ব্যাধ উবাচ।

অনতিক্রমণীয়া বৈ ব্রাহ্মণা মে দ্বিজোত্তম।।
শৃণু সর্ব্বমিদং বৃত্তং পূর্ব্বদেহে মমানঘ।॥৪৯॥
অহং হি ব্রাহ্মণঃ পূর্ব্বমাসং দ্বিজবরাত্মজ।।
বেদাধ্যায়ী সুকুশলো বেদাঙ্গানাঞ্চ পারগঃ।
আত্মদোষকৃতে ব্রহ্মন্নবস্থামাপ্তবানিমাম্ ॥৫০॥
কশ্চিদ্রাজা মম সখা ধনুর্ব্বেদপরায়ণঃ।
সংসর্গাদ্ধনুষি শ্রেষ্ঠস্ততোঽহমভবং দ্বিজ!॥৫১॥
এতস্মিন্নেব কালে তু মৃগয়াং নির্গতো নৃপঃ।
সহিতো যোধমুখ্যৈশ্চ মন্ত্রিভিশ্চ সুসংবৃতঃ॥৫২॥

ভারতকৌমুদী

ত্বমিতি। শাশ্বতো নিত্যঃ। কারণম্ ঈদৃক্‌শূদ্রভাবস্য হেতুঃ ॥৪৭॥
যেনেতি। কাময়া কাময়া। প্রযতাত্মবান শুদ্ধচিত্তবান। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৮।
অনতীতি। ব্রাহ্মণা ব্রাহ্মণাদেশাঃ। বৃত্তং বৃত্তান্তম্ ॥৪৯॥
অহমিতি। সুকুশলঃ কর্ম্মমাত্রে অতীবনিপুণঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৫০।
কশ্চিদিতি। সখা আসীদিতি শেষঃ। সংসর্গাৎ তস্য সাহচর্য্যাৎ ॥৫১॥

মহামতি। আপনি যে কর্ম্মবশতঃ এই শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছেন, তাহা আমি যথার্থভাবে জানিতে ইচ্ছা করি, সুতরাং হে শুদ্ধচিত্ত। আপনি আমার ইচ্ছা অনুসারে সমস্ত বৃত্তান্ত সত্য বলুন” ॥৪৮॥

ধর্ম্মব্যাধ বলিলেন—“নিষ্পাপ ব্রাহ্মণশ্রেষ্ঠ! ব্রাহ্মণের আদেশ আমার অলঙ্ঘনীয়; সুতরাং আপনি আমার এই পূর্ব্বজন্মের সমস্ত বৃত্তান্ত শ্রবণ করুন ॥৪৯॥

দ্বিজবরপুত্র! আমি পূর্ব্বজন্মে বেদাধ্যায়ী, বেদাঙ্গপারদর্শী ও সর্ব্বকর্ম্মনিপুণ ব্রাহ্মণ ছিলাম, তা'র পর নিজের দোষেই এই অবস্থা প্রাপ্ত হইয়াছি ॥৫০॥

ধনুর্ব্বেদপরায়ণ কোন রাজা সেই জন্মে আমার সখা ছিলেন; তাঁহার সংসর্গে আমিও ধনুর্ব্বেদে শ্রেষ্ঠ হইয়াছিলাম ॥৫১॥

---

(৪৮)...ব্যাধতা ময়া—পি, ...প্রয়তাত্মনা -নি। (৫০)...আত্মদোষকৃতৈর্ব্রহ্মন্—বা ব কা নি।

ততোহভ্যহন্ মৃগাংস্তত্র সুবহূনাশ্রমং প্রতি।
অথ ক্ষিপ্তঃ শরো ঘোরো ময়াপি দ্বিজসত্তম ! ॥৫৩॥
তাড়িতশ্চ ঋষিস্তেন শরেণানতপর্ব্বণা।
ভূমৌ নিপতিতো ব্রহ্মন্নুবাচ প্রতিনাদয়ন্ ॥৫৪॥
নাপরাধ্যাম্যহং কিঞ্চিৎ কেন পাপমিদং কৃতম্।
মন্বানস্তং মৃগঞ্চাহং সম্প্রাপ্তঃ সহসা বিভো ! ॥৫৫॥
অপশ্যং তমৃষিং বিদ্ধং শরেণানতপর্ব্বণা।
অকার্য্যকরণাচ্চাপি ভৃশং মে ব্যথিতং মনঃ ॥৫৬॥
তমুগ্রতপসং বিপ্রং নিষ্টনন্তং মহীতলে।
অজানতা কৃতমিদং ময়েত্যহমথাব্রুবম্।
ক্ষন্তুমর্হসি মে সর্ব্বমিতি চোক্তো ময়া মুনিঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। যোধমুখ্যৈঃ প্রধানযোদ্ধৃভিঃ। সুসংবৃতঃ পরিবেষ্টিতঃ ॥৫২॥
তত ইতি। অভ্যহন্ স রাজা নিহতবান্। আশ্রমং প্রতি তৎসমীপে ॥৫৩॥
তাড়িত ইতি। প্রতিনাদয়ন্ প্রতিধ্বনিনা তং দেশং পূরয়ন্ ॥৫৪॥
নেতি। কেন হেতুনা, কৃতং ত্বয়া। সম্প্রাপ্তস্তদন্তিকং গতঃ ॥৫৫॥
অপশ্যমিতি। আনতম্ ঈষদ্বক্রং পর্ব্ব উপান্তভাগো যস্য তেন ॥৫৬॥
তমিতি। নিষ্টনন্তং যাতনয়া আর্ত্তনাদং কুর্ব্বন্তম্। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥৫৭॥

এই সময়েই সেই রাজা মন্ত্রিগণে পরিবেষ্টিত হইয়া প্রধান প্রধান যোদ্ধাদের সহিত মৃগয়া করিতে নির্গত হইয়াছিলেন ॥৫২॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! তাহার পর তিনি কোন আশ্রমের নিকটে বহুতর মৃগ বধ করেন। তৎপরে আমিও একটা ভয়ঙ্কর বাণ নিক্ষেপ করি ॥৫৩॥

ব্রাহ্মণ ! পরে কোন ঋষি সেই নতপর্ব্ব বাণদ্বারা তাড়িত ও ভূতলপতিত হইয়া সেই স্থান নিনাদিত করিয়া বলিলেন—॥৫৪॥

"আমি কোন অপরাধ করি নাই, তথাপি তুমি কেন এই পাপ করিলে"। ব্রাহ্মণ ! আমি পূর্ব্বে তাঁহাকে মৃগ মনে করিয়াছিলাম ; তাই তৎক্ষণাৎ তাঁহার নিকট উপস্থিত হইলাম ॥৫৫॥

এবং দেখিলাম—এক ঋষি আনতপর্ব্ব বাণদ্বারা বিদ্ধ হইয়াছেন। তখন অকার্য্য করায় আমার মন অত্যন্ত ব্যথিত হইল ॥৫৬॥

সেই উগ্রতপা ব্রাহ্মণ ভূতলে পতিত হইয়া আর্ত্তনাদ করিতেছিলেন ; তখন আমি তাঁহাকে বলিলাম—"আমি না জানিয়া এই কার্য্য করিয়াছি। আবার

ততঃ প্রত্যব্রবীদ্বাক্যমৃষির্মাং ক্রোধমূর্চ্ছিতঃ ।
ব্যাধস্ত্বং ভবিতা ক্রূর ! শূদ্রযোনাবিতি দ্বিজ ! ॥৫৮॥

ব্যাধ উবাচ ।

এবং শপ্তোঽহমৃষিণা তদা দ্বিজবরোত্তম ! ।
অভিপ্রসাদয়মৃষিং গিরা ত্রাহীতি মাং তদা ॥৫৯॥
অজানতা ময়া কার্য্যমিদমদ্য কৃতং মুনে ! ।
ক্ষন্তুমর্হসি তৎ সর্ব্বং প্রসীদ ভগবন্নিতি ॥৬০॥

ঋষিরুবাচ ।

নান্যথা ভবিতা শাপ এবমেতদসংশয়ম ।
আনৃশংস্যাত্ত্বহং কিঞ্চিৎ কর্ত্তানুগ্রহমদ্য তে ॥৬১॥
শূদ্রযোন্যাং বর্ত্তমানো ধর্ম্মজ্ঞো হি ভবিষ্যসি ।
মাতাপিত্রোশ্চ শুশ্রূষাং করিষ্যসি ন সংশয়ম্ ॥৬২॥

ভাবতকৌমুদী

তত ইতি । হে ক্রূর ! নিষ্ঠুর ! শূদ্রযোনৌ জাতঃ সন্ ॥৫৮॥

এবমিতি । অভিপ্রসাদয়ং প্রসন্নমকরবম্, অডাগমাভাব আর্ষঃ ॥৫৯॥

অজানতেতি । কৃষ্ণসারচর্ম্মাবৃতগাত্রতয়া ভবন্তং কৃষ্ণসারং মত্বেত্যর্থঃ ॥৬০॥

নেতি । আনৃশংস্যাৎ ত্বাং প্রতি দয়াবশাৎ । কর্ত্তা করিষ্যামি ॥৬১॥

আমি ইহাও মুনিকে বলিলাম যে আপনি আমার সমস্ত অপরাধ মার্জ্জনা করুন" ॥৫৭॥

তাহার পর মুনি ক্রোধে জ্ঞানহীন হইয়া আমাকে এই কথা বলিলেন যে, "নিষ্ঠুর ! তুমি শূদ্রযোনিতে জন্মিয়া ব্যাধ হইবে" ॥৫৮॥

ধর্ম্মব্যাধ বলিলেন—"ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আমি তখন সেই ঋষিকর্ত্তৃক এইরূপ অভিশপ্ত হইয়া এই বাক্যদ্বারা তাঁহাকে প্রসন্ন করিবার চেষ্টা করিলাম যে, "আপনি আমাকে রক্ষা করুন ॥৫৯॥

আমি না জানিয়া আজ এই কার্য্য করিয়া ফেলিয়াছি ; অতএব ভগবন্ ! মুনি ! আপনি প্রসন্ন হউন এবং সে সমস্ত অপরাধ মার্জ্জনা করুন" ॥৬০॥

মুনি বলিলেন—"এ শাপ অন্যরূপ হইবে না, ইহা নিঃসন্দেহ । তবে আমি দয়া করিয়া তোমার প্রতি কিছু অনুগ্রহ করিব ॥৬১॥

তুমি শূদ্রযোনিতে জন্মিয়াও ধর্ম্মজ্ঞই হইবে এবং নিশ্চয়ই মাতা পিতার শুশ্রূষা করিবে ॥৬২॥

(৫৮) শ্লোকাৎ পরং কতিপয়পুস্তকে অধ্যায়সমাপ্তির্দৃশ্যতে

তয়া শুশ্রূষয়া সিদ্ধিং মহতীং ত্বমবাপ্স্যসি।
জাতিস্মরশ্চ ভবিতা স্বর্গ চৈব গমিষ্যসি।
শাপক্ষয়ে তু নির্বৃত্তে ভবিতাসি পুনর্দ্বিজঃ ॥৬৩॥
এবং শপ্তঃ পুরা তেন ঋষিণাস্ম্যুগ্রতেজসা।
প্রসাদশ্চ কৃতস্তেন মমৈবং দ্বিপদাং বর! ॥৬৪॥
শরঞ্চোদ্ধৃতবানস্মি তস্য বৈ দ্বিজসত্তম!।
আশ্রমঞ্চ ময়া নীতো ন চ প্রাণৈর্ব্যযুজ্যত ॥৬৫॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং যথা মম পুরাভবৎ।
অভিতশ্চাপি গন্তব্যং ময়া স্বর্গং দ্বিজোত্তম! ॥৬৬॥
ব্রাহ্মণ উবাচ।
এবমেতানি পুরুষা দুঃখানি চ সুখানি চ।
প্রাপ্নুবন্তি মহাবুদ্ধে! নোৎকণ্ঠাং কর্ত্তুমর্হসি ॥৬৭॥

ভারতকৌমুদী

শূদ্রেতি। শূদ্রযোন্যাং জাত ইতি শেষঃ ॥৬২॥
তয়েতি। জাতিং পূর্ব্বজন্ম স্মরতীতি সঃ। নির্বৃত্তে নিষ্পন্নে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥
এবমিতি। প্রসাদঃ অনুগ্রহঃ। দ্বিপদাং মনুষ্যাণাম্ ॥৬৪॥
শরমিতি। তস্য ঋষের্গাত্রাৎ। নীতঃ স ঋষিঃ ॥৬৫॥
এতদিতি। স্বর্গম্ অভিতঃ প্রতি। অথবা অভিতঃ সম্মুখকালে ॥৬৬॥
এবমিতি। এতানি এতাদৃশানি। উৎকণ্ঠাং ব্রাহ্মণ্যং প্রত্যৌৎসুক্যম্ ॥৬৭॥

সেই শুশ্রূষাদ্বারা তুমি মহাসিদ্ধি লাভ করিবে, জাতিস্মর হইবে এবং স্বর্গে যাইবে; আর শাপক্ষয় হইলে পুনরায় ব্রাহ্মণ হইবে" ॥৬৩॥

মনুষ্যশ্রেষ্ঠ! সেই উগ্রতেজা ঋষি পূর্ব্বজন্মে আমার প্রতি এইরূপ অভিসম্পাত করিয়াছিলেন, আবার এইরূপ অনুগ্রহও করিয়াছিলেন ॥৬৪॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! তাহার পর আমি তাঁহার গাত্র হইতে সেই শর উদ্ধৃত করিলাম এবং তাঁহাকে আশ্রমে লইয়া গেলাম; কিন্তু তিনি মরিলেন না ॥৬৫॥

দ্বিজশ্রেষ্ঠ! পূর্ব্বজন্মে আমার যেরূপ হইয়াছিল, এই আপনার নিকট সে সমস্তই বলিলাম। ভবিষ্যতে আমি স্বর্গেও যাইব" ॥৬৬॥

ব্রাহ্মণ বলিলেন—"মহামতি ব্যাধ! এইভাবে মানুষ এইরূপ সুখ ও দুঃখ পাইয়া থাকে; সুতরাং আপনি সে জন্য উৎকণ্ঠা করিতে পারেন না ॥৬৭॥

(৬৩)…মহত্বং সমবাপ্স্যসি—বা ব কা, …মহতীং সমবাপ্স্যসি—নি।

দুষ্করং হি কৃতং কর্ম্ম জানতা জাতিমাত্মনঃ।
কর্ম্মদোষশ্চ বৈ বিদ্বন্নাত্মজাতিকৃতেন তে ॥৬৮॥
কঞ্চিৎ কালং মৃষ্যতাং বৈ ততোঽসি ভবিতা দ্বিজঃ।
সাম্প্রতঞ্চ মতো মেঽসি ব্রাহ্মণো নাত্র সংশয়ঃ ॥৬৯॥
ব্রাহ্মণঃ পতনীয়েষু বর্ত্তমানো বিকর্ম্মসু।
দাম্ভিকো দুষ্কৃতপ্রায়ঃ শূদ্রেণ সদৃশো ভবেৎ ॥৭০॥
যস্তু শূদ্রো দমে সত্যে ধর্ম্মে চ সততোত্থিতঃ।
তং ব্রাহ্মণমহং মন্যে বৃত্তেন হি ভবেদ্দ্বিজঃ ॥৭১॥
কর্ম্মদোষেণ বিষমাং গতিমাপ্নোতি দারুণাম্।
ক্ষীণদোষমহং মন্যে চাভিতস্ত্বাং নরোত্তম। ॥৭২॥
কর্ত্তুমর্হসি নোৎকণ্ঠাং ত্বদ্বিধা হ্যবিষাদিনঃ।
লোকবৃত্তান্তত্বজ্ঞা নিত্যং ধর্ম্মপরায়ণাঃ ॥৭৩॥

ভাবদীপকৌমুদী

দুষ্করমিতি। জানতা স্মরতা, জাতিং পূর্ব্বজন্ম। কর্ম্মদোষো মাংসবিক্রয়ঃ ॥৬৮॥
কঞ্চিদিতি। মৃষ্যতাং সহতাম্। ভবিতা পরজন্মনি মুনিপ্রসাদাৎ ॥৬৯॥
ব্রাহ্মণ ইতি। পতনীয়েষু পাতিত্যজনকেষু। দুষ্কৃতপ্রায়ঃ পাপবহুলঃ ॥৭০॥
য ইতি। দমে ইন্দ্রিয়দমনে। সততোত্থিতঃ সর্ব্বদোদ্যুক্তঃ স্থিত ইত্যর্থঃ ॥৭১॥
কর্ম্মেতি। বিষমাং বিপত্তিজনিকাম্, গতিমবস্থাম্. অভিতঃ সর্ব্বপ্রকারেণ ॥৭২॥

আপনি আপনার পূর্ব্বজন্ম স্মরণ করিয়া দুষ্কর কার্য্যই করিলেন। বিজ্ঞ! আপনার জাতির দোষেই এই কর্ম্মদোষ চলিতেছে ॥৬৮॥

সুতরাং আপনি কিছু কাল অপেক্ষা করুন, তাহার পর ব্রাহ্মণ হইবেন। তবে, আমার মতে আপনি এখনও ব্রাহ্মণই বটেন, এবিষয়ে সন্দেহ নাই ॥৬৯॥

কারণ, ব্রাহ্মণ—পাপজনক দূষিত কার্য্যে প্রবৃত্ত থাকিয়া এবং শঠ ও পাপবহুল হইয়া শূদ্রতুল্যই হন ॥৭০॥

আবার যে শূদ্র সর্ব্বদাই ইন্দ্রিয়দমন, সত্যব্যবহার ও ধর্ম্মকার্য্যে নিরত থাকেন, তাঁহাকে আমি ব্রাহ্মণ বলিয়াই মনে করি। কারণ, মানুষ গুণ দ্বারাই ব্রাহ্মণ হয় ॥৭১॥

নরশ্রেষ্ঠ! মানুষ কর্ম্মদোষেই বিষম ও দারুণ অবস্থা প্রাপ্ত হয়; কিন্তু আপনার সে কর্ম্মদোষ সর্ব্বপ্রকারেই ক্ষয় পাইয়াছে বলিয়া আমি মনে করি ॥৭২॥

(৬৮) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'লোকবৃত্তান্ততত্ত্বজ্ঞ! নিত্যং ধর্ম্মপরায়ণ!' ইত্যর্দ্ধমধিকং —বা ব কা পি। (৭৩)...লোকবৃত্তানুবৃত্তজ্ঞাঃ—বা ব কা।

ব্যাধ উবাচ।

প্রজ্ঞয়া মানসং দুঃখং হন্যাচ্ছারীরমৌষধৈঃ।
এতদ্বিজ্ঞানসামর্থ্যং ন বালৈঃ সমতামিয়াৎ ॥৭৪॥
অনিষ্টসম্প্রয়োগাচ্চ বিপ্রয়োগাৎ প্রিয়স্য চ।
মনুষ্যা মানসৈর্দুঃখৈর্যুজ্যন্তে চাল্পবুদ্ধয়ঃ ॥৭৫॥
গুণৈর্ভূতানি যুজ্যন্তে বিযুজ্যন্তে তথৈব চ।
সর্ব্বাণি নৈতদেকস্য শোকস্থানং হি বিদ্যতে ॥৭৬॥
অনিষ্টঞ্চান্বিতং পশ্যংস্তথা ক্ষিপ্রং বিরজ্যতে।
ততশ্চ প্রতিকুর্ব্বন্তি যদি পশ্যন্ত্যুপক্রমাৎ ॥৭৭॥
শোচতো ন ভবেৎ কিঞ্চিৎ কেবলং পরিতপ্যতে।
পরিত্যজন্তি যে দুঃখং সুখঞ্চাপ্যুভয়ং নরাঃ ॥৭৮॥

ভারতকৌমুদী

কর্ত্তুমিতি। লোকবৃত্তান্ততত্ত্বজ্ঞা লোকানাং দশামর্ম্মজ্ঞাঃ ॥৭৩॥
প্রজ্ঞয়েতি। বিজ্ঞানসামর্থ্যং ন্যায্যবিবেককার্য্যম্, বালৈর্মূর্খৈঃ ॥৭৪॥
অনিষ্টেতি। সম্প্রয়োগঃ সংযোগঃ, বিপ্রয়োগশ্চ বিয়োগঃ ॥৭৫॥
গুণৈরিতি। গুণৈঃ সত্ত্বরজস্তমোভিস্তৎকার্য্যৈঃ সুখদুঃখমোহৈঃ ॥৭৬॥
অনিষ্টমিতি। অন্বিতমুপস্থিতম্, বিরজ্যতে ততো নিবর্ত্ততে। উপক্রমাৎ পূর্ব্বম্ ॥৭৭॥

সুতরাং আপনি ব্রাহ্মণ্যের জন্য উৎকণ্ঠা করিতে পারেন না। কারণ, আপনার মত লোকবৃত্তান্তমর্ম্মজ্ঞ লোকেরা বিষাদ করেন না, অথচ সর্ব্বদা ধর্ম্মপরায়ণই হন” ॥৭৩॥

ধর্ম্মব্যাধ বলিলেন—“মানুষ আপন বুদ্ধিদ্বারা মানসিক দুঃখের এবং ঔষধদ্বারা শারীরিক দুঃখের নিবৃত্তি করিবে; আর পণ্ডিতলোক মূর্খের তুল্য হইবে না; ইহাই ন্যায় বিবেচনার কার্য্য ॥৭৪॥

অল্পবুদ্ধি লোকেরা অপ্রিয়সংযোগ ও প্রিয়বিয়োগ হইলেই মানসিক দুঃখে দুঃখিত হয় ॥৭৫॥

সমস্ত প্রাণীই সুখ-দুঃখ-মোহে আক্রান্ত ও পরিত্যক্ত হইয়া থাকে; সুতরাং একজনের (কাহারও) তাহাতে শোকের কারণ নাই ॥৭৬॥

অনিষ্ট উপস্থিত হইয়াছে দেখিয়া মানুষ তাহা হইতে নিবৃত্তি পায়; আর যদি অনিষ্ট আরম্ভ হইবার পূর্ব্বেই জানিতে পারে, তবে তাহার প্রতীকার করে ॥৭৭॥

শোক করিলে কোন ফলই হয় না, কেবল পরিতাপই হয়। যে সকল লোক

ত এব সুখমেধন্তে জ্ঞানতৃপ্তা মনীষিণঃ।
অসন্তোষপরা মূঢ়াঃ সন্তোষং যান্তি পণ্ডিতাঃ ॥৭৯॥ (যুগ্মকম্)
অসন্তোষস্য নাস্ত্যন্তস্তুষ্টিশ্চ পরমং সুখম্।
ন শোচন্তি গতাধ্বানঃ পশ্যন্তঃ পরমাং গতিম্ ॥৮০॥
ন বিষাদে মনঃ কার্য্যং বিষাদো বিষমুত্তমম্।
মারয়ত্যকৃতপ্রজ্ঞং বালং ক্রুদ্ধ ইবোরগঃ ॥৮১॥
যং বিষাদোঽভিভবতি বিক্রমে সমুপস্থিতে।
তেজসা তস্য হীনস্য পুরুষার্থো ন বিদ্যতে ॥৮২॥
অবশ্যং ক্রিয়মাণস্য কর্ম্মণো দৃশ্যতে ফলম্।
নহি নির্ব্বেদমাগম্য কিঞ্চিৎ প্রাপ্নোতি শোভনম্ ॥৮৩॥
অথাপ্যুপায়ং পশ্যেত দুঃখস্য পরিমোক্ষণে।
অশোচন্নারভেতৈবং মুক্তশ্চাব্যসনী ভবেৎ ॥৮৪॥

ভারতকৌমুদী

শোচন্ত ইতি। কিঞ্চিদপি ফলম্। সুখমনায়াসম্, এধন্তে বর্দ্ধন্তে ॥৭৮—৭৯॥
অসন্তোষস্যেতি। অন্তঃ অবসানম্। গতাধ্বানো লব্ধজ্ঞানমার্গাঃ ॥৮০॥
নেতি। বিষং বিষস্বরূপঃ। মারযতি বিষাদ এব। বালং শিশুম্ ॥৮১॥
যমিতি। বিক্রমে বিক্রমপ্রকাশকালে। পুরুষার্থো জয়াদিঃ ॥৮২॥
অবশ্যমিতি। নির্ব্বেদং কুতশ্চিৎ কারণাদাত্মাবমাননাম্, আগম্য প্রাপ্য ॥৮৩॥
অথেতি। পশ্যেত পর্য্যালোচয়েৎ। আরভেত কার্য্যম্, মুক্তো দুঃখাৎ ॥৮৪॥

সুখ-দুঃখ দুইটাকেই পরিত্যাগ করে, সেই জ্ঞানতৃপ্ত মনীষীরাই অনায়াসে উন্নতি লাভ করেন। মূর্খেরা সর্ব্বদা অসন্তুষ্ট থাকে এবং পণ্ডিতেরা সর্ব্বদা সন্তুষ্ট থাকেন ॥৭৮—৭৯॥

অসন্তোষের অন্ত নাই; সুতরাং সন্তোষই পরম সুখের কারণ। জ্ঞানমার্গগামী লোকেরা উত্তম গতির সম্ভাবনা করিয়া শোক করেন না ॥৮০॥

বিষাদে মনোনিবেশ করিবে না। কারণ, বিষাদটা দারুণ বিষ; সুতরাং ক্রুদ্ধ সর্প যেমন বালককে বিনষ্ট করে, তেমন বিষাদ নির্ব্বোধকে বিনষ্ট করে ॥৮১॥

বিক্রমের সময় উপস্থিত হইলে বিষাদ আসিয়া যাহাকে আক্রমণ করে, তেজহীন সেই লোকের কোন পুরুষার্থই সিদ্ধ হয় না ॥৮২॥

কার্য্য করিতে থাকিলে অবশ্যই তাহার ফল দেখা যায়; কিন্তু কোন কারণে আত্মগ্লানি করিয়া মানুষ কোন মঙ্গল লাভ করে না ॥৮৩॥

ভূতেষভাবং সঞ্চিন্ত্য যে তু বুদ্ধেঃ পরং গতাঃ।
ন শোচন্তি কৃতপ্রজ্ঞাঃ পশ্যন্তঃ পরমাং গতিম্ ॥৮৫॥
ন শোচামি চ বৈ বিদ্বন্! কালাকাঙ্ক্ষী স্থিতো হ্যহম্।
এতৈর্নিদর্শনৈর্ব্রহ্মন্! নাবসীদামি সত্তম। ॥৮৬॥
ব্রাহ্মণ উবাচ।
কৃতপ্রজ্ঞোঽসি মেধাবী বুদ্ধিশ্চ বিপুলা তব।
নাহং ভবন্তং শোচামি জ্ঞানতৃপ্তোঽসি ধর্ম্মবিৎ! ॥৮৭॥
আপৃচ্ছে ত্বাং স্বস্তি তেঽস্তু ধর্ম্মস্ত্বাং পরিরক্ষতু।
অপ্রমাদস্তু কর্ত্তব্যো ধর্ম্মে ধর্ম্মভৃতাং বর। ॥৮৮॥
মার্কণ্ডেয় উবাচ।
বাঢ়মিত্যেব তং ব্যাধঃ কৃতাঞ্জলিরুবাচ হ।
প্রদক্ষিণমথো কৃত্বা প্রস্থিতো দ্বিজসত্তমঃ ॥৮৯॥

ভাবতকৌমুদী

ভূতেম্বিতি। অভাবম্ অনিত্যতাম্। বুদ্ধের্জ্ঞানস্য, পরং পারম্ ॥৮৫॥
নেতি। কালাকাঙ্ক্ষী ব্রাহ্মণ্যলাভে। নিদর্শনৈরুক্তদৃষ্টান্তৈঃ ॥৮৬॥
কৃতেতি। কৃতপ্রজ্ঞো লব্ধজ্ঞানঃ। ন শোচামি ব্যাধত্বেঽপি ভাব্যুন্নতেঃ ॥৮৭॥
আপৃচ্ছ ইতি। আপৃচ্ছে গমনানুমতিং পৃচ্ছামি। অপ্রমাদঃ সাবধানতা ॥৮৮॥
বাঢ়মিতি। বাঢ়ং ভবদুপদেশো ময়াবশ্যমেব গ্রাহ্য ইত্যর্থঃ। প্রদক্ষিণং গুরুস্থানীয়ত্বাৎ ॥৮৯॥

দুঃখপ্রতীকারের উপায় দেখিলে, অনুতাপ না করিয়া তাহার কার্য্য আরম্ভই করিবে এবং দুঃখমুক্ত হইয়া সর্ব্বপ্রকার দোষে অনাসক্ত হইবে ॥৮৪॥

যাঁহারা জগতের অনিত্যতা ভাবিয়া জ্ঞানের পরপারে গিয়াছেন, সেই জ্ঞানীরা পরমগতিলাভের সম্ভাবনা করিয়া কোন শোক করেন না ॥৮৫॥

সাধুশ্রেষ্ঠ জ্ঞানী ব্রাহ্মণ! আমিও কোন শোক করি না, কালের প্রতীক্ষা করিয়াই রহিয়াছি; আর এই সকল দৃষ্টান্ত দেখিয়া অবসন্নও হই না” ॥৮৬॥

ব্রাহ্মণ বলিলেন—“ধর্ম্মজ্ঞ! আপনি জ্ঞানী, জ্ঞানতৃপ্ত ও মেধাবী এবং আপনার বুদ্ধিও প্রখর, সুতরাং আমি আপনার জন্য কোন শোকই করি না ॥৮৭॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ! আমি আপনার নিকট গমনের অনুমতি চাহিতেছি। আপনার মঙ্গল হউক, ধর্ম্ম আপনাকে রক্ষা করুন, আর আপনি সর্ব্বদাই ধর্ম্মবিষয়ে সাবধান থাকুন” ॥৮৮॥

স তু গত্বা দ্বিজঃ সর্ব্বাং শুশ্রূষাং কৃতবাংস্তদা।
মাতাপিতৃভ্যাং বৃদ্ধাভ্যাং যথান্যায়ং সুসংশিতঃ ॥৯০॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং নিখিলেন যুধিষ্ঠির!।
পৃষ্টবানসি যং তাত! ধর্ম্মং ধর্ম্মভৃতাং বর! ॥৯১॥
পতিব্রতায়া মাহাত্ম্যং ব্রাহ্মণস্য চ সত্তম!।
মাতাপিত্রোশ্চ শুশ্রূষা ধর্ম্মব্যাধেন কীর্ত্তিতা ॥৯২॥

যুধিষ্ঠির উবাচ।

অত্যদ্ভুতমিদং ব্রহ্মন্! ধর্ম্মাখ্যানমনুত্তমম্।
সর্ব্বধর্ম্মবিদাং শ্রেষ্ঠ! কথিতং মুনিসত্তম! ॥৯৩॥

ভারতকৌমুদী

স ইতি। সর্ব্বাং সর্ব্বপ্রকারাম্। মাতাপিতৃভ্যাং মাতাপিত্রোঃ, সুসংশিতঃ সুসংযতঃ ॥৯০॥

এতদিতি। খিলং শেষঃ নিখিলেন নিঃশেষেণ ॥৯১॥

পতীতি। এতদুভয়াত্মকং সর্ব্বমাখ্যাতমিত্যর্থঃ ॥৯২॥

ভারতভাবদীপঃ

কাময়া ইচ্ছয়া ॥৪৮—৫৬॥ নিষ্টনন্তং শব্দং কুর্ব্বন্তম্ ॥৫৭—৫৮॥ অভিপ্রসাদয়ম্ অড়ভাব আর্ষঃ ॥৫৯—৭৫॥ গুণৈঃ গুণকার্য্যৈঃ সুখদুঃখমোহৈঃ ॥৭৬—৭৯॥ গতাধ্বানঃ প্রাপ্তজ্ঞানমার্গাঃ ॥৮০—৮৪॥ বৃদ্ধেস্তত্ত্বজ্ঞানাৎ পরম, ব্রহ্ম গতাঃ প্রাপ্তাঃ ॥৮৫—৮৮॥ প্রদক্ষিণং কৃত্বা উপদেষ্টা গুরুরিতি বুদ্ধ্যা ॥৮৯—৯৪॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮০॥

মার্কণ্ডেয় কহিলেন—"তখন ধর্ম্মব্যাধ কৃতাঞ্জলি হইয়া কৌশিককে বলিলেন—"আমি আপনার উপদেশ অবশ্যই পালন করিব'। তাহার পর কৌশিক ধর্ম্মব্যাধকে প্রদক্ষিণ করিয়া প্রস্থান করিলেন" ॥৮৯॥

কৌশিক বাড়ী যাইয়া তখন হইতেই অত্যন্ত সংযত হইয়া যথানিয়মে বৃদ্ধ মাতা-পিতার সর্ব্বপ্রকার শুশ্রূষা করিতে লাগিলেন ॥৯০॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ বৎস যুধিষ্ঠির! তুমি যে ধর্ম্মের বিষয় জিজ্ঞাসা করিয়াছিলে, এই তোমার নিকট সে সমস্তই নিঃশেষে বলিলাম ॥৯১॥

সাধুশ্রেষ্ঠ! পতিব্রতার মাহাত্ম্য এবং ব্রাহ্মণের নিকটে ধর্ম্মব্যাধোক্ত মাতা-পিতার শুশ্রূষার বিষয় কথিত হইল ॥৯২॥

যুধিষ্ঠির কহিলেন—"সর্ব্বধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ মুনিপ্রধান ব্রাহ্মণ! অত্যন্ত আশ্চর্য্য ও সর্ব্বোৎকৃষ্ট ধর্ম্মোপাখ্যানই আপনি বলিয়াছেন ॥৯৩॥

(৯০)...মাতাপিতৃভ্যামন্ধাভ্যাম্—নি।

সুখশ্রব্যতয়া বিদ্বন্! মুহূর্ত্ত ইব মে গতঃ।
নহি তৃপ্তোঽস্মি ভগবন্! শৃণ্বানো ধর্ম্মমুত্তমম্ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং দ্বিজব্যাধসংবাদে অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বেমাং ধর্ম্মসংযুক্তাং ধর্ম্মরাজঃ শুভাং কথাম্।
পুনঃ পপ্রচ্ছ তমৃষিং মার্কণ্ডেয়মিদং তদা ॥১॥

ভারতকৌমুদী

অতীতি। অনুত্তমং সর্ব্বোৎকৃষ্টম, ধর্ম্মাখ্যানং ধর্ম্মোপাখ্যানম্ ॥২৩॥

সুখেতি। অয়ং দীর্ঘোঽপি শ্রবণকালঃ, সুখশ্রব্যতয়া মুহূর্ত্তঃ কাল ইব গতঃ ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়ামশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

শ্রুত্বেতি। ইমাং কথাং পতিব্রতাধর্ম্মব্যাধোপাখ্যানম্ ॥১॥

ভারতভাবদীপঃ

ধর্ম্মব্যাধোক্তধর্ম্মেষু "মাতা পিতাগ্নিরাত্মা চ গুরুশ্চ দ্বিজসত্তমে"তি মুমুক্ষূণাং পঞ্চ সেব্যাস্তেন প্রোক্তাস্তত্র পতিব্রতোপাখ্যানে ধর্ম্মব্যাধনিদর্শনেন মাতাপিত্রোঃ পতিব্রতানিদর্শনেন গুরোশ্চ শুশ্রূষায়াঃ ফলং দর্শিতম্; তত্রৈব মোক্ষধর্ম্মপ্রস্তাবে আত্মসেবনং ফলং চোক্তম। পরিশিষ্টস্যাগ্নিসেবনস্য মোক্ষহেতুত্বপ্রকারং বক্তুম্ আঙ্গিরসমারভতে "শ্রুত্বেমাং ধর্ম্মসংযুক্তা"-

জ্ঞানী ভগবন্! শ্রুতিসুখকর বলিয়া এই দীর্ঘকালও আমার মুহূর্ত্তের মতই গিয়াছে; কিন্তু উত্তম ধর্ম্মোপাখ্যান শুনিয়াও আমি তৃপ্তিলাভ করিতে পারি নাই" ॥২৪॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির এই ধর্ম্মসম্বন্ধ মাঙ্গলিক উপাখ্যান শুনিয়া পুনরায় তখন সেই মার্কণ্ডেয়মুনিকে জিজ্ঞাসা করিলেন ॥১॥

* '...একাদশাধিকদ্বিশততমঃ...'—নি, '...পঞ্চদশাধিকদ্বিশততমঃ...'—বা ব, '...ষোড়শাধিকদ্বিশততমঃ...'—কা, '...একোনবিংশত্যধিকদ্বিশততমঃ...'—নি।

যুধিষ্ঠির উবাচ।

কথমগ্নির্বনং যাতঃ কথঞ্চাপ্যঙ্গিরাঃ পুরা।
নষ্টেঽগ্নৌ হব্যমবহদগ্নির্ভূত্বা মহাদ্যুতিঃ ॥২॥
অগ্নির্যদা ত্বেক এব বহুত্বঞ্চাস্য কর্ম্মসু।
দৃশ্যতে ভগবন্! সর্ব্বমেতদিচ্ছামি বেদিতুম্ ॥৩॥
কুমারশ্চ যথোৎপন্নো যথা চাগ্নেঃ সুতোঽভবৎ।
যথা রুদ্রাচ্চ সম্ভূতো গঙ্গায়াং কৃত্তিকাসু চ ॥৪॥
এতদিচ্ছাম্যহং ত্বত্তঃ শ্রোতুং ভার্গবসত্তম!।
কৌতূহলসমাবিষ্টো যাথাতথ্যং মহামুনে। ॥৫॥ যুগ্মকম্।

ভারতকৌমুদী

কথমিতি। বনং জলম্, "বনে সলিলকাননে" ইত্যমরঃ। অগ্নৌ নষ্টে অদর্শনং গতে, হব্যং হবনীয়ং ঘৃতাদিকম্ ॥২॥

অগ্নিরিতি। কর্ম্মসু অগ্নিহোত্রাদিষু, বহুত্বং দক্ষিণাগ্নিগার্হপত্যাদিকত্বম্ ॥৩॥

কুমার ইতি। কুমারঃ কার্ত্তিকেয়ঃ। কৃত্তিকাসু তদাখ্যনারীষু। ত্বত্তস্তব সকাশাৎ। যাথাতথ্যং তত্তদ্বিষয়ম্ ॥৪—৫॥

ভারতভাবদীপঃ

মিত্যাদিনা ॥১॥ কথমিতি। নন্ব "ত্বমগ্নে প্রথমোঽঙ্গিরা ঋষি"রিতি বেদে বহ্নেরঙ্গিরস্ত্বং শ্রূয়তে, অত্র তু অঙ্গিরসো বহ্নিত্বম্, কথং পৃচ্ছ্যতে সত্যম্ উভয়োরভেদেন বীজাঙ্কুরবৎ পরস্পর-জনকত্বেন বা অদোষঃ। তথা চ—"অগ্নির্বৈ ব্রাহ্মণ" ইতি। "অহং ত্বদস্মি মদসি ত্বমেতন্মমাসি যোনিরস্মি" ইতি চ শ্রুতী ভবতঃ। বনং সলিলম্, যাতঃ প্রবিষ্টঃ। "প্রবিবেশিথাপ" ইতি মন্ত্রবর্ণাৎ। "জীবনং ভুবনং বনম্" ইত্যমরঃ ॥২॥ অগ্নিরিতি। একস্যাপ্যগ্নেঃ কর্ম্মসু দৃশ্যমান-মনেকত্বং কথমুপপদ্যতে; নহি আগ্নেয়োঽষ্টাকপালঃ দর্শপূর্ণমাসচাতুর্ম্মাস্যাদিষু এক এবেতি বক্তুং শক্যম্ অন্যাবয়বত্বাযোগাৎ। অন্যস্য চ গুণস্য দ্রব্যস্য বা যাগভেদকস্যাভাবাদ্দেবতা-ভেদ এব যাগভেদহেতুরিতি অবশ্যং বাচ্যং স চাগ্নেরেব কথং সম্ভবতীত্যর্থঃ ॥৩॥ অথ একস্য

যুধিষ্ঠির বলিলেন—"অগ্নি কি জন্য জলের ভিতরে গিয়াছিলেন? কি জন্যই বা অগ্নি অদৃশ্য হইলে মহাতেজা অঙ্গিরা অগ্নি হইয়া হব্য গ্রহণ করিতেন? ॥২॥

ভগবন্! অগ্নি যখন একই ছিলেন, তখন কি করিয়া কর্ম্মকালে তাঁহার বহুত্ব দেখা যায়? এই সকল আমি জানিতে ইচ্ছা করি ॥৩॥

মহামুনি ভার্গবশ্রেষ্ঠ! কার্ত্তিক যেভাবে জন্মিয়াছিলেন, যেভাবে অগ্নির পুত্র হইয়াছিলেন এবং যেভাবে রুদ্র হইতে গঙ্গাতে ও কৃত্তিকাতে সম্ভূত হইয়াছিলেন, এই সকল বিষয় আমি কৌতুকান্বিত হইয়া আপনার নিকট হইতে যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি" ॥৪—৫॥

মার্কণ্ডেয় উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
যথা ক্রুদ্ধো হুতবহস্তপস্তপ্তুং বনং গতঃ ॥৬॥
যথা চ ভগবানগ্নিঃ স্বয়মেবাঙ্গিরাঽভবৎ।
সন্তাপয়ংশ্চ প্রভয়া নাশয়ংস্তিমিরাণি চ ॥৭॥
পুরাঽঙ্গিরা মহাবাহো! চচার তপ উত্তমম্।
আশ্রমস্থো মহাভাগো হব্যবাহং বিশেষয়ন্।
তথা স ভূত্বা তু তদা জগৎ সর্ব্বং ব্যকাশয়ৎ ॥৮॥
তপশ্চরংস্তু হুতভুক্ সন্তপ্তস্তস্য তেজসা।
ভৃশং গ্লানশ্চ তেজস্বী ন চ কিঞ্চিৎ প্রজজ্ঞিবান্ ॥৯॥
অথ সঞ্চিন্তয়ামাস ভগবান্ হব্যবাহনঃ।
অন্যোঽগ্নিরিহ লোকানাং ব্রহ্মণা সম্প্রকল্পিতঃ ॥১০॥

ভাবকৌমুদী

অত্রেতি। যদ্যপি ইতিহাস এব পুরাবৃত্তং তথাপ্যতিপুরাতনত্বজ্ঞাপনায় পুরাতনপদম্ ॥৬॥
যথেতি। অঙ্গিরাঽভবদিতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ ॥৭॥
পুরেতি। হব্যবাহমগ্নিম্, বিশেষয়ন্ অতিক্রামন্। তথা তাদৃক্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥
তপ ইতি। হুতভুক্ অগ্নিঃ। কিঞ্চিৎ আত্মনস্তাপকারণম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

সন্ততৌ অনেকেঽগ্নিনামানঃ সন্তীতি তর্হি আগ্নেয়স্য স্কন্দস্য কথং রুদ্রাদিপুত্রত্বমপি স্মর্য্যতে ইত্যাহ—কুমারশ্চেতি ॥৪—৬॥ অঙ্গিরাঽভবৎ সন্ধিরভাবো বা আর্ষঃ ॥৭॥ তথেতি। অগ্নেরপ্যধিকো ভূত্বা সূর্য্যবৎ জগৎ প্রকাশিতবান্ ॥৮॥ তপশ্চরন্নিতি। "মহত্তদুল্বং স্থবিরং তদাসীদ্ যেনাবিষ্টিতঃ প্রবিবেশিথাপ" ইতি শ্রুতিপ্রসিদ্ধেন কেনচিন্নিমিত্তেন জলে প্রবিশ্য

মার্কণ্ডেয় বলিলেন—"এই বিষয়ে মনস্বীরা এই প্রাচীন ইতিহাসের উল্লেখ করেন যে, অগ্নি ক্রুদ্ধ হইয়া তপস্যা করিবার জন্য জলের ভিতরে গিয়াছিলেন ॥৬॥

এবং মাহাত্ম্যশালী মহর্ষি অঙ্গিরাই আপন তেজে সকলকে সন্তপ্ত ও অন্ধকার বিনষ্ট করিতে থাকিয়া সাক্ষাৎ অগ্নি হইয়াছিলেন ॥৭॥

মহাবাহু যুধিষ্ঠির! পূর্ব্বকালে মহাত্মা অঙ্গিরা আশ্রমে থাকিয়া অগ্নিকে অতিক্রম করতঃ গুরুতর তপস্যা করিয়াছিলেন এবং তিনি তখন সেইরূপ তেজস্বী হইয়া সমস্ত জগৎ আলোকিত করিয়াছিলেন ॥৮॥

তখন তেজস্বী অগ্নিদেবও তপস্যা করিতে থাকিয়া, অঙ্গিরার তেজে সন্তপ্ত এবং অত্যন্ত ক্লান্ত হইয়া তাহার কোন কারণই বুঝিতে পারিলেন না ॥৯॥

অগ্নিত্বং বিপ্রনষ্টং হি তপ্যমানস্য মে তপঃ।
কথমগ্নিঃ পুনরহং ভবেয়মিতি চিন্ত্য সঃ ॥১১॥
অপশ্যদগ্নিবল্লোকাংস্তাপয়ন্তং মহামুনিম্।
সোপাসর্পচ্ছনৈর্ভীতস্তমুবাচ তদাঙ্গিরাঃ ॥১২॥ (যুগ্মকম্)
শীঘ্রমেব ভবস্বাগ্নিস্ত্বং পুনর্লোকভাবনঃ।
বিজ্ঞাতশ্চাসি লোকেষু ত্রিষু সংস্থানচারিষু ॥১৩॥
ত্বমগ্নিঃ প্রথমং সৃষ্টো ব্রহ্মণা তিমিরাপহঃ।
স্বস্থানং প্রতিপদ্যস্ব শীঘ্রমেব তমোনুদ! ॥১৪॥

অগ্নিরুবাচ।

নষ্টকীর্ত্তিরহং লোকে ভবান্ জাতো হুতাশনঃ।
ভবন্তমেব জ্ঞাস্যন্তি পাবকং ন তু মাং জনাঃ ॥১৫॥

ভাবতকৌমুদী

অথেতি। হব্যবাহনঃ অগ্নিঃ। সম্প্রকল্পিতো নিরূপিতঃ ॥১০॥
অগ্নিত্বমিতি। চিন্ত্য চিন্তয়িত্বা। সোপাসর্পদিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥১১—১২॥
শীঘ্রমিতি। ত্রিষু ত্রিজগদ্বাসিষু, সংস্থানচারিষু অঙ্গচারিষু জঙ্গমেষু ॥১৩॥
ত্বমিতি। তিমিরাপহঃ অন্ধকারহন্তা। হে তমোনুদ! অন্ধকারনাশক! ॥১৪॥

ভাবতভাবদীপঃ

তপশ্চরন্নগ্নিরাঙ্গিরসেন তেজসা সন্তপ্তোঽভূদিত্যর্থঃ। উষ্মম্ উষ্ণম্, স্থবিরং প্রাচীনম্, আবিশ্য তিষ্ঠতীত্যাবিষ্টং ভযং সঞ্জাতমস্য স আবিষ্টিতঃ ॥১—১২॥ সংস্থানচারিষু স্থাবরজঙ্গমেষু সম্যক্ স্থানং গতিনিবৃত্তির্যেষু চরণশীলেষু চেতি যোগাৎ ত্রিষু অন্তর্বহির্দিবি চ উত্তমাধমমধ্যমেষু

তাহার পর ভগবান্ অগ্নিদেব চিন্তা করিলেন—'সম্ভবতঃ ব্রহ্মা লোকের জন্য অন্য কাহাকেও অগ্নি কল্পনা করিয়াছেন ॥১০॥

এবং আমি তপস্যা করিতে থাকায় নিশ্চয়ই আমার অগ্নিত্ব নষ্ট হইয়াছে, সুতরাং আমি পুনরায় কি করিয়া অগ্নি হইতে পারি'। তিনি এইরূপ চিন্তা করিয়া, নিজেরই তুল্য জগৎসন্তাপকারী মহর্ষি অঙ্গিরাকে দেখিলেন এবং ভীত হইয়া ধীরে ধীরে তাঁহার নিকট উপস্থিত হইলেন। তখন অঙ্গিরা তাঁহাকে বলিলেন—॥১১—১২॥

"অগ্নিদেব! আপনি পুনরায় সত্বরই জগতের মঙ্গলকারী অগ্নি হউন। কারণ, আপনি, ত্রিভুবনবাসী জঙ্গম প্রাণিগণের মধ্যে অগ্নি বলিয়াই পরিচিত আছেন ॥১৩॥

হে অন্ধকারনাশক! ব্রহ্মা প্রথমে আপনাকেই অন্ধকারনাশক অগ্নিরূপে সৃষ্টি করিয়াছেন; সুতরাং সত্বরই আপনি স্বস্থান লাভ করুন" ॥১৪॥

নিক্ষিপাম্যহমগ্নিত্বং ত্বমগ্নিঃ প্রথমো ভব।
ভবিষ্যামি দ্বিতীয়োঽহং প্রাজাপত্যক এব চ ॥১৬॥

অঙ্গিরা উবাচ।

কুরু পুণ্যং প্রজাস্বর্গ্যং ভবাগ্নিস্তিমিরাপহঃ।
মাঞ্চ দেব! কুরুষ্বাগ্নে! প্রথমং পুত্রমঞ্জসা ॥১৭॥

ভাবতকৌমুদী

নষ্টেতি। ভবন্তমেব পাবকং জ্ঞাস্যন্তি, ময়ি পুনরগ্নৌ ভূতেঽপীত্যাশয়ঃ ॥১৫॥

নীতি। নিক্ষিপামি ত্যজামি, তবৈবাগ্নিতয়া প্রসিদ্ধত্বাদিত্যাশয়ঃ, অগ্নিত্বং প্রথমম্। প্রাজাপত্যকঃ প্রজাপতিদেবতাকযাগসম্বন্ধী। প্রার্থনেয়মিতি বোধ্যম্ ॥১৬॥

কুর্ব্বিতি। পুণ্যং তজ্জনকং হব্যবহনরূপং কর্ম্ম, প্রজানাং স্বর্গ্যং স্বর্গজনকম্। অঞ্জসা ঝটিতি। পুত্রস্য পিতৃতুল্যত্বদর্শনাৎ মম চ তেজসা ত্বত্তুল্যত্বাদিতি ভাবঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

বা ॥১৩—১৫॥ নিক্ষিপামীতি। অত্রাগ্নিশব্দেন দিগ্‌দেশকালকর্ত্রাত্মাত্মা সূত্রসংজ্ঞো হিরণ্য-গর্ভ উচ্যতে, তস্য অগ্নিত্বত্যাগঃ কারণাত্মনাবস্থানং প্রথমঃ প্রথমজঃ সূত্রাত্মেত্যর্থঃ। হে প্রাজাপত্য! প্রজাপতিপুত্র! হে অঙ্গিরঃ। অহং দ্বিতীয়ঃ কঃ কসংজ্ঞো বিরাডাত্মা ভবিষ্যামি ॥১৬॥ কুর্ব্বিতি। পুণ্যং হবির্বহনং প্রজানাং স্বর্গ্যং স্বর্গায় হিতং প্রথমং পুত্রং বৃহস্পতি-সংজ্ঞম্। অয়ং ভাবঃ—চশব্দত্রবিরাডুপাসনাভিঃ সিদ্ধাঃ ক্রমেণ ব্রহ্মপ্রজাপতিবৃহস্পতিসংজ্ঞাঃ পূর্ব্বপূর্ব্বস্য উত্তর উত্তরঃ শতাংশসংমিতৈশ্বর্য্যাঃ। তথাচ শ্রুতিরারোহক্রমেণাহ—"তে যে শতং বৃহস্পতেরেবানন্দাঃ স একঃ প্রজাপতেরানন্দঃ। তে যে শতং প্রজাপতেরানন্দাঃ স একো ব্রহ্মণ আনন্দঃ' ইতি। তত্রাপি বীজাঙ্কুরন্যায়েনাগ্নেরঙ্গিরাঃ অঙ্গিরসো বৃহস্পত্যাখ্যো ঽগ্নিরিতি বোধ্যম। তদগ্নিদমাহুরমুং যযামুং যজেত্যেতস্যৈব সা বিসৃষ্টিঃ। "সুপর্ণং বিপ্রাঃ কবয়ো-বচোভিরেকং সন্তং বহুধা কল্পয়ন্তি" ইত্যাদিশ্রুতিপ্রসিদ্ধং সূত্রাত্মনঃ সর্ব্বদেবতারূপত্বমাঙ্গিরস তাৎপর্য্যম্, তদিদং জ্ঞাত্বা যজমানস্যাগ্নিরপি মোক্ষদ্বারং ভবতীত্যর্থঃ ॥১৭॥ তৎশ্রুত্বেতি।

অগ্নি বলিলেন—"আমার কীর্ত্তি নষ্ট হইয়া গিয়াছে, আপনিই জগতে অগ্নি হইয়াছেন; অতএব আমি এখন অগ্নি হইলেও জগতের লোক আপনাকেই অগ্নি বলিয়া জানিবে; কিন্তু আমাকে নহে ॥১৫॥

সুতরাং আমি প্রাথমিক অগ্নিত্ব ত্যাগ করিতেছি, আপনিই সেই প্রথম অগ্নি হউন; আর আমি প্রাজাপত্যযাগে দ্বিতীয় অগ্নি হইব" ॥১৬॥

অঙ্গিরা বলিলেন—"অগ্নিদেব! আপনি লোকের স্বর্গজনক হব্যবহনরূপ পুণ্যকার্য্য করুন, অন্ধকারনাশক অগ্নি হউন; আর আমাকে সত্বর আপনার প্রথম পুত্র করুন" ॥১৭॥

মার্কণ্ডেয় উবাচ।

তচ্ছ্রুত্বাঙ্গিরসো বাক্যং জাতবেদাস্তথাঽকরোৎ ।
রাজন্! বৃহস্পতির্নাম তস্যাপ্যঙ্গিরসঃ সুতঃ ॥১৮॥
জ্ঞাত্বা প্রথমজং তন্তু বহ্নেরঙ্গিরসং সুতম্ ।
উপেত্য দেবাঃ পপ্রচ্ছুঃ কারণং তত্র ভারত! ॥১৯॥
স তু পৃষ্টস্তদা দেবৈস্ততঃ কারণমব্রবীৎ ।
প্রত্যগৃহ্নংস্তু দেবাশ্চ তদ্বচোঽঙ্গিরসস্তদা ॥২০॥
তত্র নানাবিধানগ্নীন্ প্রবক্ষ্যামি মহাপ্রভান্ ।
কর্ম্মভির্বহুভিঃ খ্যাতান্ নানার্থান্ ব্রাহ্মণেষ্বিহ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়ামাঙ্গিরসোপাখ্যানে একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তদিতি। জাতবেদা অগ্নিঃ, তথা আঙ্গিরসমাত্মনঃ পুত্রম্ ॥১৮॥

জ্ঞাত্বেতি। তত্র অঙ্গিরসো বহ্নিপুত্রত্বে, কারণং হেতুম্ ॥১৯॥

স ইতি। সঃ অঙ্গিরাঃ। কারণম্—তেজসাগ্নিসাদৃশ্যং সদনন্তরত্বঞ্চ ॥২০॥

ভারতভাবদীপঃ

অকরোৎ অঙ্গীচকার। জাতবেদাঃ স্বয়ং কারণং বিনা স্বপুত্রমঙ্গিরসমকরোত্তস্যাপি পুত্রঃ স্বয়ং বৃহস্পতির্নামাভবদিতি ॥১৮॥ তত্র বৃহস্পতেঃ কারণত্বং কারণজ্ঞানাদেব যুজ্যতে "ব্রহ্মবিদ্-ব্রহ্মৈব ভবতী"তি শ্রুতেস্তৎপরীক্ষার্থং দেবা বৃহস্পতিং প্রতি কারণং ব্রহ্ম পপ্রচ্ছুঃ ॥১৯॥ তস্মিংশ্চ তেনোক্তে সতি প্রত্যগৃহ্নন্ অঙ্গিরসো বচঃ অয়ং ভবতাং গুরুরিতি অঙ্গীকৃতবন্তঃ ॥২০॥ নানার্থান্ পৃথক্প্রয়োজনান্, ব্রাহ্মণেষু কর্ম্মবিধিবাক্যেষু ॥২১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮১॥

মার্কণ্ডেয় বলিলেন—"রাজা! অগ্নিদেব অঙ্গিরার সেই বাক্য শুনিয়া তাহাই করিলেন। ক্রমে সেই অঙ্গিরারও 'বৃহস্পতি'-নামে একটী পুত্র হইল ॥১৮॥

ভরতনন্দন! অঙ্গিরা অগ্নির প্রথম পুত্র হইয়াছেন ইহা জানিতে পারিয়া দেবতারা আসিয়া তাহার কারণ জিজ্ঞাসা করিলেন ॥১৯॥

দেবতারা জিজ্ঞাসা করিলে, অঙ্গিরা তাহার কারণ বলিলেন এবং দেবতারাও তখন অঙ্গিরার সেই বাক্য বিশ্বাস করিলেন ॥২০॥

ভিন্ন ভিন্ন কর্ম্ম অনুসারে এবং ভিন্ন ভিন্ন প্রয়োজনে বেদে ভিন্ন ভিন্ন বলিয়া বিখ্যাত ও মহাপ্রভাবশালী নানাবিধ অগ্নির বিষয় সেই সেই স্থানে বলিব" ॥২১॥

(১৯,...বহ্নেরাঙ্গিরসং সুতম্—বা ব কা।

* '...দ্বাদশাধিকদ্বিশততমঃ...'—পি, '...ষোড়শাধিকদ্বিশততমঃ...'—বা ব, '...সপ্তদশাধিকদ্বিশততমঃ...'—কা, '...বিংশত্যধিকদ্বিশততমঃ...' –নি।

দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

ব্রহ্মণো যস্তৃতীয়স্তু পুত্রঃ কুরুকুলোদ্বহ!।
তস্যাভবৎ সুভা ভার্য্যা প্রজাস্তস্যাঞ্চ মে শৃণু ॥১॥
বৃহৎকীর্ত্তির্বৃহজ্জ্যোতির্বৃহদ্ব্রহ্মা বৃহন্মনাঃ।
বৃহন্মন্ত্রো বৃহদ্ভাসস্তথা রাজন্! বৃহস্পতিঃ ॥২॥
প্রজাসু তাসু সর্ব্বাসু রূপেণাপ্রতিমাঽভবৎ।
দেবী ভানুমতী নাম প্রথমাঽঙ্গিরসঃ সুতা ॥৩॥

ভারতকৌমুদী

তত্রেতি। নানার্থান্ ভিন্নভিন্নপ্রয়োজনান্, ব্রাহ্মণেষু তদাখ্যবেদবাক্যেষু ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়ামেকাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ব্রহ্মণ ইতি। তৃতীয়ঃ পুত্রঃ অঙ্গিরাঃ। সুভা নাম, প্রজাঃ সন্ততীঃ ॥১॥

বৃহদিতি। বৃহৎ ব্রহ্ম বেদজ্ঞানং যস্য সঃ। বৃহন্ ভাসো মনোবলং যস্য সঃ ॥২॥

ভারতভাবদীপঃ

কালাভিমানিন্যো দেবতা অপি অঙ্গিরঃসংজ্ঞাৎ সূত্রাত্মন এব সকাশাজ্জাতা ইতি বক্তু-মধ্যায়মারভতে ব্রহ্মণ ইতি। ব্রহ্মণঃ কারণাৎ সূত্রং ততস্তদুপাস্তিসিদ্ধোঽঙ্গিরা ইতি। তস্য তৃতীয়স্য সুভা কালাভিমানিনী দেবতা সুষ্ঠু সংবৎসরাত্মনাহোরাত্রাত্মনা বা ভাতীতি সুভা। শুভা ইতি পাঠেঽপি সৈব গ্রাহ্যা ॥১॥ বৃহৎকীর্ত্ত্যাদীনি বৃহস্পতেরেব বিশেষণানি। কীর্ত্তির্যশঃ, জ্যোতিঃ শারীরন্তেজঃ, ব্রহ্ম বেদাধ্যয়নম্, মনঃসঙ্কল্পাদিরূপম্, মন্ত্রো বিচারঃ, ভাঃ প্রতিভা, বিচার্য্য তত্ত্বস্ফূর্ত্তিঃ, এতানি বৃহন্তি যস্য স তথা, তথাশব্দঃ পাদপূরণার্থঃ ॥২॥

মার্কণ্ডেয় বলিলেন—"কৌরবশ্রেষ্ঠ! ব্রহ্মার যিনি তৃতীয় পুত্র, সেই অঙ্গিরার সুভানাম্নী ভার্য্যা ছিলেন, তাঁহার গর্ভে যে সকল সন্তান জন্মিয়াছিল, তাহাদের নাম শ্রবণ কর ॥১॥

রাজা! অঙ্গিরার পুত্র—বৃহস্পতি; তাঁহার যশ, শরীরের তেজ এবং বেদজ্ঞান বৃহৎ ছিল, হৃদয় উদার ছিল, মন্ত্রণাশক্তি বিশাল ছিল, আর মনের বলও অসাধারণ ছিল; তাই তাঁহার ঐরূপ নাম হইয়াছিল ॥২॥

ভূতানামেব সর্ব্বেষাং যস্যাং রাগস্তদাঽভবৎ।
রাগাদ্রাগেতি যামাহুর্দ্বিতীয়াঙ্গিরসঃ সুতা ॥৪॥
যাং কপর্দ্দিসুতামাহুর্দৃশ্যাদৃশ্যেতি দেহিনঃ।
তনুত্বাৎ সা সিনীবালী তৃতীয়াঙ্গিরসঃ সুতা ॥৫॥
পশ্যত্যর্চ্চিষ্মতী ভাভির্হবির্ভিশ্চ হবিষ্মতী।
ষষ্ঠীমঙ্গিরসঃ কন্যাং পুণ্যামাহুর্মহিষ্মতীম্ ॥৬॥

ভারতকৌমুদী

প্রজাস্বিতি। প্রজাসু সন্ততিষু মধ্যে ॥৩॥

ভূতানামিতি। রাগঃ সৌন্দর্য্যাদনুরাগঃ। রাগাত্তস্মাদনুরাগাৎ ॥৪॥

যামিতি। কপর্দ্দিসুতাং রুদ্রতনয়াম্। তনুত্বাৎ কৃশদেহত্বাৎ, সা তৎসদৃশী ॥৫॥

পশ্যতীতি। লোকো যস্যা ভাভিস্তেজোভিঃ রাত্রাবপি রূপং পশ্যতি, সা চতুর্থী কন্যা অর্চ্চিষ্মতী নাম। হবির্ভির্হবিঃপ্রদানৈঃ পঞ্চমী কন্যা হবিষ্মতী ॥৬॥

ভারতভাবদীপঃ

তাসু বক্ষ্যমাণত্বেন বুদ্ধিস্থাসু, ভানুমতী সূর্য্যযুক্তা দিবসাভিমানিনীত্যর্থঃ ॥৩॥ রাত্রিমাহ— ভূতানামিতি। সুষুপ্তিকালত্বেন শ্রমনাশকত্বাত্তস্যাং রাগোঽভবৎ, রাগাৎ রাগহেতুত্বাৎ সন্ধ্যাদ্বয়ে রাগোপেতত্বাদ্বা ॥৪॥ কপর্দ্দিনো রুদ্রস্য সুতামিব সুতাং চন্দ্রকলাং ললাটে ধৃতত্বাৎ দৃশ্যাদৃশ্যরূপাম্, তত্র হেতুঃ তনুত্বাদিতি। তেন সূক্ষ্মচন্দ্রযুক্তত্বম্, লক্ষ্যতে চতুর্দ্দশীযুক্তামাবাস্যা সিনীবালী। "যা পূর্ব্বামাবাস্যা সা সিনিবালী, যোত্তরা সা কুহূ"রিতি শ্রুতেঃ ॥৫॥ অর্চ্চিষ্মতী পূর্ণচন্দ্রোপেতা শুক্লপৌর্ণমাসী যস্যাং ভাভির্জনো রাত্রাবপি পশ্যতি রূপাদিকমিতি শেষঃ, সা চতুর্থী যস্যাং হবির্ভির্দেবতা ইজ্যন্তে সা হবিষ্মতী প্রতিপদ্যুক্তা পৌর্ণমাসী রাকা নাম পঞ্চমী পুণ্যাং ব্রতার্হাং মহিষ্মতীং নাম চতুর্দ্দশীযুক্তাং পূর্ব্বাং পৌর্ণমাসীম্ অনুমতীং নাম। "যা পৌর্ণমাসী সানুমতির্যোত্তরা সা রাকা" ইতি শ্রুতেঃ ॥৬॥ শুক্লামমাবাস্যামাহ—

অঙ্গিরার সকল সন্তানের মধ্যে অতুলনীয়-রূপ-সম্পন্না 'ভানুমতীদেবী' অঙ্গিরার প্রথমা কন্যা ॥৩॥

তৎকালে যাঁহার প্রতি সকল লোকেরই অনুরাগ জন্মিত এবং সেই অনুরাগবশতই যাঁহাকে 'রাগা' বলিত, তিনি অঙ্গিরার দ্বিতীয়া কন্যা ॥৪॥

শরীর কৃশ বলিয়া লোকে যাঁহাকে দৃশ্যা ও অদৃশ্যা রুদ্রকন্যা বলিত, তাঁহারই তুল্যা 'সিনীবালী' অঙ্গিরার তৃতীয়া কন্যা ॥৫॥

লোক সকল যাঁহার তেজে রাত্রিতেও রূপ দেখিত, সেই 'অর্চ্চিষ্মতী' অঙ্গিরার চতুর্থী কন্যা, হবি দান করায় 'হবিষ্মতী'-নাম্নী অঙ্গিরার পঞ্চমী কন্যা এবং পবিত্রস্বভাবা 'মহিষ্মতী' অঙ্গিরার ষষ্ঠী কন্যা ॥৬॥

মহামখেষ্বাঙ্গিরসী দীপ্তিমৎসু মহামতে।।
মহামতীতি বিখ্যাতা সপ্তমী কথ্যতে সুতা ॥৭॥
যাস্তু দৃষ্ট্বা ভগবতীং জনঃ কুহুকুহায়তে।
একানংশেতি তামাহুঃ কুহূমঙ্গিরসঃসুতাম্ ॥৮॥
বৃহস্পতেশ্চান্দ্রমসী ভার্য্যাভূদ্‌যা যশস্বিনী।
অগ্নীন্ সাঽজনয়ৎ পুণ্যান্ ষড়েকাঞ্চাপি পুত্রিকাম্ ॥৯॥
আহুতিষ্বেব যস্যাগ্নের্হবিষাজ্যং বিধীয়তে।
সোঽগ্নির্বৃহস্পতেঃ পুত্রঃ শংযুর্নাম মহাব্রতঃ ॥১০॥

ভারতকৌমুদী

মহেতি। দীপ্তিমৎসু দীপ্যমানবহ্নিকেষু স্থিতা ॥৭॥

যামিতি। কুহুকুহায়তে বিস্ময়েন কুহুকুহুরবং করোতি। একা একতমিনামাত্রাক্রান্তা, অতএব অনংশা ন বিদ্যতে চন্দ্রস্য একোঽপ্যংশঃ, কলা যস্যাং সা ॥৮॥

বৃহস্পতেরিতি। চান্দ্রমসী চন্দ্রসংসর্গিণী তারা। পুত্রিকাং কন্যাম্ ॥৯॥

আহুতিষ্বিতি। হবিষা আহুতিষ্বিতি সম্বন্ধঃ। আজ্যং হবির্বিধীয়তে, "শংযুং বার্হস্পত্যং দেবা বৈ অব্রুবন্ হব্যং নো বহ" ইত্যাদিশ্রুতেঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

॥৯॥ তথা চাপি তথৈব মৎস্যৈরাখ্যাতোঽপি বচস্তং মৎস্যক্ষো ভবেতি পূর্ব্বোক্তমেব ॥১০॥ শরীরমাগ্নেয়ং দেহম্, পক্ষে মায়াং ত্যক্ত্বা নির্ব্বিকল্পোঽভূদিত্যর্থঃ ॥১১॥ দেহত্যাগপ্রকারমাহ—স ইতি। তৎ স্থূলং শরীরং সন্ত্যজ্য ধরাং ধারণাৎ ধরা লয়স্থানং লিঙ্গশরীরঞ্চ প্রবিশ্য তত্রাপি সঙ্কল্পোপনতান্ ভূম্যাদীনসৃজৎ, ভূমিং স্পৃষ্ট্বোপাধাবাবেশং কৃত্বাত্র ধাতূন্ নীলপীতাদীংস্তানিব বাসনাময়ানি নাড়ীরূপাণি দৃশ্যন্তে যোগমার্গে। তথা চ শ্রুতিঃ—"তস্মিন্ শুক্লমুত নীলমাহুঃ পিঙ্গলং হরিতং লোহিতঞ্চ। এষ পন্থা ব্রহ্মণা হানুবিত্তস্তেনৈতি ব্রহ্মবিৎ পুণ্যকৃত্তৈজসশ্চ" ইতি। তৈজসো লিঙ্গদেহাভিমানী; পক্ষান্তরে তু ধাতূন্ মনঃশীলাদীন্ ॥১২॥

গমন করিলেন; কিন্তু মৎস্যেরা অথর্ব্বার নিকটে তাঁহার সন্ধান বলিয়া দিল; তখন সহ-অগ্নি ক্রুদ্ধ হইয়া মৎস্যগণকে বলিলেন—॥৯॥

"তোরা নানাভাবে প্রাণিগণের খাদ্য হইবি"। তাহার পর সহ-অগ্নি অথর্ব্বা ঋষিকে আবারও সেই কথাই বলিলেন ॥১০॥

তখন দেবতাদের বাক্য অনুসারে অথর্ব্বা ঋষি অত্যন্ত অনুনয় করিতে থাকিলেও সহ-অগ্নি হব্য বহন করিতে কিংবা সেই জীর্ণ শরীর সহ্য করিতে ইচ্ছা করিলেন না; তাই তিনি সে শরীর ত্যাগ করিলেন ॥১১॥

তিনি সমুদ্রের ভিতরে সেই শরীর ত্যাগ করিয়া অন্য শরীর ধারণপূর্ব্বক পৃথিবীতে প্রবেশ করিলেন এবং পৃথিবী স্পর্শ করিয়াই পৃথক্ পৃথক্ ধাতু সৃষ্টি করিলেন ॥১২॥

পূয়াৎ স গন্ধং তেজশ্চ অস্থিভ্যো দেবদারু চ।
শ্লেষ্মণঃ স্ফটিকং তস্য পিত্তান্মরকতং তথা।
যকৃৎ কৃষ্ণায়সং তস্য ত্রিভিরেভির্বভুঃ প্রজাঃ ॥১৩॥
নখাস্তস্যাভ্রপটলং শিরাজালানি বিদ্রুমম্।
শরীরাদ্বিবিধাশ্চান্যে ধাতবোঽস্যাভবন্ নৃপ ! ॥১৪॥
এবং ত্যক্ত্বা শরীরঞ্চ পরমে তপসি স্থিতঃ।
ভৃগ্বঙ্গিরাদিভির্ভূয়স্তপসোত্থাপিতস্তদা ॥১৫॥
ভৃশং জজ্বাল তেজস্বী তপসাপ্যায়িতঃ শিখী।
দৃষ্ট্বা ঋষিং ভয়াচ্চাপি প্রবিবেশ মহার্ণবম্ ॥১৬॥

ভারতকৌমুদী

পূয়াদিতি। স সহাগ্নিঃ, পূয়াদাত্মন এব বিকৃতশোণিতাৎ, গন্ধং তেজশ্চ, অস্থিভ্যো দেবদারু চ, অসৃজদিত্যনুবৃত্তিঃ। কৃষ্ণায়সং কৃষ্ণবর্ণং লৌহং জাতমিতি শেষঃ। এভিস্ত্রিভিঃ স্ফটিকমরকত-কৃষ্ণায়সৈর্ভূষণভূতৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

নখা ইতি। অভ্রাণাং পটলং সমূহঃ। বিদ্রুমং প্রবালম্। অন্যে স্বর্ণাদয়ঃ ॥১৪॥

এবমিতি। তপসোত্থাপিত ইতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ ॥১৫॥

ভৃশমিতি। আপ্যায়িতো বৰ্দ্ধিতপ্রভাবঃ, শিখী স সহনামা অগ্নিঃ। ঋষিমথর্ব্বাণং দৃষ্ট্বা ভয়াৎ তদনুরোধেন দেবহব্যবহনভয়াৎ ॥১৬॥

ভারতভাবদীপঃ

যকৃৎ শরীরান্তর্বর্ত্ত্যবয়ববিশেষঃ। ত্রিভিঃ কাষ্ঠপাষাণলোহৈঃ ॥১৩॥ অন্যে স্বর্ণপারদাদয়ঃ, শরীরং লিঙ্গম্, পরমে নিরুপাধৌ ॥১৪॥ তপসি আলোচনাত্মকে ধ্যানে, তপসা সামর্থ্যেন,

সহ-অগ্নি আপন বিকৃত রক্ত হইতে গন্ধ ও তেজ এবং অস্থি হইতে দেবদারু সৃষ্টি করিলেন; আর তাঁহার শ্লেষ্মা হইতে স্ফটিক, পিত্ত হইতে মরকতমণি এবং যকৃৎ হইতে কৃষ্ণবর্ণ লৌহ জন্মিল। এই তিনটী বস্তুদ্বারাই জনসাধারণ শোভা পাইয়াছিল ॥১৩॥

আর, রাজা! তাঁহার নখগুলি হইতে অভ্রসমূহ, শিরাগুলি হইতে বিদ্রুম এবং শরীর হইতে অন্যান্য নানাবিধ ধাতু উৎপন্ন হইয়াছিল ॥১৪॥

সহ-অগ্নি এইভাবে দেহ ত্যাগ করিয়া গুরুতর তপস্যা করিতে বসিলেন; তখন ভৃগু ও অঙ্গিরাপ্রভৃতি ঋষিরা আসিয়া পুনরায় তাঁহাকে তপস্যা হইতে উঠাইলেন ॥১৫॥

তখন অগ্নিদেব তপস্যার প্রভাবে বৰ্দ্ধিততেজা হইয়া অত্যন্ত জ্বলিতে

(১৩)...পিত্তান্মারকতং তথা...ত্রিভিরেব প্রভুঃ প্রজাঃ—বা ব কা।

তস্মিন্ নষ্টে জগদ্ভীতমথর্ব্বাণমথাশ্রিতম্।
অর্চ্চয়ামাসুরেবৈনমথর্ব্বাণং সুরাদয়ঃ ॥১৭॥
অথর্ব্বা ত্বসৃজল্লোকানাত্মনালোক্য পাবকম্।
মিষতাং সর্ব্বভূতানামুন্মমাথ মহার্ণবম্ ॥১৮॥
এবমগ্নির্ভগবতা নষ্টঃ পূর্ব্বমথর্ব্বণা।
আহৃতঃ সর্ব্বভূতানাং হব্যং বহতি সর্ব্বদা ॥১৯॥
এবং ত্বজনয়দ্ধিষ্ণ্যান্ বেদোক্তান্ বিবিধান্ বহূন্।
বিচরন্ বিবিধান্ দেশান্ ভ্রমমাণস্তু তত্র বৈ ॥২০॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। নষ্টে মহার্ণবপ্রবেশেনাদর্শনং গতে। ভীতম্ অন্ধকারাৎ ॥১৭॥

অথর্ব্বেতি। অথর্ব্বা ঋষিস্তু মিষতাং পশ্যতামেব সর্ব্বভূতানাং সমক্ষং মহার্ণবমুন্মমাথ, পরঞ্চ পাবকং তমগ্নিমালোক্য, আত্মনৈব লোকানসৃজৎ ॥১৮॥

এবমিতি। নষ্টঃ অদর্শনং গতঃ। আহৃতো মহার্ণবাদুদ্ধৃতঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

উত্থাপিতঃ সমাধেশ্চ্যাবিতঃ ॥১৫॥ ঋষিমথর্ব্বাঙ্গিরসম্, ভয়ং পূর্ব্বোক্তমেব, সার্দ্ধঃ শ্লোকঃ ॥১৬—১৭॥ অথর্ব্বা ত্বিতি। অথর্ব্বাণমুন্মমাথ তেন পাবকমালোক্য লোকানসৃজদিতি-ক্রমেণান্বয়ো জ্ঞেয়ঃ পূর্ব্বোত্তরার্দ্ধয়োর্ব্যত্যাসেন ॥১৮—১৯॥ এবং ত্বিতি। অগ্নেরঙ্গিরাস্ততো বৃহস্পতিস্ততঃ শংয্বাদিক্রমেণ বেদোক্তান্ ধিষ্ণ্যান্ নানাস্থানাগ্নজনয়ৎ; অধ্যাত্মপক্ষে তু সমাধেঃ সকাশাদ্ব্যুত্থিতোঽহঙ্কারং পুরস্কৃত্য বৃত্তিনদীষু চিদাত্মা সঞ্চরতীতি। পক্ষান্তরে

লাগিলেন; কিন্তু অথর্ব্বা ঋষিকে দেখিয়া হব্যবাহনের ভয়ে আবার মহাসমুদ্রে প্রবেশ করিলেন ॥১৬॥

অগ্নি সেইভাবে অদৃশ্য হইলে, জগৎটাই অন্ধকারের ভয়ে ভীত হইয়া অথর্ব্বার আশ্রয় লইল এবং দেবতাপ্রভৃতি প্রাণীরাও অথর্ব্বার সেবা করিতে লাগিলেন ॥১৭॥

তখন অথর্ব্বা ঋষি সমস্ত প্রাণীর সমক্ষেই মহাসমুদ্রকে মন্থন করিলেন এবং অগ্নিকে দেখিতে পাইয়া নিজেই লোক সৃষ্টি করিতে থাকিলেন ॥১৮॥

অগ্নি অদৃশ্য হইলে, ভগবান্ অথর্ব্বা ঋষি পূর্ব্বকালে এইভাবে অগ্নিকে আবার উদ্ধার করিয়াছিলেন; সুতরাং সেই অগ্নি এখন সর্ব্বদাই সর্ব্বভূতের হব্য বহন করিতেছেন ॥১৯॥

সেই সমুদ্রমধ্যে নানাস্থানে বিচরণ করিতে থাকিয়া সহ-অগ্নি এইভাবে বেদোক্ত নানাবিধ বহুতর অগ্নি সৃষ্টি করিয়াছিলেন ॥২০॥

সিন্ধুং নদং পঞ্চনদং দেবিকাথ সরস্বতী।
গঙ্গা চ শতকুম্ভা চ সরযূর্গণ্ডসাহ্বয়া ॥২১॥
চর্ম্মণ্বতী মহী চৈব মেধ্যা মেধাতিথিস্তথা।
তাম্রবতী বেত্রবতী নদ্যস্তিস্রোঽথ কৌশিকী ॥২২॥
তমসা নর্ম্মদা চৈব নদী গোদাবরী তথা।
বেণোপবেণা ভীমা চ বড়বা চৈব ভারত! ॥২৩॥
ভারতী সুপ্রয়োগা চ কাবেরী মুর্ম্মুরা তথা।
তুঙ্গবেণ্বা কৃষ্ণবেণ্বা কপিলা শোণ এব চ।
এতা নদ্যস্তু ধিষ্ণ্যানাং মাতরো যাঃ প্রকীর্ত্তিতাঃ ॥২৪॥ (কলাপকম্)
অদ্ভুতস্য প্রিয়া ভার্য্যা তস্য পুত্রো বিভূরসিঃ।
যাবন্তঃ পাবকাঃ প্রোক্তাঃ সোমাস্তাবন্ত এব তু ॥২৫॥

ভারতকৌমুদী

এবমিতি। অজনয়ৎ স মহাগ্নিরিতি শেষঃ, ধিষ্ণ্যান্ অগ্নীন্। তত্র সমুদ্রে ॥২০॥

সিন্ধুমিতি। গণ্ডসাহ্বয়া গণ্ডকী। নবধা তিস্রো নদ্যঃ দেবিকাদয়ঃ সপ্তবিংশতির্নদ্য ইত্যর্থঃ। বড়বা তদাখ্যা কাচিন্নদী। আদৌ সিন্ধুপঞ্চনদবদন্তিমে চ শোণো নদঃ। যা ধিষ্ণ্যানামগ্নীনাং মাতরঃ প্রকীর্ত্তিতাঃ, তা এতাঃ সপ্তবিংশতির্নদ্যঃ, এতাসু নদীষু সিন্ধুপঞ্চনদশোণেষু চ নদেষু অগ্নীনজনয়দিত্যর্থঃ। চতুর্বিংশঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥২১—২৪॥

অদ্ভুতস্যেতি। অদ্ভুতস্য অদ্ভুতশক্তেঃ গৃহপতিনাম্নোঽগ্নেঃ। বিভূরসির্নাম পুত্রোঽভূৎ সোমাঃ সোমযাগাঃ, একৈকাগ্নৌ একৈকসোমযাগবিধানাৎ ॥২৫॥

ভারতভাবদীপঃ

স্পষ্ট এবার্থঃ ॥২০॥ সিন্ধুমিতি ॥২১—২৪॥ অদ্ভুতস্যেতি। বিভূরসিরিতি শ্রুতেরনুকরণম্, তেন "বিভূরসি প্রবাহণো বহ্নিরসি হব্যবাহনঃ" ইত্যনুবাক্যোক্তা অন্যে চ ধিষ্ণ্যা অগ্নয়ো দর্শিতাস্তেষাং জ্যেষ্ঠো বিভূরিত্যর্থঃ। যাবন্তঃ পাবকা ধিষ্ণ্যাঃ সন্তি তাবন্তঃ সোমাঃ সোম-

---

দেবিকা, সরস্বতী, গঙ্গা, শতকুম্ভা, সরযূ, গণ্ডকী, চর্ম্মণ্বতী, মহী, মেধ্যা, মেধাতিথি, তাম্রবতী, বেত্রবতী, কৌশিকী, তমসা, নর্ম্মদা, গোদাবরী, বেণা, উপবেণা, ভীমা, বড়বা, ভারতী, সুপ্রয়োগা, কাবেরী, মুর্ম্মুরা, তুঙ্গবেণ্বা, কৃষ্ণবেণ্বা ও কপিলা—এই নদীগুলি অগ্নিসমূহের উৎপত্তি স্থান এবং সিন্ধুনদ, পঞ্চনদ আর শোণনদেও অগ্নিসমূহের উৎপত্তি হইয়াছিল ॥২১—২৪॥

অদ্ভুতশক্তি 'গৃহপতি'-নামক অগ্নির আর একটী প্রিয়তমা ভার্য্যা ছিলেন,

---

(২২)...তাম্রাবতী বেত্রবতী—বা ব কা।

অত্রেশ্চাপ্যন্বয়ে জাতা ব্রহ্মণো মানসাঃ প্রজাঃ।
অত্রিঃ পুত্রান্ স্রষ্টুকামাংস্তানেবাত্মন্যধারয়ৎ।
তস্য তদ্‌ব্রহ্মণঃ কায়ান্নির্হরন্তি হুতাশনাঃ ॥২৬॥
এবমেতে মহাত্মানঃ কীর্ত্তিতাস্তেঽগ্নয়ো ময়া।
অপ্রমেয়া যথোৎপন্নাঃ শ্রীমন্তস্তিমিরাপহাঃ ॥২৭॥
অদ্ভুতস্য তু মাহাত্ম্যং যথা বেদেষু কীর্ত্তিতম্।
তাদৃশং বিদ্ধি সর্ব্বেষামেকো হ্যেষ হুতাশনঃ ॥২৮॥
এক এবৈষ ভগবান্ বিজ্ঞেয়ঃ প্রথমোঽঙ্গিরাঃ।
বহুধা নিঃসৃতঃ কায়াজ্জ্যোতিষ্টোমঃ ক্রতুর্যথা ॥২৯॥

ভারতকৌমুদী

অত্রেরিতি। অত্রের্মুনেরপি অন্বয়ে বংশে, ব্রহ্মণো মানসাঃ সঙ্কল্পমাত্রেণোৎপন্নাঃ প্রজাঃ সন্তানা জাতাঃ। কথং জাতা ইত্যাহ—অত্রিঃ, পুত্রান্ স্রষ্টুকামান্ তানগ্নীন্, আত্মনি চিত্তে, অধারয়ৎ পুত্রত্বেনাচিন্তয়ৎ। ততস্মাদেব, তস্যাত্রেঃ পুত্ররূপা হুতাশনাঃ, ব্রহ্মণঃ কায়াৎ, নির্হরন্তি নিঃসরন্তি স্ম। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

এবমিতি। অপ্রমেয়া অজ্ঞেয়মাহাত্ম্যাঃ। শ্রীমন্তঃ সুন্দরাকৃতয়ঃ ॥২৭॥

অদ্ভুতস্যেতি। অদ্ভুতেতি গৃহপত্যগ্নেরেব নামান্তরম্। সর্ব্বেষামগ্নীনামেব ॥২৮॥

ভারতভাবদীপঃ

যাগঃ; এতচ্চ যাজ্ঞিকেষেব প্রসিদ্ধম্ ॥২৫॥ তানেবাগ্নীনেবাত্মনি চিত্তেঽধারয়ৎ, অগ্নিং ধ্যায়তোঽগ্নয়েরেব প্রজারূপেণাবির্ব্বভূবেত্যর্থঃ। এবঞ্চ খল্বন্তরাণামপ্যুপলক্ষণম্। তথা চ "সর্ব্বং কর্ম্মাগ্নিদৈবত্যং সর্ব্বে ব্রাহ্মণা অগ্নিসন্ততি"রিত্যুক্তং ভবতি ॥২৬॥ তত্রাত্রের্ব্রহ্মণো

তাঁহার গর্ভে গৃহপতির 'বিভূরসি'-নামক অপর এক পুত্র জন্মিয়াছিল। যতগুলি অগ্নি বলা হইল, সোমযাগও ততগুলিই ॥২৫॥

ব্রহ্মার সঙ্কল্পমাত্রে উৎপন্ন অগ্নিরূপ সন্তান সকল অত্রিমুনির বংশেও জন্মিয়াছিলেন। সেই অগ্নিরূপ সন্তানগণ নির্গত হইয়া পুত্র সৃষ্টি করিতে ইচ্ছা করিলে, অত্রি তাঁহাদিগকে আপন পুত্ররূপে মনে মনে চিন্তা করিয়াছিলেন; তাহাতেই সেই অগ্নিরা অত্রির পুত্ররূপে ব্রহ্মার শরীর হইতে নির্গত হইয়াছিলেন ॥২৬॥

রাজা! অজ্ঞেয় মাহাত্ম্য, পরমসুন্দরাকৃতি ও অন্ধকারনাশক মহাত্মা অগ্নিরা যে ভাবে জন্মিয়াছিলেন, এই তোমার নিকট সেই অগ্নি সকলের ভাব সকল বলিলাম ॥২৭॥

অদ্ভুতপ্রভাব গৃহপতি অগ্নির মাহাত্ম্য বেদে যেরূপ কথিত আছে, সেরূপ মাহাত্ম্য সকল অগ্নিরই জানিবে। কারণ, এই অগ্নি—একই ॥২৮॥

ইত্যেষ বংশঃ সুমহানগ্নীনাং কীর্ত্তিতো ময়া।
যোঽর্চ্চিতো বিবিধৈর্ম্মন্ত্রৈর্হব্যং বহতি দেহিনাম্ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়ামাঙ্গিরসোপাখ্যানে পঞ্চাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এক ইতি। প্রথমোঽগ্নিঃ। কায়াৎ তত্তৎপিতৃদেহাৎ। ক্রতুঃ প্রজাপতেঃ কায়াৎ ॥২৯॥

ইতীতি। হব্যং হবনীয়ং দ্রব্যং ঘৃতকাষ্ঠাদি, দেহিনাং ব্রাহ্মণাদীনাম্ ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং পঞ্চাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

ব্রাহ্মণস্য কায়াদ্দেহাৎ হুতাশনা নির্হরন্তি নিশ্চরন্তি। সার্দ্ধঃ ॥২৭—২৯॥ কায়াৎ কস্য প্রজাপতেঃ পুত্রোঽঙ্গিরাঃ কায়স্তস্মাৎ। কশব্দাদণ্‌প্রত্যয়ে কস্যেদিতি ইকারোঽন্ত্যাদেশঃ নিত্যাদাদিবৃদ্ধিঃ। জ্যোতিষ্টোমো যথা উদ্ভিদাদিরূপেণ বহুধা নির্গতস্তদ্বৎ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৫॥

একমাত্র ভগবান্ অঙ্গিরামুনিকেই প্রথম অগ্নি বলিয়া জানিবে। ক্রমে প্রজাপতির দেহ হইতে জ্যোতিষ্টোমযজ্ঞের ন্যায় সেই অগ্নি সেই সেই পিতৃদেহ হইতে বহুপ্রকারে নির্গত হইয়াছিলেন ॥২৯॥

এই আমি অগ্নিগণের বিপুল বংশের বিষয় বলিলাম, যে অগ্নিগণ নানাবিধ মন্ত্রদ্বারা পূজিত হইয়া প্রাণিগণের হব্য বহন করেন" ॥৩০॥

—:*:—

* '...সপ্তদশাধিকদ্বিশততমঃ...'—পি, '...একবিংশত্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...দ্বাবিংশত্যধিকদ্বিশততমঃ...'—কা, '...চতুর্ব্বিংশত্যধিকদ্বিশততমঃ...'—নি।

ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

অগ্নীনাং বিবিধা বংশা কীর্ত্তিতাস্তে ময়াঽনঘ ! ।
শৃণু জন্ম তু কৌরব্য ! কার্ত্তিকেয়স্য ধীমতঃ ॥১॥
অদ্ভুতস্যাদ্ভুতং পুত্রং প্রবক্ষ্যাম্যমিতৌজসম্ ।
জাতং ব্রহ্মর্ষিভার্য্যাভির্ব্রহ্মণ্যং কীর্ত্তিবর্দ্ধনম্ ॥২॥
দেবাসুরাঃ পুরা যত্তা বিনিঘ্নন্তঃ পরস্পরম্ ।
তত্রাজয়ন্ সদা দেবান্ দানবা ঘোররূপিণঃ ॥৩॥
বধ্যমানং বলং দৃষ্ট্বা বহুশস্তৈঃ পুরন্দরঃ ।
স্বসৈন্যনায়কার্থায় চিন্তামাপ ভৃশং তদা ॥৪॥
দেবসেনাং দানবৈর্যো ভগ্নাং দৃষ্ট্বা মহাবলঃ ।
পালয়েদ্বীর্য্যমাশ্রিত্য স জ্ঞেয়ঃ পুরুষো ময়া ॥৫॥

ভাবতকৌমুদী

"কুমারশ্চ যথোৎপন্নো যথা চাগ্নেঃ সুতোঽভবৎ" ইতি যুধিষ্ঠিরপ্রশ্নস্যোত্তরং বক্তুমারভতে-অগ্নীনামিতি। হে অনঘ ! নিষ্পাপ। কৌরব্য। ॥১॥

অদ্ভুতস্যেতি। অদ্ভুতস্যাগ্নেঃ, অদ্ভুতম্ আশ্চর্য্যমহিমানম্। ব্রহ্মণ্যং বেদহিতম্ ॥২॥

দেবেতি। যত্তা জয়ায় যত্নবন্তঃ ॥৩॥

বধ্যেতি। স্বসৈন্যনায়কার্থায় নিজসেনাপতিনিমিত্তম্ ॥৪॥

চিন্তাপ্রকারমাহ—দেবেতি। ভগ্নাং পরাজিতাম্। জ্ঞেয়ঃ অনুসন্ধাতব্যঃ ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—"নিষ্পাপ কুরুনন্দন। আমি তোমার নিকট অগ্নিগণের নানাবিধ বংশের কথা বলিলাম; এখন জ্ঞানী কার্ত্তিকেয়ের জন্মের বিষয় শ্রবণ কর ॥১॥

ব্রহ্মর্ষিগণের ভার্য্যাসমূহে উৎপন্ন, বেদের হিতকারী, দেবগণের কীর্ত্তিবর্দ্ধক, অমিততেজা এবং অদ্ভুত অগ্নির অদ্ভুত পুত্র কার্ত্তিকেয়ের কথা বলিব ॥২॥

পূর্ব্বকালে দেবগণ ও অসুরগণ জয়ের জন্য যত্নবান্ হইয়া পরস্পর যুদ্ধ করিতেন; তাহাতে ভয়ঙ্করমূর্ত্তি দানবেরা সর্ব্বদাই দেবগণকে জয় করিত ॥৩॥

তখন দেবরাজ যুদ্ধে নিজের সৈন্যগণকে দানবকর্ত্তৃক বহুবার নিহত হইতে দেখিয়া আপন সেনাপতিবিষয়ে গুরুতর চিন্তা করিলেন—॥৪॥

যে মহাবল পুরুষ দেবসৈন্যগণকে দানবগণকর্ত্তৃক পরাজিত দেখিয়া আপনার শক্তি অবলম্বনপূর্ব্বক রক্ষা করিতে পারিবেন, আমার সেই পুরুষের অনুসন্ধান করিতে হইবে ॥৫॥

স শৈলং মানসং গত্বা ধ্যায়ন্নর্থমিমং ভৃশম্।
শুশ্রাবার্ত্তস্বরং ঘোরমথ মুক্তং স্ত্রিয়া তদা ॥৬॥
অভিধাবতু মাং কশ্চিৎ পুরুষস্ত্রাতুমেব হি।
পতিং বা মে প্রদিশতু স্বয়ং বা পতিরস্তু মে ॥৭॥
পুরন্দরস্তু তামাহ মা ভৈর্নাস্তি ভয়ং তব।
এবমুক্ত্বা ততোঽপশ্যৎ কেশিনং স্থিতমগ্রতঃ ॥৮॥
কিরীটিনং গদাপাণিং ধাতুমন্তমিবাচলম্।
হস্তে গৃহীত্বা কন্যাং তামথৈনং বাসবোঽব্রবীৎ ॥৯॥ (যুগ্মকম্)
অনার্য্যকর্ম্মন্! কস্মাত্ত্বমিমাং কন্যাং জিহীর্ষসি।
বজ্রিণং মাং বিজানীহি বিরমাস্যাঃ প্রবাধনাৎ ॥১০॥

ভারতকৌমুদী

স ইতি। মানসং নাম। মুক্তং কণ্ঠান্নিঃসারিতম্ ॥৬॥

আর্ত্তস্বরপ্রকারমাহ—অভীতি। ত্রাতুং রক্ষিতুম্। প্রদিশতু উপদিশতু ॥৭॥

পুরেতি। কেশিনং দানবম্। ধাতুমন্তং গৈরিকযুক্তম্। অতএব কিরীটিসাদৃশ্যম্ ॥৮—৯॥

ভারতভাবদীপঃ

ক্রমপ্রাপ্তং "কুমারশ্চ যথোৎপন্নো যথা চাগ্নেঃ সুতোঽভবৎ" ইত্যস্যোত্তরমাহ—"অগ্নীনাং বিবিধা বংশা" ইত্যাদিনা ॥১॥ অদ্ভুতস্যাগ্নেঃ, অদ্ভুতমভিনবম্ ॥২—৫॥ স্ত্রিয়া দেবসেনাভিমানিদেবতয়া ॥৬—৫৬॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৬॥

তাহার পর তিনি এই বিষয়ে গুরুতর চিন্তা করিতে থাকিয়া মানসপর্ব্বতে যাইয়া তখনই কোন স্ত্রীলোকের কণ্ঠনির্গত ভয়ঙ্কর আর্ত্তনাদ শুনিতে পাইলেন—॥৬॥

"কোন পুরুষ আমাকে রক্ষা করিবার জন্য এদিকে দৌড়াইয়া আসুন, আসিয়া আমার পতির বিষয়ে উপদেশ দিন, বা নিজেই পতি হউন" ॥৭॥

তখন দেবরাজ সেই কন্যাটিকে বলিলেন—"তুমি ভীত হইও না, তোমার কোন ভয় নাই"। এইরূপ বলিয়া তিনি দেখিলেন—কিরীটধারী ও গদাপাণি কেশী-দানব সেই কন্যাটীর হস্ত ধারণ করিয়া গৈরিকধাতুযুক্ত পর্ব্বতের ন্যায় সম্মুখে রহিয়াছে। তাহার পর ইন্দ্র তাহাকে বলিলেন—॥৮—৯॥

"নিন্দিতকর্ম্মা দানব। তুমি কেন এই কন্যাটীকে হরণ করিতে ইচ্ছা করিতেছ? তুমি আমাকে বজ্রধারী ইন্দ্র বলিয়া অবগত হও এবং উহার পীড়ন হইতে নিবৃত্তি পাও" ॥১০॥

(৭)…পুরুষস্ত্রাতু চৈব হ। পতিঞ্চ মে—বা ব কা নি।

কেশ্যুবাচ।

বিসৃজস্ব ত্বমেবৈনাং শক্রৈষা প্রার্থিতা ময়া।
ক্ষমং তে জীবতো গন্তুং স্বপুরং পাকশাসন! ॥১১॥
এবমুক্ত্বা গদাং কেশী চিক্ষেপেন্দ্রবধায় বৈ।
তামাপতন্তীং চিচ্ছেদ মধ্যে বজ্রেণ বাসবঃ ॥১২॥
অথাস্য শৈলশিখরং কেশী ক্রুদ্ধো ব্যবাসৃজৎ।
তদাপতন্তং সংপ্রেক্ষ্য শৈলশৃঙ্গং শতক্রতুঃ।
বিভেদ রাজন্! বজ্রেণ ভুবি তন্নিপপাত হ ॥১৩॥
পততা তু তদা কেশী তেন শৃঙ্গেণ তাড়িতঃ।
হিত্বা কন্যাং মহাভাগাং প্রাদ্রবদ্ভৃশপীড়িতঃ ॥১৪॥
অপযাতেঽসুরে তস্মিংস্তাং কন্যাং বাসবোঽব্রবীৎ।
কাসি কস্যাসি কিঞ্চেহ কুরুষে ত্বং শুভাননে! ॥১৫॥

ভারতকৌমুদী

অনার্য্যেতি। জিহীর্ষসি হর্তুমিচ্ছসি। অস্যাঃ কন্যায়াঃ, প্রবাধনাৎ পীড়নাৎ ॥১০॥
বিসৃজস্বেতি। প্রার্থিতা পরিণেতুমিতি শেষঃ। ক্ষমম উচিতম্ ॥১১॥
এবমিতি। আপতন্তীম্ আগচ্ছন্তীম্। মধ্যে মধ্যপথে ॥১২॥
অথেতি। অস্য বাসবস্যোপরি। আপতন্তমাগচ্ছন্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥
পততেতি। হিত্বা ভয়াৎ পরিত্যজ্য। প্রাদ্রবৎ পলায়ত ॥১৪॥

কেশী-দানব বলিল—"ইন্দ্র! তুমিই ইহাকে পরিত্যাগ কর। কেন না, বিবাহ করিবার জন্য আমি উহার নিকট প্রার্থনা করিয়াছি। পাকশাসন! তোমারও জীবিত অবস্থায় আপন নগরে যাওয়া উচিত" ॥১১॥

এই কথা বলিয়াই কেশী-দানব ইন্দ্রকে বধ করিবার জন্য গদা নিক্ষেপ করিল; ইন্দ্রও বজ্রদ্বারা আগমনশীল সেই গদাটাকে মধ্যপথে ছেদন করিলেন ॥১২॥

তাহার পর কেশী-দানব ক্রুদ্ধ হইয়া ইন্দ্রের উপরে একটা পর্ব্বতশৃঙ্গ নিক্ষেপ করিল; তখন ইন্দ্র সেই পর্ব্বতশৃঙ্গটাকে আসিতে দেখিয়া বজ্রদ্বারা সেটাকে বিদীর্ণ করিলেন। রাজা! তখন সেই পর্ব্বতশৃঙ্গটা ভূতলে পতিত হইল ॥১৩॥

সেই পর্ব্বতশৃঙ্গটা ভূতলে পতিত হইতে থাকিয়া কেশী দানবকে তাড়ন করিয়াছিল; তাই কেশী-দানব অত্যন্ত পীড়িত হইয়া সেই কন্যাটাকে পরিত্যাগ করিয়া পলায়ন করিল ॥১৪॥

---

(১৫) শ্লোকাৎ পরং কতিপয়পুস্তকে অধ্যায়সমাপ্তির্দৃশ্যতে।

কন্যোবাচ।

অহং প্রজাপতেঃ কন্যা দেবসেনেতি বিশ্রুতা।
ভগিনী মে দৈত্যসেনা সা পূর্ব্বং কেশিনা হৃতা ॥১৬॥
সদৈবাবাং ভগিন্যৌ তু সখীভিঃ সহ মানসম্।
আগচ্ছাবেহ রত্যর্থমনুজ্ঞাপ্য প্রজাপতিম্ ॥১৭॥
নিত্যঞ্চাবাং প্রার্থয়তে হর্ত্তুং কেশী মহাসুরঃ।
ইচ্ছত্যেনং দৈত্যসেনা ন চাহং পাকশাসন! ॥১৮॥
সা হৃতানেন ভগবন্! মুক্তাহং ত্বদ্বলেন তু।
ত্বয়া দেবেন্দ্র! নির্দ্দিষ্টং পতিমিচ্ছামি দুর্জ্জয়ম্ ॥১৯॥

ইন্দ্র উবাচ।

মম মাতৃষ্বসেয়ী ত্বং মাতা দাক্ষায়ণী মম।
আখ্যাতং ত্বহামিচ্ছামি স্বয়মাত্মবলং ত্বয়া ॥২০॥

ভারতকৌমুদী

অপেতি। অপযাতে পলায়িতে। বাসব ইন্দ্রঃ। কস্যেতি স্বামিপ্রশ্নঃ ॥১৫॥
অহমিতি। কন্যেত্যনেন প্রার্থিতত্বমাত্মনঃ সূচিতম্ ॥১৬॥
সদেতি। মানসং নামেমং পর্ব্বতম্। রত্যর্থং সামোদবিচরণার্থম্ ॥১৭॥
নিত্যমিতি। এনং কেশিনম্। ন চ ন তু অহমিচ্ছামীতি শেষঃ ॥১৮॥
সেতি। সা দৈত্যসেনা, অনেন কেশিনা। মুক্তা কেশিনা ত্যক্তা ॥১৯॥

কেশী-দানব পলায়ন করিলে, ইন্দ্র সেই কন্যাটীকে বলিলেন—"কল্যাণি! তুমি কে? কাহার? এবং এখানেই বা কি করিতেছিলে?" ॥১৫॥

কন্যাটী বলিল—"আমি প্রজাপতির কন্যা, আমার নাম—'দেবসেনা' এবং 'দৈত্যসেনা'-নামে আমার একটী ভগিনী আছে, তাহাকে কেশী-দানব হরণ করিয়া নিয়াছে ॥১৬॥

আমরা দুই ভগিনী অন্যান্য সখীদের সহিত মিলিত হইয়া, পিতা প্রজাপতির অনুমতি লইয়া, আমোদের সহিত বিচরণ করিবার জন্য সর্ব্বদাই এই মানসপর্ব্বতে আসিতাম ॥১৭॥

মহাসুর কেশীও প্রত্যহই আমাদের প্রার্থনা করিত; তাহাতে দৈত্যসেনা উহাকে ইচ্ছা করিয়াছিল; কিন্তু আমি ইচ্ছা করি নাই ॥১৮॥

দেবরাজ! সেই জন্যই কেশী-দানব দৈত্যসেনাকে হরণ করিয়া নিয়াছে, আর আপনার শক্তির প্রভাবে আমাকে ছাড়িয়া দিয়াছে। এখন আমি আপনার নির্দ্দেশক্রমে অজেয় পতি-লাভ করিতে ইচ্ছা করি" ॥১৯॥

কন্যোবাচ।

অবলাহং মহাবাহো! পতিস্তু বলবান্ মম।
বরদানাৎ পিতুর্ভাবী সুরাসুরনমস্কৃতঃ ॥২১॥

ইন্দ্র উবাচ।

কীদৃশন্তু বলং দেবি! পত্যুস্তব ভবিষ্যতি।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং তব বাক্যমনিন্দিতে! ॥২২॥

কন্যোবাচ।

দেবদানবযক্ষাণাং কিন্নরোরগরক্ষসাম্।
জেতা যো দুষ্টদৈত্যানাং মহাবীর্য্যো মহাবলঃ ॥২৩॥
যস্তু ভূতানি সর্ব্বাণি ত্বয়া সহ বিজেষ্যতি।
স হি মে ভবিতা ভর্ত্তা ব্রহ্মণ্যঃ কীর্ত্তিবর্দ্ধনঃ ॥২৪॥ (যুগ্মকম্)

মার্কণ্ডেয় উবাচ।

ইন্দ্রস্তস্যা বচঃ শ্রুত্বা দুঃখিতোঽচিন্তয়দ্ভৃশম্।
অস্যা দেব্যাঃ পতির্নাস্তি যাদৃশং সম্প্রভাষতে ॥২৫॥

ভারতকৌমুদী

মমেতি। মাতৃষ্বসেয়ী মাতৃষ্বসুঃ কন্যা। দাক্ষায়ণী দক্ষসুতা অদিতিঃ ॥২০॥

অবলেতি। পিতুর্বরদানাৎ বলবান্ সুরাসুরনমস্কৃতশ্চ মম পতির্ভাবীতি সম্বন্ধঃ ॥২১॥

তস্য স্বসেনাপতিপদযোগ্যতা স্যান্ন বেতি বিভাব্য পৃচ্ছতি—কীদৃশমিতি। এতৎ এতদ্বিষয়কম্ ॥২২॥

দেবেতি। বীর্য্যং মানসিকী শক্তিঃ, বলঞ্চ দৈহিকী শক্তিরিত্যুভয়োর্ভেদঃ। ত্বয়া সহ মিলিত্বা। ব্রহ্মভ্যো বেদেভ্যো হিত ইতি ব্রহ্মণ্যঃ, কীর্ত্তিবর্দ্ধনো দেবানাম্ ॥২৩—২৪॥

ইন্দ্র বলিলেন—"ভদ্রে! তুমি আমার মাসীর মেয়ে; আমার মাতা অদিতি। আমি ইচ্ছা করি যে, তুমি নিজেই তোমার বলের পরিচয় দাও" ॥২০॥

কন্যাটী বলিল—"মহাবাহু! আমি অবলা; কিন্তু পিতার বরপ্রভাবে বলবান্ ও দেবাসুরনমস্কৃত কোন পুরুষ আমার পতি হইবেন" ॥২১॥

ইন্দ্র বলিলেন—"দেবি! অনিন্দিতে! তোমার পতির কিপ্রকার বল হইবে, এই বিষয়ে আমি তোমার বাক্য শুনিতে ইচ্ছা করি" ॥২২॥

কন্যাটী বলিল—"দেব, দানব, যক্ষ, রাক্ষস, কিন্নর, নাগ ও দুষ্ট দৈত্যগণকে যিনি জয় করিবেন, যাঁহার মানসিক বল ও দৈহিক বল অসাধারণ হইবে এবং যিনি আপনার সহিত মিলিত হইয়া সমস্ত প্রাণীকে জয় করিবেন, বেদের হিতকারী ও দেবগণের কীর্ত্তিবর্দ্ধক সেই পুরুষই আমার পতি হইবেন" ॥২৩—২৪॥

অথাপশ্যৎ স উদয়ে ভাস্করং ভাস্করদ্যুতিঃ।
সোমঞ্চৈব মহাভাগং বিশমানং দিবাকরম্ ॥২৬॥
অমাবাস্যাং প্রবৃত্তায়াং মুহূর্ত্তে রৌদ্র এব চ।
দেবাসুরঞ্চ সংগ্রামং সোঽপশ্যদুদয়ে গিরৌ ॥২৭॥
লোহিতৈশ্চ ঘনৈর্যুক্তাং পূর্ব্বাং সন্ধ্যাং শতক্রতুঃ।
অপশ্যল্লোহিতোদঞ্চ ভগবান্ বরুণালয়ম্ ॥২৮॥
ভৃগুভিশ্চাঙ্গিরোভিশ্চ হুতং মন্ত্রৈঃ পৃথগ্বিধৈঃ।
হব্যং গৃহীত্বা বহ্নিঞ্চ প্রবিশন্তং দিবাকরম্ ॥২৯॥
পর্ব্ব চৈব চতুর্ব্বিংশং তদা সূর্য্যমুপস্থিতম্।
তথা ধর্ম্মগতং রৌদ্রং সোমং সূর্য্যগতঞ্চ তম্ ॥৩০॥ (বিশেষকম্)

ভাবদ্যোতকৌমুদী

ইন্দ্র ইতি। তদানীং তাদৃশস্য পুরুষস্যাভাবনিশ্চয়াদেব দুঃখিত ইতি ভাবঃ ॥২৫॥

অথেতি। উদয়ে পর্ব্বতে। ভাস্করদ্যুতিঃ স ইন্দ্রঃ। দিবাকরং বিশমানং রাশিচক্রে সাকল্যেন রবেরধস্তাদ্গচ্ছন্তম্, "সূর্য্যাচন্দ্রমসোর্যঃ পরঃ সন্নিকর্ষঃ সাঽমাবাস্যা" ইতি গোভিলসূত্রেণামাবাস্যায়াং সূর্য্যাচন্দ্রমসোরেকরাশ্যেকাংশাবচ্ছেদেনাবস্থাননিয়মাৎ ॥২৬॥

অতএবাহ—অমেতি। অমাবাস্যাম্ অমাবাস্যায়াম্। রৌদ্রে ব্রাহ্মমুহূর্ত্তাৎ পরবর্ত্তি রৌদ্রনামকে। দেবাসুরং তদুভয়সম্বন্ধিনম্, স ইন্দ্রঃ অপশ্যৎ সম্ভাবিতবান্ ॥২৭॥

লোহিতৈরিতি। ঘনৈর্মেঘৈঃ। পূর্ব্বাং সন্ধ্যাং প্রাতঃসন্ধ্যাম্। লোহিতানি লোহিতমেঘচ্ছায়াপাতাৎ রক্তবর্ণানি উদকানি যস্য তম্, বরুণালয়ং পূর্ব্বসমুদ্রম্। "প্রাতর্বাগ্নিঃ সূর্য্যমনুপ্রবিশতি" ইতি শাস্ত্রবহ্নিঞ্চ দিবাকরং প্রবিশন্তমিত্যুক্তম্। পূর্ব্বং যস্মিন্ অমাবস্যারূপে পর্ব্বণি দেবাসুরাণাং যুদ্ধং বৃত্তম্, তদবধি ইদং চতুর্ব্বিংশং পর্ব্ব অমাবস্যা, সূর্য্য-

---

মার্কণ্ডেয় বলিলেন—"ইন্দ্র কন্যাটীর সেই কথা শুনিয়া অত্যন্ত দুঃখিত হইয়া চিন্তা করিলেন যে, এ—যেরূপ বলিতেছে, তাহাতে উহার পতি জগতে নাই (বলিয়াই আমার ধারণা হইতেছে।) ॥২৫॥

তাহার পর সূর্য্যতুল্যতেজস্বী ইন্দ্র উদয়পর্ব্বতের দিকে দৃষ্টিপাত করিয়া দেখিলেন—সূর্য্য উঠিতেছেন এবং মহাভাগ চন্দ্র সেই সূর্য্যমণ্ডলে প্রবেশ করিতেছেন ॥২৬॥

এবং তিনি সম্ভাবনা করিলেন যে, অমাবস্যা আরম্ভ হইলে রৌদ্রমুহূর্ত্তে উদয়পর্ব্বতে দেবাসুরের যুদ্ধ হইবে ॥২৭॥

তিনি আরও দেখিলেন যে, পূর্ব্বদিগ্বর্ত্তিনী প্রাতঃসন্ধ্যা রক্তবর্ণমেঘযুক্ত হইয়াছে, তাহাতে পূর্ব্বসমুদ্রের জলরাশিও রক্তবর্ণ হইয়া গিয়াছে; আর ভৃগু ও অঙ্গিরাপ্রভৃতির বংশধরেরা নানাবিধ মন্ত্র পাঠ করিয়া অগ্নিতে আহুতি

সমালোক্যৈকতামেবং শশিনো ভাস্করস্য চ।
সমবায়ন্তু তং দৃষ্ট্বা রৌদ্রং শক্রোঽন্বচিন্তয়ৎ ॥৩১॥
সূর্য্যাচন্দ্রমসোর্ঘোরং দৃশ্যতে পরিবেশনম্।
এতস্মিন্নেব রাত্র্যন্তে মহদ্‌যুদ্ধন্তু শংসতি ॥৩২॥
সরিৎ সিন্ধুরপীয়ন্তু প্রত্যস্যগ্‌বাহিনী ভৃশম্।
শৃগালিন্যপ্যগ্নিবক্ত্রা প্রত্যাদিত্যং বিরাবিণী ॥৩৩॥
এষ রৌদ্রশ্চ সংঘাতো মহান্ যুক্তশ্চ তেজসা।
সোমস্য বহ্নিসূর্য্যাভ্যামদ্ভুতোঽয়ং সমাগমঃ ॥৩৪॥
জনয়েদ্‌যং সুতং সোমঃ সোঽস্যা দেব্যাঃ পতির্ভবেৎ।
অগ্নিশ্চৈতৈর্গুণৈর্যুক্তঃ সর্ব্বৈরগ্নিশ্চ দেবতা ॥৩৫॥

ভারতকৌমুদী

মুপস্থিতং প্রাপ্তম্ একো বৎসরঃ পূর্ণ ইত্যর্থঃ। ধর্ম্মগতং হোমসন্ধ্যাদিধর্ম্মকার্য্যপ্রাপ্তং রৌদ্রং মুহূর্ত্তম্, সূর্য্যগতং প্রাগুক্তরীত্যা সূর্য্যপ্রবিষ্টং সোমঞ্চ শতক্রতুরপশ্যদিতি সম্বন্ধঃ ॥২৮—৩০॥

সমেতি। একতাং রাশ্যেকাংশে স্থিতিম্। সমবায়ং সম্মেলনম্ ॥৩১॥

সূর্য্যেতি। পরিবেশনং পরিধিঃ। শংসতি সূচয়তি, এতৎপরিবেশনমেব ॥৩২॥

সরিদিতি। সিন্ধুর্নাম। প্রতি প্রতিকূলভাবেন। অগ্নিবক্ত্রা অগ্নিবদ্রক্তমুখী ॥৩৩॥

এষ ইতি। রৌদ্রো রৌদ্রমুহূর্ত্তসম্বন্ধী, সংঘাতঃ সমবায়ঃ ॥৩৪॥

জনয়েদিতি। অস্মিন্ মুহূর্ত্ত ইতি শেষঃ। অগ্নিশ্চ এতৈঃ সর্ব্বৈর্গুণৈঃ যোগনিবন্ধনোৎ-

---

দিতেছেন, অগ্নিও সেই হব্য গ্রহণ করিয়া সূর্য্যের ভিতরে প্রবেশ করিতেছেন; আর পূর্ব্বে যে অমাবস্যাতে দেবাসুরযুদ্ধ হইয়াছিল, তাহা হইতে চতুর্ব্বিংশ পর্ব্ব (অমাবস্যা) সূর্য্যের নিকট উপস্থিত হইয়াছে, ধর্ম্মানুষ্ঠানের সময় রৌদ্রমুহূর্ত্তও আসিয়া পড়িয়াছে এবং চন্দ্রও সূর্য্যের ভিতরে প্রবেশ করিয়াছেন ॥২৮—৩০॥

চন্দ্র ও সূর্য্যের এইরূপ একরাশিতে অবস্থান এবং রৌদ্রমুহূর্ত্তে সেইরূপ সম্মেলন দেখিয়া দেবরাজ চিন্তা করিলেন ॥৩১॥

চন্দ্র ও সূর্য্যের ভয়ঙ্কর পরিবেশ (পরিবেষ্টক মণ্ডল) দেখা যাইতেছে; সুতরাং ইহা এই রাত্রিশেষেই মহাযুদ্ধের সূচনা করিতেছে ॥৩২॥

এই সিন্ধুনদীও অত্যন্ত প্রতিকূলভাবে রক্তপ্রবাহ বহন করিতেছে এবং রক্তমুখী শৃগালীও সূর্য্যের অভিমুখে থাকিয়া চীৎকার করিতেছে ॥৩৩॥

রৌদ্রমুহূর্ত্তে এই সম্মেলনটাও মেঘের আলোকে আলোকিত হইয়াছে এবং অগ্নি ও সূর্য্যের সহিত চন্দ্রের এই সমাগমটাও অদ্ভুতই দেখা যাইতেছে ॥৩৪॥

এই সময়ে চন্দ্র যে পুত্র উৎপাদন করিবেন, সেই পুত্রই এই দেবীর পতি

এষ চেজ্জনয়েদ্‌গর্ভং সোঽস্যা দেব্যাঃ পতির্ভবেৎ।
এবং সঞ্চিন্ত্য ভগবান্ ব্রহ্মলোকং তদা গতঃ ॥৩৬॥ (যুগ্মকম্)
গৃহীত্বা দেবসেনাং তামবন্দৎ স পিতামহম্।
উবাচ চাস্যা দেব্যাস্ত্বং সাধু শূরং পতিং দিশ ॥৩৭॥

ব্রহ্মোবাচ।

যথৈতচ্চিন্তিতং কার্য্যং ত্বয়া দানবসূদন!।
তথা স ভবিতা গর্ভো বলবানুরুবিক্রমঃ ॥৩৮॥
স ভবিষ্যতি সেনানীস্ত্বয়া সহ শতক্রতো!।
অস্যা দেব্যাঃ পতিশ্চৈব স ভবিষ্যতি বীর্য্যবান্ ॥৩৯॥
এতচ্ছ্রুত্বা নমস্তস্মৈ কৃত্বাসৌ সহ কন্যয়া।
তত্রাভ্যগচ্ছদ্দেবেন্দ্রো যত্র দেবর্ষয়োঽভবন্।
বশিষ্ঠপ্রমুখা মুখ্যা বিপ্রেন্দ্রাঃ সুমহাবলাঃ ॥৪০॥

ভারতকৌমুদী

কর্ষৈর্যুক্তো বর্ত্ততে। দেবত এব অগ্নিশ্চ চেদ্‌গর্ভং জনয়েদিতি সম্বন্ধঃ ভগবানিন্দ্রঃ গতো দেবসেনয়া সহেত্যর্থঃ ॥৩৫—৩৬॥

গৃহীত্বেতি। সাধু সম্যক্, শূরং বীরং পতিম্, দিশ উপদিশ ব্রূহীতি যাবৎ ॥৩৭॥

যথেতি। উরুবিক্রমো মহাপরাক্রমঃ। অগ্নেরেব তাদৃশঃ পুত্রো ভবিতেত্যর্থঃ ॥৩৮॥

স ইতি। সেনানীর্দেবসেনাপতিঃ ॥৩৯॥

এতদিতি। কন্যয়া দেবসেনয়া। অভবন্ অতিষ্ঠন্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

হইবেন, কিংবা অগ্নিও এই সকল গুণযুক্ত রহিয়াছেন; সুতরাং এই অগ্নিদেবও যে পুত্র উৎপাদন করিবেন, সেই পুত্রও এই দেবীর পতি হইতে পারেন—এইরূপ চিন্তা করিয়া ভগবান্ ইন্দ্র দেবসেনাকে লইয়া তখনই ব্রহ্মলোকে গমন করিলেন ॥৩৫—৩৬॥

এবং তিনি দেবসেনার হস্ত ধারণ করিয়া ব্রহ্মাকে নমস্কার করিলেন ও বলিলেন —"ভগবন্। কোন্ বীর পুরুষ এই কন্যাটীর পতি হইবেন, তাহা আপনি ঠিক করিয়া বলুন" ॥৩৭॥

ব্রহ্মা বলিলেন "দানবসূদন! তুমি এই ব্যাপারটা যেরূপ ভাবিয়াছ, সেই-রূপেই বলবান্ ও মহাবিক্রমশালী সেই পুত্র জন্মিবে ॥৩৮॥

এবং ইন্দ্র। সেই পুরুষ তোমার সহিত দেবসেনার নায়ক হইবে; আর সেই বীর্য্যবান্ পুরুষই এই কন্যাটীরও পতি হইবে" ॥৩৯॥

দেবরাজ এই কথা শুনিয়া ব্রহ্মাকে নমস্কার করিয়া সেই কন্যাটীর সহিত

ভাগার্থং তপসোপাত্তং তেষাং সোমং তথাধ্বরে।
পিপাসবো যযুর্দেবাঃ শতক্রতুপুরোগমাঃ ॥৪১॥
ইষ্টিং কৃত্বা যথান্যায়ং সুসমিদ্ধে হুতাশনে।
জুহুবুস্তে মহাত্মানো হব্যং সর্ব্বদিবৌকসাম্ ॥৪২॥
সমাহূতো হুতবহঃ সোঽদ্ভুতঃ সূর্য্যমণ্ডলাৎ।
বিনিঃসৃত্য যযৌ বহ্নির্বাগ্‌যতো বিধিবৎ প্রভুঃ ॥৪৩॥
আগম্যাহবনীয়ং বৈ তৈর্দ্বিজৈর্মন্ত্রতো হুতম্।
স তত্র বিবিধং হব্যং প্রতিগৃহ্য হুতাশনঃ।
ঋষিভ্যো ভরতশ্রেষ্ঠ! প্রাযচ্ছত দিবৌকসাম্ ॥৪৪॥
নিষ্ক্রামংশ্চাপ্যপশ্যৎ স পত্নীস্তেষাং মহাত্মনাম্।
স্বেম্বাসনেষূপবিষ্টাঃ স্বপন্তীশ্চ যথাসুখম্ ॥৪৫॥

ভারতকৌমুদী

ভাগেতি। শতক্রতুপুরোগমা ইন্দ্রপ্রভৃতয়ো দেবাঃ, তেষাং দেবর্ষীণামধ্বরে, ভাগার্থং দেবেষেব বণ্টনার্থম্, তপসা উপাত্তং সংগৃহীতম্, সোমং রসং পিপাসবঃ সন্তো যযুঃ ॥৪১॥

ইষ্টিমিতি। ইষ্টিং দীক্ষণীয়যাগম্। সর্ব্বদিবৌকসাম্ উদ্দেশে ইতি শেষঃ ॥৪২॥

সমিতি। প্রাক্ সূর্য্যমণ্ডলে প্রবেশস্যোক্তত্বাদত্র বিনিঃসৃত্যেত্যুক্তিঃ সঙ্গচ্ছতে ॥৪৩॥

আগম্যেতি। আহবনীয়ং নাম স্বমূর্ত্তিবিশেষম্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৪৪॥

সেইখানে আগমন করিলেন, যেখানে বশিষ্ঠপ্রভৃতি মহাপ্রভাবসম্পন্ন ব্রাহ্মণশ্রেষ্ঠগণ অবস্থান করিতেছিলেন ॥৪০॥

দেবগণকেই ভাগ করিয়া দিবার জন্য তপোবলে যে সোমরস সংগৃহীত হইয়াছিল, সেই সোমরস পান করিবার ইচ্ছায় ইন্দ্রপ্রভৃতি দেবতারা সেই ঋষিদের যজ্ঞে আগমন করিলেন ॥৪১॥

এদিকে মহাত্মা দেবর্ষিরা যথানিয়মে প্রাথমিক যাগ করিয়া সকল দেবতার উদ্দেশে প্রজ্বলিত অগ্নিতে হব্যের আহুতি দিতে লাগিলেন ॥৪২॥

মুনিরা যথাবিধানে আহ্বান করিলে, হব্যবাহী ও অদ্ভুত মূর্ত্তি অগ্নিদেব সূর্য্যমণ্ডল হইতে নির্গত হইয়া নীরবে আগমন করিলেন ॥৪৩॥

তিনি আসিয়া আহবনীয় অগ্নিতে অধিষ্ঠিত হইয়া—সেই ঋষিরা মন্ত্রোচ্চারণপূর্ব্বক যে নানাবিধ হব্যের আহুতি দিয়াছিলেন, তাহা তাঁহাদের নিকট হইতে গ্রহণ করিয়া দেবগণকে সমর্পণ করিলেন ॥৪৪॥

তাহার পর অগ্নিদেব হোমকুণ্ড হইতে নির্গত হইয়া দেখিলেন—সেই

রুক্মবেদিনিভাস্তাস্তু চন্দ্রলেখা ইবামলাঃ।
হুতাশনার্চ্চিঃপ্রতিমাঃ সর্ব্বাস্তারা ইবাদ্ভুতাঃ ॥৪৬॥ (যুগ্মকম্)
স তদ্গতেন মনসা বভূব ক্ষুভিতেন্দ্রিয়ঃ।
পত্নীর্দৃষ্ট্বা দ্বিজেন্দ্রাণাং বহ্নিঃ কামবশং যযৌ ॥৪৭॥
ভূয়ঃ স চিন্তয়ামাস ন ন্যায্যং ক্ষুভিতো হ্যহম্।
সাধ্ব্যঃ পত্ন্যো দ্বিজেন্দ্রাণামকামাঃ কাময়াম্যহম্ ॥৪৮॥
নৈতাঃ শক্যা ময়া স্প্রষ্টুং দ্রষ্টুং বাপ্যনিমিত্ততঃ।
গার্হপত্যং সমাবিশ্য তস্মাৎ পশ্যাম্যভীক্ষ্ণশঃ ॥৪৯॥

মার্কণ্ডেয় উবাচ।

সংস্পৃশন্নিব সর্ব্বাস্তাঃ শিখাভিঃ কাঞ্চনপ্রভাঃ।
পশ্যমানশ্চ মুমুদে গার্হপত্যং সমাশ্রিতঃ ॥৫০॥

ভারতকৌমুদী

নিরিতি। নিষ্ক্রামন্ হোমকুণ্ডাৎ। স্বপন্তীঃ কাশ্চিৎ শয়ানাঃ। রুক্মং স্বর্ণম্ ॥৪৫—৪৬॥
স ইতি। তদ্গতেন দেবর্ষিপত্নীগতেন। ক্ষুভিতেন্দ্রিয়শ্চঞ্চলেন্দ্রিয়ঃ ॥৪৭॥
ভূয় ইতি। অন্যায্যত্বং প্রতি হেতুমাহ—সাধ্ব্য ইত্যাদিনা ॥৪৮॥
নেতি। অনিমিত্তত আসাং কামোদ্রেকরূপং কারণং বিনা। গার্হপত্যং স্বমূর্ত্তিভেদম্ ॥৪৯॥
সমিতি। তা দেবর্ষিণাং পত্নীঃ, শিখাভিঃ হস্তৈরিব স্বার্চ্চিভিঃ ॥৫০॥

মহাত্মা ঋষিগণের পত্নীদের মধ্যে অনেকে আপন আপন আসনে উপবিষ্ট রহিয়াছেন, আবার অনেকে যথাসুখে শয়ন করিয়া আছেন। তাঁহারা সকলেই স্বর্ণবেদির ন্যায় পীতবর্ণ, চন্দ্রলেখার ন্যায় নির্ম্মলমূর্ত্তি, অগ্নিশিখার ন্যায় উজ্জ্বলকান্তি এবং তারাদেবীর ন্যায় অদ্ভুত সুন্দরী ছিলেন ॥৪৫—৪৬॥

অগ্নিদেব তদ্গত চিত্তে সেই ঋষিপত্নীদিগকে দেখিয়া চঞ্চলচিত্ত ও কামার্ত্ত হইয়া পড়িলেন ॥৪৭॥

তখন আবার তিনি চিন্তা করিলেন—'আমি যে চঞ্চল হইয়াছি, ইহা সঙ্গত নহে। কারণ, সাধ্বী ঋষিপত্নীরা কামুকী হন নাই, অথচ আমি ইঁহাদিগকে কামনা করিতেছি ॥৪৮॥

ইঁহাদের কামোদ্রেক ব্যতীত আমি এইভাবে ইঁহাদিগকে স্পর্শ করিতে কিংবা দেখিতেও পারি না; অতএব গার্হপত্য অগ্নিতে প্রবেশ করিয়া বার বার ইঁহাদিগকে দর্শন করি'" ॥৪৯॥

মার্কণ্ডেয় বলিলেন—"তাহার পর অগ্নিদেব গার্হপত্য অগ্নিতে প্রবেশ করিয়া সেই স্বর্ণবর্ণা ঋষিপত্নীদিগকে দেখিতে থাকিয়া এবং শিখাদ্বারাই যেন তাঁহাদিগকে স্পর্শ করিতে থাকিয়া আমোদ অনুভব করিতে লাগিলেন ॥৫০॥

নিরুষ্য তত্র সুচিরমেবং বহ্নির্বশং গতঃ।
মনস্তাসু বিনিক্ষিপ্য কাময়ানো বরাঙ্গনাঃ ॥৫১॥
কামসন্তপ্তহৃদয়ো দেহত্যাগবিনিশ্চিতঃ।
অলাভে ব্রাহ্মণস্ত্রীণামগ্নির্বনমুপাগমৎ ॥৫২॥
স্বাহা তং দক্ষদুহিতা প্রথমং কাময়ত্তদা।
সা তস্য চ্ছিদ্রমন্বৈচ্ছচ্চিরাৎ প্রভৃতি ভাবিনী ॥৫৩॥
অপ্রমত্তস্য দেবস্য ন চাপশ্যদনিন্দিতা।
সা তং জ্ঞাত্বা যথাবত্তু বহ্নিং বনমুপাগতম্ ॥৫৪॥
ততস্ততঃ কামসন্তপ্তং চিন্তয়ামাস ভাবিনী।
অহং সপ্তর্ষিপত্নীনাং কৃত্বা রূপাণি পাবকম্ ॥৫৫॥
কাময়িষ্যামি কামার্ত্তা তাসাং রূপেণ মোহিতম্।
এবং কৃতে প্রীতিরস্য কামাবাপ্তিশ্চ মে ভবেৎ ॥৫৬॥ (বিশেষকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াম আঙ্গিরসোপাখ্যানে ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নিরিতি। নিরুষ্য অবস্থায়, তত্র গার্হপত্যেঽগ্নৌ, বশং কামস্য ॥৫১॥

কামেতি। তাসাং ব্রাহ্মণস্ত্রীণামলাভে, দেহত্যাগে বিনিশ্চিতঃ কৃতনিশ্চয়ঃ ॥৫২॥

স্বাহেতি। প্রথমং বহ্নেঃ কামাবির্ভাবাদাদিত এব, কাময়দকাময়ৎ ॥৫৩॥

অপ্রেতি। অপ্রমত্তস্য ধৈর্য্যরক্ষায়াং সাবধানস্য, দেবস্য বহ্নেঃ, ন চাপশ্যৎ কামচ্ছিদ্রমিতি শেষঃ। সা স্বাহা। চিন্তাপ্রকারমাহ—অহমিতি। অস্য বহ্নেঃ ॥৫৪—৫৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

এইভাবে অগ্নিদেব সেই গার্হপত্য অগ্নিতে দীর্ঘকাল থাকিয়া সেই ঋষিপত্নীদের প্রতি চিত্ত সমর্পণপূর্ব্বক তাঁহাদিগকে কামনা করিয়া একেবারে কামের বশীভূত হইলেন ॥৫১॥

ক্রমে কামসন্তপ্তচিত্ত অগ্নিদেব সেই ব্রাহ্মণপত্নীদিগকে না পাওয়ায় দেহত্যাগে কৃতনিশ্চয় হইয়া বনে গমন করিলেন ॥৫২॥

এদিকে দক্ষকন্যা স্বাহাদেবী পূর্ব্ব হইতেই অগ্নিদেবকে কামনা করিয়া দীর্ঘকাল ধরিয়াই তাঁহার ছিদ্রান্বেষণ করিতেছিলেন ॥৫৩॥

কিন্তু অগ্নিদেব সাবধান ছিলেন বলিয়া অনিন্দ্যসুন্দরী স্বাহাদেবী তাঁহার

* '...ঊনবিংশত্যধিক দ্বিশততমঃ...'—পি, '...ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...চতুর্বিংশত্যধিকদ্বিশততমঃ...'—কা, '...ষড়্বিংশত্যধিকদ্বিশততমঃ...'—নি।

সপ্তাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

শিবা ভার্য্যা ত্বঙ্গিরসঃ শীলরূপগুণান্বিতা।
তস্যাঃ সা প্রথমং রূপং কৃত্বা দেবী জনাধিপ ! ।
জগাম পাবকাভ্যাসং তঞ্চোবাচ বরাঙ্গনা ॥১॥
মামগ্নে ! কামসন্তপ্তাং ত্বং কাময়িতুমর্হসি।
করিষ্যসি ন চেদেবং মৃতাং মামুপধারয় ॥২॥
অহমঙ্গিরসো ভার্য্যা শিবা নাম হুতাশন ! ।
শিষ্টাভিঃ প্রহিতা প্রাপ্তা মন্ত্রয়িত্বা বিনিশ্চয়ম্ ॥৩॥

ভারতকৌমুদী

শিবেতি। শিবা নাম। সা স্বাহা। পাবকাভ্যাসং বনে অগ্নিসমীপম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥
মামিতি। উপধারয় নিশ্চিনু, ত্বৎসঙ্গমাভাবে মরিষ্যাম্যেবেত্যর্থঃ ॥২॥

ভাবভাবদীপঃ

শিবেতি ॥১—৩৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৭॥

ছিদ্র দেখিতে পান নাই ; পরন্তু তৎকালে অগ্নিদেবকে যথার্থভাবে বনগত জানিতে পারিয়া যথার্থরূপেই তাঁহাকে কামসন্তপ্ত বলিয়া মনে করিলেন এবং এইরূপ ভাবিতে লাগিলেন যে, আমি কামার্ত্তা, সুতরাং আমি সপ্তর্ষিপত্নীগণের রূপ ধারণ করিয়া তাঁহাদের রূপে মোহিত অগ্নিদেবকে কামনা করিব। এইরূপ করিলে উঁহারও সন্তোষ জন্মিবে এবং আমারও কামফল লাভ হইবে” ॥৫৪—৫৬॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—“রাজা ! চরিত্র, রূপ ও অন্যান্য গুণসমন্বিতা ‘শিবা’-নাম্নী অঙ্গিরার ভার্য্যা ছিলেন ; স্বাহাদেবী প্রথমেই তাঁহার রূপ ধারণ করিয়া বনে অগ্নির নিকটে আগমন করিলেন এবং সেই সুন্দরী অগ্নিকে বলিলেন—॥১॥

“অগ্নিদেব ! আমি কামসন্তপ্তা ; সুতরাং আপনি আমার সহিত সঙ্গম করুন ; আপনি যদি এরূপ না করেন, তবে আমাকে মৃত বলিয়াই নিশ্চয় করুন ॥২॥

অগ্নিরুবাচ।

কথং মাং ত্বং বিজানীষে কামার্ত্তমিতরাঃ কথম্।
যাস্ত্বয়া কীর্ত্তিতাঃ সর্ব্বাঃ সপ্তর্ষীণাং প্রিয়াঃ স্ত্রিয়ঃ ॥৪॥

শিবোবাচ।

অস্মাকং ত্বং প্রিয়ো নিত্যং বিভীমস্তু বয়ং তব।
ত্বচ্চিত্তমিঙ্গিতৈর্জ্ঞাত্বা প্রেষিতাস্মি তবান্তিকম্ ॥৫॥
মৈথুনায়েহ সম্প্রাপ্তা কামং প্রাপ্তুং দ্রুতং চর।
যাময়ো মাং প্রতীক্ষন্তে গমিষ্যামি হুতাশন! ॥৬॥

মার্কণ্ডেয় উবাচ।

ততোঽগ্নিরুপযেমে তাং শিবাং প্রীতিমুদাযুতঃ।
প্রীত্যা দেবী সমাযুক্তা শুক্রং জগ্রাহ পাণিনা ॥৭॥

ভারতকৌমুদী

অহমিতি। শিষ্টাভির্মুনিপত্নীভিঃ। প্রাপ্তা অত্রাগতা, বিনিশ্চয়ং কার্য্যস্য ॥৩॥
কথমিতি। ইতরা মুনিপত্ন্যো বা কথং বিজানন্তীতি শেষঃ ॥৪॥
অস্মাকমিতি। তব প্রত্যাখ্যানাৎ বিভীমো ভীতা ভবামঃ। চিত্তং চিত্তবৃত্তিম্ ॥৫॥
মৈথুনায়েতি। চর মামারোহ। যাময়ো ভগিন্যঃ "যামিঃ স্বসৃকুলস্ত্রিয়োঃ" ইত্যমরঃ ॥৬॥
তত ইতি। উপযেমে গান্ধর্ব্ববিধানেন সঙ্গম্য পরিণিনায়, শিবাম্ অঙ্গিরোভার্য্যাশিবা-

হুতাশন! আমি অঙ্গিরার ভার্য্যা, আমার নাম—'শিবা'; মুনিপত্নীরা আমাকে পাঠাইয়াছেন, আমিও আমার কর্ত্তব্যবিষয়ে স্থির পরামর্শ করিয়া আপনার নিকট উপস্থিত হইয়াছি" ॥৩॥

অগ্নি বলিলেন—"তুমি আমাকে কামার্ত্ত বলিয়া কিপ্রকার জানিলে? এবং তুমি যে সকল সপ্তর্ষিপত্নীর কথা বলিলে, তাঁহারাই বা আমাকে কামার্ত্ত বলিয়া কিপ্রকারে জানিলেন?" ॥৪॥

শিবা বলিলেন—"অগ্নিদেব! আপনি সর্ব্বদাই আমাদের প্রিয়; কিন্তু আমরা আপনার প্রত্যাখ্যানের ভয় করিতাম। তা'র পর ঋষিপত্নীরা আপনার ইঙ্গিতে আপনার মনের ভাব জানিতে পারিয়া আমাকে আপনার নিকট পাঠাইয়া দিয়াছেন ॥৫॥

হুতাশন! আমি মৈথুনের জন্যই এখানে আসিয়াছি; অতএব আপনি কামফল লাভ করিবার জন্য সত্বর প্রবৃত্ত হউন। কেন না, ভগিনীরা আমার প্রতীক্ষা করিতেছেন; সুতরাং আমিও সত্বরই যাইব" ॥৬॥

(৬)…জাময়ো মাম্—নি, যাতরো মাম্—পি।

ব্যচিন্তয়ন্মমেদং যে রূপং দ্রক্ষ্যন্তি কাননে।
তে ব্রাহ্মণীনামনৃতং দোষং বক্ষ্যন্তি পাবকে ॥৮॥
তস্মাদেতদ্রক্ষমাণা গরুড়ী সম্ভবাম্যহম্।
বনান্নির্গমনঞ্চৈব সুখং মম ভবিষ্যতি ॥৯॥

মার্কণ্ডেয় উবাচ।

সুপর্ণী সা তদা ভূত্বা নির্জগাম মহাবনাৎ।
অপশ্যৎ পর্ব্বতং শ্বেতং শরস্তম্বৈঃ সুসংবৃতম্ ॥১০॥
দৃষ্টিবিষৈঃ সপ্তশীর্ষৈর্গুপ্তং ভোগিভিরদ্ভুতৈঃ।
রক্ষোভিশ্চ পিশাচৈশ্চ রৌদ্রৈর্ভূতগণৈস্তদা।
রাক্ষসীভিশ্চ সম্পূর্ণমনেকৈশ্চ মৃগদ্বিজৈঃ ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

রূপধারিণীম্, প্রীতিঃ প্রেম মুৎ আনন্দশ্চ তাভ্যামাযুতঃ সমন্বিতঃ। দেবী স্বাহা। অত্রেদমবধেয়ম্—স্বাহা কন্যৈবাসীৎ, তস্যাঃ শিবারূপধারণপ্রয়োজনঞ্চ অগ্নেঃ সপ্তর্ষিপত্নীষু কামোদয়েন অঙ্গিরোভার্য্যাং প্রত্যপি কামোদয়াৎ তস্যাশ্চ সৌন্দর্য্যাতিশয়াৎ সঙ্গমঃ সুকর ইতি। এবঞ্চ কন্যয়া স্বাহয়া সহাগ্নেঃ সঙ্গমো গান্ধর্ব্ববিবাহ এবেতি ॥৭॥

অথ স্বাহা কথং পাণিনা অগ্নেঃ শুক্রং জগ্রাহেত্যাহ—ব্যচিন্তয়দিতি। রূপং শিবামূর্ত্তিম্। অনৃতং মিথ্যা, পাবকে অগ্নিদেববিষয়ে, দোষং ব্যভিচারম্। তথা চ শিবামূর্ত্ত্যৈব যোনৌ শুক্রগ্রহণে সদ্যোগৃহীতগর্ভায়াঃ প্রবয়ান্ত্যাগবস্থায়া অবশ্যম্ভাবাৎ তদ্দর্শনেন চ শিবায়া এব ব্যভিচারনিশ্চয়ঃ স্যাৎ, পাণিনা শুক্রধারণে তু তদবস্থায়া অভাবান্ন তন্নিশ্চয় ইতি ভাবঃ ॥৮॥

তস্মাদিতি। এতৎ শুক্রম্। শিবারূপত্বে তু কথমিয়মত্রাগতেত্যাশঙ্কা স্যাদিতি ভাবঃ ॥৯॥

স্বিতি। সুপর্ণী গরুড়ী। ভোগিভিঃ সর্পৈঃ। মৃগদ্বিজৈঃ পশুপক্ষিভিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০—১১॥

মার্কণ্ডেয় বলিলেন—"তাহার পর অগ্নিদেব প্রণয় ও আনন্দ সহকারে সেই শিবামূর্ত্তিধারিণী স্বাহাদেবীকে গান্ধর্ব্ববিধানে বিবাহ করিলেন; স্বাহাদেবীও তখন আনন্দিত হইয়া হস্তদ্বারা অগ্নিদেবের শুক্র ধারণ করিলেন ॥৭॥

কারণ, তিনি চিন্তা করিলেন যে, 'যাহারা এই বনের ভিতরে আমার এই শিবামূর্ত্তি দর্শন করিবে, তাহারাই অগ্নিদেবের সহিত সপ্তর্ষিপত্নীদের মিথ্যা ব্যভিচার-দোষের কথা বলিবে ॥৮॥

অতএব আমি এই শুক্র রক্ষা করিতে থাকিয়া গরুড়ী পক্ষিণী হই; তাহা হইলে আমি অনায়াসে এই বন হইতেও নির্গত হইতে পারিব" ॥৯॥

মার্কণ্ডেয় বলিলেন—"তখন স্বাহাদেবী গরুড়ী পক্ষিণী হইয়া সেই মহাবন

সা তত্র সহসা গত্বা শৈলপৃষ্ঠং সুদুর্গমম্ ।
প্রাক্ষিপৎ কাঞ্চনে কুণ্ডে শুক্রং সা ত্বরিতা শুভা ॥১২॥
শিষ্টানামপি সা দেবী সপ্তর্ষীণাং মহাত্মনাম্ ।
পত্নীসরূপকং কৃত্বা কাময়ামাস পাবকম্ ॥১৩॥
দিব্যং রূপমরুন্ধত্যাঃ কর্ত্তুং ন শকিতং তয়া ।
তস্যাস্তপঃপ্রভাবেণ ভর্ত্তৃশুশ্রূষণেন চ ॥১৪॥
ষট্কৃত্বস্তত্র নিক্ষিপ্তমগ্নে রেতঃ কুরূত্তম । ।
তস্মিন্ কুণ্ডে প্রতিপদি কামিন্যা স্বাহয়া তদা ॥১৫॥

-

ভারতকৌমুদী

সেতি। সা প্রসিদ্ধা, সা স্বাহা, তত্র তদানীমেব, সহসা অবিতর্ক্য ॥১২॥

শিষ্টানামিতি। সা স্বাহা দেবী, শিষ্টানাং শাস্ত্রানুসারিণামপি মহাত্মনাং সপ্তর্ষীণাম্, যাঃ সপ্ত পত্ন্যস্তাসাং প্রত্যেকত এব সরূপকং সমানং সমানং রূপং কৃত্বা পাবকমগ্নিং কাময়ামাস অগ্নিনা সহ রেমে ইত্যর্থঃ ॥১৩॥

অথ তর্হি সপ্তবাররমণৈঃ সপ্তবারশুক্রপাতাৎ কার্ত্তিকেয়ঃ সপ্তানন এব ভবিতুমর্হতি ন পুনঃ ষড়ানন ইত্যাহ—দিব্যমিতি। তয়া স্বাহয়া, অরুন্ধত্যা বশিষ্ঠপত্ন্যাস্তপঃপ্রভাবেণ ভর্ত্তৃশুশ্রূষণেন চ তজ্জনিতধর্ম্মাতিশয়েন চেত্যর্থঃ, তস্যা দিব্যং রূপং কর্ত্তুং ন শকিতং ন পারিতম্। অতএবাবশিষ্টানাং ষণ্ণামৃষিপত্নীনাং প্রত্যেকতো রূপধারণেন ষড়্বাররমণাৎ ষড়্বারশুক্রপাতেন ষডানন এব কার্ত্তিকেয়ঃ সঞ্জাত ইতি ভাবঃ ॥১৪॥

এতদেবাহ—ষডিতি। ষট্কৃত্বঃ ষড়্বারান্। রেতঃ শুক্রম্। কামিন্যা কামুক্যা ॥১৫॥

হইতে নির্গত হইলেন এবং কৈলাসপর্ব্বত দর্শন করিলেন, সে পর্ব্বত তখন শবস্তম্ভসমূহে আবৃত, দৃষ্টিবিষ ও সপ্তমস্তক অদ্ভুত সর্পগণে রক্ষিত এবং রাক্ষসগণ, পিশাচগণ, শিবানুচর ভূতগণ, রাক্ষসীগণ ও বহুতর পশু-পক্ষিগণে পরিপূর্ণ ছিল ॥১০—১১॥

স্বাহাদেবী কোন বিষয় বিবেচনা না করিয়া তখনই সত্বর সেই অতিদুর্গম পর্ব্বতের উপরে যাইয়া কোন স্বর্ণকুণ্ডে সেই শুক্র নিক্ষেপ করিলেন ॥১২॥

শাস্ত্রানুসারী ও মহাত্মা সপ্তর্ষিগণের পত্নীদের মধ্যে প্রত্যেকের রূপ ধারণ করিয়াই স্বাহাদেবী অগ্নিদেবের সহিত রমণ করিয়াছিলেন ॥১৩॥

কিন্তু বশিষ্ঠপত্নী অরুন্ধতীদেবীর তপস্যার প্রভাবে এবং ভর্ত্তৃশুশ্রূষাধর্ম্মের বলে তাঁহার রূপ ধারণ করিতে স্বাহাদেবী পারেন নাই ॥১৪॥

কুরুশ্রেষ্ঠ! কামুকী স্বাহাদেবী প্রতিপৎ তিথিতে সেই স্বর্ণকুণ্ডে ছয় বার অগ্নিদেবের শুক্র নিক্ষেপ করিয়াছিলেন ॥১৫॥

তৎ স্কন্নং তেজসা তত্র সংবৃতং জনয়ৎ সুতম্।
ঋষিভিঃ পূজিতং স্কন্নমনয়ৎ স্কন্দতাং ততঃ ॥১৬॥
ষট্‌শিরা দ্বিগুণশ্রোত্রো দ্বিনাসাক্ষিভুজক্রমঃ।
একগ্রীবৈকজঠরঃ কুমারঃ সমপদ্যত ॥১৭॥
দ্বিতীয়ায়ামভিব্যক্তস্তৃতীয়ায়াং শিশুর্বভৌ।
অঙ্গপ্রত্যঙ্গসম্পন্নশ্চতুর্থ্যামভবদ্‌গুহঃ ॥১৮॥
লোহিতাভ্রেণ মহতা সংবৃতঃ সহ বিদ্যুতা।
লোহিতাভ্রে সুমহতি ভাতি সূর্য্য ইবোদিতঃ ॥১৯॥

ভারতকৌমুদী

তদিতি। তত্র কুণ্ডে, স্কন্নং স্খলিতম্, তেজসা সংবৃতম্, অতএব ঋষিভিঃ পূজিতমাদৃতম্, তৎ অগ্নে রেতঃ কর্তৃ, কঞ্চিৎ সুতম্, জনয়ৎ অজনয়ৎ। অডাগমাভাব আর্ষঃ। অতএব চ স্কন্নং রেতঃ কর্তৃ, স্কন্দতাং জাতস্য সুতস্য স্কন্দনামকত্বমনয়ৎ ॥১৬॥

সুতস্যাকৃতিমাহ—ষড়িতি। ষট্ শিরাংসি যস্য সঃ, দ্বিগুণানি দ্বাদশেত্যর্থঃ শ্রোত্রাণি কর্ণা যস্য সঃ, দ্বৌ ষড়্দ্বিগুণা এব নাসা নাসাগ্রাণি অক্ষীণি ভুজক্রমা বাহুপর্য্যায়াশ্চ যস্য সঃ। তথা একা গ্রীবা যস্য স চাসৌ একং জঠরং যস্য স চেতি একগ্রীবৈকজঠরঃ, কুমারঃ শিশুঃ, সমপদ্যত নিষ্পন্নোঽভবৎ ॥১৭॥

তস্যাঃ সম্পন্নতায়াঃ ক্রমমাহ—দ্বিতীয়ায়ামিতি। অভিব্যক্তঃ বহুশুক্রভাগানাং মিশ্রণান্মাংসপিণ্ডতয়া স্পষ্টীভূতঃ। গুহঃ কার্ত্তিকেয়ঃ ॥১৮॥

লোহিতেতি। বিদ্যুতা সহ বিদ্যমানেন, মহতা, লোহিতাভ্রেণ রক্তমেঘেন সংবৃতঃ কিয়দাবৃত উদিতঃ সূর্য্য ইব, স কুমারঃ, সুমহতি লোহিতাভ্রে রক্তবর্ণাভ্রধাতুভিত্তিসমীপে ভাতি স্ম ॥১৯॥

সেই শুক্র তেজে আবৃত ছিল, তাই ঋষিরা তাহার আদর করিয়াছিলেন ; ক্রমে সেই শুক্র একটী পুত্ররূপে পরিণত হইল ; স্কন্ন—অর্থাৎ স্খলিত শুক্র হইতে জন্মিয়াছিল বলিয়া তাহার নাম হইল—'স্কন্দ' ॥১৬॥

সেই বালকটীর ছয়টী মাথা, বারখানি কাণ, ছয়টী নাক, বারটী চোখ, বারখানি হাত, একটী গ্রীবা এবং একটী উদর হইয়াছিল ॥১৭॥

প্রথমে দ্বিতীয়াতিথিতে সেই শুক্রগুলি সম্মিলিত হইয়া একটী মাংসপিণ্ড হইয়াছিল, তৃতীয়াতিথিতে তাহা বালকরূপে প্রকাশ পাইয়াছিল এবং চতুর্থীতিথিতে তাহার অঙ্গ-প্রত্যঙ্গ জন্মিয়াছিল ॥১৮॥

ঐ বালকটীর নিকটে অতিবিশাল ও রক্তবর্ণ অভ্রময় পর্ব্বতের ভিত্তি ছিল ; তাহাতে বিদ্যুৎসমন্বিত, বিশাল ও রক্তবর্ণ মেঘের নিকটবর্ত্তী উদিত সূর্য্যের ন্যায় সেই বালকটী শোভা পাইতেছিল ॥১৯॥

গৃহীতস্তু ধনুস্তেন বিপুলং লোমহর্ষণম্ ।
ন্যস্তং যত্ত্রিপুরঘ্নেন সুরারিবিনিকৃন্তনম্ ॥২০॥
তদ্‌গৃহীত্বা ধনুঃশ্রেষ্ঠং ননর্দ্দ বলবাংস্তদা ।
সম্মোহয়ন্নিবেমান্ স ত্রীল্লোঁকান্ সচরাচরান্ ॥২১॥
তস্য তং নিনদং শ্রুত্বা মহামেঘৌঘনিস্বনম্ ।
উৎপেততুর্মহানাগৌ চিত্রশ্চৈরাবতশ্চ হ ॥২২॥
তাবাপতন্তৌ সংপ্রেক্ষ্য স বালোঽর্কসমদ্যুতিঃ ।
দ্বাভ্যাং গৃহীত্বা পাণিভ্যাং শক্তিঞ্চান্যেন পাণিনা ।
অপরেণাগ্নিদায়াদস্তাম্রচূড়ং ভুজেন সঃ ॥২৩॥
মহাকায়মুপশ্লিষ্টং কুক্কুটং বলিনাং বরম্ ।
গৃহীত্বা ব্যনদস্তীমং চিক্রীড় চ মহাভুজঃ ॥২৪॥ (যুগ্মকম্)
দ্বাভ্যাং ভুজাভ্যাং বলবান্ গৃহীত্বা শঙ্খমুত্তমম্ ।
প্রাধ্মাপয়ত ভূতানাং ত্রাসনং বলিনামপি ॥২৫॥

ভারতকৌমুদী

গৃহীতমিতি। ত্রিপুরঘ্নেন শিবেন। বিনিকৃন্তনমিত্যার্ষত্বাদ্যুটি নকারাগমঃ ॥২০॥
তদিতি। ননর্দ্দ জগর্জ্জ। সচরাচরান্ স্থাবরজঙ্গমসহিতান্ ॥২১॥
তস্যেতি। মহামেঘৌঘস্য নিস্বনং তৎসদৃশম্। উৎপেততুঃ স্বস্থানাদুত্তস্থতুঃ ॥২২॥
তাবিতি। আপতন্তৌ আগচ্ছন্তৌ। শক্তিম্ অস্ত্রবিশেষম্। আগ্নের্দায়াদঃ পুত্রঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। উপশ্লিষ্টং সন্নিহিতম্, কুক্কুটং পক্ষিবিশেষম্ ॥২৩—২৪॥

পূর্ব্বকালে মহাদেব ত্রিপুরাসুরকে বধ করিয়া অসুরনাশক যে ধনু রাখিয়া দিয়াছিলেন, সেই বিশাল ও লোমহর্ষণ ধনু সেই বালক ধারণ করিল ॥২০॥

সেই বলবান্ বালক সেই শ্রেষ্ঠ ধনু ধারণ করিয়া স্থাবর ও জঙ্গম পদার্থের সহিত এই ত্রিভুবনটাকেই যেন সম্মোহন করিতে থাকিয়া গর্জ্জন করিতে থাকিল ॥২১॥

মহামেঘগর্জ্জনের ন্যায় স্কন্দের সেই গর্জ্জন শুনিয়া মহাহস্তী চিত্র ও ঐরাবত আপন আপন স্থান হইতে গাত্রোত্থান করিল ॥২২॥

সেই হাতী দুইটা আসিতেছে দেখিয়া সূর্য্যতুল্য তেজস্বী অগ্নিপুত্র মহাবাহু স্কন্দ দুই হাতে সেই হাতী দুইটাকে, অপর হাতে শক্তি অস্ত্র এবং অন্য হাতে বিশাল দেহ, মহাবল ও তাম্রবর্ণচূড়াযুক্ত একটা নিকটবর্ত্তী কুক্কুটপক্ষীকে ধারণ করিয়া ভয়ঙ্কর গর্জ্জন ও ক্রীড়া করিতে লাগিলেন ॥২৩—২৪॥

দ্বাভ্যাং ভুজাভ্যামাকাশং বহুশোঽভিজঘান হ।
ক্রীড়ন্ ভাতি মহাসেনস্ত্রীল্লোঁকান্ বদনৈঃ পিবন্ ॥২৬॥
পর্ব্বতাগ্রেঽপ্রমেয়াত্মা রশ্মিবানুদয়ে যথা।
স তস্য পর্ব্বতস্যাগ্রে নিষণ্ণোঽদ্ভুতবিক্রমঃ ॥২৭॥
ব্যলোকয়দমেয়াত্মা মুখৈর্নানাবিধৈর্দিশঃ।
স পশ্যন্ বিবিধান্ ভাবাংশ্চকার নিনদং পুনঃ ॥২৮॥
তস্য তং নিনদং শ্রুত্বা ন্যপতন্ বহুধা জনাঃ।
ভীতাশ্চোদ্বিগ্নমনসস্তমেব শরণং যযুঃ ॥২৯॥
যে তু তং সংশ্রিতা দেবং নানাবর্ণাস্তদা জনাঃ।
তানস্যাহুঃ পারিষদান্ ব্রাহ্মণাঃ সুমহাবলান্ ॥৩০॥

ভারতকৌমুদী

দ্বাভ্যামিতি। বলবান্ দেবপ্রভাবাদুপচিতদেহতয়া ক্রমেণ মহাবলীভূতঃ স্কন্দঃ ॥২৫॥
দ্বাভ্যামিতি। আকাশম্ আকাশস্থাং শৈলভিত্তিম্। পিবন্নিব ॥২৬॥
পর্ব্বতেতি। রশ্মিবান্ সূর্য্যঃ, মোপধস্যাদ্বস্তঃ। উদয়ে উদয়াখ্যে। নিষণ্ণঃ স্থিতঃ ॥২৭॥
ব্যলোকযদিতি। নানাবিধৈর্নানাবিধভঙ্গীযুক্তৈঃ। ভাবান্ পদার্থান্ ॥২৮॥
তস্যেতি। ন্যপতন্ আগচ্ছন্। উদ্বিগ্নমনসঃ অস্থিরচিত্তাঃ ॥২৯॥
য ইতি। জনা দেবযোনয় এব ॥৩০॥

বলবান্ স্কন্দ দুই হস্তদ্বারা একটা উত্তম শঙ্খ ধারণ করিয়া বলবান্ প্রাণিগণেরও ভয়জনক শব্দ করিতে লাগিলেন ॥২৫॥

এবং দুই হস্তদ্বারা আকাশস্থ পর্ব্বতভিত্তিতে বহুবার আঘাত করিলেন; পরে মুখদ্বারা ত্রিভুবনই যেন পান করিতে থাকিয়া খেলা করতঃ শোভা পাইতে লাগিলেন ॥২৬॥

অচিন্তনীয় স্বভাব সূর্য্য যেমন উদয়পর্ব্বতের উপরে অবস্থান করেন, তেমন অদ্ভুতবিক্রম স্কন্দ সেই কৈলাসপর্ব্বতের উপরে উপবেশন করিলেন ॥২৭॥

অচিন্তনীয় স্বভাব স্কন্দ মুখদ্বারা নানাবিধ ভঙ্গীতে সমস্ত দিক্ দর্শন করিলেন এবং নানাবিধ পদার্থ দেখিতে থাকিয়া আবার গর্জ্জন করিলেন ॥২৮॥

তাঁহার সেই গর্জ্জন শুনিয়া নানাবিধ লোক উপস্থিত হইল এবং ভীত ও অস্থির-চিত্ত হইয়া স্কন্দেরই শরণাপন্ন হইল ॥২৯॥

তখন নানাবর্ণের যে সকল লোক স্কন্দদেবের আশ্রয় লইয়াছিল, সেই অতি-মহাবল লোকদিগকে ব্রাহ্মণেরা তাঁহারই পারিষদ বলিয়া থাকেন ॥৩০॥

---

(২৭)···রশ্মিমানুদয়ে যথা—বা ব কা নি। (৩০)···ব্রাহ্মণান্ সুমহাবলান্—বা ব কা।

স তূত্থায় মহাবাহুরুপসাস্ত্ব্য চ তান্ জনান্।
ধনুর্বিকৃষ্য ব্যসৃজদ্বাণান্ শ্বেতে মহাগিরৌ ॥৩১॥
বিভেদ স শরৈঃ শৈলং ক্রৌঞ্চং হিমবতঃ সুতম্।
তেন হংসাশ্চ গৃধ্রাশ্চ মেরুং গচ্ছন্তি পর্ব্বতম্ ॥৩২॥
স বিশীর্ণোঽপতচ্ছৈলো ভৃশমার্ত্তস্বরান্ রুবন্।
তস্মিন্ নিপতিতে ত্বন্যে নেদুঃ শৈলা ভৃশং তদা ॥৩৩॥
স তং নাদং ভৃশার্ত্তানাং শ্রুত্বাপি বলিনাং বরঃ।
ন প্রাব্যথদমেয়াত্মা শক্তিমুদ্যম্য চানদৎ ॥৩৪॥
সা তদা বিমলা শক্তিঃ ক্ষিপ্তা তেন মহাত্মনা।
বিভেদ শিখরং ঘোরং শ্বেতস্য তরসা গিরেঃ ॥৩৫॥
স তেনাভিহতো দীর্ণো গিরিঃ শ্বেতোঽচলৈঃ সহ।
উৎপপাত মহীং ত্যক্ত্বা ভীতঃ স সুমহাত্মনঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

স ইতি। উপসান্ত্ব্য আশ্বাস্য। শ্বেতে কৈলাসাখ্যে তিষ্ঠন্নেব ॥৩১॥
বিভেদেতি। বিভেদ বিদারয়ামাস। তেন রন্ধ্রেণ ॥৩২॥
স ইতি। স শৈলঃ ক্রৌঞ্চঃ। রুবন্ কুর্ব্বন্নিত্যর্থঃ। নেদুঃ নাদং চক্রুঃ ॥৩৩॥
স ইতি। স স্কন্দঃ। অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবঃ, উদ্যম্য উত্তোল্য ॥৩৪॥
সেতি। শিখরং শৃঙ্গম্, তরসা বেগেন ॥৩৫॥

তার পর, মহাবাহু স্কন্দ গাত্রোত্থানপূর্ব্বক সেই লোকগুলিকে আশ্বস্ত করিয়া মহাপর্ব্বত কৈলাসে থাকিয়াই ধনু আকর্ষণপূর্ব্বক বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৩১॥

ক্রমে তিনি সেই বাণসমূহদ্বারা হিমালয়ের পুত্র ক্রৌঞ্চপর্ব্বতকে বিদীর্ণ করিলেন; সেই রন্ধ্র দিয়াই হংসগণ ও গৃধ্রগণ সুমেরুপর্ব্বতে যাইয়া থাকে ॥৩২॥

ক্রৌঞ্চপর্ব্বত বিদীর্ণ হইয়া অত্যন্ত আর্ত্তনাদ করিয়া নিপতিত হইল। ক্রৌঞ্চপর্ব্বত নিপতিত হইলে, অন্যান্য পর্ব্বতও গুরুতর আর্ত্তনাদ করিল ॥৩৩॥

বলিশ্রেষ্ঠ ও অনির্ব্বচনীয়স্বভাব স্কন্দ অত্যন্ত পীড়িতগণের আর্ত্তনাদ শুনিয়াও ব্যথিত হইলেন না, বরং শক্তি উত্তোলন করিয়া গর্জ্জনই করিতে লাগিলেন ॥৩৪॥

মহাত্মা স্কন্দ সেই নির্ম্মল শক্তি নিক্ষেপ করিলেন; তখন সেই শক্তি যাইয়া বেগে কৈলাসপর্ব্বতের ভয়ঙ্কর শৃঙ্গ ভেদ করিল ॥৩৫॥

স্কন্দকর্ত্তৃক আহত ও বিদীর্ণ কৈলাসপর্ব্বত স্কন্দ হইতে ভীত হইয়া অন্যান্য পর্ব্বতের সহিত পৃথিবী পরিত্যাগ করিয়া উপরে উঠিল ॥৩৬॥

ততঃ প্রব্যথিতা ভূমির্ব্যশীর্য্যত সমন্ততঃ।
আর্ত্তা স্কন্দং সমাসাদ্য পুনর্বলবতী বভৌ ॥৩৭॥
পর্ব্বতাশ্চ নমস্কৃত্য তমেব পৃথিবীং গতাঃ।
অথৈনমভজল্লোকঃ স্কন্দং শুক্লস্য পঞ্চমীম্ ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং স্কন্দোৎপত্তৌ সপ্তাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

অষ্টাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

তস্মিন্ জাতে মহাসত্ত্বে মহাসেনে মহাবলে।
সমুত্তস্থুর্মহোৎপাতা ঘোররূপাঃ পৃথগ্বিধাঃ ॥১॥

ভারতকৌমুদী

স ইতি। অচলৈঃ অপরৈর্গিরিভিঃ। উৎপপাত উত্তস্থৌ ॥৩৬॥

তত ইতি। ব্যশীর্য্যত গিরীণামুৎপতনাদিতি ভাবঃ। বলবতী স্কন্দবরাদেব ॥৩৭॥

পর্ব্বতা ইতি। তং স্কন্দম্। শুক্লস্য পক্ষস্য, পঞ্চমীং প্রাপ্যেতি শেষঃ ॥৩৮॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং সপ্তাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তস্মিন্নিতি। মহাসত্ত্বে মহাধ্যবসায়ে, মহাসেনে তদাখ্যে স্কন্দে ॥১॥

তাহার পর পৃথিবী সকল দিকে বিশীর্ণ ও ব্যথিত হইয়া আর্ত্তভাবেই স্কন্দের নিকট যাইয়া পুনরায় তাঁহার বরে সবল হইয়া শোভা পাইতে লাগিলেন ॥৩৭॥

এবং পর্ব্বতগুলিও স্কন্দকে নমস্কার করিয়াই ভূতলে গমন করিল। তাহার পর, বহুতর লোক আসিয়া শুক্লপক্ষের পঞ্চমীতে স্কন্দের সেবা করিল" ॥৩৮॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—"অত্যন্ত বল ও অধ্যবসায়শালী স্কন্দ জন্মিলে পর নানাবিধ ভয়ঙ্কর মহোৎপাত উপস্থিত হইল ॥১॥

---

* '…বিংশত্যধিকদ্বিশততমঃ…'—পি, '… চতুর্বিংশত্যধিকদ্বিশততমঃ…'—বা ব, '…পঞ্চবিংশত্যধিকদ্বিশততমঃ…'—কা, '…সপ্তবিংশত্যধিকদ্বিশততমঃ…'—নি।

স্ত্রীপুংসোর্বিপরীতঞ্চ তথা দ্বন্দ্বানি যানি চ।
গ্রহা দীপ্তা দিশঃ খঞ্চ ররাস চ মহী ভৃশম্ ॥২॥
ঋষয়শ্চ মহাঘোরান্ দৃষ্ট্বোৎপাতান্ সমন্ততঃ।
অকুর্ব্বন্ শান্তিমুদ্বিগ্না লোকানাং লোকভাবনাঃ ॥৩॥
নিবসন্তি বনে যে তু তস্মিংশ্চৈত্ররথে জনাঃ।
তেঽব্রুবন্নেষ নোঽনর্থঃ পাবকেনাহিতো মহান্।
সঙ্গম্য ষড়্ভিঃ পত্নীভিঃ সপ্তর্ষীণামিতি স্ম হ ॥৪॥
অপরে গরুড়ীমাহুস্ত্বয়াঽনর্থোঽয়মাহৃতঃ।
যৈর্দৃষ্টা সা তদা দেবী তস্যা রূপেণ গচ্ছতী।
ন তু তৎ স্বাহয়া কর্ম্ম কৃতং জানাতি বৈ জনঃ ॥৫॥

ভারতকৌমুদী

স্ত্রীতি। যানি দ্বন্দ্বানি রাত্রিদিবসাদীনাং শীতগ্রীষ্মাদীনি তেষাং স্ত্রীপুংসোশ্চ বিপরীতং স্বভাববৈপরীত্যং জাতম্। স্ত্রিয়ঃ খরাঃ, পুরুষাশ্চ কোমলাঃ, রাত্রৌ গ্রীষ্মঃ, দিবসে চ শীত-মিত্যাদি। দীপ্তাঃ প্রজ্বলিতাঃ, খমাকাশঞ্চ দীপ্তম্, ররাস জগর্জ্জ ॥২॥

ঋষয় ইতি। অকুর্ব্বন্ হোমাদিকর্ম্মণা। লোকভাবনা লোকানাং শুভকরাঃ ॥৩॥

নিবসন্তীতি। নঃ অস্মাকম্। পাবকেন অগ্নিনা, আহিতঃ কৃতঃ। ষড়্ভিঃ অরুন্ধতীং বিনা। স্বাহায়া অপরষড়্ঋষিপত্নীরূপেণ দর্শনাদিতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

অপর ইতি। আহুর্নিনিন্দুঃ। সা স্বাহা। তস্যা গরুড্যাঃ, গচ্ছতী গচ্ছন্তী। জনঃ সঃ অপরজনবর্গঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৫॥

স্ত্রী ও পুরুষের স্বভাব বিপরীত হইল, শীত ও গ্রীষ্মপ্রভৃতি অবস্থার বৈপরীত্য দেখা দিল, গ্রহগণ, দিক্‌সকল ও আকাশ জ্বলিতে লাগিল এবং পৃথিবী মহাগর্জ্জন করিতে থাকিল ॥২॥

তখন জগতের মঙ্গলকারী ঋষিরা সকল দিকেই অতিদারুণ উৎপাত দেখিয়া উদ্বিগ্ন হইয়া জগতের শান্তি বিধান করিতে লাগিলেন ॥৩॥

সেই চৈত্ররথবনে যে সকল লোক বাস করিত, তাহারা বলিতে লাগিল যে, অগ্নিদেব সপ্তর্ষিগণের ছয়টী পত্নীর সহিত সঙ্গম করিয়া আমাদের এই অনর্থ আনয়ন করিয়াছেন ॥৪॥

যাহারা তখন স্বাহাদেবীকে গরুড়ীর রূপ ধারণ করিয়া যাইতে দেখিয়াছিল, তাহারা গরুড়ীকেই নিন্দা করিতে লাগিল যে, গরুড়ীই এই অনর্থ আনয়ন করিয়াছে। কারণ, তাহারা জানিত না যে, স্বাহাদেবী সেই কার্য্য করিয়াছেন ॥৫॥

স্বপর্ণী তু বচঃ শ্রুত্বা মমায়ং তনয়স্ত্বিতি।
উপগম্য শনৈঃ স্কন্দমাহাহং জননী তব ॥৬॥
অথ সপ্তর্ষয়ঃ শ্রুত্বা জাতং পুত্রং মহৌজসম্।
তত্যজুঃ ষট্ তদা পত্নীর্বিনা দেবীমরুন্ধতীম্।
ষড়্ভিরেব তদা জাতমাহুস্তদ্বনবাসিনঃ ॥৭॥
সপ্তর্ষীনাহ চ স্বাহা মম পুত্রোঽয়মিত্যুত।
অহং জানে নৈতদেবমিতি রাজন্! পুনঃ পুনঃ ॥৮॥
বিশ্বামিত্রস্তু কৃত্বেষ্টিং সপ্তর্ষীণাং মহামুনিঃ।
পাবকং কামসন্তপ্তমদৃষ্টঃ পৃষ্ঠতোঽন্বগাৎ।
তত্তেন নিখিলং সর্ব্বমববুদ্ধং যথাতথম্ ॥৯॥
বিশ্বামিত্রস্তু প্রথমং কুমারং শরণং গতঃ।
স্তবং দিব্যং সম্প্রচক্রে মহাসেনস্য চাপি সঃ ॥১০॥

ভারতকৌমুদী

স্বপর্ণীতি। স্বপর্ণী বাস্তবিকী গরুড়ী। বচঃ—তেষামপরজনানাম্ ॥৬॥

অথেতি। জাতং ষড়্ভিরাত্মপত্নীভিরেব কর্ত্তৃভিরুৎপন্নম্। অথ কুতঃ শ্রুত্বেত্যাহ—ষড়্ভিরিতি। আহুঃ। নিশান্তপ্রাকৃতবদ্ব্যবহারোঽয়ং সপ্তর্ষীণাম। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

সপ্তেতি। ঈদৃশং স্বাহাবাক্যং সপ্তর্ষয়ো ন বিশশ্বসুরিতি ভাবঃ ॥৮॥

বিশ্বেতি। ইষ্টিং যাগম্। অদৃষ্টঃ পাবকেনালক্ষিতঃ, পৃষ্ঠতঃ পশ্চাদেব। তেন বিশ্বামিত্রেণ, নিখিলম্ অপ্রতিবদ্ধম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

এইরূপ বাক্য শুনিয়া এবং 'এটী আমার পুত্র' এইরূপ ধারণা করিয়া গরুড়ী ধীরে ধীরে উপস্থিত হইয়া স্কন্দকে বলিল যে, "আমি তোমার জননী" ॥৬॥

তাহার পর আপনাদের ছয় পত্নীদ্বারাই সেই মহাতেজা পুত্র জন্মিয়াছে ইহা শুনিয়া সপ্তর্ষিরা অরুন্ধতী ব্যতীত অবশিষ্ট ছয় পত্নীকেই ত্যাগ করিলেন। কারণ, সেই বনবাসীরা তাঁহাদের নিকট বলিয়াছিল যে, "আপনাদের ছয় পত্নীদ্বারাই এই পুত্র জন্মিয়াছে" ॥৭॥

রাজা! স্বাহাদেবী কিন্তু সপ্তর্ষিদের নিকট ইহা বার বার বলিয়াছিলেন যে, "এটী আমারই পুত্র; কিন্তু আপনারা যেরূপ শুনিয়াছেন, এঘটনা সেরূপ নহে" ॥৮॥

তৎকালে মহর্ষি বিশ্বামিত্র সপ্তর্ষিগণের যাগ সমাপ্ত করিয়া অলক্ষিতভাবে কামসন্তপ্ত অগ্নিদেবের পিছনে পিছনে বনে গিয়াছিলেন; সুতরাং তিনি অবাধে ও যথাযথভাবে সমস্ত ঘটনা দেখিয়াছিলেন ॥৯॥

মঙ্গলানি চ সর্ব্বাণি কৌমারাণি ত্রয়োদশ ।
জাতকর্ম্মাদিকাস্তস্য ক্রিয়াশ্চক্রে মহামুনিঃ ॥১১॥
ষড়্‌বক্ত্রস্য তু মাহাত্ম্যং কুক্কুটস্য তু সাধনম্ ।
শক্ত্যা দেব্যাঃ সাধনঞ্চ তথা পরিষদামপি ॥১২॥
বিশ্বামিত্রশ্চকারৈতৎ কর্ম্ম লোকহিতায় বৈ ।
তস্মাদৃষিঃ কুমারস্য বিশ্বামিত্রোঽভবৎ প্রিয়ঃ ॥১৩॥ (যুগ্মকম্)
অগ্নজ্ঞানাচ্চ স্বাহায়া রূপান্যত্বং মহামুনিঃ ।
অব্রবীচ্চ মুনীন্ সর্ব্বান্ নাপরাধ্যন্তি বৈ স্ত্রিয়ঃ ।
শ্রুত্বা তু তত্ত্বতস্তস্মাত্তে পত্নীঃ সর্ব্বতোঽত্যজন্ ॥১৪॥

ভারতকৌমুদী

বিশ্বেতি। প্রথমম্ ঋষিমধ্যে। মহাসেনস্য স্কন্দস্য ॥১০॥

মঙ্গলানীতি। কৌমারাণি কুমারসম্বন্ধীনি, ত্রয়োদশ রক্ষালতাবন্ধনাদীনি ॥১১॥

ষড়িতি। ষড়্‌বক্ত্রস্য স্কন্দস্য, মাহাত্ম্যং ক্রৌঞ্চভেদনাদিকম্, কুক্কুটস্য পক্ষিণঃ সাধনং ধারণম্, দেব্যা দেবীবৎ প্রভাববত্যাঃ শক্ত্যাঃ শক্ত্যস্ত্রস্য সাধনমায়ত্তীকরণম্, পরিষদাং প্রাগুক্তানাং পারিষদানাং সাধনমপি চ, এতৎ কর্ম্ম তত্তৎপ্রকাশমিত্যর্থঃ ॥১২—১৩॥

অগ্নিতি। মহামুনির্বিশ্বামিত্রঃ, অনু—অলক্ষিতভাবেনাগ্নেঃ পৃষ্ঠতো বনে গমনানন্তরম্, স্বাহায়া রূপান্যত্বং ষড়্‌বিপত্নীরূপত্বম্, অজ্ঞানাৎ প্রত্যক্ষমেব দৃষ্টবান্। শ্রুত্বা তু শ্রুত্বাপি। অত্যজন্, বিশ্বামিত্রবাক্যাবিশ্বাসাদিতি ভাবঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১॥ বিপরীতং বৈরম্, দ্বন্দ্বান্যতিশীতাত্যুষ্ণাদীনি ॥২—১০॥ জাতকর্ম্মাদিকা বিবাহাৎ প্রাচীনাস্ত্রয়োদশ ক্রিয়াঃ ॥১১—১৩॥ শ্রুত্বা তু শ্রুত্বাঽপি, সর্ব্বতো লোকাপবাদ-ভয়াত্রামবৎ পত্নীস্ত্যক্তবন্ত ইত্যর্থঃ ॥১৪—২৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৮॥

পরে বিশ্বামিত্র সকলের আগে স্কন্দের শরণাপন্ন হইলেন এবং তাঁহার দিব্য স্তব করিলেন ॥১০॥

আর, মহর্ষি বিশ্বামিত্রই স্কন্দের ত্রয়োদশপ্রকার মঙ্গলকার্য্য সমস্ত এবং জাত-কর্ম্মাদি সকল ক্রিয়া করিলেন ॥১১॥

স্কন্দের মাহাত্ম্য, কুক্কুটধারণ, শক্তি অস্ত্র গ্রহণ এবং পারিষদপ্রাপ্তি—এই সমস্ত কার্য্যের প্রচারই লোকহিতের জন্য বিশ্বামিত্র করিয়াছিলেন। এই জন্যই বিশ্বামিত্র-মুনি স্কন্দের প্রিয় হইয়াছিলেন ॥১২—১৩॥

(১২)···তথা পারিষদামপি—বা ব কা নি। (১৪)···সর্ব্বতোঽভজন্—পি, ইতঃপরম্ 'মার্কণ্ডেয় উবাচ'—বা ব কা নি।

স্কন্দং শ্রুত্বা তদা দেবা বাসবং সহিতাঽব্রুবন্।
অবিষহ্যবলং স্কন্দং জহি শক্রাশু মা চিরম্ ॥১৫॥
যদি বা ন নিহংস্যেনং দেবেন্দ্রোঽয়ং ভবিষ্যতি।
ত্রৈলোক্যং সন্নিগৃহ্যাস্মাংস্ত্বাঞ্চ শক্র! মহাবলঃ ॥১৬॥
স তানুবাচ ব্যথিতো বালোঽয়ং সুমহাবলঃ।
স্রষ্টারমপি লোকানাং যুধি বিক্রম্য নাশয়েৎ।
ন বালমুৎসহে হন্তুমিতি শক্রঃ প্রভাষতে ॥১৭॥
তেঽব্রুবন্ নাস্তি তে বীর্য্যং যত এবং প্রভাষসে।
সর্ব্বাস্ত্বত্যাভিগচ্ছন্তু স্কন্দং লোকস্য মাতরঃ ॥১৮॥
কামবীর্য্যা ঘ্নন্তু চৈনং তথেত্যুক্ত্বা চ তা যযুঃ।
তমপ্রতিবলং দৃষ্ট্বা বিষণ্ণবদনাস্তু তাঃ ॥১৯॥

ভারতকৌমুদী

স্কন্দমিতি। সহিতাঽব্রুবন্নিতি বিসর্গলোপেঽপি পুনঃ সন্ধিরার্ষঃ ॥১৫॥
যদীতি। দেবেন্দ্রো দেবরাজঃ। সন্নিগৃহ্য দময়িত্বা পরাজিত্যেত্যর্থঃ ॥১৬॥
স ইতি। স শক্রঃ। উৎসহে ইচ্ছামি। প্রভাষতে স্ম। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

অগ্নিদেবের সহিত সঙ্গমের সময়ে স্বাহাদেবী যে অরুন্ধতী ব্যতীত অপর সপ্তর্ষি-পত্নীদের প্রত্যেকের রূপ ধারণ করিয়াছিলেন, তাহা বিশ্বামিত্র প্রত্যক্ষ দেখিয়াছিলেন; সুতরাং তিনি সপ্তর্ষিগণকে বলিলেন—"আপনাদের ভার্য্যারা অপরাধিনী নহেন"। তখন ঋষিরা বিশ্বামিত্রের নিকট যথার্থ ঘটনা শুনিয়াও তাহা বিশ্বাস না করিয়া সর্ব্বপ্রকারেই পত্নীগণকে পরিত্যাগ করিলেন ॥১৪॥

এদিকে দেবতারা স্কন্দের বৃত্তান্ত শুনিয়া সম্মিলিত হইয়া যাইয়া দেবরাজকে বলিলেন—"দেবরাজ! স্কন্দের বল অসহ্য হইবে; সুতরাং আপনি উহাকে সত্বর বধ করুন, বিলম্ব করিবেন না ॥১৫॥

আপনি যদি ইহাকে বধ না করেন, তবে এই মহাবল বালক ত্রিভুবনকে, আমাদিগকে এবং আপনাকে পরাজয় করিয়া দেবরাজ হইবে" ॥১৬॥

তখন দেবরাজ দুঃখিত হইয়া তাঁহাদিগকে বলিলেন—"দেবগণ! অত্যন্ত বলশালী এই বালক যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া ত্রিভুবনের সৃষ্টিকর্ত্তাকেও বিনাশ করিতে পারে; অতএব আমি এই বালককে বধ করিতে ইচ্ছা করি না"। ইন্দ্র এই কথা বলিয়াছিলেন ॥১৭॥

তখন দেবতারা বলিলেন—"দেবরাজ! আপনার শক্তিই নাই; যেহেতু আপনি এইরূপ বলিতেছেন। (সে যাহা হউক,) আজ ইচ্ছানুরূপ বল-

অশক্যোঽয়ং বিচিন্ত্যৈবং তমেব শরণং যযুঃ।
ঊচুশ্চৈনং ত্বমস্মাকং পুত্রো ভব মহাবল ! ॥২০॥ (বিশেষকম্)
অভিনন্দস্ব নঃ সর্ব্বাঃ প্রস্নুতাঃ স্নেহবিক্লবাঃ।
তাসাং তদ্বচনং শ্রুত্বা পাতুকামঃ স্তনান্ প্রভুঃ ॥২১॥
তাঃ সম্পূজ্য মহাসেনঃ কামাংশ্চাসাং প্রদায় সঃ।
অপশ্যদগ্নিমায়ান্তং পিতরং বলিনাং বলী ॥২২॥ (যুগ্মকম্)
স তু সম্পূজিতস্তেন সহ মাতৃগণেন হ।
পরিবার্য্য মহাসেনং রক্ষমাণঃ স্থিতঃ শিবঃ ॥২৩॥
সর্ব্বাসাং যা তু মাতৄণাং নারী ক্রোধসমুদ্ভবা।
ধাত্রী স্বপুত্রবৎ স্কন্দং শূলহস্তাঽভ্যরক্ষত ॥২৪॥

ভাবতকৌমুদী

ত ইতি। তে দেবাঃ। তা মাতরঃ, যযুঃ স্কন্দসমীপম্। তং স্কন্দম্ ॥১৮—২০॥
অভীতি। প্রস্নুতাঃ ক্ষরদ্দুগ্ধাঃ। কামান্ অঙ্কারোহণাদীন্ ॥২১—২২॥
স ইতি। সোঽগ্নিঃ, তেন স্কন্দেন। পরিবার্য্য পরিবেষ্ট্য, শিবো মঙ্গলকরঃ ॥২৩॥
সর্ব্বাসামিতি। ক্রোধসমুদ্ভবা নাম। ধাত্রী উপমাতা ॥২৪॥

শালিনী লোকমাতারা সকলে স্কন্দের নিকট গমন করুন এবং উঁহাকে বধ করুন"। তাহার পর লোকমাতারা 'তাহাই হইবে' এই কথা বলিয়া স্কন্দের নিকট গমন করিলেন এবং তাঁহাকে অধিক বল দেখিয়া বিষণ্ণবদনা হইলেন, আর 'ইহাকে বধ করা আমাদের শক্তিসাধ্য নহে' এইরূপ চিন্তা করিয়া স্কন্দেরই শরণাপন্ন হইলেন এবং উঁহাকে বলিলেন—"মহাবল বালক! তুমি আমাদের পুত্র হও ॥১৮—২০॥

আর আমাদের স্তন্য দুগ্ধ নিঃসৃত হইতেছে এবং আমরা স্নেহে আকুল হইয়াছি; সুতরাং তুমি আমাদিগকে সর্ব্বতোভাবে আনন্দিত কর"। তাঁহাদের সেই কথা শুনিয়া প্রভাবশালী ও বলিশ্রেষ্ঠ স্কন্দ তাঁহাদের স্তন্য পান করিবার ইচ্ছা করিয়া তাঁহাদের আদর ও অভীষ্ট সম্পাদনপূর্ব্বক পিতা অগ্নিদেবকে আসিতে দেখিলেন ॥২১—২২॥

তখন স্কন্দ অগ্নিদেবকে নমস্কার করিয়া সম্মানিত করিলেন; পরে মঙ্গলকারী অগ্নিদেব মাতৃগণের সহিত মিলিত হইয়া পরিবেষ্টনপূর্ব্বক স্কন্দকে রক্ষা করিতে থাকিলেন ॥২৩॥

মাতৃগণের মধ্যে যে নারীর নাম ছিল—'ক্রোধসমুদ্ভবা', তিনি শূল ধারণ করিয়া—ধাত্রী যেমন আপন পুত্রকে রক্ষা করে, সেইরূপ স্কন্দকে রক্ষা করিতে লাগিলেন ॥২৪॥

লোহিতস্যোদধেঃ কন্যা ক্রূরা লোহিতভোজনা।
পরিষ্বজ্য মহাসেনং পুত্রবৎ পর্য্যরক্ষত ॥২৫॥
অগ্নির্ভূত্বা নৈগমেয়শ্ছাগবক্ত্রো বহুপ্রজঃ।
রময়ামাস শৈলস্থং বালং ক্রীড়নকৈরিব ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং স্কন্দোৎপত্তৌ অষ্টাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

উনবত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

গ্রহাঃ সোপগ্রহাশ্চৈব ঋষয়ো মাতরস্তথা।
হুতাশনমুখাশ্চৈব দীপ্তাঃ পরিষদাং গণাঃ ॥১॥
এতে চান্যে চ বহবো ঘোরাস্ত্রিদিববাসিনঃ।
পরিবার্য্য মহাসেনং স্থিতা মাতৃগণৈঃ সহ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

লোহিতস্যেতি। লোহিতস্য তদাখ্যস্য, লোহিতভোজনা রক্তপায়িনী ॥২৫॥

অগ্নিরিতি। ছাগবক্ত্রঃ, বহুপ্রজঃ বহুসন্তানশ্চ, অগ্নির্দেবঃ, নৈগমেয়ো নাগরিক ইব ভূত্বা, ক্রীড়নকৈঃ খেলাসামগ্রীভিঃ পুত্তলিকাদিভিঃ, শৈলস্থং বালং স্কন্দম্, রময়ামাস আমোদয়ামাস। "নাগরো বণিক্। নৈগমৌ দ্বৌ" ইত্যমরঃ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়ামষ্টাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

গ্রহা ইতি। হুতাশনমুখা অগ্নিপ্রভৃতয়ঃ। মহাসেনং স্কন্দম ॥১—২॥

লোহিতসাগরকন্যা ক্রোধসম্ভবা ক্রূরস্বভাবা এবং রক্তপায়িনী হইয়াও পুত্রের ন্যায় স্কন্দকে আলিঙ্গন করিয়া রক্ষা করিতে থাকিলেন ॥২৫॥

আর, ছাগমুখ ও বহুসন্তানশালী অগ্নিদেব নাগরিকের ন্যায় হইয়া খেলার সামগ্রী দ্বারা পর্ব্বতের উপরেই বালক স্কন্দকে আমোদিত করিতে লাগিলেন" ॥২৬॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—"গ্রহগণ, উপগ্রহগণ, ঋষিগণ, মাতৃগণ এবং অগ্নিদেবকে

* '...একবিংশত্যধিকদ্বিশততমঃ...'—পি, '...পঞ্চবিংশত্যধিকদ্বিশততমঃ...'—বা ব, 'ষড়্বিংশত্যধিকদ্বিশততমঃ...'—কা, নি অধ্যায়সমাপ্তির্নাস্তি।

সন্দিগ্ধং বিজয়ং দৃষ্ট্বা বিজয়েপ্সুঃ সুরেশ্বরঃ।
আরুহ্যৈরাবতং স্কন্দং প্রযযৌ দৈবতৈঃ সহ ॥৩॥
আদায় বজ্রং বলবান্ সর্ব্বৈর্দেবগণৈর্বৃতঃ।
বিজিঘাংসুর্মহাসেনমিন্দ্রস্তূর্ণতরং যযৌ ॥৪॥
প্রবরাম্বরসংবীতং শ্রিয়া জুষ্টমলঙ্কৃতম্।
বিজিঘাংসুং তমায়ান্তং কুমারঃ শক্রমন্বয়াৎ ॥৫॥
বিনদন্ পথি দেবেশো দ্রুতং যাতি মহাবলঃ।
সংহর্ষয়ন্ দেবসেনাং জিঘাংসুঃ পাবকাত্মজম্ ॥৬॥
সম্পূজ্যমানস্ত্রিদশৈস্তথৈব পরমর্ষিভিঃ।
সমীপমথ সম্প্রাপ্তঃ কার্ত্তিকেয়স্য বাসবঃ ॥৭॥

ভারতকৌমুদী

সন্দিগ্ধমিতি। বিজয়েপ্সুঃ—পূর্ব্বং বাঞ্ছিতমপি স্কন্দং দেবগণপ্ররোচনাদ্বিজিগীষুঃ সুরেশ্বরঃ, স্কন্দস্য বিজয়ম্, সন্দিগ্ধম্ অগ্নিপ্রভৃতিভিঃ পরিরক্ষণাৎ সংশয়াপন্নম্, দৃষ্ট্বা সম্ভাব্য, ঐরাবতমারুহ্য, দৈবতৈঃ সহ, স্কন্দং তৎসমীপং প্রযযৌ ॥৩॥

আদায়েতি। মহাসেনং স্কন্দম্ ॥৪॥

প্রবরেতি। প্রবরাম্বরসংবীতং পরিহিতোত্তমবস্ত্রম্। অন্বয়াৎ অবগতবান্ ॥৫॥

বিনদন্নিতি। যাতি স্ম। পাবকাত্মজং স্কন্দম্ ॥৬॥

অগ্রবর্ত্তী করিয়া তাঁহার উজ্জ্বলাকৃতি পারিষদগণ, ইহারা এবং ভয়ঙ্কর মূর্ত্তি অন্যান্য বহুতর স্বর্গবাসীরা মাতৃগণের সহিত স্কন্দকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিলেন ॥১—২॥

অতএব বিজয়ার্থী দেবরাজ স্কন্দকে জয় করা সন্দেহের বিষয় মনে করিয়া ঐরাবতহস্তীতে আরোহণপূর্ব্বক দেবগণের সহিত স্কন্দের নিকটে প্রস্থান করিলেন ॥৩॥

বলবান্ ইন্দ্র বজ্র ধারণ করিয়া সমস্ত দেবগণে পরিবেষ্টিত হইয়া স্কন্দকে বধ করিবার ইচ্ছায় অতি দ্রুত গমন করিতে লাগিলেন ॥৪॥

উৎকৃষ্ট বস্ত্র পরিধান করিয়া এবং অলঙ্কৃত ও শোভাযুক্ত হইয়া জিঘাংসু দেবরাজ আসিতেছেন, ইহা স্কন্দ বুঝিতে পারিলেন ॥৫॥

মহাবল দেবরাজ স্কন্দকে বধ করিবার ইচ্ছায় পথে সিংহনাদ করতঃ দেবসৈন্যগণকে আনন্দিত করিতে থাকিয়া দ্রুত গমন করিতে লাগিলেন ॥৬॥

---

(৫) শ্লোকাৎ পরম্ 'উগ্রং তচ্চ মহানাদং দেবানীকং মহাপ্রভম্। বিচিত্রধ্বজসন্নাহং নানাবাহনকার্ম্মুকম্॥' ইতি শ্লোকোঽধিকঃ—বা ব কা পি। (৬) বিনদন্ পার্থ। দেবেশঃ—বা ব কা।

সিংহনাদং ততশ্চক্রে দেবেশঃ সহিতঃ সুরৈঃ।
গুহোঽপি শব্দং তং শ্রুত্বা ব্যনদৎ সাগরো যথা ॥৮॥
তস্য শব্দেন মহতা সমুদ্ধূতোদধিপ্রভম্।
বভ্রাম তত্র তত্রৈব দেবসৈন্যমচেতনম্ ॥৯॥
জিঘাংসূনুপসংপ্রাপ্তান্ দেবান্ দৃষ্ট্বা স পাবকিঃ।
বিসসর্জ্জ মুখাৎ ক্রুদ্ধঃ প্রবৃদ্ধাঃ পাবকার্চ্চিষঃ।
অদহদ্দেবসৈন্যানি বেপমানানি ভূতলে ॥১০॥
তে প্রদীপ্তশিরোদেহাঃ প্রদীপ্তায়ুধবাহনাঃ।
প্রচ্যুতাঃ সহসা ভান্তি ব্যস্তাস্তারাগণা ইব ॥১১॥
দহ্যমানাঃ প্রপন্নাস্তে শরণং পাবকাত্মজম্।
দেবা বজ্রধরং ত্যক্ত্বা ততঃ শান্তিমুপাগতাঃ।
ত্যক্তো দেবৈস্ততঃ স্কন্দে বজ্রং শক্রো ন্যপাতয়ৎ ॥১২॥

ভারতকৌমুদী

সম্পূজ্যেতি। সম্প্রাপ্ত আগতঃ। বাসব ইন্দ্রঃ ॥৭॥
সিংহেতি। দেবেশ ইন্দ্রঃ। গুহোঽপি কার্ত্তিকেয়োঽপি ॥৮॥
তস্যেতি। সমুদ্ধূতোদধিপ্রভম্ উদ্বেলিতসমুদ্রতুল্যম্। অচেতনং তৎপ্রায়ম্ ॥৯॥
জিঘাংসূনিতি। পাবকিঃ স্কন্দঃ। অদহৎ পাবকিরেব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥
ত ইতি। প্রদীপ্তাঃ প্রজ্বলিতাঃ শিরোদেহা যেষাং তে। প্রচ্যুতাঃ সংঘাৎ ॥১১॥
দহেতি। প্রপন্নাঃ প্রাপ্তাঃ। পাবকাত্মজং স্কন্দম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

তাহার পর দেবরাজ, দেবগণ ও মহর্ষিগণের নিকট সম্মান লাভ করিতে থাকিয়া কার্ত্তিকের নিকট উপস্থিত হইলেন ॥৭॥

তদনন্তর দেবরাজ দেবগণের সহিত মিলিত হইয়া সিংহনাদ করিলেন; কার্ত্তিকও সেই শব্দ শুনিয়া সমুদ্রের ন্যায় গর্জ্জন করিলেন ॥৮॥

কার্ত্তিকের সেই বিশাল শব্দে দেবসৈন্য অচেতনপ্রায় হইয়া উদ্বেলিত সমুদ্রের ন্যায় সেই সেই স্থানে ঘুরিতে লাগিল ॥৯॥

অগ্নিনন্দন কার্ত্তিক দেবগণকে জিঘাংসুভাবে উপস্থিত দেখিয়া ক্রুদ্ধ হইয়া মুখ হইতে বিশাল অগ্নিশিখা নিঃসারিত করিলেন এবং তাহা দ্বারা ভূতলে কম্পমান দেবসৈন্যগণকে দগ্ধ করিতে লাগিলেন ॥১০॥

তখন দেবসৈন্যগণের মস্তক, দেহ, অস্ত্র ও বাহন সকল জ্বলিতে লাগিল এবং তাহারা হঠাৎ শ্রেণীভ্রষ্ট হইয়া স্থানচ্যুত নক্ষত্রগণের ন্যায় শোভা পাইতে থাকিল ॥১১॥

ক্রমে দেবতারা দগ্ধ হইতে থাকিয়া দেবরাজকে পরিত্যাগ করিয়া কার্ত্তিকের

তদ্বিসৃষ্টং জঘানাশু পার্শ্বং স্কন্দস্য দক্ষিণম্ ।
বিভেদ চ মহারাজ ! পার্শ্বং তস্য মহাত্মনঃ ॥১৩॥
বজ্রপ্রহারাৎ স্কন্দস্য সঞ্জাতঃ পুরুষোঽপরঃ ।
যুবা কাঞ্চনসন্নাহঃ শক্তিধৃগ্ দিব্যকুণ্ডলঃ ।
যদ্বজ্রবিশনাজ্জাতো বিশাখস্তেন সোঽভবৎ ॥১৪॥
সঞ্জাতমপরং দৃষ্ট্বা কালানলসমদ্যুতিম্ ।
ভয়াদিন্দ্রস্তু তং স্কন্দং প্রাঞ্জলিঃ শরণং গতঃ ॥১৫॥
তস্যাভয়ং দদৌ স্কন্দঃ সহসৈন্যস্য সত্তমঃ ।
ততঃ প্রহৃষ্টাস্ত্রিদশা বাদিত্রাণ্যভ্যবাদয়ন্ ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং স্কন্দশক্রসমাগমে ঊননবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তদিতি। বিসৃষ্টং নিক্ষিপ্তম, তৎ বজ্রং কর্তৃ, জঘান আজঘান ॥১৩॥

বজ্রেতি। স্কন্দস্য দক্ষিণাৎ পার্শ্বাদিতি শেষঃ। কাঞ্চনসন্নাহঃ স্বর্ণময়কবচঃ। বজ্রস্য বিশনাৎ প্রবেশাদাখননাচ্চ বিশাখঃ পৃষোদরাদিত্বান্নিপাতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

সঞ্জাতমিতি। কালানলসমদ্যুতিং প্রলয়কালীনবহ্নিবত্তেজস্বিনম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

গ্রহা ইতি। উপগ্রহা বাহুপ্রভৃতয়ঃ ॥১—১৩॥ বজ্রস্য বিশনাৎ শাখোরাখননাচ্চ বিশাখ ইত্যর্থঃ ॥১৪—১৬॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊননবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৯॥

শরণাপন্ন হইলেন, তাহার পর তাঁহারা শান্তিলাভ করিলেন। তখন দেবরাজ দেবগণকর্তৃক পরিত্যক্ত হইয়া কার্ত্তিকের প্রতি বজ্র নিক্ষেপ করিলেন ॥১২॥

মহারাজ ! ইন্দ্রনিক্ষিপ্ত সেই বজ্র যাইয়া কার্ত্তিকের দক্ষিণ পার্শ্বে আঘাত করিল এবং সেই মহাত্মার দক্ষিণপার্শ্ব বিদীর্ণই করিল ॥১৩॥

সেই বজ্রপ্রহারে কার্ত্তিকের দক্ষিণপার্শ্ব হইতে অপর একটী যুবা পুরুষ উৎপন্ন হইল ; তাহার শরীরে স্বর্ণবর্ম্ম, হস্তে শক্তি ও কর্ণযুগলে দিব্য কুণ্ডল ছিল এবং বজ্রপ্রবেশনিবন্ধন জন্মিয়াছিল বলিয়া সেই পুরুষটীর নাম হইয়াছিল—'বিশাখ' ॥১৪॥

প্রলয়কালের অগ্নির ন্যায় তেজস্বী অপর একটী পুরুষ জন্মিয়াছে দেখিয়া দেবরাজ ভয়ে কৃতাঞ্জলি হইয়া সেই কার্ত্তিকের শরণাপন্ন হইলেন ॥১৫॥

* '...দ্বাবিংশত্যধিকদ্বিশততমঃ...'—পি, '...ষড়্বিংশত্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...সপ্তবিংশত্যধিকদ্বিশততমঃ...'—কা, নি অধ্যায়সমাপ্তিবাক্যং।

নবত্যধিকশততমোহধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

স্কন্দপারিষদান্ ঘোরান্ শৃণুষ্বাদ্ভুতদর্শনান্।
বজ্রপ্রহারাৎ স্কন্দস্য জজ্ঞুস্তত্র কুমারকাঃ।
যে হরন্তি শিশূন্ জাতান্ গর্ভস্থাংশ্চৈব দারুণাঃ ॥১॥
বজ্রপ্রহারাৎ কন্যাশ্চ জজ্ঞিরেঽস্য মহাবলাঃ।
কুমারাস্তে বিশাখঞ্চ পিতৃত্বে সমকল্পয়ন্ ॥২॥
স ভূত্বা ভগবান্ সংখ্যে রক্ষংশ্ছাগমুখস্তদা।
বৃতঃ কন্যাগণৈঃ সর্ব্বৈরাত্মীয়ৈঃ সহ পুত্রকৈঃ ॥৩॥

ভারতকৌমুদী

তস্মৈতি। সৈন্যৈঃ সহেতি সহসৈন্যস্তস্য, সত্তমঃ শরণাগতবাৎসল্যাৎ সৎস্বভাবঃ ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়ামূননবত্যধিকশততমোহধ্যায়ঃ।০॥

—:*:—

স্কন্দেতি। স্কন্দস্য দেহাদিতি শেষঃ। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥১॥

কুমারা ইতি। বিশাখং স্কন্দমেব, ন পুনঃ স্কন্দাৎ পুরুষম্, তেষাং পিতুঃ।২॥

ভারতভাবদীপঃ

স্কন্দেতি ॥১—১৪॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবত্যধিকশততমোহধ্যায়ঃ ॥১৯০॥

তখন উত্তমস্বভাব কার্ত্তিক সৈন্যগণের সহিত দেবরাজকে অভয় দান করিলেন। তাহার পর দেবতারা আনন্দিত হইয়া বাদ্য বাজাইতে লাগিলেন” ॥১৬॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—“মহারাজ! আপনি—ভয়ঙ্কর ও অদ্ভুত মূর্ত্তি কার্ত্তিক-পারিষদবর্গের বৃত্তান্ত শ্রবণ করুন। ইন্দ্রের বজ্রপ্রহারে কার্ত্তিকের দেহ হইতে তখন বহুতর কুমার জন্মিয়াছিল; যে দারুণপ্রকৃতি কুমারেরা উৎপন্ন ও গর্ভস্থ শিশুদিগকে হরণ করিয়া থাকে ॥১॥

সেই বজ্রপ্রহারে কার্ত্তিকের দেহ হইতে কতকগুলি মহাবল কন্যাও জন্মিয়াছিল। ক্রমে সেই কুমারগণ কার্ত্তিককে পিতৃরূপে কল্পনা করিয়াছিল ॥২॥

মাতৄণাং প্রেক্ষতীনাঞ্চ ভদ্রশাখশ্চ কৌশলঃ।
ততঃ কুমারপিতরং স্কন্দমাহুর্জনা ভুবি ॥৪॥
রুদ্রমগ্নিমুখং স্বাহাং প্রদেশেষু মহাবলম্।
যজন্তি পুত্রকামাশ্চ পুত্রিণশ্চ সদা জনাঃ ॥৫॥
যাস্তাস্ত্বজনয়ৎ কন্যাস্তপো নাম হুতাশনঃ।
কিং করোমীতি তাঃ স্কন্দঃ সম্প্রাপ্তাঃ সমভাষত ॥৬॥

কুমার্য্য ঊচুঃ।

ভবেম সর্ব্বলোকস্য মাতরো বয়মুত্তমাঃ।
প্রসাদাত্তব পূজ্যাশ্চ প্রিয়মেতৎ কুরুষ্ব নঃ ॥৭॥
সোঽব্রবীদ্বাঢ়মিত্যেবং ভবিষ্যধ্বং পৃথগ্বিধাঃ।
অশিবাশ্চ শিবাশ্চৈব পুনঃ পুনরুদারধীঃ।
ততঃ সঙ্কল্প্য পুত্রত্বে স্কন্দং মাতৃগণোঽগমৎ ॥৮॥

ভারতকৌমুদী

স ইতি। স স্কন্দঃ, ছাগমুখো ভূত্বা, সংখ্যে যুদ্ধে স্বপক্ষং রক্ষন্ রক্ষিষ্যন্ ॥৩॥

মাতৄণামিতি। কৌশলঃ স্বার্থে অণ্‌প্রত্যয়াদ্‌যুদ্ধনিপুণঃ স্কন্দঃ, প্রেক্ষতীনামাত্মানং পর্য্যবেক্ষমাণানাং মাতৄণামন্তিকে, ভদ্রশাখস্তন্নামাভূৎ। কুমারাণাং স্বজাতানাং পিতরম্ ॥৪॥

রুদ্রমিতি। অগ্নিষু মুখং প্রধানম্, রুদ্রং তদাখ্যমগ্নিম্। প্রদেশেষু ভিত্তিষু ॥৫॥

যা ইতি। সম্প্রাপ্তাঃ স্বান্তিকমাগতাঃ ॥৬॥

ভবেমেতি। মাতরো মাতৃনাম্যঃ। প্রভাবদর্শনাদিয়ং প্রার্থনা ॥৭॥

ভগবান্ কার্ত্তিক ছাগমুখ হইয়া যুদ্ধে পুত্রগণের সহিত আপন পক্ষ রক্ষা করিবেন বলিয়া তখন স্বকীয় কন্যাগণে পরিবেষ্টিত হইয়াছিলেন ॥৩॥

যুদ্ধনিপুণ কার্ত্তিক মাতৃগণের সমক্ষে 'ভদ্রশাখ'-নাম ধারণ করিয়াছিলেন এবং কুমারেরা পিতৃত্বে কল্পনা করিয়াছিল বলিয়া জগতের লোক কার্ত্তিককে 'কুমারপিতা' বলিয়া থাকে ॥৪॥

পুত্রার্থী ও পুত্রবান্ লোকেরা গৃহভিত্তিতে অগ্নিপ্রধান ও মহাবল রুদ্রনামক অগ্নিকে এবং স্বাহাকে পূজা করিয়া থাকে ॥৫॥

'তপ'-নামক অগ্নি যে কন্যাগণকে উৎপাদন করিয়াছিলেন, তাহারা উপস্থিত হইলে কার্ত্তিক বলিলেন—"আমি আপনাদের কি করিব?" ॥৬॥

কুমারীগণ বলিল—"দেব! আমরা আপনার অনুগ্রহে সমস্ত জগতের প্রধান মাতা ও পূজনীয়া হইতে চাই; আপনি আমাদের এই প্রিয় কার্য্য করুন" ॥৭॥

---

(৮) দ্বিতীয়ার্দ্ধাৎ পরম্ '...অষ্টাবিংশত্যধিকদ্বিশততমঃ...'—নি।

কাকী চ হলিমা চৈব মালিনী বৃংহিলা তথা।
আর্য্যা পলালা বৈমিত্রা সপ্তৈতাঃ শিশুমাতরঃ ॥৯॥
এতাসাং বীর্য্যসম্পন্নঃ শিশুর্নামাতিদারুণঃ।
স্কন্দপ্রসাদজঃ পুত্রো লোহিতাক্ষো ভয়ঙ্করঃ ॥১০॥
এষ বীরাষ্টকঃ প্রোক্তঃ স্কন্দমাতৃগণোদ্ভবঃ।
ছাগবক্ত্রেণ সহিতো নবকঃ পরিকীর্ত্ত্যতে ॥১১॥
ষষ্ঠং ছাগময়ং বক্ত্রং স্কন্দস্যৈবেতি বিদ্ধি তৎ।
ষট্‌শিরোঽভ্যন্তরং রাজন্! নিত্যং মাতৃগণার্চ্চিতম্ ॥১২॥
ষণ্ণান্তু প্রবরং তস্য শীর্ষাণামিহ শব্দ্যতে।
শক্তিং যেনাসৃজদ্দিব্যাং রুদ্রশাখ ইতি স্ম হ ॥১৩॥

ভারতকৌমুদী

স ইতি। উদারধীঃ স স্কন্দঃ, বাঢ়ম্, যূযম্, পৃথগ্বিধাঃ, অশিবা অমঙ্গলকারিণ্যঃ, শিবা মঙ্গলকারিণ্যশ্চ মাতরো ভবিষ্যথম, ইত্যেবং পুনঃ পুনরব্রবীৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥
অথ কানি তাসাং নামানীত্যাহ—কাকীতি। এষাং নাম্নাং ব্যুৎপত্তয় উন্নেয়াঃ ॥৯॥
এতাসামিতি। অতিদারুণো নিতান্তনিষ্ঠুরপ্রকৃতিরিত্যপৌনরুক্ত্যম্ ॥১০॥
এষ ইতি। সপ্তানাং মাতৄণাং সপ্ত পুত্রা বীরাস্তেষু অষ্টকঃ অষ্টমঃ ॥১১॥
নন্থ কোঽসৌ ছাগবক্ত্র ইত্যাহ—ষষ্ঠমিতি। ষণ্ণাং শিরসামভ্যন্তরং মধ্যবর্ত্ত্যেকম্ ॥১২॥
ষণ্ণামিতি। প্রবরং শ্রেষ্ঠং শীর্ষং ছাগমুখমিত্যর্থঃ। শক্তিং তদাখ্যমস্ত্রম্ ॥১৩॥

উদারবুদ্ধি কার্ত্তিক তখন বার বার এইরূপ বলিলেন যে, "অবশ্যই হইবেন; আপনারা মঙ্গলকারিণী ও অমঙ্গলকারিণী নানাবিধ লোকমাতা হইবেন"। তাহার পর মাতৃগণ কার্ত্তিককে পুত্র কল্পনা করিয়া চলিয়া গেলেন ॥৮॥

কাকী, হলিমা, মালিনী, বৃংহিলা, আর্য্যা, পলালা ও বৈমিত্রা—এই সাত জন শিশুমাতা ॥৯॥

কার্ত্তিকের অনুগ্রহে ইঁহাদের বলবান্, অত্যন্ত নিষ্ঠুরস্বভাব, রক্তনয়ন ও ভয়ঙ্করাকৃতি 'শিশু'-নামে এক পুত্র হইয়াছিল ॥১০॥

কার্ত্তিক ও মাতৃগণ হইতে উৎপন্ন এই পুত্রই সাত জন বীরের মধ্যে অষ্টম এবং ছাগমুখের সহিত নবম বলা যায় ॥১১॥

রাজা! সেই ছাগময় ষষ্ঠ মুখ কার্ত্তিকেরই জানিবে। মাতৃগণ তাঁহার ছয়টী মস্তকের মধ্যে ছাগময় মস্তকটীরই আদর করিতেন ॥১২॥

কারণ, কার্ত্তিকের ছয়টী মস্তকের মধ্যে সেই ছাগময় মস্তকটীকেই প্রধান বলা হয়; রুদ্রশাখ (কার্ত্তিক) যাহাদ্বারা দিব্য শক্তি সৃষ্টি করিয়াছিলেন ॥১৩॥

ইত্যেতদ্বিবিধাকারং বৃত্তং শুক্লস্য পঞ্চমীম্।
তত্র যুদ্ধং মহাঘোরং বৃত্তং ষষ্ঠ্যাং জনাধিপ! ॥১৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং স্কন্দোপাখ্যানে নবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

একনবত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

উপবিষ্টস্তু তং স্কন্দং হিরণ্যকবচস্রজম্।
হিরণ্যচূড়মুকুটং হিরণ্যাক্ষং মহাপ্রভম্ ॥১॥
লোহিতাম্বরসংবীতং তীক্ষ্ণদংষ্ট্রং মনোরমম্।
সর্ব্বলক্ষণসম্পূর্ণং ত্রৈলোক্যস্যাপি সুপ্রিয়ম্ ॥২॥
ততস্তং বরদং শূরং যুবানং মৃষ্টকুণ্ডলম্।
অভজৎ পদ্মরূপা শ্রীঃ স্বয়মেব শরীরিণী ॥৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ইতীতি। বৃত্তং বৃত্তান্তঃ। পঞ্চমীং তিথিং প্রাপ্যেতি শেষঃ। বৃত্তং জাতম্ ॥১৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং নবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

উপেতি। হিরণ্যকবচস্রজং স্বর্ণবর্ম্মমালাধারিণম্, হিরণ্যচূড়মুকুটং স্বর্ণশেখরকিরীটশালিনম্, হিরণ্যাক্ষং স্বর্ণকেয়ূরান্বিতহস্তম্, লোহিতাম্বরসংবীতং পরিহিতরক্তবস্ত্রম্, তীক্ষ্ণদংষ্ট্রং সূক্ষ্মাগ্রদশনম্। শ্রীঃ সর্ব্বশ্রীরভজৎ পদ্মধারণেন শোভামকরোদিত্যর্থঃ ॥১—৩॥

শুক্লপক্ষের পঞ্চমীতিথিতে এইরূপ নানাবিধ ঘটনা ঘটিয়াছিল; আর সেই ষষ্ঠী-তিথিতে দেবতাদের সহিত কার্ত্তিকের সেই ঘোরতর যুদ্ধ হইয়াছিল" ॥১৪॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—"সমস্ত সুলক্ষণ-যুক্ত, অত্যন্ত কান্তিসম্পন্ন সূক্ষ্ম দন্ত-সমন্বিত, মনোহরমূর্ত্তি, ত্রিভুবনেরই প্রীতির পাত্র, বরদাতা, মহাবীর ও যুবা

---

* '...ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমঃ...'—পি, '...সপ্তবিংশত্যধিকদ্বিশততমঃ...'—বা ব, '...অষ্টাবিংশত্যধিকদ্বিশততমঃ...'—কা।

শ্রিয়া জুষ্টঃ পৃথুযশাঃ সুকুমারবরস্তদা।
নিষণ্ণো দৃশ্যতে ভূতৈঃ পৌর্ণমাস্যাং যথা শশী ॥৪॥
অপূজয়ন্ মহাত্মানো ব্রাহ্মণাস্তং মহাবলম্।
ইদমাহুস্তদা চৈব স্কন্দং তত্র মহর্ষয়ঃ ॥৫॥
হিরণ্যগর্ভ! ভদ্রং তে লোকানাং শঙ্করো ভব।
ত্বয়া ষড়্‌রাত্রজাতেন সর্ব্বলোকা বশীকৃতাঃ ॥৬॥
অভয়ঞ্চ পুনর্দত্তং ত্বয়ৈবৈষাং সুরোত্তম!।
তস্মাদিন্দ্রো ভবানস্তু ত্রৈলোক্যস্যাভয়ঙ্করঃ ॥৭॥

স্কন্দ উবাচ।

কিমিন্দ্রঃ সর্ব্বলোকানাং করোতীহ তপোধনাঃ!।
কথং দেবগণাংশ্চৈব পাতি নিত্যং সুরেশ্বরঃ ॥৮॥

ভারতকৌমুদী

শ্রিয়েতি। শ্রিয়া লক্ষ্ম্যা, জুষ্টঃ সেবিতঃ, পৃথুযশা বিশালকীর্ত্তিঃ ॥৪॥
অপূজয়ন্নিতি। প্রভাবাতিশয়দর্শনাদেবেত্যুভয়ত্রাপি ভাবঃ ॥৫॥
হিরণ্যেতি। হে হিরণ্যগর্ভ! ব্রহ্মসদৃশ!। শঙ্করো মঙ্গলকরঃ ॥৬॥
অভয়মিতি। এষাং সুরাণাম্। ইন্দ্রো দেবানাং রাজা ॥৭॥
কার্য্যাজ্ঞানে তদঙ্গীকারো নোপপদ্যত ইতি পৃচ্ছতি—কিমিতি। কথং কেন প্রকারেণ ॥৮॥

কার্ত্তিক স্বর্ণময় বর্ম্ম ও মালা, স্বর্ণময় চূড়া ও মুকুট, স্বর্ণময় কেয়ূর, পবিষ্কৃত কুণ্ডল এবং রক্তবর্ণ বস্ত্র ধারণ করিয়া উপবিষ্ট ছিলেন। তখন মূর্ত্তিমতী লক্ষ্মী-দেবী নিজেই আসিয়া পদ্মরূপ ধারণ করিয়া তাঁহার সেবা করিতে লাগি-লেন ॥১—৩॥

সুন্দরমূর্ত্তি, বিশালকীর্ত্তি ও অত্যন্ত কোমলাঙ্গ কার্ত্তিককে সকল প্রাণীই পূর্ণিমার চন্দ্রের ন্যায় উপবিষ্ট দেখিতে লাগিল ॥৪॥

মহাত্মা ব্রাহ্মণেরা মহাবল কার্ত্তিকের পূজা করিলেন এবং মহর্ষিরা তখন তাঁহাকে এই কথা বলিলেন—॥৫॥

"হে ব্রহ্মতুল্য! আপনার মঙ্গল হউক এবং আপনি ত্রিভুবনেরই মঙ্গল-কারী হউন। আপনি ছয় দিনমাত্র জন্মিয়াছেন, ইতোমধ্যেই সমস্ত লোককে বশীভূত করিয়াছেন ॥৬॥

দেবশ্রেষ্ঠ! আপনিই আবার ইঁহাদিগকে অভয় দান করিয়াছেন; অতএব আপনিই ত্রিভুবনের অভয়দাতা ইন্দ্র হউন" ॥৭॥

(৫) শ্লোকাৎ পরম্ 'ঋষয় ঊচুঃ'—বা ব কা পি।

ঋষয় ঊচুঃ।

ইন্দ্রো দধাতি ভূতানাং বলং তেজঃ প্রজাঃ সুখম্।
তুষ্টঃ প্রয়চ্ছতি তথা সর্ব্বান্ কামান্ সুরেশ্বরঃ ॥৯॥
দুর্বৃত্তানাং সংহরতি বৃত্তস্থানাং প্রয়চ্ছতি।
অনুশাস্তি চ ভূতানি কার্য্যেষু বলসূদনঃ ॥১০॥
অসূর্য্যে চ ভবেৎ সূর্য্যস্তথাঽচন্দ্রে চ চন্দ্রমাঃ।
ভবত্যগ্নিশ্চ বায়ুশ্চ পৃথিব্যাপশ্চ কারণৈঃ ॥১১॥
এতদিন্দ্রেণ কর্ত্তব্যমিন্দ্রে হি বিপুলং বলম্।
তচ্চ বীর! বলিশ্রেষ্ঠস্তস্মাদিন্দ্রো ভবস্ব নঃ ॥১২॥

শক্র উবাচ।

ভবস্বেন্দ্রো মহাবাহো! সর্ব্বেষাং নঃ সুখাবহঃ।
অভিষিচ্যস্ব চৈবাদ্য প্রাপ্তরূপোঽসি সত্তম! ॥১৩॥

ভারতকৌমুদী

ইন্দ্র ইতি। দধাতি আদধাতি জনয়তীতি যাবৎ প্রজাঃ সন্তানান্ ॥৯॥
দুর্বৃত্তানামিতি। সংহরতি প্রয়চ্ছতি সর্ব্বান কামানিত্যনুষঙ্গঃ। বলসূদন ইন্দ্রঃ ॥১০॥
অসূর্য্য ইতি। অসূর্য্যে অচন্দ্রে চ দেশে। আপো জলম্ কারণৈস্তন্নিমিত্তৈঃ ॥১১॥
এতদিতি। এতৎ ভূতানাং বলাধানাদিকম্। ইন্দ্রো দেবানাং রাজা ॥১২॥
ভবস্বেতি। অভিষিচ্যস্ব দেবরাজ্যে। প্রাপ্তরূপো যোগ্যঃ ॥১৩॥

কার্ত্তিক বলিলেন—"তপস্বিগণ! ইন্দ্র সমস্ত লোকের কি করেন? এবং কি প্রকারেই বা তিনি সর্ব্বদা দেবগণকে রক্ষা করেন?" ॥৮॥

ঋষিরা বলিলেন—"দেবরাজ ইন্দ্র সন্তুষ্ট হইয়া সমস্ত লোকের বল, তেজ, সন্তান ও সুখ উৎপাদন করেন এবং সমস্ত অভীষ্ট দান করেন ॥৯॥

ইন্দ্র দুর্বৃত্তদিগের সমস্ত অভীষ্ট নষ্ট করেন, সদবৃত্তদিগের সমস্ত অভীষ্ট দান করেন এবং কর্ত্তব্যবিষয়ে প্রাণিগণকে প্রণোদিত করেন ॥১০॥

এবং তিনি—সেই সেই কারণে সূর্য্যহীন স্থানে সূর্য্য, চন্দ্রহীন স্থানে চন্দ্র, অগ্নিহীন স্থানে অগ্নি, বায়ুহীন স্থানে বায়ু, স্থলহীন স্থানে স্থল এবং জলহীন স্থানে জল হন ॥১১॥

ইন্দ্রের এই সকল কার্য্য। আর, ইন্দ্রে বিপুল বল রহিয়াছে; আপনিও বলিশ্রেষ্ঠ; সুতরাং বীর! আপনি আমাদের ইন্দ্র হউন" ॥১২॥

ইন্দ্র বলিলেন—"সাধুশ্রেষ্ঠ মহাবাহু! আপনি আমাদের সকলের সুখজনক ইন্দ্র হউন এবং অদ্যই দেবরাজ্যে অভিষিক্ত হউন। কারণ, আপনি দেবগণের রাজা হইবার যোগ্য" ॥১৩॥

স্কন্দ উবাচ।

শাধি ত্বমেব ত্রৈলোক্যমব্যগ্রো বিজয়ে রতঃ।
অহং তে কিঙ্করঃ শক্র! ন মমেন্দ্রত্বমীপ্সিতম্ ॥১৪॥

শক্র উবাচ।

বলং তবাদ্ভুতং বীর! ত্বং দেবানামরীন্ জহি।
অবজ্ঞাস্যন্তি মাং লোকা বীর্য্যেণ তব বিস্মিতাঃ।
ইন্দ্রত্বেঽপি স্থিতং বীর! বলহীনং পরাজিতম্ ॥১৫॥
আবয়োশ্চ মিথো ভেদে প্রযতিষ্যন্ত্যতন্দ্রিতাঃ।
ভেদিতে চ ত্বয়ি বিভো! লোকো দ্বৈধমুপৈষ্যতি ॥১৬॥
দ্বিধাভূতেষু লোকেষু নিশ্চিতেষ্বাবয়োস্তথা।
বিগ্রহঃ সম্প্রবর্ত্তেত ভূতভেদান্মহাবল! ॥১৭॥
তত্র ত্বং মাং রণে তাত! যথাশ্রদ্ধং বিজেষ্যসি।
তস্মাদিন্দ্রো ভবানেব কিঞ্চিৎ মা বিচারয় ॥১৮॥

ভাবকৌমুদী

শাধীতি। শাধি শাসনং কুরু। অব্যগ্রঃ অনাকুলচিত্তঃ ॥১৪॥
বলমিতি। তব বীর্য্যাদি[illegible] মদবজ্ঞা। [illegible] চতুষ্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥
আবয়োরিতি। ভেদে ভেদঘটনে। দ্বৈধং দ্বয়োরেব পক্ষয়োঃ স্থিতিম্ ॥১৬॥
দ্বিধেতি। বিগ্রহো যুদ্ধম্। ভূতভেদাৎ স্বভাববৈষম্যাৎ ॥১৭॥

কার্ত্তিক বলিলেন—"শক্র! আপনিই অনাকুলচিত্তে শত্রুজয়ে রত থাকিয়া ত্রিভুবন শাসন করুন, আমি আপনার দাস; সুতরাং আমার ইন্দ্রত্ব অভীষ্ট নহে" ॥১৪॥

ইন্দ্র বলিলেন—"বীর! আপনার অদ্ভুত বল রহিয়াছে, সুতরাং আপনিই দেবগণের শত্রুগণকে সংহার করুন; কিন্তু বীর! আমি আপনার নিকট হীনবল এবং পরাজিত; সুতরাং আমি ইন্দ্রপদে থাকিলেও আপনার বল দেখিয়া যাহারা বিস্ময়াপন্ন হইয়াছে, তাহারা আমাকে অবজ্ঞা করিবে ॥১৫॥

এবং লোকেরা উদ্‌যোগী হইয়া আমাদের পরস্পর ভেদ জন্মাইবার চেষ্টা করিবে; ক্রমে আপনি ভিন্ন হইয়া গেলে লোক সকল দুই পক্ষেই যাইবে ॥১৬॥

মহাবল! লোক সকল নিশ্চয় করিয়া দুইভাগে বিভক্ত হইলে, স্বভাব-বৈষম্যনিবন্ধন আমাদের যুদ্ধারম্ভ হইবে ॥১৭॥

বৎস! সেই যুদ্ধে আপনি আমাকে ইচ্ছানুসারে জয় করিবেন; অতএব আপনিই ইন্দ্র হইবেন; এ বিষয়ে কোন বিচার করিবেন না" ॥১৮॥

স্কন্দ উবাচ।

ত্বমেব রাজা ভদ্রং তে ত্রৈলোক্যস্য মমৈব চ।
করোমি কিঞ্চ তে শক্র! শাসনং তদ্‌ব্রবীহি মে ॥১৯॥

ইন্দ্র উবাচ।

অহমিন্দ্রো ভবিষ্যামি তব বাক্যান্মহাবল!।
যদি সত্যমিদং বাক্যং নিশ্চয়াদ্ভাষিতং ত্বয়া ॥২০॥
যদি বা শাসনং স্কন্দ! কর্ত্তুমিচ্ছসি মে শৃণু।
অভিষিচ্যস্ব দেবানাং সৈনাপত্যে মহাবল। ॥২১॥ (যুগ্মকম্)

স্কন্দ উবাচ।

দানবানাং বিনাশায় দেবানামর্থসিদ্ধয়ে।
গোব্রাহ্মণহিতার্থায় সৈনাপত্যেঽভিষিঞ্চ মাম্ ॥২২॥

মার্কণ্ডেয় উবাচ।

সোঽভিষিক্তো মঘবতা সর্ব্বৈর্দেবগণৈঃ সহ।
অতীব শুশুভে তত্র পূজ্যমানো মহর্ষিভিঃ ॥২৩॥

ভারতকৌমুদী

অত্রেতি। যথাশ্রদ্ধং যথেচ্ছম। ইন্দ্রো দেবানাং রাজা ॥১৮॥

ত্বমিতি। রাজা স্থিত এবেতি শেষঃ। সিদ্ধনাশনমসিদ্ধসাধনঞ্চাজ্ঞাযাম ॥১৯॥

অহমিতি। নিশ্চয়াৎ নিশ্চযং কৃত্বা। শাসনমাদেশম্ ॥২০—২১॥

দেবানামিতি। অর্থানাং প্রয়োজনানাং সিদ্ধয়ে। সৈনাপত্যে দেবসেনাপতিপদে ॥২২॥

স ইতি। মঘবতা ইন্দ্রেণ। পূজ্যমানঃ স্তূয়মানঃ ॥২৩॥

কার্ত্তিক বলিলেন—"ইন্দ্র! আপনার মঙ্গল হউক, আপনি ত্রিভুবনের এবং আমার রাজা ত আছেনই; সুতরাং আমাকে বলুন—আমি আপনার কোন্ আদেশ পালন করিব" ॥১৯॥

ইন্দ্র বলিলেন—"মহাবল! আমি আপনার বাক্যে ইন্দ্র থাকিব; কিন্তু আপনি যদি নিশ্চয় করিয়া এই বাক্যটা সত্য বলিয়া থাকেন এবং আপনি যদি আমার আদেশ পালন করিতে ইচ্ছা করেন, তবে মহাবল! আপনি দেবগণের সেনাপতিপদে অভিষিক্ত হউন" ॥২০—২১॥

কার্ত্তিক বলিলেন—"দানবগণের বিনাশ, দেবগণের কার্য্যসিদ্ধি এবং গোগণ ও ব্রাহ্মণগণের হিতের জন্য আমাকে আপনি দেবগণের সেনাপতিপদেই অভিষিক্ত করুন" ॥২২॥

মার্কণ্ডেয় বলিলেন—"তাহার পর ইন্দ্র সকল দেবগণের সহিত মিলিত

তত্র তৎ কাঞ্চনং ছত্রং ধ্রিয়মাণং ব্যরোচত।
যথৈব সুসমিদ্ধস্য পাবকস্যাত্মমণ্ডলম্ ॥২৪॥
বিশ্বকর্ম্মকৃতা চাস্য দিব্যা মালা হিরণ্ময়ী।
আবদ্ধা ত্রিপুরঘ্নেন স্বয়মেব যশস্বিনা।
আগম্য মনুজব্যাঘ্র! সহ দেব্যা পরন্তপ! ॥২৫॥
অর্চ্চয়ামাস সুপ্রীতো ভগবান্ গোবৃষধ্বজঃ।
রুদ্রমগ্নিং দ্বিজাঃ প্রাহু রুদ্রসূনুস্ততস্তু সঃ ॥২৬॥
রুদ্রেণ শুক্রমুৎসৃষ্টং তচ্ছ্বেতঃ পর্ব্বতোঽভবৎ।
পাবকস্যেন্দ্রিয়ং শ্বেতে কৃত্তিকাভিঃ কৃতং নগে ॥২৭॥

ভারতকৌমুদী

তত্রেতি। সুসমিদ্ধস্য অতীবজ্বলিতস্য, আত্মমণ্ডলং নিজশিখামণ্ডলম্ ॥২৪॥

বিশ্বেতি। ত্রিপুরঘ্নেন শিবেন, দেব্যা পার্ব্বত্যা সহাগম্য আবদ্ধা। ষটপাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

স্কন্দস্য রুদ্রপুত্রত্বপ্রসিদ্ধৌ হেতুমাহ পঞ্চভিঃ শ্লোকৈঃ। অর্চ্চয়েতি। অর্চ্চয়ামাস পুত্রবদাদৃতবান্। গোবৃষো গোশ্রেষ্ঠো ধ্বজে যস্য সঃ ॥২৬॥

রুদ্রেণেতি। ইন্দ্রিয়ং শুক্রম্, কৃতম্ অর্পিতম্। উভয়শুক্রস্য সম্মেলনাৎ তজ্জাতঃ স্কন্দ উভয়োরেব পুত্র ইতি ভাবঃ। নগে পর্ব্বতে ॥২৭॥

হইয়া কার্ত্তিককে দেবসেনাপতিপদে অভিষিক্ত করিলেন, তখন মহর্ষিরা কার্ত্তিকের স্তব করিতে লাগিলেন, তাহাতে কার্ত্তিক অত্যন্ত শোভা পাইতে থাকিলেন ॥২৩॥

অত্যন্ত প্রজ্বলিত অগ্নির শিখামণ্ডল যেমন শোভা পায়, তেমন কার্ত্তিকের মস্তকের উপরে ধৃত স্বর্ণময় ছত্র শোভা পাইতে লাগিল ॥২৪॥

পরন্তপ মনুষ্যশ্রেষ্ঠ! তাহার পর যশস্বী মহাদেব পার্ব্বতীর সহিত সেখানে আসিয়া বিশ্বকর্ম্মনির্ম্মিত দিব্য স্বর্ণময়ী মালা নিজেই কার্ত্তিকের গলদেশে পরাইয়া দিলেন ॥২৫॥

ভগবান্ মহাদেব অত্যন্ত আনন্দিত হইয়া পুত্রের ন্যায় কার্ত্তিকের আদর করিয়াছিলেন এবং ব্রাহ্মণেরাও মহাদেবকে অগ্নি বলিয়া থাকেন; সুতরাং কার্ত্তিক মহাদেবের পুত্র বলিয়াও প্রসিদ্ধ হইযাছেন ॥২৬॥

মহাদেব শুক্র ত্যাগ করিয়াছিলেন, তাহাই কৈলাসপর্ব্বত হইয়াছিল; সেই কৈলাসপর্ব্বতেই কৃত্তিকারা অগ্নির শুক্র নিক্ষেপ করিযাছিলেন (তাহা হইতেই কার্ত্তিকের উৎপত্তি হওয়ায় তিনি মহাদেবের পুত্র বলিযাও প্রসিদ্ধ হইয়াছেন) ॥২৭॥

পূজ্যমানন্তু রুদ্রেণ দৃষ্ট্বা সর্ব্বে দিবৌকসঃ।
রুদ্রসূনুং ততঃ প্রাহুর্গুহং গুণবতাং বরম্ ॥২৮॥
অনুপ্রবিশ্য রুদ্রেণ বহ্নিং জাতো হ্যয়ং শিশুঃ।
তত্র জাতস্ততঃ স্কন্দো রুদ্রসূনুস্ততোঽভবৎ ॥২৯॥
রুদ্রস্য বহ্নেঃ স্বাহায়াঃ ষণ্ণাং স্ত্রীণাঞ্চ ভারত!।
জাতঃ স্কন্দঃ সুরশ্রেষ্ঠো রুদ্রসূনুস্ততোঽভবৎ ॥৩০॥
অরজে বাসসী রক্তে বসানঃ পাবকাত্মজঃ।
ভাতি দীপ্তবপুঃ শ্রীমান্ রক্তাভ্রাভ্যামিবাংশুমান্ ॥৩১॥

ভারতকৌমুদী

পূজ্যেতি। পূজ্যমানং পুত্রবদাদ্রিয়মাণম্ গুহং কার্ত্তিকেয়ম্ ॥২৮॥

অন্বিতি। রুদ্রেণ বহ্নিমনুপ্রবিশ্য অয়ং শিশুর্জাতো জনিতঃ, ততশ্চ তত্র শিশৌ স্কন্দো জাতঃ, স শিশুরেব স্কন্দরূপেণ পরিণত ইত্যর্থঃ, তত এব স রুদ্রসূনুঃ প্রসিদ্ধোঽভবৎ ॥২৯॥

রুদ্রস্যেতি। ষণ্ণাং স্ত্রীণাম্ অরুন্ধতীব্যতিরেকেণ ষড়্‌ঋষিপত্নীনাং রূপৈঃ স্বাহাতঃ ॥৩০॥

অরজে ইতি দীপ্তবপুঃ শ্রীমান্ পাবকাত্মজঃ স্কন্দঃ, অরজে পরিষ্কৃতে বাসসী বস্ত্রদ্বয়ম্, বসানঃ পরিদধানঃ সন, রক্তাভ্রাভ্যাং রক্তমেঘাভ্যাম্, অংশুমান সূর্য্য ইব ভাতি স্ম ॥৩১॥

ভারতভাবদীপঃ

উপবিষ্টমিতি ॥১—৫॥ হিরণ্যগর্ভেতি সম্বোধনেন স্কন্দস্য সত্রাত্মপূজিতাং দর্শয়তি ॥৬—২৫॥ রুদ্রমগ্নিমিতি "রুদ্রো বা এষ যদগ্নিঃ" ইতি শ্রুতির্বেদো দ্বিজাঃ প্রাহুঃ ॥২৬—২৮॥ প্রকারান্তরেণ স্কন্দস্য রুদ্রসূনুত্বমাহ—অনুপ্রবিশ্যেতি। অনুপ্রবিশ্য স্থিতেনেতি শেষঃ ততো বহ্নিদেহে প্রবিষ্টাদ্রুদ্রাজ্জাত ইতি বা রুদ্রসূনুর্বিবক্ষিতার্থঃ ॥২৯—৩০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৯১॥

মহাদেব পুত্রের ন্যায় কার্ত্তিকের আদর করিতেছেন, ইহা দেখিয়া দেবতারা সকলে গুণিশ্রেষ্ঠ কার্ত্তিককে রুদ্রপুত্র বলিয়াছিলেন ॥২৮॥

মহাদেব অগ্নির শরীরে প্রবেশ করিয়া এই বালকটীকে উৎপাদন করিয়াছিলেন, সেই বালকই স্কন্দ হইয়াছিল, তাহাতেই স্কন্দ শিবের পুত্র বলিয়া প্রসিদ্ধ হইয়াছেন ॥২৯॥

ভরতনন্দন! দেবশ্রেষ্ঠ কার্ত্তিক মহাদেব, অগ্নি, স্বাহা এবং ছয় জন ঋষিপত্নী হইতে জন্মিয়াছিলেন বলিয়া মহাদেবের পুত্র বলিয়াও প্রসিদ্ধ হইয়াছেন ॥৩০॥

উজ্জ্বলদেহ ও কান্তিসম্পন্ন কার্ত্তিক পরিষ্কৃত ও রক্তবর্ণ বস্ত্রযুগল পরিধান করিয়া রক্তবর্ণ মেঘদ্বয়সন্নিহিত সূর্য্যের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৩১॥

কুক্কুটশ্চাগ্নিনা দত্তস্তস্য কেতুরলঙ্কৃতঃ।
রথে সমুথিতো ভাতি কালাগ্নিরিব লোহিতঃ ॥৩২॥
যা চেষ্টা সর্ব্বভূতানাং প্রভা শান্তির্বলং তথা।
অগ্রতস্তস্য সা শক্তির্দেবানাং জয়বর্দ্ধিনী ॥৩৩॥
বিবেশ কবচঞ্চাস্য শরীরে দেহজং ততঃ।
যুধ্যমানস্য দেবস্য প্রাদুর্ভবতি তৎ সদা ॥৩৪॥
শক্তির্ধর্ম্মো বলং তেজঃ কান্তত্বং সত্যমুন্নতিঃ।
ব্রহ্মণ্যত্বমসম্মোহো ভক্তানাং পরিরক্ষণম্ ॥৩৫॥
নিকৃন্তনঞ্চ শত্রূণাং লোকানাঞ্চাভিরক্ষণম্।
স্কন্দেন সহ জাতানি সর্ব্বাণ্যেব জনাধিপ ! ॥৩৬॥ (যুগ্মকম্)
এবং দেবগণৈঃ সর্ব্বৈঃ সোঽভিষিক্তঃ স্বলঙ্কৃতঃ।
বভৌ প্রতীতঃ সুমনাঃ পরিপূর্ণেন্দুমণ্ডলঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

কুক্কুট ইতি। কুক্কুটঃ কুক্কুটপক্ষিচিহ্নিতঃ, কেতুর্ধ্বজঃ ॥৩২॥

যেতি। ইষ্টা অভিলষিতা। প্রভা কান্তিঃ। অগ্রত আবির্বভূবেতি শেষঃ ॥৩৩॥

বিবেশেতি। দেহজং দেহেন সহ জাতম্। প্রাদুর্ভবতি স্ম ॥৩৪॥

শক্তিরিতি কান্তত্বং সৌন্দর্য্যম্। ব্রহ্মণ্যত্বং ব্রাহ্মণহিতকারিত্বম্। নিকৃন্তনং ছেদনং সংহার ইত্যর্থঃ। স্কন্দেন স্কন্দশরীরেণ ॥৩৫—৩৬॥

এবমিতি। প্রতীতো হৃষ্টঃ। পরিপূর্ণেন্দুমণ্ডল ইব ॥৩৭॥

অগ্নিদত্ত, কুক্কুটচিহ্নিত ও অলঙ্কৃত একটি ধ্বজ কার্ত্তিকের রথে উত্তোলন করিলে, তাহা—প্রলয়কালীন রক্তবর্ণ অগ্নির ন্যায় দীপ্তি পাইতে লাগিল ॥৩২॥

যাহা—সমস্ত প্রাণীর অভীষ্ট এবং যাহা—কান্তি, শান্তি ও বলস্বরূপা, দেবগণের জয়বর্দ্ধিনী সেই শক্তি (অস্ত্রবিশেষ) কার্ত্তিকের সম্মুখে আবির্ভূত হইল ॥৩৩॥

তাহার পর কার্ত্তিকের দেহের সহিতই উৎপন্ন একটী কবচ উঁহার দেহের ভিতরেই প্রবিষ্ট হইয়া থাকিল; কিন্তু যুদ্ধ করিবার সময়ে সর্ব্বদাই তাহা আবির্ভূত হইত ॥৩৪॥

রাজা! শক্তি, ধর্ম্ম, বল, তেজ, সৌন্দর্য্য, সত্য, উদারতা, ব্রাহ্মণহিত-কারিতা, ধৈর্য্য, ভক্তরক্ষা, শত্রুসংহার ও লোকরক্ষা—এই সকল গুণ কার্ত্তিকের স্বাভাবিকই ছিল ॥৩৫—৩৬॥

দেবতারা সকলে এইভাবে অভিষিক্ত করিলে, নানা ভূষণে ভূষিত, হৃষ্ট-

ইষ্টৈঃ স্বাধ্যায়ঘোষৈশ্চ দেবতূর্য্যরবৈরপি।
দেবগন্ধর্ব্বগীতৈশ্চ সর্ব্বৈরপ্সরসাং গণৈঃ ॥৩৮॥
এতৈশ্চান্যৈশ্চ বহুভিস্তুষ্টৈর্হৃষ্টৈঃ স্বলঙ্কৃতৈঃ।
সুসংবৃতঃ পিশাচানাং গণৈর্দেবগণৈস্তথা।
ক্রীড়ন্ ভাতি তদা দেবৈরভিষিক্তশ্চ পাবকিঃ ॥৩৯॥ (যুগ্মকম্)
অভিষিক্তং মহাসেনমপশ্যন্ত দিবৌকসঃ।
বিনিহত্য তমঃ সূর্য্যং যথৈবাভ্যুদিতং তথা ॥৪০॥
অথৈনমভ্যয়ুঃ সর্ব্বা দেবসেনাঃ সহস্রশঃ।
অস্মাকং ত্বং পতিরিতি ব্রুবাণাঃ সর্ব্বতো দিশঃ ॥৪১॥
তাঃ সমাসাদ্য ভগবান্ সর্ব্বভূতগণৈর্বৃতঃ।
অর্চ্চিতঃ সংস্তুতশ্চৈব সান্ত্বয়ামাস তা অপি ॥৪২॥

ভারতকৌমুদী

ইষ্টৈরিতি। স্বাধ্যায়ঘোষৈর্বেদধ্বনিভিঃ। পাবকিঃ স্কন্দঃ ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮—৩৯॥
অভীতি। মহাসেনং কার্ত্তিকেয়ম্। তমো বিনিহত্যাভ্যুদিতমিতি সম্বন্ধঃ ॥৪০॥
অথেতি। দেবানাং সেনাঃ সৈন্যানি। সর্ব্বতো দিশঃ অভ্যয়ুরিত্যন্বয়ঃ ॥৪১॥
তা ইতি। তা দেবসেনাঃ। ভগবান্ মাহাত্ম্যবান কার্ত্তিকেয়ঃ ॥৪২॥

চিত্ত ও উদারহৃদয় কার্ত্তিক পরিপূর্ণ চন্দ্রমণ্ডলের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৩৭॥

ক্রমে ব্রাহ্মণগণের মনোহর বেদধ্বনি, দেবগণের তূর্য্যরব এবং দেবগণ ও গন্ধর্ব্বগণের মঙ্গলগান হইতে লাগিল, সেই সকল শুনিয়া সমস্ত অপ্সরা ও অন্যান্য বহুতর লোক আনন্দিত হইয়া কার্ত্তিককে পরিবেষ্টন করিল এবং পিশাচগণ ও দেবগণ আসিয়া তাঁহার সকল দিকে অবস্থান করিলেন; তখন দেবগণের সেনাপতিপদে অভিষিক্ত কার্ত্তিক হৃষ্টচিত্ত হইয়া শোভা পাইতে থাকিলেন ॥৩৮—৩৯॥

তখন দেবতারা, সেনাপতিপদে অভিষিক্ত কার্ত্তিককে—অন্ধকার নাশ করিয়া অভ্যুদিত সূর্য্যের ন্যায় দর্শন করিতে লাগিলেন ॥৪০॥

তাহার পর সহস্র সহস্র দেবসৈন্য 'আপনি আমাদের নেতা হইয়াছেন' এই কথা বলিতে বলিতে সকল দিক্ হইতে উঁহার নিকট আগমন করিল ॥৪১॥

এবং তাহারা কার্ত্তিকের পূজা ও স্তব করিল; তখন ভগবান্ কার্ত্তিকও সমস্ত প্রাণিগণে পরিবেষ্টিত থাকিয়া সেই দেবসৈন্যগণকে আশ্বস্ত করিলেন ॥৪২॥

শতক্রতুশ্চাভিষিচ্য স্কন্দং সেনাপতিং তদা।
সস্মার তাং দেবসেনাং যা সা তেন বিমোক্ষিতা ॥৪৩॥
অয়ং তস্যাঃ পতির্নূনং বিহিতো ব্রহ্মণা স্বয়ম্।
ইতি চিন্ত্যানয়ামাস দেবসেনাং স্বলঙ্কৃতাম্ ॥৪৪॥
স্কন্দঞ্চোবাচ বলভিদিয়ং কন্যা সুরোত্তম!।
অজাতে ত্বয়ি নির্দ্দিষ্টা তব পত্নী স্বয়ম্ভুবা ॥৪৫॥
তস্মাত্ত্বমস্যা বিধিবৎ পাণিং মন্ত্রপুরস্কৃতম্।
গৃহাণ দক্ষিণং দেব্যাঃ পাণিনা পদ্মবর্চ্চসম্।
এবমুক্তঃ স জগ্রাহ তস্যাঃ পাণিং যথাবিধি ॥৪৬॥
বৃহস্পতির্মন্ত্রবিদ্ধি জজাপ চ জুহাব চ।
এবং স্কন্দস্য মহিষীং দেবসেনাং বিদুর্জনাঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

শতেতি। দেবসেনাং তদাখ্যাং কন্যাম্। তেন শতক্রতুনা, বিমোক্ষিতা কেশিহস্তাৎ ॥৪৩॥

অয়মিতি। চিন্ত্য চিন্তয়িত্বা, আনয়ামাস আনিনায়। আর্ষোঽয়ং প্রয়োগঃ ॥৪৪॥

স্কন্দেতি। বলভিদিন্দ্রঃ। স্বয়ম্ভুবা ব্রহ্মণা। নির্দ্দেশোঽয়ং প্রাগুক্তঃ ॥৪৫॥

তস্মাদিতি। পদ্মবর্চ্চসমিত্যনেন দেবসেনায়াঃ সৌন্দর্য্যাতিশয়ো ব্যজ্যতে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥

তখন দেবরাজ কার্ত্তিককে দেবসেনাপতিপদে অভিষিক্ত করিয়া—তিনিই পূর্ব্বে কেশিদানবের হস্ত হইতে সেই যাহাকে মুক্ত করিয়াছিলেন, সেই দেবসেনাকে স্মরণ করিলেন ॥৪৩॥

'স্বয়ং ব্রহ্মাই এই কার্ত্তিককে সেই দেবসেনার পতিরূপে সৃষ্টি করিয়াছেন' এইরূপ চিন্তা করিয়া দেবরাজ—নানা অলঙ্কারে অলঙ্কৃত করিয়া দেবসেনাকে আনয়ন করিলেন ॥৪৪॥

এবং তিনি কার্ত্তিককে বলিলেন—"দেবশ্রেষ্ঠ! আপনি জন্মিবার পূর্ব্বেই ব্রহ্মা এই কন্যাটীকে আপনার পত্নী বলিয়া নির্দ্দিষ্ট করিয়াছেন ॥৪৫॥

অতএব আপনি হস্তদ্বারা যথাবিধানে মন্ত্রপাঠপূর্ব্বক এই দেবীর পদ্মকান্তি দক্ষিণ হস্ত গ্রহণ করুন"। এই কথা বলিলে, কার্ত্তিক যথাবিধানে দেবসেনার পাণিগ্রহণ করিলেন ॥৪৬॥

তখন মন্ত্রবিৎ বৃহস্পতি মন্ত্রজপ ও হোম করিলেন। সেই কারণেই জগতের লোক দেবসেনাকে কার্ত্তিকের মহিষী বলিয়া জানে ॥৪৭॥

---

(৪৬)...পদ্মবর্চ্চসা—বা ব কা নি।

ষষ্ঠীং যাং ব্রাহ্মণাঃ প্রাহুর্লক্ষ্মীমাশাং সুখপ্রদাম্।
সিনীবালীং কুহূঞ্চৈব সদ্বৃত্তিমপরাজিতাম্ ॥৪৮॥
যদা স্কন্দঃ পতির্লব্ধঃ শাশ্বতো দেবসেনয়া।
তদা তমাশ্রয়ল্লক্ষ্মীঃ স্বয়ং দেবী শরীরিণী ॥৪৯॥
শ্রীজুষ্টঃ পঞ্চমীং স্কন্দস্তস্মাচ্ছ্রীপঞ্চমী স্মৃতা।
ষষ্ঠ্যাং কৃতার্থোঽভূদ্‌যস্মাত্তস্মাৎ ষষ্ঠী মহাতিথিঃ ॥৫০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং স্কন্দোপাখ্যানে একনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

বৃহস্পতিরিতি। এবমিত্থং পাণিগ্রহণেন হেতুনা ॥৪৭॥

ষষ্ঠীমিতি। যাং দেবসেনাম্। সুখপ্রদামিত্যনেন দুঃখপ্রদানস্য নিরাসঃ ॥৪৮॥

যদেতি। শাশ্বতশ্চিরকালীনঃ। শরীরিণী দেবসেনামূর্ত্তিধরা ॥৪৯॥

শ্রীতি। যস্মাৎ স্কন্দঃ পঞ্চমীং তিথিং প্রাপ্য, শ্রীজুষ্টঃ দেবসেনারূপিণ্যা লক্ষ্ম্যা পতিরূপেণ সেবিতঃ, তস্মাৎ সা তিথিঃ শ্রীপঞ্চমী স্মৃতা। অনেন মাঘশুক্লপঞ্চম্যাং দেবসেনায়াঃ পাণিগ্রহণং জাতমিতি প্রতীয়তে। তথা যস্মাৎ ষষ্ঠ্যাং তিথৌ স্কন্দঃ সৈনাপত্যকার্য্যারম্ভেণ কৃতার্থোঽভূৎ, তস্মাৎ সা ষষ্ঠী মহাতিথিঃ স্মৃতা ॥৫০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়ামেকনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

:*:—

ব্রাহ্মণেরা যে দেবসেনাকে ষষ্ঠী, লক্ষ্মী, সুখপ্রদা আশা, সিনীবালী, কুহূ, সদ্বৃত্তি ও অপরাজিতা বলিয়া থাকেন ॥৪৮॥

দেবসেনা যখন কার্ত্তিককে চিরকালের জন্য পতিরূপে লাভ করিলেন, তখন স্বয়ং লক্ষ্মীদেবী মূর্ত্তিমতী হইয়া কার্ত্তিককে আশ্রয় করিলেন ॥৪৯॥

কার্ত্তিক পঞ্চমীতিথিতে দেবসেনারূপিণী লক্ষ্মীদেবীর সেবা লাভ করিতে আরম্ভ করিয়াছিলেন বলিয়া পঞ্চমীতিথিকে শ্রীপঞ্চমী বলে এবং ষষ্ঠীতিথিতে কার্ত্তিক সেনাপতির কার্য্য আরম্ভ করিয়া কৃতার্থ হইয়াছিলেন বলিয়া সেই ষষ্ঠীতিথি মহাতিথি হইয়াছে" ॥৫০॥

—:*:—

* '…চতুর্বিংশত্যাধিকদ্বিশততমঃ…'—পি, '…অষ্টাবিংশত্যাধিকদ্বিশততমঃ…'—বা ব, '…ঊনত্রিংশদধিকদ্বিশততমঃ…'—কা নি।

দ্বিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ

—ঃ৵ঃ—

মার্কণ্ডেয় উবাচ।

শ্রিয়া জুষ্টং মহাসেনং দেবসেনাপতিং কৃতম্।
সপ্তর্ষিপত্ন্যঃ ষড় দেব্যস্তৎসকাশমথাগমন্ ॥১॥
ঋষিভিঃ সংপরিত্যক্তা ধর্ম্মযুক্তা মহাব্রতাঃ।
দ্রুতমাগম্য চোচুস্তা দেবসেনাপতিং প্রভুম্ ॥২॥
বয়ং পুত্র! পরিত্যক্তা ভর্ত্তৃভির্দেবসন্মিতৈঃ।
অকারণাদ্রুষা তৈস্তু পুণ্যস্থানাৎ পরিচ্যুতাঃ ॥৩॥
অস্মাভিঃ কিল জাতস্ত্বমিতি কেনাপ্যুদাহৃতম্।
অসত্যমেতৎ সংশ্রুত্য(৪) তস্মান্নস্ত্রাতুমর্হসি ॥৪॥ যুগ্মকম্)
অক্ষয়শ্চ ভবেৎ স্বর্গস্ত্বৎপ্রসাদাদ্ধি নঃ প্রভো!।
ত্বাং পুত্রঞ্চাপ্যভীপ্সামঃ [illegible] ভব ॥৫॥

ভারতকৌমুদী

শ্রিয়েতি। সর্বাচ্যাদীনাং প্রত্যেকমেব সপ্তর্ষিসংজ্ঞ[illegible] পত্ন্যোঽপি সপ্তর্ষিপত্ন্যঃ অরুন্ধতীব্যতিরিক্তাঃ, ষড় দেব্যঃ, মহাসেনং স্কন্দং, দেবসেনাপতিং কৃতম্, শ্রিয়া লক্ষ্মীরূপয়া দেবসেনয়া, জুষ্টং পতিরূপেণ সেবিতঞ্চ শ্রুত্বা [illegible] তৎসকাশমাগতাঃ ॥১॥

ঋষিভিরিতি। প্রভুং প্রভাবসম্পন্নম্ [illegible] ধর্ম্মিষ্ঠাগমনার্থিতঃ তাঃ ॥২॥

বয়মিতি। পরিচ্যুতাঃ পরিভ্রংশিতাঃ [illegible] অস্মদ্রক্ষণং দুষ্টবৎ ॥৩—৪॥

মার্কণ্ডেয় বলিলেন—"দেবরাজ কার্ত্তিককে দেবসেনাপতি করিয়াছেন এবং লক্ষ্মীরূপিণী দেবসেনা তাঁহাকে পতিত্বে বরণ করিয়াছেন, ইহা শুনিয়া সপ্তর্ষি-পত্নীরা ছয় জন তাঁহার নিকট আগমন করিলেন ॥১॥

সপ্তর্ষিগণকর্ত্তৃক পরিত্যক্ত, ধর্ম্মসমন্বিত ও মহাব্রতচারিণী সেই ঋষিপত্নীরা সত্বর আসিয়া প্রভাবশালী দেবসেনাপতি কার্ত্তিককে বলিলেন—॥২॥

"পুত্র! তুমি আমাদের দ্বারা জন্মিয়াছ, এইরূপ মিথ্যা কথা কেহ বলিয়াছিল, তাহা শুনিয়া দেবতুল্য ভর্ত্তারা অকারণে আমাদিগকে পরিত্যাগ করিয়াছেন এবং তাঁহারা ক্রোধবশতঃ আমাদিগকে পবিত্র স্থান হইতেও নামাইয়া দিয়াছেন; অতএব তুমি আমাদিগকে রক্ষা কর ॥৩—৪॥

(৪)…তৎ সত্যমেতৎ সংশ্রুত্য—বা ব কা নি।

স্কন্দ উবাচ।

মাতরো হি ভবত্যো মে সুতো বোঽহমনিন্দিতাঃ।

যদ্বাপীচ্ছথ তৎ সর্ব্বং সম্ভবিষ্যতি বস্তথা ॥৬॥

মার্কণ্ডেয় উবাচ।

বিবক্ষন্তং ততঃ শক্রং কিং কার্য্যমিতি সোঽব্রবীৎ।

উক্তঃ স্কন্দেন ব্রূহীতি সোঽব্রবীদ্বাসবস্ততঃ ॥৭॥

অভিজিৎ স্পর্দ্ধমানা তু রোহিণ্যাঃ কন্যসী স্বসা।

ইচ্ছন্তী জ্যৈষ্ঠতাং দেবী তপস্তপ্তুং বনং গতা ॥৮॥

তত্র মূঢ়োঽস্মি ভদ্রং তে নক্ষত্রং গগনাচ্চ্যুতম্।

কালং ত্বিমং পরং স্কন্দ। ব্রহ্মণা সহ চিন্তয় ॥৯॥

ভাবতকৌমুদী

অক্ষয় ইতি। ত্বদর্থমেবাস্মাকং পাবিত্র্যাগাৎ ত্বমস্মাকমৃণীত্যাশয়ঃ ॥৫॥

মাতর ইতি। যুষ্মাকং রূপধারণেনৈব স্বহত্যা মদুৎপাদনাদিতি ভাবঃ ॥৬॥

বিবক্ষন্তমিতি। বিবক্ষন্তং কিমপি বক্তুমিচ্ছন্তম্। কার্য্যং তব কর্ত্তব্যম্ ॥৭॥

অভিজিদিতি। রোহিণ্যাঃ কন্যসী কনিষ্ঠা স্বসা ভগিনী, অভিজিদ্দেবী, রোহিণ্যৈব সহ স্পর্দ্ধমানা, অতএব শ্রদ্ধয়া জ্যৈষ্ঠ্যং মচ্ছন্তী, তপস্তপ্তুং বনং গতা ॥৮॥

ভারতভাবদীপঃ

ত্রিয়েতি ॥১—৬॥ বিবক্ষন্তমভিজিন্নক্ষত্রস্য পতনান্নক্ষত্রসংখ্যা কথং সমা ভবেদিতি প্রষ্টুমিচ্ছন্তং শক্রং স স্কন্দঃ কিং কার্য্যমিত্যব্রবীৎ ॥৭॥ কন্যসী কনিষ্ঠা, বনং গতা অধিকারং ত্যক্তেতি শেষঃ ॥৮॥ সা হি জ্যৈষ্ঠ্যস্পর্দ্ধয়া গগনাচ্চ্যুতা তেনাহং মূঢ়োঽস্মি নক্ষত্রসংখ্যা-

প্রভাবসম্পন্ন। তোমার অনুগ্রহে আমাদের অক্ষয় স্বর্গ হইতে পারে এবং তোমাকে আমরা পুত্র ইচ্ছা করি, তুমি ইহা করিয়া অনুণী হও” ॥৫॥

কার্ত্তিক বলিলেন—“হে অনিন্দিত নারীগণ! নিশ্চয়ই আপনারা আমার মাতা এবং আমি আপনাদের পুত্র, সুতরাং আপনারা যাহা যাহা ইচ্ছা করেন, সে সমস্তই সেইরূপ হইবে” ॥৬॥

মার্কণ্ডেয় কহিলেন—“তাহার পর ইন্দ্র কোন বিষয় বলিতে ইচ্ছা করিলে, কার্ত্তিক বলিলেন—“আপনার কি কার্য্য আছে, বলুন”। কার্ত্তিক এইরূপ বলিলে, ইন্দ্র বলিলেন—॥৭॥

“রোহিণীর কনিষ্ঠা ভগিনী অভিজিৎ দেবী রোহিণীর সহিতই স্পর্দ্ধাবশতঃ জ্যৈষ্ঠ্য লাভ করিবার ইচ্ছায় তপস্যা করিবার জন্য বনে গিয়াছেন ॥৮॥

(৬)···যদ্বাপীচ্ছত—বা ব কা।

ধনিষ্ঠাদিস্তথা কালো ব্রহ্মণা পরিকল্পিতঃ।
রোহিণী হ্যভবৎ পূর্ব্বমেবং সংখ্যা সমাঽভবৎ ॥১০॥
এবমুক্তে তু শক্রেণ ত্রিদিবং কৃত্তিকা গতা।
নক্ষত্রং শকটাকারং ভাতি তদ্বহ্নিদৈবতম্ ॥১১॥
বিনতা চাব্রবীৎ স্কন্দং মম ত্বং পিণ্ডদঃ স্নতঃ।
ইচ্ছামি নিত্যমেবাহং ত্বয়া পুত্র! সহাসিতুম্ ॥১২॥

ভারতকৌমুদী

তত্রেতি। অভিজিন্নাম যন্নক্ষত্রং গগনাচ্চ্যুতম্, তত্র তৎস্থানপূরণে, মূঢ়ঃ কর্ত্তব্যজ্ঞানহীনোঽস্মি। অতএব হে স্কন্দ! ত্বং ব্রহ্মণা সহ, ইমং পরমুত্তমং কালং চিন্তয় অভিজিতা পূরণীয়স্য কালস্য পূরণোপায়ং ভাবয়েত্যর্থঃ। তে তব ভদ্রমস্তু ॥৯॥

ধনিষ্ঠেতি। সংখ্যা নাক্ষত্রমাসস্য দিবসসংখ্যা, সমা পূর্ব্বতুল্যা ॥১০॥

এবমিতি। ত্রিদিবমাকাশং গতা, অভিজিৎস্থানপূরণায়েতি ভাবঃ ॥১১॥

বিনতেতি। স্নতো ভবেতি শেষঃ। আসিতুমবস্থাতুম্ ॥১২॥

ভারতভাবদীপঃ

পূরণপ্রকারস্যাজ্ঞানাদিতি ভাবঃ ॥৯॥ ধনিষ্ঠাদিরিতি। যস্য নক্ষত্রস্যোদয়ক্ষণে চন্দ্রসূর্য্যগুরূণাং যোগস্তদ্‌যুগাদিনক্ষত্রং তচ্চ পূর্ব্বং রোহিণ্যভূৎ তদাভিজিৎপতনকালে হেকন্যূনৈরহোরাত্রৈর্গণস্য ভোগাৎ কৃতযুগাদিনক্ষত্রং ধনিষ্ঠৈবাভবদিত্যর্থঃ। সংখ্যা কলাকাষ্ঠাদীনাম্ ॥১০॥ তথা চ কৃত্তিকাভিরেব নক্ষত্রসংখ্যাপূর্ত্তিং করিষ্যতি শক্রাশয়ং জ্ঞাত্বা ত্রিদিবং গতাঃ ॥১১॥ নন্বু ষট্ কৃত্তিকাঃ কথং সপ্তশীর্ষাভমিত্যত আহ—বিনতেতি। ঋষিপত্নীনামিব গরুত্মতো

সেই অভিজিৎ নক্ষত্র আকাশ হইতে বিচ্যুত হওয়ায় তাহার স্থান কিরূপে পূর্ণ হইবে, সে বিষয়ে আমি কিছুই স্থির করিতে পারি নাই; অতএব কার্ত্তিক! আপনি ব্রহ্মার সহিত মিলিত হইয়া চিন্তা করুন যে, কিপ্রকারে ঐ কাল পূর্ণ হইবে। আপনার মঙ্গল হউক ॥৯॥

ব্রহ্মা ধনিষ্ঠানক্ষত্রকে আদিকাল কল্পনা করিয়াছিলেন; আর পূর্ব্বে রোহিণী নক্ষত্র আদিকাল ছিল; ইহাতে নাক্ষত্রমাসের দিনসংখ্যা সমান ছিল" ॥১০॥

ইন্দ্র এইরূপ বলিলে, অভিজিতের স্থান পূরণ করিবার জন্য কৃত্তিকানক্ষত্র আকাশে চলিয়া গেল; শকটাকৃতি ও অগ্নিদৈবত সেই কৃত্তিকানক্ষত্রই এখন প্রকাশ পাইতেছে ॥১১॥

তাহার পর বিনতা কার্ত্তিককে বলিলেন—"কার্ত্তিক! তুমি আমার পিণ্ডদাতা পুত্র হও; আমি তোমার সহিত সর্ব্বদাই অবস্থান করিতে ইচ্ছা করি" ॥১২॥

(১১)…নক্ষত্রং সপ্তশীর্ষাভম্—বা ব কা পি।

স্কন্দ উবাচ।

এবমস্তু নমস্তেঽস্তু পুত্রস্নেহাৎ প্রশাধি মাম্।
স্নুষয়া পূজ্যমানা বৈ দেবি! বৎস্যসি নিত্যদা ॥১৩॥

মার্কণ্ডেয় উবাচ।

অথ মাতৃগণঃ সর্ব্বঃ স্কন্দং বচনমব্রবীৎ।
বয়ং সর্ব্বস্য লোকস্য মাতরঃ কবিভিঃ স্তুতাঃ।
ইচ্ছামো মাতরস্তুভ্যং ভবিতুং পূজয়স্ব নঃ ॥১৪॥

স্কন্দ উবাচ।

মাতরো হি ভবত্যো মে ভবতীনামহং সুতঃ।
উচ্যতাং যন্ময়া কার্য্যং ভবতীনামথেপ্সিতম্ ॥১৫॥

মাতর উচুঃ।

যাস্তু তা মাতরঃ পূর্ব্বং লোকস্যাস্য প্রকল্পিতাঃ।
অস্মাকন্তু ভবেৎ স্থানং তাসাঞ্চৈব ন তদ্ভবেৎ ॥১৬॥

ভারতকৌমুদী

এবমিতি প্রশাধি উপদিশ। স্নুষযা পুত্রবধ্বা দেবসেনয়া ॥১৩॥
অথেতি। মাতৃগণঃ সপ্তর্ষিপত্ন্যঃ। স্কন্দ উক্তাঃ। তুভ্যং তব ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥
মাতর ইতি। যুষ্মাকং রূপধারণেনৈব স্বাহয়া মজ্জনাদিতি পূর্ব্বার্দ্ধাশয়ঃ ॥১৫॥
যা ইতি। যা ব্রাহ্মীপ্রভৃতয়ঃ। তাসাং স্থানং পদমস্মাকং ভবেৎ ॥১৬॥

ভাবভাবদীপঃ

অপি রূপং স্বাহয়া ধৃতমিতি তৎসাহিত্যাৎ সপ্তর্ষীণামভিমিত্যর্থঃ ॥১২॥ স্নুষয়া দেবসেনয়া ॥১৩॥ মাতৃগণো বিনতাদিসমূহঃ ॥১৪—১৫॥ তাঃ প্রসিদ্ধাঃ, মাতরো ব্রাহ্মীমাহেশ্বরীপ্রভৃতয়ঃ ॥১৬॥

কার্ত্তিক বলিলেন—"এইরূপই হউক, আপনাকে নমস্কার করি, আপনি পুত্রস্নেহে আমাকে উপদেশ দিন। দেবি! আপনার পুত্রবধূ আপনার সেবা করিবে, এই অবস্থায় আপনি সর্ব্বদাই আমার সহিত অবস্থান করিবেন" ॥১৩॥

মার্কণ্ডেয় বলিলেন—"তাহার পর সকল মাতৃগণই কার্ত্তিককে বলিলেন—'পণ্ডিতগণ বলিয়াছেন—আমরা সমস্ত লোকের মাতা; অতএব কার্ত্তিক! আমরা তোমারও মাতা হইতে ইচ্ছা করি, তুমি আমাদের পূজা কর" ॥১৪॥

কার্ত্তিক বলিলেন—"আপনারা আমার মাতা হইলেন, আমিও আপনাদের পুত্র হইলাম। এখন আপনাদের যে অভীষ্ট কার্য্য আমার করিতে হইবে, তাহা বলুন" ॥১৫॥

মাতৃগণ কহিলেন—'পূর্ব্বে সেই যাহারা এই জগতের মাতা বলিয়া কল্পিত

ভবেম পূজ্যা লোকস্য ন তাঃ পূজ্যাঃ সুরর্ষভ!।
প্রজাঽস্মাকং হৃতাস্তাভিস্ত্বৎকৃতে তাঃ প্রয়চ্ছ নঃ ॥১৭॥

স্কন্দ উবাচ।

বৃত্তাঃ প্রজা ন তাঃ শক্যা ভবতীভির্নিষেবিতুম্।
অন্যাং বঃ কাং প্রয়চ্ছামি প্রজাং যাং মনসেচ্ছথ ॥১৮॥

মাতর উচুঃ।

ইচ্ছাম তাসাং মাতৄণাং প্রজা ভোক্তুং প্রয়চ্ছ নঃ।
ত্বয়া সহ পৃথগ্‌ভূতা যে চ তাসামথেশ্বরাঃ ॥১৯॥

স্কন্দ উবাচ।

প্রজা বো দদ্মি কষ্টন্তু ভবতীভিরুদাহৃতম্।
পরিরক্ষত ভদ্রং বঃ প্রজাঃ সাধু নমস্কৃতাঃ ॥২০॥

ভারতকৌমুদী

ভবেমেতি। তাভির্ব্রাহ্মীপ্রভৃতিভির্মাতৃভিঃ, ত্বৎকৃতে অস্মাকং পুত্রো ভবিষ্যতীতি মত্বেত্যর্থঃ, অস্মাকং প্রজাঃ পূর্বজাতাঃ সন্তানা হৃতাঃ বিসর্গলোপে পুনঃ সন্ধিরার্ষঃ ॥১৭॥

বৃত্তা ইতি। বৃত্তা মৃতাঃ। নির্বেষ্টুং উপভোক্তুং প্রাপ্তুমিত্যর্থঃ। কাং বাঞ্ছিং ॥১৮॥

ইচ্ছামেতি। প্রজা ভোক্তুম, অস্মৎপ্রজাভোজনং নিষ্ক্রয়েতি ভাবঃ। ঈশ্বরা রক্ষকাঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

ত্বৎকৃতে ত্বদর্থং তাভির্ব্রাহ্ম্যাদিভিরস্মদীয়েন পিতা শাপদোষেণ কোপযন্তীভিঃ প্রজা হতাঃ সঙ্গাভাবাদিত্যর্থঃ। সন্ধিরার্ষঃ। নোঽস্মভ্যং প্রযচ্ছ ভর্ত্তৃণাম্ কুলনেনেত্যর্থঃ ॥১৭॥ বৃত্তা ময়া দত্তা, অপি মযা প্রার্থিতা অপি মুনয়ো যুষ্মান্ নাঙ্গীকরিষ্যন্তীতি ভাবঃ ॥১৮॥ মাতৄণাং

হইয়াছেন, তাঁহাদের সে পদ আমাদের হইবে; কিন্তু তাঁহাদের তাহা থাকিতে পারিবে না ॥১৬॥

দেবশ্রেষ্ঠ! এখন আমরাই জগতের পূজনীয় হইব; কিন্তু তাঁহারা আর পূজনীয় থাকিতে পারিবেন না। আর, তাঁহারা তোমার জন্য আমাদের যে সকল সন্তান হরণ করিয়া নিয়াছেন, সেই সন্তানগুলি আমাদিগকে আবার আনিয়া দাও" ॥১৭॥

কার্ত্তিক বলিলেন—"সে সন্তানগুলি মরিয়া গিয়াছে; সুতরাং সেগুলি আর আপনারা পাইবেন না। তবে এখন আপনারা যেরূপ সন্তান কামনা করেন, সেরূপ অন্য কোন সন্তান আমি আপনাদিগকে দিতে পারি" ॥১৮॥

মাতৃগণ কহিলেন—"সেই মাতৃগণের যে সকল সন্তান আছে এবং তুমি ভিন্ন তাহাদের যাহারা রক্ষক আছে, তাহাদিগকে আমরা ভক্ষণ করিতে ইচ্ছা করি; অতএব তুমি তাহাদিগকে আমাদের নিকট আনিয়া দাও" ॥১৯॥

মাতরঃ উচুঃ।

পরিরক্ষাম ভদ্রং তে প্রজাঃ স্কন্দ! যথেচ্ছসি।
ত্বয়া নো রোচতে স্কন্দ! সহ বাসশ্চিরং প্রভো! ॥২১॥

স্কন্দ উবাচ।

যাবৎ ষোড়শ বর্ষাণি ভবন্তি তরুণাঃ প্রজাঃ।
প্রবাধত মনুষ্যাণাং তাবদ্রূপৈঃ পৃথগ্বিধৈঃ ॥২২॥
অহঞ্চ বঃ প্রদাস্যামি রৌদ্রমাত্মানমব্যয়ম্।
পরমং তেন সহিতাঃ সুখং বৎস্যথ পূজিতাঃ ॥২৩॥

মার্কণ্ডেয় উবাচ।

ততঃ শরীরাৎ স্কন্দস্য পুরুষঃ পাবকপ্রভঃ।
ভোক্তুং প্রজাঃ স মর্ত্ত্যানাং নিষ্পপাত মহাপ্রভঃ ॥২৪॥

ভারতকৌমুদী

প্রজা ইতি। কষ্টং কষ্টসাধ্যম্, তাসাং প্রজাভক্ষণানুমোদনম। নমস্কৃতা যূয়ম্ ॥২০॥
পরীতি। তে তব ভদ্রমস্তু। প্রজাঃ, ন কেবলং তাসামপি তু সর্ব্বা, ইত্যেবার্থঃ ॥২১॥
যাবদিতি। তরুণাঃ প্রজাঃ শিশুসন্তানান্। প্রবাধত পীড়য়ত ॥২২॥
অহমিতি। আত্মানম্ আত্মাংশং কঞ্চিৎ পুরুষম্, অব্যয়মবিনশ্বরম্ ॥২৩॥
তত ইতি। প্রজাঃ সন্তানান্, মর্ত্ত্যানাং মানুষাণাম, নিষ্পপাত নির্জগাম ॥২৪॥

কার্ত্তিক বলিলেন—"আপনাদের সন্তান দিব বটে; কিন্তু আপনারা পরে যাহা বলিলেন, তাহা কষ্টসাধ্য। আপনাদের মঙ্গল হউক, সকলেই আপনাদের পূজা করে; সুতরাং আপনারা সকলের সন্তানকেই ভাল করিয়া রক্ষা করুন" ॥২০॥

মাতৃগণ বলিলেন—"কার্ত্তিক! তোমার মঙ্গল হউক, তুমি যেমন ইচ্ছা করিতেছ, তেমন ভাবেই আমরা সন্তান রক্ষা করিব; কিন্তু প্রভাবসম্পন্ন কার্ত্তিক! তোমার সহিত চিরকাল বাস করিতে আমাদের ইচ্ছা হইতেছে" ॥২১॥

কার্ত্তিক বলিলেন—"যে পর্য্যন্ত মনুষ্যশিশুগণের ষোড়শ বৎসর বয়স হয়, সেই পর্য্যন্ত আপনারা নানাবিধ রূপ ধারণ করিয়া তাহাদের পীড়া জন্মাইবেন ॥২২॥

আমিও আপনাদিগকে আমারই অংশ, ভয়ঙ্কর মূর্ত্তি, চিরস্থায়ী ও বলবান্ একটা পুরুষ দান করিব; আপনারা সম্মানিত হইয়াই তাহার সহিত সুখে বাস করিবেন" ॥২৩॥

মার্কণ্ডেয় বলিলেন—"তাহার পরই অগ্নিতুল্য পিঙ্গলবর্ণ ও মহাতেজা সেই পুরুষ মনুষ্যসন্তানদিগকে ভক্ষণ করিবার জন্য কার্ত্তিকের দেহ হইতে নির্গত হইল ॥২৪॥

অপতৎ সহসা ভূমৌ বিসংজ্ঞোঽথ ক্ষুধার্দ্দিতঃ।
স্কন্দেন সোঽভ্যনুজ্ঞাতো রৌদ্ররূপোঽভবদ্‌গ্রহঃ ॥২৫॥
স্কন্দাপস্মারমিত্যাহুর্গ্রহং তং দ্বিজসত্তমাঃ।
বিনতা তু মহারৌদ্রা কথ্যতে শকুনিগ্রহঃ ॥২৬॥
পূতনাং রাক্ষসীং প্রাহুস্তং বিদ্যাৎ পূতনাগ্রহম্।
কষ্টা দারুণরূপেণ ঘোররূপা নিশাচরী ॥২৭॥
পিশাচী দারুণাকারা কথ্যতে শীতপূতনা।
গর্ভান্ সা মানুষীণাস্তু হরতে ঘোরদর্শনা ॥২৮॥
অদিতিং রেবতীং প্রাহুর্গ্রহস্তস্যাস্তু রৈবতঃ।
সোঽপি বালান্ মহাঘোরো বাধতে বৈ মহাগ্রহঃ ॥২৯॥
দৈত্যানাং যা দিতির্মাতা তামাহুর্মুখমণ্ডিকাম্।
অত্যর্থং শিশুমাংসেন সংপ্রহৃষ্টা দুরাসদা ॥৩০॥

ভারতকৌমুদী

অপতদিতি। বিসংজ্ঞঃ ক্ষুধয়ৈবাচেতনপ্রায়ঃ। গৃহ্লাতি শিশূনিতি গ্রহঃ ॥২৫॥
স্কন্দেতি। স্কন্দমপস্মরতি স্বাপেক্ষয়া অপকৃষ্টং চিন্তয়তীতি স্কন্দাপস্মারঃ ॥২৬॥
পূতনামিতি। কষ্টা মানুষশিশূনাং কষ্টদায়িনী ॥২৭॥
পিশাচীতি। শীতোৎপাদনেন পীড়োৎপাদনাৎ শীতপূতনা নাম ॥২৮॥
অদিতিমিতি। রেবতীতি অদিতের্নামান্তরমিত্যর্থঃ ॥২৯॥
দৈত্যানামিতি। শিশুমাংসেন অত্যর্থং সংপ্রহৃষ্টা ভবতি ॥৩০॥

তদনন্তর ক্ষুধার্ত্ত ও অচেতনপ্রায় সেই পুরুষ তৎক্ষণাৎ ভূতলে পতিত হইল এবং কার্ত্তিকের অনুমতিক্রমে সে—রৌদ্রমূর্ত্তি একটা গ্রহ হইল ॥২৫॥

ব্রাহ্মণেরা সেই গ্রহকে 'স্কন্দাপস্মার' বলিয়া থাকেন। আর, মহারৌদ্রা বিনতাকে 'শকুনিগ্রহ' বলা হয় ॥২৬॥

পূতনাকে সকলেই রাক্ষসী বলিয়া থাকে; তাহাকে 'পূতনাগ্রহ' বলিয়া জানিবে। ভয়ঙ্করমূর্ত্তি সেই রাক্ষসী ভয়ঙ্কররূপে শিশুদের কষ্ট দিয়া থাকে ॥২৭॥

আর, ভয়ঙ্করাকৃতি একটা পিশাচী আছে, তাহাকে 'শীতপূতনা' বলে। সেই ঘোরদর্শনা শীতপূতনা মনুষ্যরমণীগণের গর্ভ হরণ করে ॥২৮॥

লোকে অদিতিদেবীকে 'রেবতী' বলিয়া থাকে; তাঁহার গ্রহের নাম—'রৈবত'। অতিভয়ঙ্কর মহাগ্রহ সেই রৈবতও বালকদিগের পীড়া উৎপাদন করে ॥২৯॥

যে দিতিদেবী দৈত্যগণের মাতা, তাঁহাকে 'মুখমণ্ডিকা' বলে। সেই দুর্দ্ধর্ষা শিশুমাংসে অত্যন্ত আনন্দিত হন ॥৩০॥

কুমারাশ্চ কুমার্য্যশ্চ যে প্রোক্তাঃ স্কন্দসম্ভবাঃ।
তেঽপি গর্ভভুজঃ সর্ব্বে কৌরব্য! সুমহাগ্রহাঃ ॥৩১॥
তাসামেব তু পত্নীনাং পতয়স্তে প্রকীর্ত্তিতাঃ।
অজ্ঞায়মানা গৃহ্ণন্তি বালকান্ রৌদ্রকর্ম্মিণঃ ॥৩২॥
গবাং মাতা তু যা প্রাজ্ঞৈঃ কথ্যতে সুরভির্নৃপ!।
শকুনিস্তামথারুহ্য সহ ভুঙ্‌ক্তে শিশূন্ ভুবি ॥৩৩॥
সরমা নাম যা মাতা শুনাং দেবী জনাধিপ!।
সাপি গর্ভান্ সমাদত্তে মানুষীণাং সদৈব হি ॥৩৪॥
পাদপানাঞ্চ যা মাতা করঞ্জনিলয়া হি সা।
বরদা সা হি সৌম্যা চ নিত্যং ভূতানুকম্পিনী।
করঞ্জে তাং নমস্যন্তি তস্মাৎ পুত্রার্থিনো নরাঃ ॥৩৫॥
ইমে ত্বষ্টাদশাদ্যে বৈ গ্রহা মাংসমধুপ্রিয়াঃ।
দ্বিপঞ্চরাত্রং তিষ্ঠন্তি সততং সূতিকাগৃহে ॥৩৬॥

ভারতকৌমুদী

কুমারা ইতি। প্রোক্তা অগ্নিরেব প্রকরণে ॥৩১॥
তাসামিতি। তাসাং কুমারীণাম্। তে কুমারাঃ। অজ্ঞায়মানা গৃহস্থৈঃ ॥৩২॥
গবামিতি। শকুনির্নাম গ্রহঃ, সহ তয়া সুরভ্যা সার্দ্ধম্ ॥৩৩॥
সরমেতি। শুনাং কুক্কুরাণাম্। সমাদত্তে গৃহ্ণাতি হরতীত্যর্থঃ ॥৩৪॥
পাদপানামিতি। করঞ্জো বৃক্ষবিশেষো নিলয়ো যস্যাঃ সা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫॥

কৌরবনন্দন! কার্ত্তিকের দেহ হইতে যে সকল কুমার ও কুমারী জন্মিয়াছিল, তাহারা সকলেও অতিমহাগ্রহ হইয়া গর্ভ ভক্ষণ করে ॥৩১॥

সেই কুমারীগণের পতি বলিয়া কথিত এবং ভয়ঙ্কর কার্য্যকারী সেই কুমারগণ গৃহস্থগণের অজ্ঞাত থাকিয়া বালকদিগকে হরণ করে ॥৩২॥

রাজা! পণ্ডিতেরা যে সুরভিকে গোমাতা বলিয়া থাকেন, শকুনিগ্রহ তাঁহাতে আরোহণ করিয়া তাঁহারই সহিত ভূতলে শিশুগণকে ভক্ষণ করে ॥৩৩॥

নরনাথ! যে সরমাদেবী কুক্কুরগণের মাতা, তিনিও সর্ব্বদাই মনুষ্যরমণীগণের গর্ভ হরণ করেন ॥৩৪॥

যিনি বৃক্ষসমূহের মাতা, তিনি করঞ্জ-(করমচা) বৃক্ষে বাস করেন এবং তিনি সর্ব্বদাই সৌম্যমূর্ত্তি, বরদাত্রী ও প্রাণিগণের প্রতি দয়াকারিণী; সুতরাং পুত্রার্থী লোকেরা করঞ্জবৃক্ষে তাঁহাকে নমস্কার করে ॥৩৫॥

---

(৩২)...আজায়মানাঃ—পি,...অজায়মানাঃ—নি।

কদ্রুঃ সূক্ষ্মবপুর্ভূত্বা গর্ভিণীং প্রবিশত্যথ।
ভুঙ্‌ক্তে সা তত্র তং গর্ভং সা তু নাগং প্রসূয়তে ॥৩৭॥
গন্ধর্ব্বাণাঞ্চ যা মাতা সা গর্ভং গৃহ্য গচ্ছতি।
ততো বিলীনগর্ভা সা মানুষী ভুবি দৃশ্যতে ॥৩৮॥
যা জনিত্রী ত্বপ্সরসাং গর্ভমাস্তে প্রগৃহ্য সা।
উপনষ্টং ততো গর্ভং কথয়ন্তি মনীষিণঃ ॥৩৯॥
লোহিতস্যোদধেঃ কন্যা ধাত্রী স্কন্দস্য সা স্মৃতা।
লোহিতায়নিরিত্যেবং কদম্বে সা হি পূজ্যতে ॥৪০॥
পুরুষেষু যথা রুদ্রস্তথার্য্যা প্রমদাস্বপি।
আর্য্যা মাতা কুমারস্য পৃথক্‌কামার্থমিজ্যতে ॥৪১॥

ভারতকৌমুদী

ইম ইতি। ইমে পূর্ব্বোক্তাঃ, অন্যে অষ্টাদশ চ। মধু মদ্যম্। দ্বিপঞ্চরাত্রং দশরাত্রম্ ॥৩৬॥
কদ্রুরিতি। গর্ভভক্ষণেন গর্ভিণ্যাঃ প্রসবাসম্ভবাৎ সা স্থিতি কদ্রোঃ পরিচয় এব ॥৩৭॥
গন্ধর্ব্বাণামিতি। গৃহ্য গৃহীত্বা। বিলীনো লয়ং প্রাপ্তো গর্ভো যস্যাঃ সা ॥৩৮॥
যেতি। জনিত্রী জনয়িত্রী। আস্তে অদৃশ্যা তত্রৈব তিষ্ঠতি ॥৩৯॥
লোহিতস্যেতি। লোহিতায়নিরিত্যেবং নাম, কদম্বে বৃক্ষে ॥৪০॥
পুরুষেষ্বিতি। পৃথক্‌কামার্থং ভিন্নভিন্নাভিলাষপূরণার্থম্, ইজ্যতে পূজ্যতে ॥৪১॥

মদ্য-মাংসপ্রিয় এই গ্রহগণ এবং অষ্টাদশপ্রকার অন্য গ্রহগণ দশদিন পর্য্যন্ত সর্ব্বদাই সূতিকাগৃহে অবস্থান করে ॥৩৬॥

কদ্রু সূক্ষ্মদেহ হইয়া গর্ভিণীর দেহে প্রবেশ করেন; তাহার পর তিনি সেই গর্ভ ভক্ষণ করেন। সে কদ্রু নাগ প্রসব করেন, অর্থাৎ নাগমাতা ॥৩৭॥

যিনি গন্ধর্ব্বগণের মাতা, তিনি গর্ভ হরণ করিয়া চলিয়া যান; তাহার পর দেখিতে পাওয়া যায় যে, সেই নারীর গর্ভ লয় পাইয়াছে ॥৩৮॥

যিনি অপ্সরাদের মাতা, তিনি গর্ভ হরণ করিয়া সেইখানেই থাকেন; তাহার পর বুদ্ধিমানেরা বলেন—উহার গর্ভ নষ্ট হইয়াছে ॥৩৯॥

লোহিতসাগরের কন্যা কার্ত্তিকের ধাত্রী ছিলেন; তাঁহার নাম—'লোহিতায়নি'। কদম্ববৃক্ষে তাঁহার পূজা হইয়া থাকে ॥৪০॥

পুরুষদের মধ্যে যেমন রুদ্র, স্ত্রীদের মধ্যে তেমন আর্য্যা; তিনি কার্ত্তিকের মাতা; লোকে ভিন্ন ভিন্ন অভীষ্ট লাভের জন্য তাঁহার পূজা করিয়া থাকে ॥৪১॥

---

(৩৭) কদ্রুঃ সূক্ষ্মং বপুঃ কৃত্বা…পি।

এবমেতে কুমারাণাং ময়া প্রোক্তা মহাগ্রহাঃ।
যাবৎ ষোড়শ বর্ষাণি শিশূনাং হ্যশিবাস্ততঃ ॥৪২॥
যে চ মাতৃগণাঃ প্রোক্তাঃ পুরুষাশ্চৈব যে গ্রহাঃ।
সর্ব্বে স্কন্দগ্রহা নাম জ্ঞেয়া নিত্যং শরীরিভিঃ ॥৪৩॥
তেষাং প্রশমনং কার্য্যং স্নানং ধূপস্তথাঽঞ্জনম্।
বলিকর্ম্মোপহারাশ্চ স্কন্দস্যেজ্যা বিশেষতঃ ॥৪৪॥
এবমভ্যর্চ্চিতাঃ সর্ব্বে প্রযচ্ছন্তি শুভং নৃণাম্।
আয়ুর্বীর্য্যঞ্চ রাজেন্দ্র ! সম্যক্‌পূজানমস্কৃতাঃ ॥৪৫॥ (যুগ্মকম্)
ঊর্দ্ধন্তু ষোড়শাদ্বর্ষাদ্ যে ভবন্তি গ্রহা নৃণাম্।
তানহং সম্প্রবক্ষ্যামি নমস্কৃত্য মহেশ্বরম্ ॥৪৬॥
যঃ পশ্যতি নরো দেবান্ জাগ্রদ্বা শয়িতোঽপি বা।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং তং তু দেবগ্রহং বিদুঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

এবমিতি। কুমারাণাং ময়ূক্তশিশূনাম্। অশিবা অমঙ্গলকরাঃ ॥৪২॥
য ইতি। মাতৃগণাঃ ষড়্‌বিপস্থ্যাদয়ঃ, পুরুষাঃ স্কন্দদেহোৎপন্নাদয়ঃ ॥৪৩॥
তেষামিতি। বলিকর্ম্ম পশুবলিদানম্। ইজ্যা পূজা। এবমেভিঃ, সর্ব্বে গ্রহাঃ ॥৪৪—৪৫॥
ঊর্দ্ধমিতি। ঊর্দ্ধং পরম্। ভবন্তি অনিষ্টকরা ইতি শেষঃ ॥৪৬॥

এই আমি শিশুদের মহাগ্রহগণের বিষয় বলিলাম। সে পর্য্যন্ত শিশুদের ষোড়শ বৎসর বয়স হয়, সেই পর্য্যন্তই উহারা তাহাদের অমঙ্গল ঘটাইয়া থাকে ॥৪২॥

যে মাতৃগণের কথা বলা হইল এবং যে সকল পুরুষগ্রহ আছে, তাহাদের সকলকেই সর্ব্বদা 'স্কন্দগ্রহ' বলিয়া জানিবে ॥৪৩॥

তাহাদের শান্তি করিতে হয়। স্নানীয় দ্রব্য, ধূপ, কজ্জল, বলিদান এবং অন্যান্য উপহার—এই সকল দ্বারা বিশেষভাবে কার্ত্তিকের পূজা করিবে। আর, রাজশ্রেষ্ঠ ! এই সকল দ্রব্যদ্বারা পূজা ও নমস্কার করিলে, সকল গ্রহই মানুষের মঙ্গল, আয়ু ও বল দিয়া থাকে ॥৪৪—৪৫॥

মানুষের ষোড়শ বৎসর বয়সের পর যে সকল গ্রহ অনিষ্টকারী হয়, মহাদেবকে নমস্কার করিয়া আমি তাহাদের কথা বলিব ॥৪৬॥

---

(৪৪)...ধূপং তথাঽঞ্জনম্—বা ব কা।

আসীনশ্চ শয়ানশ্চ যঃ পশ্যতি নরঃ পিতৄন্।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং স জ্ঞেয়স্তু পিতৃগ্রহঃ ॥৪৮॥
অবমন্যতি যঃ সিদ্ধান্ ক্রুদ্ধাশ্চাপি শপন্তি যম্।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং জ্ঞেয়ঃ সিদ্ধগ্রহস্তু সঃ ॥৪৯॥
উপাজিঘ্রতি চ যো গন্ধান্ রসাংশ্চাপি পৃথগ্বিধান্।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং স জ্ঞেয়ো রাক্ষসগ্রহঃ ॥৫০॥
গন্ধর্ব্বাশ্চাপি যং দিব্যাঃ সংবিশন্তি নরং ভুবি।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং গ্রহো গান্ধর্ব্ব এব সঃ ॥৫১॥
অধিরোহন্তি যং নিত্যং পিশাচাঃ পুরুষং প্রতি।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং গ্রহঃ পৈশাচ এব সঃ ॥৫২॥

ভারতকৌমুদী

য ইতি। শয়িতো নিদ্রিতঃ স্বপ্নে পশ্যতি। দেবশ্চাসৌ গ্রহশ্চেতি সঃ। এবমগ্রত্র ॥৪৭॥
আসীন ইতি। আসীন ইতি জাগ্রদুপলক্ষণম্, শয়ানঃ স্বপ্নে পশ্যতি ॥৪৮॥
অবেতি। সিদ্ধান্ দেবযোনিবিশেষান্, ক্রুদ্ধা অবমাননাবশাৎ সিদ্ধা এব ॥৪৯॥
উপেতি। জিঘ্রাদেশাভাব আর্ষঃ। পৃথগ্বিধান্ নানাবিধান্ ॥৫০॥
গন্ধর্ব্বা ইতি। সংবিশন্তি অদৃশ্যভাবেনাধিরোহন্তি ॥৫১॥
অধীতি। প্রতিশব্দোঽত্র বীপ্সায়াম্ ॥৫২॥

যে মানুষ জাগরিত অবস্থায় বা নিদ্রিত অবস্থায় (স্বপ্নে) দেবতা দেখে, সে সত্বরই উন্মত্ত হয় এবং সেইটাকে দেবগ্রহ জানিবে ॥৪৭॥

যে লোক জাগরিত অবস্থায় বা নিদ্রিত অবস্থায় পিতৃলোক দর্শন করে, সে সত্বরই উন্মত্ত হয় এবং সেইটাকে পিতৃগ্রহ বলিয়া জানিবে ॥৪৮॥

যে লোক সিদ্ধকে অবজ্ঞা করে এবং সেই অবজ্ঞাবশতই সেই সিদ্ধ ক্রুদ্ধ হইয়া অভিসম্পাত করে, সে সত্বরই উন্মত্ত হয়, আর সেইটাকে সিদ্ধগ্রহ জানিবে ॥৪৯॥

যে লোক নানাবিধ গন্ধ ও রস অনুভব করে, সে লোক সত্বরই উন্মত্ত হয় এবং সেইটাকে রাক্ষসগ্রহ জানিবে ॥৫০॥

স্বর্গীয় গন্ধর্ব্ব মর্ত্ত্যলোকে যে লোকের উপরে অধিষ্ঠিত হয়, সে লোক সত্বরই উন্মত্ত হয় এবং সেইটাকে গন্ধর্ব্বগ্রহ বলিয়া জানিবে ॥৫১॥

পিশাচ প্রত্যহ বার বার যে লোকের উপরে অধিষ্ঠান করিতে থাকে, সে লোক সত্বরই উন্মত্ত হয় এবং সেইটা পিশাচগ্রহ বলিয়া জানিবে ॥৫২॥

আবিশন্তি চ যং যক্ষাঃ পুরুষং কালপর্য্যয়ে।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং জ্ঞেয়ো যক্ষগ্রহস্তু সঃ ॥৫৩॥
যস্য দোষৈঃ প্রকুপিতং চিত্তং মুহ্যতি দেহিনঃ।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং সাধনং তস্য শাস্ত্রতঃ ॥৫৪॥
বৈক্লব্যাচ্চ ভয়াচ্চৈব ঘোরাণাঞ্চাপি দর্শনাৎ।
উন্মাদ্যতি স তু ক্ষিপ্রং সান্ত্বং তস্য তু সাধনম্ ॥৫৫॥
কশ্চিৎ ক্রীড়িতুকামো বৈ ভোক্তুকামস্তথাঽপরঃ।
অভিকামস্তথৈবান্য ইত্যেষ ত্রিবিধো গ্রহঃ ॥৫৬॥
যাবৎ সপ্ততিবর্ষাণি ভবন্ত্যেতে গ্রহা নৃণাম্।
অতঃ পরং দেহিনান্তু গ্রহতুল্যো ভবেজ্জ্বরঃ ॥৫৭॥
অপ্রকীর্ণেন্দ্রিয়ং দান্তং শুচিং নিত্যমতন্দ্রিতম্।
আস্তিকং শ্রদ্দধানঞ্চ বর্জ্জয়ন্তি সদা গ্রহাঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

আবিশন্তীতি। কালপর্য্যয়ে প্রাগুক্তষোড়শবৎসরাতিক্রমে সতি ॥৫৩॥
যস্যেতি। মুহ্যতি বিকলীভবতি। সাধনং চিকিৎসা, শাস্ত্রত আয়ুর্ব্বেদানুসারেণ ॥৫৪॥
বৈক্লব্যাদিতি। বৈক্লব্যাৎ কার্য্যাকুলত্বাৎ। স পুরুষঃ, সান্ত্বং সান্ত্ববাদঃ ॥৫৫॥
অথ কথং গ্রহাঃ পুরুষমাবিশন্তীত্যাহ—কশ্চিদিতি। ভোক্তুকামো ভোগাভিলাষী ॥৫৬॥
যাবদিতি। ভবন্তি উক্তবিধানিষ্টকরা ইতি শেষঃ ॥৫৭॥
অপ্রেতি। অপ্রকীর্ণেন্দ্রিয়ং সংযতচিত্তম্, দান্তং নয়নাদীন্দ্রিয়দমনশীলম্ ॥৫৮॥

ষোড়শ বৎসর অতীত হইলে পর যে মানুষের শরীরে যক্ষ প্রবেশ করে, সে মানুষ সত্বর উন্মত্ত হয় এবং সেইটাকে যক্ষগ্রহ বলিয়া জানিবে ॥৫৩॥

বায়ু, পিত্ত ও কফের দোষে যাহার চিত্ত বিকল হয়, সে লোক সত্বর উন্মত্ত হয়; বৈদ্যশাস্ত্র অনুসারে তাহার চিকিৎসা করা উচিত ॥৫৪॥

কার্য্যবশতঃ আকুলতায়, ভয়ে এবং ভয়ঙ্কর বস্তুদর্শনেও মানুষ সত্বর উন্মত্ত হয়, সান্ত্ববাক্য বলাই তাহার চিকিৎসা ॥৫৫॥

কোন গ্রহ ক্রীড়াভিলাষী, অপর গ্রহ ভোগাভিলাষী এবং অন্য গ্রহ কামাভিলাষী; এই প্রকারে গ্রহগণ ত্রিবিধ হইয়া থাকে ॥৫৬॥

মানুষের সত্তর বৎসর বয়সপর্য্যন্ত এই গ্রহগণ অনিষ্টকারী হইয়া থাকে; ইহার পর মানুষের জ্বরই গ্রহের তুল্য হয় ॥৫৭॥

সংযতচিত্ত, ইন্দ্রিয়দমনশীল, পবিত্র, সর্ব্বদা আলস্যবিহীন, আস্তিক এবং

ইত্যেষ তে গ্রহোদ্দেশো মানুষাণাং প্রকীর্ত্তিতঃ।
ন স্পৃশন্তি গ্রহা ভক্তান্ নরান্ দেবং মহেশ্বরম্ ॥৫৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং মনুষ্যগ্রহকথনে দ্বিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তবেতি। সাগর এবাম্বরং বসনং যস্যাঃ সা। বনানি সাধারণানি, নানাবনানি বহুস্থানানি, নগরাণি গ্রামসংসৃষ্টানি, পত্তনানি বিশিষ্টনগরাণি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

বন্দ্যেতি। রশ্মিবান্ সূর্য্যঃ, মোপধত্বাবত্বঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

বৃতস্ত্বিতি ॥১—২॥ প্রতীচ্যা উদীচ্যাশ্চ দেশান্তরবাসিনঃ। তে ত্বয়া ॥৩॥ সাত্তাঃ দাদয়িতুং নাশয়িতুং যোগ্যাঃ শত্রবস্তেষাং লক্ষ্মীঃ সাত্তলক্ষ্মীঃ ॥৪—৫॥ (পাঠান্তরে) নচিরমল্পকালং শোককর্শিতাঃ অতস্তৎপ্রতিজ্ঞাতোঽস্মাকং সুখকালো ভূয়ানস্তীতি ভাবঃ। সা তু শ্রীঃ ॥৬—৮॥

মহাবাহু রাজা! আমরা দুঃখপীড়িত হইয়া পূর্ব্বে ইন্দ্রপ্রস্থস্থিত যুধিষ্ঠিরের উপরে সেই যে দীপ্তিমতী রাজলক্ষ্মীকে দীর্ঘকাল দেখিয়াছিলাম, সেই রাজলক্ষ্মীকেই তুমি বুদ্ধিবলে সেই যুধিষ্ঠির রাজা হইতে আনয়ন করিয়াছ এবং এখনও ইহাকে দীপ্তিমতীর ন্যায়ই দেখা যাইতেছে ॥৫—৬॥

বিপক্ষবীরহন্তা রাজশ্রেষ্ঠ! অন্যান্য রাজারা সকলেই তোমার শাসনের অধীনে আছেন এবং 'আমরা কি করিব' এই কথা বলেন ॥৭॥

রাজা! পর্ব্বত, বন, গ্রাম, তৎসংসৃষ্ট নগর, আকর, বহুতর উপবন ও বিশিষ্ট বিশিষ্ট নগরে পরিশোভিতা এবং সমুদ্রবেষ্টিতা এই সমগ্র পৃথিবীই এখন তোমার ॥৮॥

রাজা! দ্বিজাতিরা স্তব করেন এবং রাজারা গৌরব করেন, এই অবস্থায় তুমি আপন পুরুষকারে স্বর্গে দেবগণের মধ্যে সূর্য্যের ন্যায় শোভা পাইতেছ ॥৯॥

(৮)…পর্ব্বতৈরুপশোভিতা—বা ব কা।

রুদ্রৈরিব যমো রাজা মরুদ্ভিরিব বাসবঃ।
কুরুভিস্ত্বং বৃতো রাজন্! ভাসি নক্ষত্ররাড়িব ॥১০॥
যৈঃ স্ম তে নাদ্রিয়েতাজ্ঞা ন চ তে শাসনে স্থিতাঃ।
পশ্যামস্তান্ শ্রিয়া হীনান্ পাণ্ডবান্ বনবাসিনঃ ॥১১॥
শ্রূয়ন্তে হি মহারাজ! সরো দ্বৈতবনং প্রতি।
বসন্তঃ পাণ্ডবাঃ সার্দ্ধং ব্রাহ্মণৈর্বনবাসিভিঃ ॥১২॥
স প্রয়াহি মহারাজ! শ্রিয়া পরময়া যুতঃ।
তাপয়ন্ পাণ্ডুপুত্রাংস্ত্বং রশ্মিবানিব তেজসা ॥১৩॥
স্থিতো রাজ্যে চ্যুতান্ রাজ্যাৎ শ্রিয়া হীনান্ শ্রিয়া বৃতঃ।
অসমৃদ্ধান্ সমৃদ্ধার্থঃ পশ্য পাণ্ডুসুতান্ নৃপ। ॥১৪॥
মহাভিজনসম্পন্নং ভদ্রে মহতি সংস্থিতম্।
পাণ্ডবাস্ত্বাভিবীক্ষন্তাং যযাতিমিব নাহুষম্ ॥১৫॥

ভারতকৌমুদী

রুদ্রৈরিতি। মরুদ্ভির্দেবৈঃ, বাসব ইন্দ্রঃ। নক্ষত্ররাট্ চন্দ্রঃ ॥১০॥

যৈরিতি। পূর্ব্বার্দ্ধে উভয়ত্রাপি সমকক্ষত্বাভিমানাদিত্যাশয়ঃ ॥১১॥

শ্রূয়ন্ত ইতি। দ্বৈতবনং নাম, দ্বৈতবনাখ্যসরসঃ সমীপ ইত্যর্থঃ ॥১২॥

স ইতি। শ্রিয়া সম্পদনুরূপশোভয়া। রশ্মিবান্ সূর্য্যঃ ॥১৩॥

স্থিত ইতি। শ্রিয়া সম্পন্নিবন্ধনয়া শোভয়া। সমৃদ্ধার্থ উপচিতধনঃ ॥১৪॥

নরনাথ! রুদ্রগণকর্তৃক যমরাজের ন্যায় এবং দেবগণকর্তৃক ইন্দ্রের ন্যায় তুমি কৌরবগণকর্তৃক পরিবেষ্টিত হইয়া চন্দ্রের তুল্য দীপ্তি পাইতেছ ॥১০॥

যাহারা তোমার আদেশের আদর করিত না কিংবা তোমার শাসনে থাকিত না, সেই পাণ্ডবগণকে এখন শ্রীহীন ও বনবাসী দেখিতেছি ॥১১॥

মহারাজ! শুনিতে পাই—পাণ্ডবেরা এখন বনবাসী ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া দ্বৈতবননামক সরোবরের তীরে বাস করিতেছে ॥১২॥

মহারাজ! সেই তুমি সম্পদের অনুরূপ মহাশোভায় শোভিত হইয়া সূর্য্যের ন্যায় তেজদ্বারা পাণ্ডবগণকে সন্তপ্ত করিবার জন্য গমন কর ॥১৩॥

তুমি রাজ্যে (রাজার পদে) রহিয়াছ, আর তাহারা রাজ্যচ্যুত; তুমি শোভাসম্পন্ন, আর তাহারা শোভাশূন্য এবং তুমি সমৃদ্ধিশালী, আর তাহারা সমৃদ্ধিবিহীন; এই অবস্থায় রাজা! তুমি একবার পাণ্ডবগণকে দর্শন কর ॥১৪॥

---

(১২) শ্রূয়তে হি···বা ব কা। (১৫) ··পাণ্ডবাস্ত্বাভিবীক্ষন্ত···বা ব কা নি।

যাং শ্রিয়ং সুহৃদশ্চৈব দুর্হৃদশ্চ বিশাংপতে।।
পশ্যন্তি পুরুষে দীপ্তাং সা সমর্থা ভবত্যুত ॥১৬॥
সমস্থো বিষমস্থান্ হি দুর্হৃদো যোঽভিবীক্ষতে।
জগতীস্থানিবাদ্রিস্থঃ কিমতঃ পরমং সুখম্ ॥১৭॥
ন পুত্রধনলাভেন ন রাজ্যেনাপি বিন্দতি।
প্রীতিং নৃপতিশার্দ্দূল। যামমিত্রাঘদর্শনাৎ ॥১৮॥
কিন্নু তস্য সুখং ন স্যাদাশ্রমে যো ধনঞ্জয়ম্।
অভিবীক্ষেত সিদ্ধার্থো বল্কলাজিনবাসসম্ ॥১৯॥

ভারতকৌমুদী

মহেতি। মহাভিজনসম্পন্নং মহাখ্যাতিযুক্তম, ভদ্রে মঙ্গলে। ত্বা ত্বাম্ ॥১৫॥
যামিতি। সমর্থা—আত্মন আনন্দং শত্রূণাঞ্চ বিষাদং জনয়িতুং শক্তা ॥১৬॥
সমেতি। সমস্থঃ সম্পদ্‌যোগাদশাস্থিতঃ। জগতীস্থান ভূতলস্থান্ ॥১৭॥
নেতি। যাং যাদৃশীম্, অমিত্রাণাং শত্রূণাম্ অঘদর্শনাৎ দুঃখদর্শনাৎ ॥১৮॥
কিমিতি। সিদ্ধার্থস্তেষাং নির্ব্বাসনেন নিষ্পন্নপ্রয়োজনঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

বন্দ্যমানঃ স্তূয়মানঃ, দ্বিজৈস্ত্রৈবর্ণিকৈঃ ॥৯—১০॥ নাদ্রিয়েত নাদৃতা ॥১১—১৪॥ ত্বা ত্বাম্ ॥১৫॥ সমর্থা সুহৃদাং হর্ষং শত্রূণাঞ্চ শোকং দাতুমিতি শেষঃ ॥১৬—১৭॥ অমিত্রেষবদর্শনাৎ

রাজা। তুমি মহাসুখ্যাতিসম্পন্ন হইয়া মহাকুশলে রহিয়াছ; এই অবস্থায় নহুষনন্দন যযাতির ন্যায় তোমাকে একবার পাণ্ডবেরা দর্শন করুক ॥১৫॥

নরনাথ। মিত্রগণ ও শত্রুগণ মানুষের যে উজ্জ্বল সম্পদ দেখিতে পায়, সেই সম্পদই মিত্রগণের আনন্দ এবং শত্রুগণের বিষাদ জন্মাইতে সমর্থ হয় ॥১৬॥

পর্ব্বতস্থিত লোক যেমন ভূতলস্থিত লোককে দেখে, তেমন যে সুখী লোক দুঃখী শত্রুকে দেখে, তাহার তাহা অপেক্ষা অধিক সুখ আর কি হইতে পারে? ॥১৭॥

রাজশ্রেষ্ঠ। শত্রুর দুঃখ দর্শন করায় যেরূপ আনন্দ লাভ করা যায়, সেরূপ আনন্দ—পুত্র, ধন ও রাজ্যলাভ করিয়াও লাভ করা যায় না ॥১৮॥

পাণ্ডবগণকে নির্ব্বাসন করায় তোমার পক্ষের প্রয়োজন নিষ্পন্ন হইয়াছে; সুতরাং তোমার পক্ষের যে লোক তপোবনে অর্জ্জুনকে তরুবল্কল ও মৃগচর্ম্মধারী অবস্থায় দেখিবে, তাঁহার কি আনন্দ হইবে না? ॥১৯॥

(১৮)…ন রাজ্যেনাভিবিন্দতি…বা ব কা পি।

সুবাসসো হি তে ভার্য্যা বল্কলাজিনবাসসম্।
পশ্যন্তু দুঃখিতাং কৃষ্ণাং সা চ নির্ব্বিদ্যতাং পুনঃ।
বিনিন্দতাং তথাত্মানং জীবিতঞ্চ ধনচ্যুতম্ ॥২০॥
ন তথা হি সভামধ্যে তস্যা ভবিতুমর্হতি।
বৈমনস্যং যথা দৃষ্ট্বা তব ভার্য্যাঃ স্বলঙ্কৃতাঃ ॥২১॥
বৈশম্পায়ন উবাচ।
এবমুক্ত্বা তু রাজানং কর্ণঃ শকুনিনা সহ।
তূষ্ণীম্বভূবতুরুভৌ বাক্যান্তে জনমেজয়! ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং কর্ণশকুনিবাক্যে দ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

সুবাসস ইতি। পুনর্নির্বিদ্যতাং দ্যূতসভায়াং নির্ব্বেদাৎ পরং দ্বিতীয়ো নির্ব্বেদ আত্মাবমাননা ক্রিয়তাম্। জীবিতং জীবনঞ্চ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

নেতি। বৈমনস্যং দুঃখিতচিত্তত্বম্ ॥২১॥

এবমিতি। রাজানং দুর্য্যোধনম্। উভৌ কর্ণশকুনী ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি
ঘোষযাত্রায়াং দ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অঘং দুঃখম্। অঘন্তু ব্যসনে দুঃখে দুরিতে চ নপুংসকম্” ইতি মেদিনী ॥১৮—১৯॥
নির্বিদ্যতাং জীবিতাদপি বিরক্তা ভবতু ॥২০—২২॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০০॥

তোমার ভার্য্যারা উত্তম উত্তম বস্ত্র পরিধান করিয়া যাইয়া তরুবল্কল ও মৃগচর্ম্মধারিণী দুঃখিতা দ্রৌপদীকে দর্শন করুক এবং সে—পুনরায় আত্মগ্লানি করিতে থাকুক, আর ধনবিহীন নিজেকে ও নিজের জীবনকে নিন্দা করুক ॥২০॥

তোমার ভার্য্যাদিগকে অত্যন্ত অলঙ্কৃত দেখিয়া দ্রৌপদীর যেরূপ দুঃখ হইবে, সেই দ্যূতসভার মধ্যে তাহার সেরূপ দুঃখ হইতে পারে নাই” ॥২১॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয়! কর্ণ শকুনির সহিত মিলিত হইয়া, দুর্য্যোধনকে এইরূপ বলিয়া সেই বাক্যের পরে দুই জনেই নীরব হইলেন ॥২২॥

---

(২০)…বল্কলাজিনসংবৃতাম্…বা ব কা। * '…ত্রয়স্ত্রিংশদধিকদ্বিশততমঃ…' পি, '…ষট্‌ত্রিংশদধিকদ্বিশততমঃ…' বা ব, '…সপ্তত্রিংশদধিকদ্বিশততমঃ…' কা, '…অষ্টত্রিংশদধিকদ্বিশততমঃ…' নি।

একাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

কর্ণস্য বচনং শ্রুত্বা রাজা দুর্য্যোধনস্ততঃ।
হৃষ্টো ভূত্বা পুনর্দীন ইদং বচনমব্রবীৎ ॥১॥
ব্রবীষি যদিদং কর্ণ! সর্ব্বং মনসি মে স্থিতম্।
ন ত্বভ্যনুজ্ঞাং লপ্স্যামি গমনে যত্র পাণ্ডবাঃ ॥২॥
পরিদেবতি তান্ বীরান্ ধৃতরাষ্ট্রো মহীপতিঃ।
মন্যতেঽভ্যধিকাংশ্চাপি তপোযোগেন পাণ্ডবান্ ॥৩॥
অথবাপ্যনুবুধ্যেত নৃপোঽস্মাকং চিকীর্ষিতম্।
এবমপ্যায়তিং রক্ষন্ নাভ্যনুজ্ঞাতুমর্হতি ॥৪॥
নহি দ্বৈতবনে কিঞ্চিদ্বিদ্যতেঽন্যৎ প্রয়োজনম্।
উৎসাদনমৃতে তেষাং বনস্থানাং মহাদ্যুতে! ॥৫॥

ভারতকৌমুদী

কর্ণস্যেতি। তত্র গমনসম্ভবাৎ হৃষ্টঃ, ধৃতরাষ্ট্রানুজ্ঞালাভাসম্ভবাচ্চ দীনঃ ॥১॥
ব্রবীষীতি। লপ্স্যামি ধৃতরাষ্ট্রাৎ লপ্স্যে, যত্র পাণ্ডবাস্তিষ্ঠন্তি, তত্র গমনে ॥২॥
কিং তত্র কারণমিত্যাহ—পরীতি। পরিদেবতি বিলপতি। আর্ষত্বাৎ স্বরিকরণাভাবঃ ॥৩॥
অথবেতি। আয়তিম্ উত্তরকালং তৎকালীনং মঙ্গলমিত্যর্থঃ ॥৪॥
নেতি। হি যস্মাৎ। উৎসাদনং বিনাশম্, ঋতে বিনা, তেষাং পাণ্ডবানাম্ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—কর্ণের কথা শুনিয়া রাজা দুর্য্যোধন একবার আনন্দিত হইয়া আবার বিষণ্ণ হইলেন; তাহার পর এই কথা বলিলেন—॥১॥

"কর্ণ! তুমি এই যাহা বলিলে, সে সমস্তই আমার মনেও আছে; কিন্তু যেখানে পাণ্ডবেরা আছে, সেখানে যাইবার বিষয়ে অনুমতি পাইব না ॥২॥

কারণ, রাজা ধৃতরাষ্ট্র সেই বীরগণকে লক্ষ্য করিয়া বিলাপ করেন; বিশেষতঃ তপস্যার বলে আমাদের অপেক্ষা তাহাদিগকে প্রবল মনে করেন ॥৩॥

অথবা, রাজা যদি আমাদের মনের ভাব বুঝিতে পারেন, তবে ভবিষ্যৎকালের মঙ্গল রক্ষা করিবার জন্য অনুমতি দিবেন না ॥৪॥

যে হেতু, সেই বনবাসী পাণ্ডবগণের বিনাশ ব্যতীত দ্বৈতবনে আমাদের অন্য কোন প্রয়োজন নাই ॥৫॥

জানাসি হি যথা ক্ষত্তা দ্যূতকাল উপস্থিতে।
অব্রবীদ্‌যচ্চ মাং ত্বাঞ্চ সৌবলঞ্চ বচস্তদা ॥৬॥
তানি সর্ব্বাণি বাক্যানি যচ্চান্যৎ পরিদেবিতম্।
বিচিন্ত্য নাধিগচ্ছামি গমনায়েতরায় বা ॥৭॥
মমাপি হি মহান্ হর্ষো যদহং ভীমফাল্গুনৌ।
ক্লিষ্টাবরণ্যে পশ্যেয়ং কৃষ্ণয়া সহিতাবিতি ॥৮॥
ন তথা প্রাপ্নুয়াং প্রীতিমবাপ্য বসুধামিমাম্।
দৃষ্ট্বা যথা পাণ্ডুসুতান্ বল্কলাজিনবাসসঃ ॥৯॥
কিন্নু স্যাদধিকং তস্মাদ্‌যদহং দ্রুপদাত্মজাম্।
দ্রৌপদীং কর্ণ! পশ্যেয়ং কাষায়বসনাং বনে ॥১০॥
যদি মাং ধর্ম্মরাজশ্চ ভীমসেনশ্চ পাণ্ডবঃ।
যুক্তং পরময়া লক্ষ্ম্যা পশ্যেতাং জীবিতং ভবেৎ ॥১১॥

ভারতকৌমুদী

জানাসীতি। ক্ষত্তা বিদুরঃ। বিদুরবৈমত্যেন রাজ্ঞোঽপি বৈমত্যসম্ভবাদিতি ভাবঃ ॥৬॥
তানীতি। নাধিগচ্ছামি নিশ্চয়ং ন লভে, ইতরায় অগমনায় অত্রাবস্থানায় ॥৭॥
মমেতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। ক্লিষ্টৌ ক্লেশাপন্নৌ, কৃষ্ণয়া দ্রৌপদ্যা ॥৮॥
নেতি। দুর্জ্জনস্য পরদুঃখদর্শনে বিশেষতঃ শত্রুদুঃখদর্শনে প্রীতিঃ স্বাভাবিকীতি ভাবঃ ॥৯॥
কিমিতি। অধিকং সুখমিতি শেষঃ। কাষায়বসনাং গৈরিকরঞ্জিতবস্ত্রাম্ ॥১০॥
যদীতি। লক্ষ্ম্যা সম্পন্নিবন্ধনশোভয়া। জীবিতং মম ৬ বনং তদা স ফলং ভবেৎ ॥১১॥

তুমি ত জানই যে, সেই দ্যূতক্রীড়ার সময় উপস্থিত হইলে, বিদুর আমাকে, তোমাকে ও মাতুল শকুনিকে যে যে কথা বলিয়াছিলেন ॥৬॥

সেই সমস্ত বাক্য এবং অন্য যে সকল বিলাপ হইয়াছিল, সে সকল চিন্তা করিয়া যাইবার বিষয়ে বা থাকিবার বিষয়ে আমি একটা স্থির করিতে পারিতেছি না ॥৭॥

আমারও গুরুতর আনন্দ হইতেছে যে, আমি যাইয়া বনের ভিতরে দ্রৌপদীর সহিত ভীম ও অর্জ্জুনকে কষ্ট পাইতে দেখিব ॥৮॥

তরুবল্কল ও মৃগচর্ম্মধারী পাণ্ডবগণকে দেখিয়া যেমন আনন্দ পাইব, তেমন আনন্দ—(বোধ হয়) এই পৃথিবীটা পাইয়াও পাইব না ॥৯॥

কর্ণ! আমি যে বনের ভিতরে দ্রুপদরাজনন্দিনী দ্রৌপদীকে গৈরিকবসন-ধারিণী দেখিব, তাহা হইতে আর অধিক সুখ কি হইতে পারে? ॥১০॥

উপায়ং ন তু পশ্যামি যেন গচ্ছেম তদ্বনম্ ।
যথা চাপ্যনুজানীয়াদ্‌গচ্ছন্তং মাং মহীপতিঃ ॥১২॥
স সৌবলেন সহিতস্তথা দুঃশাসনেন চ ।
উপায়ং পশ্য নিপুণং যেন গচ্ছেম তদ্বনম্ ॥১৩॥
অহমপ্যদ্য নিশ্চিত্য গমনায়েতরায় বা ।
কল্যমেব গমিষ্যামি সমীপং পার্থিবস্য হ ॥১৪॥
ময়ি তত্রোপবিষ্টে চ ভীষ্মে চ কুরুসত্তমে ।
উপায়ো যো ভবেদ্‌দৃষ্টস্তং ব্রূয়াঃ সহসৌবলঃ ॥১৫॥
বচো ভীষ্মস্য রাজ্ঞশ্চ নিশম্য গমনং প্রতি ।
ব্যবসায়ং করিষ্যেঽহমনুনীয় পিতামহম্ ॥১৬॥
তথেত্যুক্ত্বা তু তে সর্ব্বে জগ্মুরাবসথান্ প্রতি ।
ব্যুষিতায়াং রজন্যাস্তু কর্ণো রাজানমভ্যয়াৎ ॥১৭॥

ভারতকৌমুদী

উপায়মিতি । যথা চ যেন চোপায়েন । মহীপতির্ধৃতরাষ্ট্রঃ ॥১২॥
স ইতি । স ত্বম্, সৌবলেন শকুনিনা । পশ্য পর্য্যালোচয় ॥১৩॥
অহমিতি । নিশ্চিত্য উপায়মিতি শেষঃ । কল্যং প্রত্যুষং প্রাপ্য ॥১৪॥
ময়ীতি । দৃষ্টো যুষ্মাভিঃ পর্য্যালোচিতঃ । সৌবলেন সহেতি সহসৌবলঃ ॥১৫॥
বচ ইতি । রাজ্ঞো ধৃতরাষ্ট্রস্য । ব্যবসায়মুদ্‌যোগম্ ॥১৬॥

পাণ্ডুপুত্র যুধিষ্ঠির ও ভীম আমাকে যদি পরমশোভাসম্পন্ন দেখে, তাহা হইলেই আমার জীবন সফল হইবে ॥১১॥

কিন্তু যাহাতে আমরা সেই বনে যাইতে পারি, কিংবা যাহাতে রাজা আমাকে যাইবার অনুমতি দেন, এমন উপায় ত আমি দেখিতেছি না ॥১২॥

অতএব তুমি, মাতুল শকুনি ও দুঃশাসনের সহিত উপযুক্ত উপায় পর্য্যালোচনা কর, যাহাতে আমরা দ্বৈতবনে যাইতে পারি ॥১৩॥

আমিও আজ যাইবার বা না যাইবার বিষয়ে উপায় স্থির করিয়া কল্য রাজার নিকটে যাইব ॥১৪॥

আমি এবং কুরুশ্রেষ্ঠ ভীষ্ম সেখানে উপবিষ্ট থাকিতে তোমাদের যে উপায়টা পর্য্যালোচিত হইবে, তাহা তুমি শকুনির সহিত মিলিত হইয়া বলিও ॥১৫॥

তাহার পর আমি, ভীষ্মের ও রাজার কথা শুনিয়া এবং অনুনয়পূর্ব্বক ভীষ্মের অনুমতি লইয়া যাইবার বিষয়ে উদ্‌যোগ করিব" ॥১৬॥

ততো দুর্য্যোধনং কর্ণঃ প্রহসন্নিদমব্রবীৎ।
উপায়ঃ পরিদৃষ্টোঽয়ং তন্নিবোধ জনেশ্বর! ॥১৮॥
ঘোষা দ্বৈতবনে সর্ব্বে ত্বৎপ্রতীক্ষা নরাধিপ!।
ঘোষযাত্রাপদেশেন গমিষ্যামো ন সংশয়ঃ ॥১৯॥
উচিতং হি সদা গন্তুং ঘোষযাত্রাং বিশাংপতে!।
এবঞ্চ ত্বাং পিতা রাজন্। সমনুজ্ঞাতুমর্হতি ॥২০॥
তথা কথয়মানৌ তৌ ঘোষযাত্রাবিনিশ্চয়ম্।
গান্ধাররাজঃ শকুনিঃ প্রত্যুবাচ হসন্নিব ॥২১॥

ভারতকৌমুদী

তথেতি। আবসথান্ স্বস্বগৃহান্। ব্যুষিতায়াং প্রভাতায়াম্ ॥১৭॥

তত ইতি। উপায়ো দ্বৈতবনগমননিমিত্তম্, পরিদৃষ্টঃ পর্য্যালোচনয়াবধারিতঃ ॥১৮॥

ঘোষা ইতি। হে নরাধিপ! সর্ব্বে ঘোষা গোপালাঃ, "ঘোষস্তু ঘোষকে ধ্বানে গোপালাভীরপল্লিষু" ইতি বিশ্বঃ, দ্বৈতবনে তৎসন্নিধানে, ত্বাং প্রতীক্ষন্তে গবাং সংখ্যাকরণার্থং পরীক্ষার্থঞ্চাপেক্ষন্ত ইতি ত্বৎপ্রতীক্ষা বর্ত্তন্তে। অতএব ঘোষে তত্রাভীরপল্ল্যাং যাত্রায়া অপদেশেন ছলেন, তত্র বয়ং গমিষ্যামঃ, অত্র ন সংশয়োঽস্তি ॥১৯॥

উচিতমিতি। রাজ্ঞঃ সর্ব্বপর্য্যবেক্ষণস্যাবশ্যকত্বাদিতি ভাবঃ ॥২০॥

তথেতি। তৌ কর্ণদুর্য্যোধনৌ, আস্তাম্, অস্মিন্নবসর ইতি শেষ. ॥২১॥

ভারতভাবদীপঃ

কর্ণস্তেতি ॥১—৩॥ আয়তিমুত্তরকালম্ ॥৪—৬॥ ইত .বস্থানায় নাধিগচ্ছামি অধিগমং নিশ্চয়ং ন প্রাপ্নোমি ॥৭—১০॥ সন্ধ্যা উপেতং পশ্যেতাং চেজ্জীবিতং যুক্তমিতি সম্বন্ধঃ

'তাহাই হইবে' এই কথা বলিয়া তাঁহারা সকলে আপন আপন গৃহে চলিয়া গেলেন। পরে রাত্রিপ্রভাতে কর্ণ দুর্য্যোধনের নিকট গেলেন ॥১৭॥

তাহার পর কর্ণ হাস্য করিয়া দুর্য্যোধনকে এই কথা বলিলেন—"রাজা! আমরা পর্য্যালোচনা করিয়া এই উপায় স্থির করিয়াছি, তাহা তুমি শ্রবণ কর ॥১৮॥

রাজা! দ্বৈতবনের নিকটে গোপালেরা সকলেই তোমার প্রতীক্ষা করিতেছে; (ইহা বলিয়া) গোপপ.ীতে যাইবার ছলে আমরা সেখানে যাইব; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৯॥

নরনাথ! গোপপল্লীতে যাওয়া রাজাদের সর্ব্বদাই উচিত। এইরূপ বলিলে, তোমার পিতা তোমাকে অবশ্যই যাইবার অনুমতি দিবেন' ॥২০॥

কর্ণ ও দুর্য্যোধন ঘোষযাত্রার বিষয়ে এইরূপ কথোপকথন করিতেছিলেন, এমন সময়ে গান্ধাররাজ শকুনি আসিয়া হাস্য করিয়াই যেন বলিলেন—॥২১॥

উপায়োঽয়ং ময়া দৃষ্টো গমনায় নিরাময়ঃ।
অনুজ্ঞাস্যতি নো রাজা চোদয়িষ্যতি চাপ্যুত ॥২২॥
ঘোষা দ্বৈতবনে সর্ব্বে ত্বৎপ্রতীক্ষা নরাধিপ।।
ঘোষযাত্রাপদেশেন গমিষ্যামো ন সংশয়ঃ ॥২৩॥
ততঃ প্রহসিতাঃ সর্ব্বে তেঽন্যোন্যস্য তলান্ দদুঃ।
তদেব চ বিনিশ্চিত্য দদৃশুঃ কুরুসত্তমম্ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং ঘোষযাত্রামন্ত্রণে একাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

উপায় ইতি। নিরাময়ো নিরুপদ্রবঃ। নঃ অস্মান্, রাজা ধৃতরাষ্ট্রঃ ॥২২॥

ঘোষা ইতি। অস্য বচনস্য কর্ণেনোক্তাবপি শকুনের্ব্যক্তিদ্বয়ভেদাদপৌনরুক্ত্যম্ ॥২৩॥

তত ইতি। তলান্ করতলান্, দদুঃ আনন্দেন মর্দ্দনায়ার্পয়ামাসুঃ ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াম্ একাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

॥১১—১৩॥ কল্যং প্রাতঃ ॥১৪—১৮॥ ঘোষা গোব্রজাঃ ॥১৯—২১॥ অয়মুপায়ো ঘোষযাত্রৈব ॥২২—২৩॥ তলান্ হস্ততলানি ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০১॥

"আমিও পর্য্যালোচনা করিয়া দ্বৈতবনে যাইবার জন্য এই নিরুপদ্রব উপায়ই স্থির করিয়াছি। ইহাতে রাজা আমাদিগকে যাইবার অনুমতি ত দিবেনই, এমন কি প্রেরণও করিবেন ॥২২॥

রাজা। দ্বৈতবনের নিকটে গোপালেরা সকলেই তোমার প্রতীক্ষা করিতেছে; (ইহা বলিয়া) গোপপল্লীতে যাইবার ছলে আমরা সেখানে যাইব; এ বিষয়ে কোন সন্দেহ নাই" ॥২৩॥

তাহার পর তাঁহারা সকলেই হাস্য করিয়া মর্দ্দন করিবার জন্য পরস্পর পরস্পরকে করতল অর্পণ করিলেন; তৎপরে সেই বিষয়ই স্থির করিয়া যাইয়া ধৃতরাষ্ট্রের সহিত সাক্ষাৎ করিলেন ॥২৪॥

---

(২২)···বোধয়িষ্যতি চাপ্যুত—বা ব কা। * '···চতুস্ত্রিংশদধিকদ্বিশততমঃ···' নি, '···সপ্তত্রিংশদধিকদ্বিশততমঃ···' বা ব, '···অষ্টত্রিংশদধিকদ্বিশততমঃ···' কা, '···একোনচত্বারিংশদধিকদ্বিশততমঃ···' নি।

দ্ব্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ধৃতরাষ্ট্রং ততঃ সর্ব্বে দদৃশুর্জ্জনমেজয়! ।
পৃষ্ট্বা সুখমথো রাজ্ঞঃ পৃষ্টা রাজ্ঞা চ ভারত! ॥১॥
ততস্তৈর্বিহিতঃ পূর্ব্বং সমঙ্গো নাম বল্লবঃ।
সমীপস্থাস্তদা গাবো ধৃতরাষ্ট্রে ন্যবেদয়ৎ ॥২॥
অনন্তরঞ্চ রাধেয়ঃ শকুনিশ্চ বিশাংপতে! ।
আহতুঃ পার্থিবশ্রেষ্ঠং ধৃতরাষ্ট্রং জনাধিপম্ ॥৩॥
রমণীয়েষু দেশেষু ঘোষাঃ সম্প্রতি কৌরব! ।
স্মারণে সময়ঃ প্রাপ্তো বৎসানামপি চাঙ্কনম্ ॥৪॥

ভারতকৌমুদী

ধৃতেতি। সর্ব্বে কর্ণশকুনিদুর্য্যোধনাঃ। পৃষ্টা স্থিতা ইতি শেষঃ। প্রচ্ছির্দ্বিকর্ম্মকঃ ॥১॥

তত ইতি। তৈঃ কর্ণাদিভিঃ, বিহিতঃ—সভায়াং গত্বা রাজ্ঞঃ সমীপে এবং বক্তব্যমিত্যুপদিশ্য স্থাপিতঃ। বল্লবো গোপঃ। সমীপস্থা দ্বৈতবননিকটস্থা গাব ইতি ন্যবেদয়ৎ ॥২॥

অনন্তরমিতি। রাধেয়ঃ কর্ণঃ। আহতুঃ ব্রূতঃ স্ম ॥৩॥

রমেতি। ঘোষা গোপপল্ল্যঃ। স্মারণে গবাং সংখ্যা'দিস্মরণসম্পাদনে ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন জনমেজয়! তাহার পর কর্ণ, শকুনি ও দুর্য্যোধন যাইয়া ধৃতরাষ্ট্রের সহিত দেখা করিলেন এবং তাঁহারা রাজার মঙ্গল জিজ্ঞাসা করিলে রাজাও তাঁহাদের মঙ্গল জিজ্ঞাসা করিলেন ॥১॥

তাহার পর তাঁহাদেরই পূর্ব্বনির্দ্ধারিত 'সমঙ্গ'-নামক একজন গোপাল উপস্থিত হইয়া রাজাকে জানাইল যে, 'তখন রাজার গোসমূহ দ্বৈতবনের নিকট রহিয়াছে' ॥২॥

নরনাথ! তৎপরে কর্ণ ও শকুনি রাজশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্রকে বলিলেন—॥৩॥

"কৌরবরাজ! সম্প্রতি গোপপল্লীগুলি অতিমনোহর স্থানে সন্নিবেশিত হইয়াছে এবং গোসমূহের সংখ্যাপ্রভৃতি স্মরণ করিবার ও বৎসগুলিকে অঙ্কিত করিবার সময়ও উপস্থিত হইয়াছে ॥৪॥

---

(৪)…স্মারণাসময়ঃ প্রাপ্তঃ…পি।

মৃগয়া চোচিতা রাজন্! অস্মিন্ কালে সুতস্য তে।
দুর্য্যোধনস্য গমনং সমনুজ্ঞাতুমর্হসি ॥৫॥

ধৃতরাষ্ট্র উবাচ।

মৃগয়া শোভনা তাত! গবাং হি সমবেক্ষণম্।
বিশ্রম্ভস্তু ন গন্তব্যো বল্লবানামিতি স্মরে ॥৬॥
তে তু তত্র নরব্যাঘ্রাঃ সমীপ ইতি নঃ শ্রুতম্।
অতো নাভ্যনুজানামি গমনং তত্র বঃ স্বয়ম্ ॥৭॥
ছদ্মনা নির্জ্জিতাস্তে তু কর্ষিতাশ্চ মহাবনে।
তপোনিত্যাশ্চ রাধেয়! সমর্থাশ্চ মহারথাঃ ॥৮॥
ধর্ম্মরাজো ন সংক্রুধ্যেদ্ভীমসেনস্ত্বমর্ষণঃ।
যজ্ঞসেনস্য দুহিতা তেজ এব তু কেবলম্ ॥৯॥

ভারতকৌমুদী

মৃগয়েতি। অস্মিন্ কালে, অত্র মৃগাণাং সৌলভ্যাদিতি ভাবঃ ॥৫॥

মৃগয়েতি। গবাং সমবেক্ষণঞ্চ শোভনমিতি শেষঃ। কিন্তু বল্লবানাং গোপানামুপরি বিশ্রম্ভো বিশ্বাসো ন গন্তব্যো ন কর্ত্তব্যঃ, তেষাং পাণ্ডবপ্রেরিতত্বসম্ভবাদিত্যাশয়ঃ ॥৬॥

ত ইতি। তে পাণ্ডবাঃ। স্বয়ং বো যুষ্মাকং গমনং নাভ্যনুজানামি, কিন্তু কর্ম্মচারিণাম্ ॥৭॥

ছদ্মনেতি। কর্ষিতা দুঃখেন। সমর্থাস্তপোবলাদ্বৃষ্ট্যাপি দগ্ধুং শক্তাঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

ধৃতরাষ্ট্রমিতি ॥১—৩॥ স্মারণে স্মরণহেতৌ কর্ম্মণি, গবাং সংখ্যাপূর্ব্বকং বয়োবর্ণজাতিনাম্নাং লেখনে, স্মারণাসময় ইতি গৌড়াঃ পঠন্তি ॥৪—৫॥ বিশ্রম্ভো বিশ্বাসো ন গন্তব্যো ন কর্ত্তব্যঃ, পাণ্ডবৈর্বেদিতাস্তে কদাচিদ্যুষ্মাংস্তৎপুরতো নিগ্রাহেদনিষ্টং স্যাদিতি ভাবঃ ॥৬॥ তদেবাহ—

আর, রাজা! এই সময়ে আপনার পুত্রেরও মৃগয়া করা উচিত; সুতরাং আপনি সেস্থানে দুর্য্যোধনকে যাইবার অনুমতি করুন” ॥৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—“বৎস! মৃগয়াও ভাল, গরুগুলির পর্য্যবেক্ষণ করাও উচিত; কিন্তু গোপগণের উপরে বিশ্বাস করা উচিত নহে; আমি ইহাই চিন্তা করি ॥৬॥

কারণ, আমাদের শুনা আছে যে, তাহার নিকটে নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা রহিয়াছে; অতএব সেখানে তোমাদের নিজেদের যাইবার অনুমতি আমি দিতে পারি না ॥৭॥

কেন না, কর্ণ! সেই মহারথেরা ছলে পরাজিত হইয়াছে, মহাবনে দুঃখ ভোগ করিতেছে এবং সর্ব্বদা তপস্যা করিতেছে; সুতরাং তাহারা তোমাদিগকে পরাভূত করিতে সমর্থ হইবে ॥৮॥

যূয়ঞ্চাপ্যপরাধ্যেয়ুর্দর্পমোহসমন্বিতাঃ।
ততো বিনির্দ্দহেয়ুস্তে তপসা হি সমন্বিতাঃ ॥১০॥
অথবা সায়ুধা বীরা মন্যুনাভিপরিপ্লুতাঃ।
সহিতা বদ্ধনিস্ত্রিংশা দহেয়ুঃ শস্ত্রতেজসা ॥১১॥
অথ যূয়ং বহুত্বাত্তানভিযাত কথঞ্চন।
অনার্য্যং পরমং তৎ স্যাদশক্যং তচ্চ মে মতম্ ॥১২॥
উষিতো হি মহাবাহুরিন্দ্রলোকে ধনঞ্জয়ঃ।
দিব্যান্যস্ত্রাণ্যবাপ্যাথ ততঃ প্রত্যাগতো বনম্ ॥১৩॥
অকৃতাস্ত্রেণ পৃথিবী জিতা বীভৎসুনা পুরা।
কিং পুনঃ স কৃতাস্ত্রোঽদ্য ন হন্যাদ্বো মহারথঃ ॥১৪॥

ভারতকৌমুদী

ধর্মেতি। ন সংক্রুধ্যেৎ সহিষ্ণুত্বাৎ। অমর্ষণঃ কোপনঃ। তেজো বহ্নিরেব ॥৯॥
নম্বপরাধাভাবে কথং তে অপকুর্য্যুরিত্যাহ—যূয়মিতি। তে পাণ্ডবাঃ ॥১০॥
অথবেতি। মন্যুনা ক্রোধেন। সহিতা মিলিতাঃ, বদ্ধনিস্ত্রিংশা ধৃতকৃপাণাঃ ॥১১॥
অথেতি। অভিযাত আক্রমিতুং গচ্ছত। অনার্য্যং নীচলোকোচিতম্ ॥১২॥
অশক্যত্বে কারণমাহ—উষিত ইতি। উষিতঃ স্থিতঃ। অবাপ্য শিক্ষিত্বা ॥১৩॥
অকৃতেতি। অকৃতাস্ত্রেণ অশিক্ষিতদেবাস্ত্রেণাপি, বীভৎসুনা অর্জ্জুনেন ॥১৪॥

তবে, যুধিষ্ঠির ক্রুদ্ধ হইবেন না; কিন্তু ভীমসেন কোপনস্বভাব এবং দ্রৌপদী ত সাক্ষাৎ অগ্নিই ॥৯॥

তা'র পর, তোমরা দর্প ও মোহশালী; সুতরাং অবশ্যই অপরাধ করিবে; তাহাতে তাহারা তোমাদিগকে দগ্ধ করিয়া ফেলিবে। কারণ, তাহারা এখন তপস্বী ॥১০॥

অথবা তাহারা বীর এবং ক্রোধে অধীর হইয়া রহিয়াছে; সুতরাং তাহারা তরবারি ও অন্যান্য অস্ত্র লইয়া সম্মিলিত হইয়া যাইয়া অস্ত্রতেজেও তোমাদিগকে দগ্ধ করিতে পারিবে ॥১১॥

পক্ষান্তরে তোমরা সংখ্যা. বহুতর বলিয়া যদি কোন প্রকারে তাহাদিগকে আক্রমণ করিতে যাও, তবে সেটাও অত্যন্ত নীচলোকের কার্য্য হইবে এবং তাহা পারিবে বলিয়াও আমার মনে হয় না ॥১২॥

কারণ, মহাবাহু অর্জ্জুন ইন্দ্রলোকে থাকিয়া স্বর্গীয় অস্ত্র শিক্ষা করিয়া সে স্থান হইতে বনে ফিরিয়া আসিয়াছে ॥১৩॥

যে অর্জ্জুন পূর্ব্বে দেবাস্ত্র শিক্ষা না করিয়াও পৃথিবী জয় করিয়াছিল, সেই

অথবা মৎবচঃ শ্রুত্বা তত্র যত্তা ভবিষ্যথ।
উদ্বিগ্নবাসা বিস্রব্ধা দুঃখং তত্র গমিষ্যথ ॥১৫॥
অথবা সৈনিকাঃ কেচিদপকুর্য্যুর্যুধিষ্ঠিরম্।
তদবুদ্ধিকৃতং কর্ম্ম দোষমুৎপাদয়েচ্চ বঃ ॥১৬॥
তস্মাদ্‌গচ্ছন্তু পুরুষাঃ স্মারণায়াপ্তকারিণঃ।
ন স্বয়ং তত্র গমনং রোচয়ে তব ভারত! ॥১৭॥

শকুনিরুবাচ।

ধর্ম্মজ্ঞঃ পাণ্ডবো জ্যেষ্ঠঃ প্রতিজ্ঞাতঞ্চ সংসদি।
তেন দ্বাদশ বর্ষাণি বস্তব্যানীতি ভারত! ॥১৮॥

ভারতকৌমুদী

অথবেতি। যত্তা অবিরোধে যত্নবন্তঃ। উদ্বিগ্ন উদ্বেগসহকৃতো বাসো যেষাং তে, বিস্রব্ধাঃ পাণ্ডবেষু বিশ্বস্তা অপি যূয়ং তত্র দুঃখং গমিষ্যথ প্রাপ্স্যথ উদ্বেগাদেব ॥১৫॥

অথবেতি। দোষম্ অপরাধম্, বো যুষ্মাকম্ ॥১৬॥

তস্মাদিতি। পুরুষা রাজপুরুষাঃ, আপ্তকারিণো বিশ্বস্তাঃ ॥১৭॥

ধর্ম্মজ্ঞ ইতি। অপরবনবাসিবৎ হিংসাদিবর্জ্জনেনৈব বস্তব্যানীতি ভাবঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

তে স্থিতি ॥৭—৮॥ তেজোঽগ্নিরেব ॥৯—১২॥ অশক্যত্বমেবাহ—উষিতো হীতি ॥১৩—১৪॥ উদ্বিগ্নবাস ইতি। বনবাসেনোদ্বিগ্নেষু পাণ্ডবেষু বিস্রব্ধাঃ সত্যব্রতা এতে নাস্মান্ বাধিষ্যন্ত ইতি বিশ্বাসান্বিতো ভবতাং বাসঃ স দুঃখং দুঃখদো ভবিষ্যতি। পূর্ব্বাপকৃতে বিশ্বাসো ন কর্ত্তব্য ইত্যর্থঃ ॥১৫॥ পক্ষান্তরমাহ—অথবেতি ॥১৬—১৭॥ ত্বয়মপি দূষয়তি—ধর্ম্মজ্ঞ ইত্যাদিনা

অর্জ্জুনই আজ দেবাস্ত্রেও শিক্ষিত হইয়াছে; সুতরাং সে কি তোমাদিগকে সংহার করিতে পারিবে না? ॥১৪॥

তা'র পর, তোমরা আমার কথা শুনিয়া যদি সেখানে বিরোধ না করার পক্ষে যত্নবান্‌ও থাক এবং পাণ্ডবদের উপরে বিশ্বাসও কর, তথাপি উদ্বেগেই বাস করিবে; সুতরাং দুঃখভোগই করিবে ॥১৫॥

পক্ষান্তরে তোমাদের কোন সৈন্য যদি যুধিষ্ঠিরের কোন অপকার করে, তবে সেই অজ্ঞানকৃত কার্য্যই তোমাদের অপরাধ জন্মাইবে ॥১৬॥

অতএব ভরতনন্দন দুর্য্যোধন! গোসমূহের সংখ্যাপ্রভৃতি করিবার জন্য বিশ্বস্ত কর্ম্মচারীরাই গমন করুক; কিন্তু তোমাদের নিজেদের সেখানে গমন করা আমার অভিপ্রেত নহে" ॥১৭॥

---

(১৫)...উদ্বিগ্নবাসো বিস্রব্ধাদ্দুঃখং তত্র ভবিষ্যথ—বা ব কা পি।

অনুবৃত্তাশ্চ তং সর্ব্বে পাণ্ডবা ধর্ম্মচারিণঃ।
যুধিষ্ঠিরস্তু কৌন্তেয়ো ন নঃ কোপং করিষ্যতি ॥১৯॥
মৃগয়াঞ্চৈব নো গন্তুমিচ্ছা সংবর্ত্ততে ভৃশম্।
স্মারণাস্তু চিকীর্ষামো ন তু পাণ্ডবদর্শনম্ ॥২০॥
ন চানার্য্যসমাচারঃ কশ্চিত্তত্র ভবিষ্যতি।
ন চ তত্র গমিষ্যামো যত্র তেষাং প্রতিশ্রয়ঃ ॥২১॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ শকুনিনা ধৃতরাষ্ট্রো জনেশ্বরঃ।
দুর্য্যোধনং সহামাত্যমনুজজ্ঞে ন কামতঃ ॥২২॥
অনুজ্ঞাতস্তু গান্ধারিঃ কর্ণেন সহিতস্তদা।
নির্যযৌ ভরতশ্রেষ্ঠো বলেন মহতা বৃতঃ ॥২৩॥
দুঃশাসনেন চ তথা সৌবলেন চ ধীমতা।
সংবৃতো ভ্রাতৃভিশ্চান্যৈঃ স্ত্রীভিশ্চাপি সহস্রশঃ ॥২৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অন্বিতি। অনুবৃত্তা অনুসৃতাঃ। নঃ অস্মাকমুপরি ॥১৯॥
মৃগয়ামিতি। নঃ অস্মাকম্। স্মারণাং গবাং সংখ্যাদিম্ ॥২০॥
নেতি। অনার্য্যসমাচারঃ বহুভিরল্পাক্রমণরূপো নীচজনব্যবহারঃ ॥২১॥
এবমিতি। সহামাত্যম্, যেনামাত্যো দুর্ব্যবহারান্নিবারয়েয়ুরিতি ভাবঃ ॥২২॥
অন্বিতি। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারির্দুর্য্যোধনঃ "বাহ্বাদেশ্চ বিধীয়তে" ইতি গান্ধারীশব্দাদিঞ্। সৌবলেন শকুনিনা। সংবৃতো নির্যযাবিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥২৩—২৪॥

শকুনি বলিল—"ভরতনন্দন! যুধিষ্ঠির ধর্ম্মজ্ঞ; বিশেষতঃ তিনি বার বৎসর বনে বাস করিবেন বলিয়া সভার মধ্যে প্রতিজ্ঞা করিয়া গিয়াছেন ॥১৮॥

এবং ধর্ম্মচারী অপর সকল পাণ্ডবও তাঁহার অনুসরণই করিয়া থাকে; কিন্তু কুন্তীনন্দন যুধিষ্ঠির আমাদের উপরে ক্রোধ করিবেন না ॥১৯॥

তা'র পর, আমাদেরও মৃগয়ায় যাইবার জন্যই বিশেষ ইচ্ছা চলিতেছে এবং আমরা গোসমূহের সংখ্যাপ্রভৃতিই করিতে ইচ্ছা করি; কিন্তু পাণ্ডবদের দর্শন নহে ॥২০॥

আর, নীচলোকের কোন ব্যবহারও সেখানে হইবে না এবং যেখানে পাণ্ডবদের বাস রহিয়াছে, সেখানে আমরা যাইবও না" ॥২১॥

বৈশম্পায়ন বলিলেন—শকুনি এইরূপ বলিলে, রাজা ধৃতরাষ্ট্র অনিচ্ছাসত্ত্বেই মন্ত্রিবর্গের সহিত দুর্য্যোধনের গমনে অনুমতি দিলেন ॥২২॥

তং নির্যান্তং মহাবাহুং দ্রষ্টুং দ্বৈতবনং সরঃ।
পৌরাশ্চানুযযুঃ সর্ব্বে সহদারা বনঞ্চ তৎ ॥২৫॥
অষ্টৌ রথসহস্রাণি ত্রীণি নাগাযুতানি চ।
পত্তয়ো বহুসাহস্রা হয়াশ্চ নবতিঃ শতাঃ ॥২৬॥
শকটাপণবেশাশ্চ বণিজো বন্দিনস্তথা।
নরাশ্চ মৃগয়াশীলাঃ শতশোঽথ সহস্রশঃ ॥২৭॥ (বিশেষকম্)
ততঃ প্রয়াণে নৃপতেঃ সুমহানভবৎ স্বনঃ।
প্রাবৃষীব মহাবায়োরুদ্ধতস্য বিশাংপতে ! ॥২৮॥
গব্যূতিমাত্রে ন্যবসদ্রাজা দুর্য্যোধনস্তদা।
প্রয়াতো বাহনৈঃ সর্ব্বৈস্ততো দ্বৈতবনং সরঃ ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং দুর্য্যোধনদ্বৈতবনগমনে দ্ব্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তমিতি। দ্বৈতবনং নাম তৎ সরো বনঞ্চ দ্রষ্টুমিতি সম্বন্ধঃ। দারৈঃ সহেতি সহদারাঃ পৌরাঃ। নাগা হস্তিনঃ, পত্তয়ঃ পদাতয়ঃ, হয়া অশ্বাঃ। শকটানি ভারবাহিনো যানবিশেষাঃ, আপণাঃ ক্রয়বিক্রয়গৃহাণি, বেশা বেশ্যালয়াশ্চ ॥২৫—২৭॥

তত ইতি। প্রাবৃষি বর্ষাকালে, উদ্ধতস্য প্রবলবেগস্য ॥২৮॥

ধৃতরাষ্ট্র অনুমতি করিলে, ভরতশ্রেষ্ঠ দুর্য্যোধন—কর্ণ, দুঃশাসন, অন্যান্য ভ্রাতা ও ধীমান্ শকুনির সহিত মিলিত হইয়া, সহস্র সহস্র স্ত্রীলোক সঙ্গে করিয়া, বিশাল সৈন্য লইয়া রাজধানী হইতে নির্গত হইলেন ॥২৩—২৪॥

মহাবাহু দুর্য্যোধন 'দ্বৈতবন'-নামক সেই বন ও সরোবর দেখিবার জন্য নির্গত হইলে, পুরবাসীরা সকলেও আপন আপন ভার্য্যার সহিত তাঁহার অনুগমন করিল এবং আট হাজার রথ, ত্রিশ হাজার হাতী, নয় হাজার ঘোড়া, বহুসহস্র পদাতি, গাড়ী, দোকান, বেশ্যা, বণিক্, স্তুতিপাঠক এবং শত শত ও সহস্র সহস্র মৃগয়াকারী লোক তাঁহার অনুসরণ করিতে লাগিল ॥২৫—২৭॥

নরনাথ! তাহার পর, রাজার প্রস্থানের সময়ে বর্ষাকালে উদ্ধত মহাবায়ুর শব্দের ন্যায় অতি গুরুতর কোলাহল হইতে থাকিল ॥২৮॥

রাজা দুর্য্যোধন সেই দিন হস্তিনা হইতে দুই ক্রোশমাত্র দূরে যাইয়া

---

* '...পঞ্চত্রিংশদধিকদ্বিশততমঃ ...' পি, '...অষ্টত্রিংশদধিকদ্বিশততমঃ ...' বা ব, '...ঊনচত্বারিংশদধিকদ্বিশততমঃ ...' কা, '... চত্বারিংশদধিকদ্বিশততমঃ ...' নি।

ত্র্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

অথ দুর্য্যোধনো রাজা তত্র তত্র বনে বসন্।
জগাম ঘোষানভিতস্ততশ্চক্রে নিবেশনম্ ॥১॥
রমণীয়ে সমাজ্ঞাতে সোদকে সমহীরুহে।
দেশে সর্ব্বগুণোপেতে চক্রুরাবসথান্ নরাঃ ॥২॥
তথৈব তৎসমীপস্থান্ পৃথগাবসথান্ বহূন্।
কর্ণস্য শকুনেশ্চৈব ভ্রাতৄণাঞ্চৈব সর্ব্বশঃ ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

গব্যূতীতি। গব্যূতিমাত্রে হস্তিনাতঃ ক্রোশদ্বয়মাত্রব্যবহিতে স্থানে প্রথমদিনে ন্যবসৎ ॥২৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং দ্ব্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

অথেতি। ঘোষান্ গোপপল্লীঃ, অভিতঃ সমীপে, "তসোভয়াভিপরিসর্ব্বৈঃ" ইতি দ্বিতীয়া ॥১॥
রমণীয় ইতি। সমাজ্ঞাতে সম্যগবগতে, অন্যথা ভূদোষাদ্যাধিসম্ভাবনেতি ভাবঃ। সোদকে সজলে। আবসথান্ বাসভবনানি। সর্ব্বশঃ সর্ব্বেষাম্ ॥২—৩॥

ভারতভাবদীপঃ

॥১৮—২৬॥ শকটাঃ ভারবাহাস্তনাংসি, আপণাঃ পণ্যানি, বেশো বেশ্যাজনাশ্রয়ঃ ॥২৭—২৮॥
গব্যূতিঃ ক্রোশদ্বয়ম্ ॥২৯॥
ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০২॥

অবস্থান করিলেন, তাহার পর সমস্ত বাহনের সহিত দ্বৈতবনে প্রস্থান করিলেন ॥২৯॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর রাজা দুর্য্যোধন সেই সেই বনে বাস করিয়া গোপালপল্লীর নিকট গমন করিলেন এবং তথায় বাসভবন নির্ম্মাণ করিলেন ॥১॥

আর ভৃত্যেরা তাঁহার বাসভবনেরই নিকটে মনোহর, সম্যক্ পরীক্ষিত, জল ও বৃক্ষসমন্বিত এবং সর্ব্বগুণসম্পন্ন স্থানে কর্ণ, শকুনি ও সকল ভ্রাতার জন্য পৃথক্ পৃথক্ বহুতর বাসভবন নির্ম্মাণ করিল ॥২—৩॥

দদর্শ স তদা গাবঃ শতশোঽথ সহস্রশঃ।
অঙ্কৈর্লক্ষৈশ্চ তাঃ সর্ব্বা লক্ষয়ামাস পার্থিবঃ ॥৪॥
অঙ্কয়ামাস বৎসাংশ্চ জজ্ঞে চোপসৃতাংস্তপি।
বালবৎসাশ্চ যা গাবঃ কালয়ামাস তা অপি ॥৫॥
অথ স স্মারণাং কৃত্বা লক্ষয়িত্বা ত্রিহায়ণান্।
বৃতো গোপালকৈঃ প্রীতো ব্যহরৎ কুরুনন্দনঃ ॥৬॥
স চ পৌরজনঃ সর্ব্বঃ সৈনিকাশ্চ সহস্রশঃ।
যথোপজোষং চিক্রীড়ুর্বনে তস্মিন্ যথামরাঃ ॥৭॥
ততো গোপাঃ প্রগাতারঃ কুশলা নৃত্যবাদনে।
ধার্ত্তরাষ্ট্রমুপাতিষ্ঠন্ কন্যাশ্চৈব স্বলঙ্কৃতাঃ ॥৮॥

ভারতকৌমুদী

দদর্শেতি। গাব ইতি আকারাদেশাভাব আর্ষঃ। অঙ্কৈশ্চিহ্নৈঃ, লক্ষৈঃ সংখ্যাভিঃ ॥৪॥
অঙ্কয়েতি। জজ্ঞে জাতবান্, উপসৃতান্ শিক্ষাযোগ্যান্। কালয়ামাস সংখ্যাতবান্ ॥৫॥
অথেতি। স্মারণাম্ উক্তরূপং সংখ্যাদিকম্। ত্রিহায়ণান্ ত্রিবর্ষবয়স্কান ॥৬॥
স ইতি। যথোপজোষং যথাসুখম্, "তুষ্ণীমর্থে সুখে জোষম্" ইত্যমরঃ ॥৭॥
তত ইতি। প্রগাতারঃ প্রকৃষ্টগানকর্ত্তারঃ। উপাতিষ্ঠন্ অসেবন্ত ॥৮॥

ভারতভাবদীপঃ

অথেতি। চক্রে কৃতবান্ ॥১—৩॥ অঙ্কৈশ্চিহ্নৈঃ, লক্ষৈঃ সংখ্যানৈঃ। "লক্ষা নপুংসি সংখ্যায়াম্" ইতি মেদিনী ॥৪॥ জজ্ঞে জ্ঞাতবান্, উপসৃতান্ দমনার্হান্, বৎসতরান্ সমীপাগতান্ বা কালয়ামাস সংখ্যাতবান্ ॥৫॥ ত্রিহায়ণাংস্ত্রিবর্ষান্ বৃষান্, ব্যহরৎ বিজহার ॥৬॥ যথোপ-

---

তাহার পর রাজা দুর্য্যোধন শত শত ও সহস্র সহস্র গরু দর্শন করিলেন এবং সেই সকলগুলিকে চিহ্নিত করিলেন ও গণনা করিলেন ॥৪॥

বৎসগুলিকেও চিহ্নিত করিলেন, শিক্ষার যোগ্য গরুগুলিকে চিনিয়া লইলেন এবং যে গরুগুলির বৎসসকল শিশু ছিল, সেগুলিরও সংখ্যা করিলেন ॥৫॥

এইভাবে দুর্য্যোধন গোসমূহের সংখ্যাপ্রভৃতি করিয়া এবং ত্রিবর্ষবয়স্ক গোসমূহকে পর্য্যবেক্ষণ করিয়া গোপগণে পরিবেষ্টিত হইয়া আনন্দিতচিত্তে বিচরণ করিতে লাগিলেন ॥৬॥

এবং সেই পুরবাসীরা ও সহস্র সহস্র সৈন্যেরা দেবতার ন্যায় সেই বনে যথাসুখে ক্রীড়া করিতে লাগিল ॥৭॥

তাহার পর নৃত্য, গীত ও বাদ্যে নিপুণ গোপগণ এবং সুন্দর অলঙ্কৃত গোপকন্যাগণ (নৃত্য-গীতাদিদ্বারা) দুর্য্যোধনের সেবা করিতে লাগিল ॥৮॥

স স্ত্রীগণাবৃতো রাজা প্রহৃষ্টঃ প্রদদৌ বসু।
তেভ্যো যথার্হমন্নানি পানানি বিবিধানি চ ॥৯॥
ততস্তে সহিতাঃ সর্ব্বে তরক্ষূন্ মহিষান্ মৃগান্।
গবয়র্ক্ষবরাহাংশ্চ সমন্তাৎ পর্য্যকালয়ন্ ॥১০॥
স তান্ শরৈর্বিনির্ভিদ্য গজাংশ্চ সুবহূন্ বনে।
রমণীয়েষু দেশেষু গ্রাহয়ামাস বৈ মৃগান্ ॥১১॥
গোরসানুপযুঞ্জান উপভোগাংশ্চ ভারত !।
পশ্যন্ স রমণীয়ানি বনান্যুপবনানি চ।
মত্তভ্রমরজুষ্টানি বর্হিণাভিরুতানি চ ॥১২॥
অগচ্ছদানুপূর্ব্ব্যেণ পুণ্যং দ্বৈতবনং সরঃ।
ঋদ্ধ্যা পরময়া যুক্তো মহেন্দ্র ইব বজ্রভৃৎ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। বসু ধনম্। যথার্হং যথাযোগ্যম্ ॥৯॥

তত ইতি। সহিতাঃ সম্মিলিতাঃ। তরক্ষূন্ ব্যাঘ্রবিশেষান্। ঋক্ষা ভল্লুকাঃ ॥১০॥

স ইতি। গ্রাহয়ামাস অনুচরৈর্ধারয়ামাস ॥১১॥

গবিতি। গোরসান্ দুগ্ধানি, উপযুঞ্জানঃ পিবন্, নানাসুখানামুপভোগাংশ্চ কুর্ব্বন্নিতি শেষঃ। বর্হিণাভিরুতানি ময়ূরশব্দিতানি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। আনুপূর্ব্ব্যেণ ক্রমেণ। ঋদ্ধ্যা সম্পদা সম্পদনুরূপাড়ম্বরেণেত্যর্থঃ ॥১২—১৩॥

তখন স্ত্রীগণবেষ্টিত রাজা দুর্য্যোধন আনন্দিত হইয়া তাহাদিগকে যথাযোগ্য ধন, অন্ন ও নানাবিধ পানীয় দান করিলেন ॥৯॥

তদনন্তর তাঁহারা সকলে সম্মিলিত হইয়া সকল দিক্ হইতে ব্যাঘ্র, মহিষ, মৃগ, গবয়, ভল্লুক ও শূকর বধ করিলেন ॥১০॥

দুর্য্যোধনও বাণদ্বারা বনের ভিতরে সেই সকল পশুকে ও বহুতর হস্তীকে বিদীর্ণ করিয়া অনুচরগণদ্বারা মনোহর স্থানে হরিণ ধরাইতে লাগিলেন ॥১১॥

ভরতনন্দন! ইন্দ্রের ন্যায় মহাসমৃদ্ধিসম্পন্ন মহারাজ দুর্য্যোধন গোদুগ্ধপান ও নানাবিধ উপভোগ করিতে থাকিয়া, মত্ত-ভ্রমর-সেবিত ও ময়ূরশব্দিত মনোহর বন ও উপবন সকল দর্শন করতঃ, ক্রমে পবিত্র দ্বৈতবনে গমন করিলেন ॥১২—১৩॥

---

(১৩) শ্লোকস্য পূর্ব্বার্দ্ধাৎ পরম্—'মত্তভ্রমরসংজুষ্টং নীলকণ্ঠরবাহুলম্। সপ্তচ্ছদসমাকীর্ণং পুন্নাগবকুলৈর্বৃতম্ ॥' ইতি পাদচতুষ্টয়ং বা ব কা নি।

যদৃচ্ছয়া চ তত্রস্থো ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
ঈজে রাজর্ষিযজ্ঞেন সাদ্যস্কেন বিশাংপতে!।
দিব্যেন বিধিনা চৈব বন্যেন কুরুসত্তম!॥১৪॥
কৃত্বা নিবেশমভিতঃ সরসস্তস্য কৌরব!।
দ্রৌপদ্যা সহিতো ধীমান্ ধর্ম্মপত্ন্যা নরাধিপঃ॥১৫॥ (যুগ্মকম্)
ততো দুর্য্যোধনঃ প্রেষ্যানাদিদেশ সহস্রশঃ।
আক্রীড়াবসথাঃ ক্ষিপ্রং ক্রিয়ন্তামিতি ভারত।॥১৬॥
তে তথেত্যেব কৌরব্যমুক্ত্বা বচনকারিণঃ।
চিকীর্ষন্তস্তদাক্রীড়ান্ জগ্মুর্দ্বৈতবনং সরঃ॥১৭॥
প্রবিশন্তং বনদ্বারং গন্ধর্ব্বাঃ সমবারয়ন্।
সেনাগ্রং ধার্ত্তরাষ্ট্রস্য প্রাপ্তং দ্বৈতবনং সরঃ॥১৮॥
তত্র গন্ধর্ব্বরাজো বৈ পূর্ব্বমেব বিশাংপতে!।
কুবেরভবনাদ্রাজন্। আজগাম গণাবৃতঃ॥১৯॥

ভারতকৌমুদী

যদৃচ্ছয়েতি। যদৃচ্ছয়া বিশেষোদ্দেশাভাবেন। সাদ্যস্কেন তদাখ্যেন। বন্যেন ফলাদিনা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। নিবেশং ভবনম্, অভিতঃ সমীপে, তস্য দ্বৈতবনাখ্যস্য॥১৪—১৫॥

তত ইতি। প্রেষ্যান্ ভৃত্যান্। আক্রীড়াবসথাঃ ক্রীড়াগৃহাণি॥১৬॥

ত ইতি। কৌরব্যং দুর্য্যোধনম্। চিকীর্ষন্তঃ কর্ত্তুমিচ্ছন্তঃ, আক্রীড়ান্ ক্রীড়াগৃহান্॥১৭॥

প্রেতি। সেনায়া অগ্রং সম্মুখভাগম্। প্রাপ্তমাগতম্॥১৮॥

কুরুশ্রেষ্ঠ নরনাথ। এদিকে ধর্ম্মপুত্র ও জ্ঞানী রাজা যুধিষ্ঠির সেখানে থাকিয়া সেই দ্বৈতবননামক সরোবরের নিকটে গৃহ নির্ম্মাণ করিয়া, ধর্ম্মপত্নী দ্রৌপদীর সহিত মিলিত হইয়া, নিষ্কামভাবে উত্তম বিধানে বন্য ফলমূলাদিদ্বারা তখন 'সাদ্যস্ক'-নামক রাজর্ষিযজ্ঞ করিতেছিলেন॥১৪—১৫॥

ভরতনন্দন! তদনন্তর দুর্য্যোধন সহস্র সহস্র ভৃত্যকে আদেশ করিলেন যে, "তোমরা সত্বর বহুতর ক্রীড়াগৃহ নির্ম্মাণ কর"॥১৬॥

'তাহাই হউক' এই কথা দুর্য্যোধনকে বলিয়া সেই আজ্ঞাবাহী ভৃত্যেরা সেই ক্রীড়াগৃহ নির্ম্মাণ করিবার ইচ্ছায় দ্বৈতবনে গমন করিতে লাগিল॥১৭॥

দুর্য্যোধনসৈন্যের সম্মুখভাগ দ্বৈতবনের নিকটে যাইয়া বনদ্বারে প্রবেশ করিবামাত্র গন্ধর্ব্বেরা তাহাদিগকে বারণ করিল॥১৮॥

(১৪)…সাদ্যকেন বিশাংপতে।—পি। (১৮)…বনদ্বারি…সেনাগ্রাম্—কা নি।

গণৈরপ্সরসাঞ্চৈব ত্রিদশানাং তথাত্মজৈঃ।
বিহারশীলঃ ক্রীড়ার্থং তেন তৎ সংবৃতং সরঃ ॥২০॥ (যুগ্মকম্)
তেন তৎ সংবৃতং দৃষ্ট্বা তে রাজপরিচারকাঃ।
প্রতিজগ্মুস্ততো রাজন্! যত্র দুর্য্যোধনো নৃপঃ ॥২১॥
স তু তেষাং বচঃ শ্রুত্বা সৈনিকান্ যুদ্ধদুর্ম্মদান্।
প্রেষয়ামাস কৌরব্য! উৎসারয়ত তানিতি ॥২২॥
তস্য তদ্বচনং শ্রুত্বা রাজ্ঞঃ সেনাগ্রযায়িনঃ।
সরো দ্বৈতবনং গত্বা গন্ধর্ব্বানিদমব্রুবন্ ॥২৩॥
রাজা দুর্য্যোধনো নাম ধৃতরাষ্ট্রসুতো বলী।
বিজিহীর্ষুরিহায়াতি তদর্থমপসর্পত ॥২৪॥

ভারতকৌমুদী

অথ তত্র গন্ধর্ব্বাঃ কুত ইত্যাহ—তত্রেতি। গণৈরপ্সরসমূহৈরাবৃতঃ। তেন গণেন ॥১৯—২০॥

তেনেতি। তেন গন্ধর্ব্বগণেন, তৎ সরঃ, সংবৃতং পরিবেষ্টিতম্ ॥২১॥

স ইতি। উৎসারয়ত দ্বৈতবনাদপসারয়ত, তান্ গন্ধর্ব্বান্ ॥২২॥

তস্যেতি। সেনাগ্রযায়িনঃ প্রধানসৈনিকাঃ ॥২৩॥

রাজেতি। বিজিহীর্ষুর্বিহর্ত্তুমিচ্ছুঃ। অপসর্পত ইতো গচ্ছত ॥২৪॥

নরনাথ রাজা! বিহারশীল গন্ধর্ব্বরাজ চিত্রসেন আপন সৈন্যগণ, অপ্সরোগণ ও দেবপুত্রগণে পরিবেষ্টিত হইয়া ক্রীড়া করিবার জন্য পূর্ব্বেই কুবেরভবন হইতে সেখানে আসিয়াছিলেন; তাঁহাদের দ্বারাই সেই সরোবর পরিবেষ্টিত ছিল ॥১৯—২০॥

রাজা! তাহার পর দুর্য্যোধনের অনুচরেরা সেই সরোবরটাকে গন্ধর্ব্বগণে পরিবেষ্টিত দেখিয়া যেখানে দুর্য্যোধন ছিলেন, সেইখানে ফিরিয়া গেল ॥২১॥

দুর্য্যোধন তাহাদের কথা শুনিয়া যুদ্ধদুর্দ্ধর্ষ কতকগুলি সৈন্যকে পাঠাইয়া দিলেন এবং তাহাদিগকে বলিয়া দিলেন যে, "তোমরা যাইয়া গন্ধর্ব্বগণকে সরাইয়া দাও" ॥২২॥

দুর্য্যোধনের সেই কথা শুনিয়া তাঁহার সেনার অগ্রগামী সৈন্যেরা দ্বৈতবনে যাইয়া গন্ধর্ব্বগণকে এই কথা বলিল—॥২৩॥

"ধৃতরাষ্ট্রের পুত্র বলবান্ 'দুর্য্যোধন'-নামক রাজা বিহার করিবার ইচ্ছায় এখানে আসিতেছেন; সেইজন্য তোমরা এখান হইতে সরিয়া যাও" ॥২৪॥

---

(২৪)...তদর্থমুপসর্পত—বা ব কা।

এবমুক্তাস্তু গন্ধর্ব্বাঃ প্রহসন্তো বিশাংপতে ! ।
প্রত্যব্রুবংস্তান্ পুরুষানিদং হি পরুষং বচঃ ॥২৫॥
ন চেতয়তি বো রাজা মন্দবুদ্ধিঃ সুযোধনঃ ।
যোঽস্মানাজ্ঞাপয়ত্যেবং বশ্যানিব দিবৌকসঃ ॥২৬॥
যূয়ং মুমূর্ষবশ্চাপি মন্দপ্রজ্ঞা ন সংশয়ঃ ।
যে তস্য বচনাদেবমস্মান্ ব্রূত বিচেতসঃ ॥২৭॥
গচ্ছধ্বং ত্বরিতাঃ সর্ব্বে যত্র রাজা স কৌরবঃ ।
ন চেদদ্যৈব গচ্ছধ্বং ধর্ম্মরাজনিবেশনম্ ॥২৮॥
এবমুক্তাস্তু গন্ধর্ব্বৈ রাজ্ঞঃ সেনাগ্রযায়িনঃ ।
সংপ্রাদ্রবন্ যতো রাজা ধৃতরাষ্ট্রসুতোঽভবৎ ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং গন্ধর্ব্বদুর্য্যোধনসেনাসংবাদে ত্র্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভাবতকৌমুদী

এবমিতি। তান্ দুর্য্যোধনপক্ষগতান। পরুষং নিষ্ঠুরম্ ॥২৫॥
নেতি। চেতয়তি স্বশক্তিং বুধ্যতে, বো যুষ্মাকম্। দিবৌকসো গন্ধর্ব্বান্ ॥২৬॥
যূয়মিতি। মন্দপ্রজ্ঞা অল্পবুদ্ধয়ঃ। বিচেতসো বিকৃতচিত্তাঃ ॥২৭॥
গচ্ছধ্বমিতি। ধর্ম্মরাজনিবেশনং যমভবনম্ ॥২৮॥

নরনাথ! সৈন্যেরাঃ এইরূপ বলিলে, গন্ধর্ব্বেরা হাস্য করিয়া সেই লোকগুলিকে এই নিষ্ঠুর কথা বলিল—॥২৫॥

“ওহে! আমরা স্বর্গবাসী গন্ধর্ব্ব, সুতরাং তোমাদের রাজা অল্পবুদ্ধি দুর্য্যোধন বুঝিতে পারিতেছেন না, যিনি বশীভূত লোকের ন্যায় আমাদিগকে এইরূপ আদেশ করিতেছেন ॥২৬॥

আর, তোমরাও অল্পবুদ্ধি এবং মুমূর্ষু; এ বিষয়ে কোন সন্দেহ নাই। যে তোমরা বিকৃতচিত্ত হইয়া তাঁহারি আদেশ অনুসারে আমাদিগকে এইরূপ বলিতেছ ॥২৭॥

যেখানে সেই কুরুরাজ রহিয়াছেন, তোমরা সকলে সত্বর সেইখানে চলিয়া যাও; না হইলে আজই তোমরা যমালয়ে যাইবে” ॥২৮॥

গন্ধর্ব্বেরা এইরূপ বলিলে, দুর্য্যোধনের সৈন্যেরা—যেখানে দুর্য্যোধন ছিলেন, সেইখানে সত্বর চলিয়া গেল ॥২৯॥

* ‘...ষট্‌ত্রিংশদধিকদ্বিশততমঃ...’—পি, ‘...একোনচত্বারিংশদধিকদ্বিশততমঃ...’—বা ব, ‘...চত্বারিংশদধিকদ্বিশততমঃ...’—কা, ‘...একচত্বারিংশদধিকদ্বিশততমঃ...’—নি।

চতুরধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততস্তে সহিতাঃ সর্ব্বে দুর্য্যোধনমুপাগমন্।
অব্রুবংশ্চ মহারাজ! যদূচুঃ কৌরবং প্রতি ॥১॥
গন্ধর্ব্বৈর্বারিতে সৈন্যে ধার্ত্তরাষ্ট্রঃ প্রতাপবান্।
অমর্ষপূর্ণঃ সৈন্যানি প্রত্যভাষত ভারত! ॥২॥
শাসতৈতানধর্ম্মজ্ঞান্ মম বিপ্রিয়কারিণঃ।
যদি প্রক্রীড়তে সর্ব্বৈর্দেবৈঃ সহ শতক্রতুঃ ॥৩॥

ভারতকৌমুদী

এবমিতি। সংপ্রাদ্রবন্ দ্রুতমগচ্ছন্। অভবৎ অতিষ্ঠৎ ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং ত্র্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। সহিতাঃ সম্মিলিতাঃ। কৌরবং দুর্য্যোধনং প্রতি। গন্ধর্ব্বা যদূচুঃ ॥১॥
গন্ধর্ব্বৈরিতি। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ। অমর্ষপূর্ণঃ অতীবক্রুদ্ধঃ ॥২॥
শাসতেতি। শাসত শিষ্ট। প্রক্রীড়তে বিহরতি ॥৩॥

ভারতভাবদীপঃ

জোষং যথারুচি ॥৭—১৩॥ সাত্ত্বস্কেন একাহসাধ্যেন ॥১৪—১৯॥ আত্মজৈর্জয়ন্তাদিভিঃ সহেতি শেষঃ ॥২২—২৩॥ বিজিগীষুর্বিহর্ত্তুমিচ্ছুঃ, উপসর্পত তৎসমীপং গচ্ছত ॥২৪—২৯॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৩॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! তাহার পর সেই সৈন্যেরা সকলে সম্মিলিত হইয়া দুর্য্যোধনের নিকট উপস্থিত হইল এবং গন্ধর্ব্বেরা তাঁহার প্রতি যাহা বলিয়াছিল, তাহা বলিল ॥১॥

ভরতনন্দন! গন্ধর্ব্বেরা আপন সৈন্যগণকে বারণ করিলে, প্রতাপশালী দুর্য্যোধন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সৈন্যগণকে বলিলেন—॥২॥

"সমস্ত দেবতার সহিত মিলিত হইয়া স্বয়ং ইন্দ্রও যদি বিহার করিতে থাকেন, তথাপি তোমরা অধর্ম্মজ্ঞ ও আমার অপ্রিয়কারী এই গন্ধর্ব্বদিগকে শাসন কর" ॥৩॥

---

(৩)…যদি প্রক্রীড়িতঃ সর্ব্বৈঃ—পি।

দুর্য্যোধনবচঃ শ্রুত্বা ধার্ত্তরাষ্ট্রা মহাবলাঃ।
সর্ব্ব এবাভিসন্নদ্ধা যোধাশ্চাপি সহস্রশঃ ॥৪॥
ততঃ প্রমথ্য সর্ব্বাংস্তাংস্তদ্বনং বিবিশুর্বলাৎ।
সিংহনাদেন মহতা পূরয়ন্তো দিশো-দশ ॥৫॥
ততোঽপরৈরবার্য্যন্ত গন্ধর্ব্বৈঃ কুরুসৈনিকাঃ।
তে বার্য্যমাণা গন্ধর্ব্বৈঃ সাম্নৈব বসুধাধিপ!।
তাননাদৃত্য গন্ধর্ব্বাংস্তদ্বনং বিবিশুর্মহৎ ॥৬॥
যদা বাচা ন তিষ্ঠন্তি ধার্ত্তরাষ্ট্রাঃ সরাজকাঃ।
ততস্তে খেচরাঃ সর্ব্বে চিত্রসেনে ন্যবেদয়ন্ ॥৭॥
গন্ধর্ব্বরাজস্তান্ সর্ব্বানব্রবীৎ কৌরবান্ প্রতি।
অনার্য্যান্ শাসতেত্যেতাংশ্চিত্রসেনোঽত্যমর্ষণঃ ॥৮॥
অনুজ্ঞাতাশ্চ গন্ধর্ব্বাশ্চিত্রসেনেন ভারত!।
প্রগৃহীতায়ুধাঃ সর্ব্বে ধার্ত্তরাষ্ট্রানুপাদ্রবন্ ॥৯॥

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। অভিসন্নদ্ধা সর্ব্বতোভাবেন যুদ্ধসজ্জিতা অভবন্ ॥৪॥
তত ইতি। প্রমথ্য পরাভূয়, সর্ব্বান্ গন্ধর্ব্বান্ ॥৫॥
তত ইতি। সাম্নৈব সান্ত্ববাদেনৈব বার্য্যমাণাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥
যদেতি। ন তিষ্ঠন্তি ন নিবর্ত্তন্তে। রাজ্ঞা দুর্য্যোধনেন সহেতি সরাজকাঃ। ততস্তদা ॥৭॥
গন্ধর্ব্বেতি। কৌরবান্ প্রতি অত্যমর্ষণঃ। ইত্যব্রবীদিতি সম্বন্ধঃ ॥৮॥

দুর্য্যোধনের কথা শুনিয়া মহাবল ধৃতরাষ্ট্রপুত্রগণ ও সহস্র সহস্র যোদ্ধা যুদ্ধের জন্য সর্ব্বপ্রকারে সজ্জিত হইল ॥৪॥

তাহার পর তাহারা বিশাল সিংহনাদে দশ দিক্ পরিপূর্ণ করিতে থাকিয়া সেই সমস্ত গন্ধর্ব্বকে পরাভূত করিয়া বলপূর্ব্বক বনে প্রবেশ করিল ॥৫॥

রাজা! তদনন্তর অপর গন্ধর্ব্বেরা কুরুসৈন্যদিগকে বারণ করিল; সে গন্ধর্ব্বেরা কিন্তু সান্ত্ববাক্যেই বারণ করিতেছিল; তথাপি কুরুসৈন্যেরা সেই গন্ধর্ব্বদিগকে অগ্রাহ্য করিয়া সেই মহাবনে প্রবেশ করিল ॥৬॥

দুর্য্যোধন ও অন্যান্য ধৃতরাষ্ট্রপুত্রগণ যখন গন্ধর্ব্বগণের নিষেধবাক্যে নিবৃত্তি পাইলেন না, তখন সেই গন্ধর্ব্বেরা সকলে যাইয়া তাহাদের রাজা চিত্রসেনকে সে বিষয় জানাইল ॥৭॥

তখন গন্ধর্ব্বরাজ চিত্রসেন কৌরবগণের প্রতি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সেই সকল গন্ধর্ব্বকে বলিলেন—"তোমরা এই অসভ্যগুলিকে শাসন কর" ॥৮॥

(৯,…ধার্ত্তরাষ্ট্রানভিদ্রবন—বা ব নি পি।

তান্ দৃষ্ট্বাপততঃ শীঘ্রান্ গন্ধর্ব্বানুদ্যতায়ুধান্।
প্রাদ্রবংস্তে দিশঃ সর্ব্বে ধার্ত্তরাষ্ট্রস্য পশ্যতঃ ॥১০॥
তান্ দৃষ্ট্বা দ্রবতঃ সর্ব্বান্ ধার্ত্তরাষ্ট্রান্ পরাঙ্মুখান্।
রাধেয়স্তু তদা বীরো নাসীত্তত্র পরাঙ্মুখঃ ॥১১॥
আপতন্তীন্তু সংপ্রেক্ষ্য গন্ধর্ব্বাণাং মহাচমূম্।
মহতা শরবর্ষেণ রাধেয়ঃ প্রত্যবারয়ৎ ॥১২॥
ক্ষুরৈঃপ্রৈর্বিশিখৈর্ভল্লৈর্বৎসদন্তৈস্তথায়সৈঃ।
গন্ধর্ব্বান্ শতশোঽভিঘ্নন্ লঘুত্বাৎ সূতনন্দনঃ ॥১৩॥ (যুগ্মকম্)
পাতয়ন্নুত্তমাঙ্গানি গন্ধর্ব্বাণাং মহারথঃ।
ক্ষণেন ব্যধমৎ সর্ব্বাং চিত্রসেনস্য বাহিনীম্ ॥১৪॥
তে বধ্যমানা গন্ধর্ব্বাঃ সূতপুত্রেণ ধীমতা।
ভূয় এবাভ্যবর্ত্তন্ত শতশোঽথ সহস্রশঃ ॥১৫॥

ভারতকৌমুদী

অস্থিতি। উপ লক্ষ্যীকৃত্য, অদ্রবন্ অধাবন্ ॥৯॥
তানিতি। পশ্যতো ধার্ত্তরাষ্ট্রস্য পশ্যন্ত, দুর্য্যোধনমনাদৃত্যেত্যর্থঃ ॥১০॥
তানিতি। দ্রবতঃ পলায়মানান্। রাধেয়ঃ কর্ণঃ, নাসীৎ নাভবৎ ॥১১॥
আপতন্তীমিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্। আয়সৈর্লৌহময়ৈঃ। লঘুত্বাল্লঘুহস্তত্বাৎ ॥১২—১৩॥
পাতয়ন্নিতি। উত্তমাঙ্গানি শিরাংসি। মহারথঃ কর্ণঃ। ব্যধমৎ ব্যদালয়ৎ ॥১৪॥
ত ইতি। ভূয়ঃ পুনরেব, অভ্যবর্ত্তন্ত অভিমুখমাগচ্ছন্ ॥১৫॥

ভরতনন্দন! চিত্রসেনের আদেশ পাইয়া গন্ধর্ব্বেরা সকলে অস্ত্র ধারণ করিয়া ধৃতরাষ্ট্রপুত্রগণের প্রতি ধাবিত হইল ॥৯॥

অস্ত্র উত্তোলনপূর্ব্বক গন্ধর্ব্বগণকে সত্বর আসিতে দেখিয়া কুরুসৈন্যেরা সকলে দুর্য্যোধনের সমক্ষে সকল দিকে পলায়ন করিতে লাগিল ॥১০॥

তখন ধৃতরাষ্ট্রের সমস্ত পুত্রকে পরাঙ্মুখ হইয়া পলায়ন করিতে দেখিয়াও মহাবীর কর্ণ যুদ্ধে পরাঙ্মুখ হইলেন না ॥১১॥

লঘুহস্ত সূতনন্দন কর্ণ গন্ধর্ব্বগণের বিশাল বাহিনীকে আসিতে দেখিয়া গুরুতর বাণবর্ষণ এবং লৌহময় ক্ষুরপ্র, শর, ভল্ল ও বৎসদন্ত বর্ষণ করিয়া শত শত গন্ধর্ব্বকে আহত করিতে থাকিয়া সে বাহিনীকে বারণ করিলেন ॥১২—১৩॥

মহারথ কর্ণ ক্রমে গন্ধর্ব্বগণের মস্তকচ্ছেদন করিতে থাকিয়া ক্ষণকালমধ্যেই চিত্রসেনের সমস্ত সৈন্যকে বিদলিত করিলেন ॥১৪॥

গন্ধর্ব্বভূতা পৃথিবী ক্ষণেন সমপদ্যত।
আপতদ্ভির্মহাবেগৈশ্চিত্রসেনস্য সৈনিকৈঃ ॥১৬॥
অথ দুর্য্যোধনো রাজা শকুনিশ্চাপি সৌবলঃ।
দুঃশাসনো বিকর্ণশ্চ যে চান্যে ধৃতরাষ্ট্রজাঃ ॥১৭॥
ন্যহনংস্তদা সৈন্যং রথৈর্গরুড়নিস্বনৈঃ।
ভূয়শ্চ যোধয়ামাসুঃ কৃত্বা কর্ণমথাগ্রতঃ ॥১৮॥ (যুগ্মকম্)
মহতা রথসংঘেন রথচারেণ চাপ্যুত।
বৈকর্ত্তনং পরীপ্সন্তো গন্ধর্ব্বান্ সমবাকিরন্ ॥১৯॥
ততঃ সংন্যপতন্ সর্ব্বে গন্ধর্ব্বাঃ কৌরবৈঃ সহ।
তদা সুতুমুলং যুদ্ধমভবল্লোমহর্ষণম্ ॥২০॥
ততস্তে মৃদবোঽভুবন্ গন্ধর্ব্বাঃ শরপীড়িতাঃ।
উচ্চুক্রুশুশ্চ কৌরব্যা গন্ধর্ব্বান্ প্রেক্ষ্য পীড়িতান্ ॥২১॥

ভারতকৌমুদী

গন্ধর্ব্বেতি। গন্ধর্ব্বভূতা গন্ধর্ব্বময়ী। সমপদ্যত সমজায়ত ॥১৬॥
অথেতি। সৌবলঃ সুবলপুত্রঃ। যোধয়ামাসুঃ গন্ধর্ব্বান্ প্রহৃতবন্তঃ ॥১৭—১৮॥
মহতেতি। রথানাং চারেণ ঘূর্ণনেন। বৈকর্ত্তনং কর্ণম্, পরীপ্সন্তঃ পরিবেষ্টমানাঃ ॥১৯॥
তত ইতি। সংন্যপতন্ সম্মিলিতা অভবন্। সুতুমুলম্ অতীবসঙ্কুলম্ ॥২০॥
তত ইতি। মৃদবঃ কোমলা দুর্ব্বলা ইত্যর্থঃ। উচ্চুক্রুশুঃ আনন্দকোলাহলং চক্রুঃ ॥২১॥

বুদ্ধিমান্ কর্ণ বধ করিতে থাকিলেও শত শত ও সহস্র সহস্র গন্ধর্ব্ব পুনরায় তাঁহার অভিমুখে ধাবিত হইতে লাগিল ॥১৫॥

চিত্রসেনের সৈন্যেরা মহাবেগে আসিতে লাগিলে, ক্ষণকালমধ্যেই পৃথিবী গন্ধর্ব্বময়ী হইয়া পড়িল ॥১৬॥

তাহার পর রাজা দুর্য্যোধন, সুবলপুত্র শকুনি, দুঃশাসন, বিকর্ণ এবং অন্য যে সকল ধৃতরাষ্ট্রপুত্র ছিলেন, তাঁহারা—গরুড়তুল্য গম্ভীর শব্দকারী রথে আরোহণ করিয়া সেই গন্ধর্ব্বসৈন্য সংহার করিতে লাগিলেন এবং কর্ণকে সম্মুখে রাখিয়া অনবরত প্রহার করিতে থাকিলেন ॥১৭—১৮॥

এবং তাঁহারা বিশাল রথসমূহে আরোহণ করিয়া সেগুলিকে ভ্রমণ করাইতে থাকিয়া কর্ণকে পরিবেষ্টনপূর্ব্বক গন্ধর্ব্বগণের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥১৯॥

তাহার পর সমস্ত গন্ধর্ব্ব আসিয়া কৌরবগণের সহিত মিলিত হইল; তখন রোমাঞ্চজনক অতিতুমুল যুদ্ধ হইতে লাগিল ॥২০॥

গন্ধর্ব্বাংস্ত্রাসিতান্ দৃষ্ট্বা চিত্রসেনো হ্যমর্ষণঃ।
উৎপপাতাসনাৎ ক্রুদ্ধো বধে তেষাং সমাহিতঃ ॥২২॥
ততো মায়াস্ত্রমাস্থায় যুযুধে চিত্রমার্গবিৎ।
তয়াঽমুহ্যন্ত কৌরব্যাশ্চিত্রসেনস্য মায়য়া ॥২৩॥
একৈকো হি তদা যোধো ধার্ত্তরাষ্ট্রস্য ভারত!।
পর্য্যবর্ত্তত গন্ধর্ব্বৈর্দশভির্দশভিঃ সহ ॥২৪॥
ততঃ সম্পীড্যমানাস্তে বলেন মহতা তদা।
প্রাদ্রবন্ত রণে ভীতা যে চ রাজন্! জিজীষবঃ ॥২৫॥
ভজ্যমানেষ্বনীকেষু ধার্ত্তরাষ্ট্রেষু সর্ব্বশঃ।
কর্ণো বৈকর্ত্তনো রাজংস্তস্থৌ গিরিরিবাচলঃ ॥২৬॥

ভারতকৌমুদী

গন্ধর্ব্বানিতি। অমর্ষণঃ অসহিষ্ণুঃ। সমাহিতঃ কৃতমনোযোগঃ ॥২২॥
তত ইতি। মায়ৈবাস্ত্রং মায়াস্ত্রম্। চিত্রমার্গবিৎ বিচিত্ররণকৌশলজ্ঞঃ ॥২৩॥
একৈক ইতি। যোধো যোদ্ধা। পর্য্যবর্ত্তত যুদ্ধে প্রাবর্ত্তত ॥২৪॥
তত ইতি। বলেন গন্ধর্ব্বসৈন্যেন। জিজীষবো জেতুমিচ্ছবঃ। গীরূপাভাব আর্ষঃ ॥২৫॥
ভজ্যেতি। ভজ্যমানেষু পরাজীয়মানেষু, অনীকেষু সৈন্যেষু। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ ॥২৬॥

তদনন্তর সেই গন্ধর্ব্বেরা বাণপীড়িত হইয়া দুর্ব্বল হইয়া পড়িল। তখন গন্ধর্ব্বগণকে পীড়িত দেখিয়া কৌরবগণ আনন্দকোলাহল করিয়া উঠিলেন ॥২১॥

এদিকে অসহিষ্ণু চিত্রসেন, গন্ধর্ব্বগণকে ভীত দেখিয়া ক্রুদ্ধ ও কৌরবসৈন্যবধে মনোযোগী হইয়া আসন হইতে গাত্রোত্থান করিলেন ॥২২॥

তাহার পর বিচিত্র-রণ-কৌশলাভিজ্ঞ চিত্রসেন মায়া অবলম্বন করিয়া যুদ্ধ আরম্ভ করিলেন এবং তাঁহার সেই মায়ায় কৌরবগণ মোহিত হইয়া পড়িলেন ॥২৩॥

ভরতনন্দন! তখন দুর্য্যোধনের এক এক জন যোদ্ধা দশ দশ জন গন্ধর্ব্বের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইল ॥২৪॥

রাজা! পূর্ব্বে যে সকল কৌরবসৈন্য গন্ধর্ব্বদিগকে জয় করিবার ইচ্ছা করিয়াছিল, তাহারা তখন বিশাল গন্ধর্ব্বসৈন্যকর্ত্তৃক যুদ্ধে পীড়িত ও ভীত হইয়া পলায়ন করিতে লাগিল ॥২৫॥

রাজা! দুর্য্যোধনের সমস্ত সৈন্য পরাজিত হইলেও সূর্য্যপুত্র কর্ণ পর্ব্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥২৬॥

---

(২৪) একৈকস্তত্র যোধঃ—বা ব কা। (২৫)…ভীতা যত্র রাজা যুধিষ্ঠিরঃ—নি পি।

দুর্য্যোধনশ্চ কর্ণশ্চ শকুনিশ্চাপি সৌবলঃ।
গন্ধর্ব্বান্ যোধয়ামাসুঃ সমরে ভৃশবিক্ষতাঃ ॥২৭॥
সর্ব্ব এব তু গন্ধর্ব্বাঃ শতশোঽথ সহস্রশঃ,।
জিঘাংসমানাঃ সহিতাঃ কর্ণমভ্যদ্রবন্ রণে ॥২৮॥
অসিভিঃ পট্টিশৈঃ শূলৈর্গদাভিশ্চ মহাবলাঃ।
সূতপুত্রং জিঘাংসন্তঃ সমন্তাৎ পর্য্যবাকিরন্ ॥২৯॥
অন্যেঽস্য যুগমচ্ছিন্দন্ ধ্বজমন্যে ন্যপাতয়ন্।
ঈশামন্যে হয়ানন্যে সূতমন্যে ন্যপাতয়ন্ ॥৩০॥
অন্যে ছত্রং বরূথঞ্চ বন্ধুরঞ্চ তথাঽপরে।
গন্ধর্ব্বা বহুসাহস্রাস্তিলশো ব্যধমন্ রথম্ ॥৩১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। যোধয়ামাসুঃ প্রজহ্রুঃ। ভৃশবিক্ষতা অপি ॥২৭॥

সর্ব্ব ইতি। জিঘাংসমানা হন্তুমিচ্ছন্তঃ, সহিতাঃ সম্মিলিতাঃ ॥২৮॥

অসিভিরিতি। মহাবলা গন্ধর্ব্বাঃ। পর্য্যবাকিরন্ বিক্ষেপেণ ব্যাপ্তবন্তঃ ॥২৯॥

অন্য ইতি। যুগং রথদারুবিশেষম্। ঈশাং দীর্ঘদণ্ডম্। বরূথং রথাবরণম্, বন্ধুরং রথস্য সন্ধিসমূহম্। ব্যধমন্ ব্যনাশয়ন্ ॥৩০—৩১॥

ভারতভাবদীপঃ

ততস্তে সহিতা ইতি ॥১—২৩॥ একৈকস্য যোধাঃ একৈকং যোধা, পর্য্যবর্ত্তন্ত পরীতবন্তঃ ॥২৪॥ জিজীষবঃ অত্রার্ষো লোপো ব্যোবলীতি লোপঃ জিজীবিষবঃ ॥২৫॥ রাজন্! হে জনমেজয়! ॥২৬—৩০॥ বরূথং রথগুপ্তিম্, বন্ধুরং রথবন্ধনানি ॥৩১—৩২॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুরধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৪॥

এবং দুর্য্যোধন, কর্ণ ও সুবলপুত্র শকুনি যুদ্ধে অত্যন্ত ক্ষত-বিক্ষত হইয়াও গন্ধর্ব্বগণকে প্রহার করিতে লাগিলেন ॥২৭॥

তাহার পর শত শত ও সহস্র সহস্র গন্ধর্ব্ব সম্মিলিত হইয়া কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়া যুদ্ধে তাঁহার প্রতি ধাবিত হইল ॥২৮॥

ক্রমে মহাবল গন্ধর্ব্বেরা কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়া সকল দিক্ হইতে অসি, পট্টিশ, শূল ও গদা নিক্ষেপপূর্ব্বক তাঁহাকে আবৃত করিল ॥২৯॥

কোন কোন গন্ধর্ব্ব কর্ণরথের যুগকাষ্ঠ ছেদন করিল, কেহ কেহ ধ্বজ নিপাতিত করিল, অন্য গন্ধর্ব্বেরা দণ্ড, অপরেরা অশ্বগুলিকে এবং আর একদল সারথিকে ছেদন করিল; ক্রমে অন্য দল ছত্র ও আবরণ এবং অপর গন্ধর্ব্বগণ রথের সন্ধিস্থান-গুলিকে ছেদন করিল। এইভাবে বহুসংখ্যক গন্ধর্ব্ব কর্ণের রথখানাকে তিল তিল করিয়া নষ্ট করিল ॥৩০—৩১॥

ততো রথাদবপ্লুত্য সূতপুত্রোঽসিচর্ম্মভৃৎ।
বিকর্ণরথমাস্থায় মোক্ষায়াশ্বানচোদয়ৎ ॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং কর্ণরণভঙ্গে চতুরধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

পঞ্চাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

গন্ধর্ব্বৈস্তু মহারাজ! ভগ্নে কর্ণে মহারথে।
সংপ্রাদ্রবচ্চমূঃ সর্ব্বা ধার্ত্তরাষ্ট্রস্য পশ্যতঃ ॥১॥
তান্ দৃষ্ট্বা দ্রবতঃ সর্ব্বান্ ধার্ত্তরাষ্ট্রান্ পরাঙ্মুখান্।
দুর্য্যোধনো মহারাজ! নাসীত্তত্র পরাঙ্মুখঃ ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। মোক্ষায় গন্ধর্ব্বেভ্য আত্মমোচনায়, অচোদয়দ্বহিশ্চালয়ৎ ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং চতুরধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

গন্ধর্ব্বৈরিতি। ভগ্নে পরাজিতে। সংপ্রাদ্রবৎ পলায়ত, ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য ॥১॥

তানিতি। ধার্ত্তরাষ্ট্রান্ ধৃতরাষ্ট্রপুত্রসৈন্যান্। নাসীৎ, গর্ব্বাতিরেকাদিতি ভাবঃ ॥২॥

তখন কর্ণ অসি-চর্ম্ম ধারণ করিয়া আপন রথ হইতে লাফ দিয়া বিকর্ণের রথে উঠিয়া আত্মরক্ষার জন্য ঘোড়াগুলিকে বাহিরের দিকে চালাইয়া দিলেন ॥৩২॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! গন্ধর্ব্বেরা মহারথ কর্ণকে পরাভূত করিলে, সমগ্র কৌরবসৈন্য দুর্য্যোধনের সমক্ষেই পলায়ন করিতে আরম্ভ করিল ॥১॥

মহারাজ! সমগ্র কৌরবসৈন্যকে পরাঙ্মুখ এবং পলায়মান দেখিয়াও দুর্য্যোধন সে যুদ্ধে পরাঙ্মুখ হইলেন না ॥২॥

* '...সপ্তত্রিংশদধিকদ্বিশততমঃ...'—পি, '...চত্বারিংশদধিকদ্বিশততমঃ...'—বা ব, '...একচত্বারিংশদধিকদ্বিশততমঃ...'—কা, '...দ্বিচত্বারিংশদধিকদ্বিশততমঃ...'—নি।

(২)...দুর্য্যোধনো মহারাজঃ—বা ব কা নি।

তামাপতন্তীং সংপ্রেক্ষ্য গন্ধর্ব্বাণাং মহাচমূম্ ।
মহতা শরবর্ষেণ সোঽভ্যবর্ষদরিন্দমঃ ॥৩॥
অচিন্ত্য শরবর্ষন্তু গন্ধর্ব্বাস্তস্য তং রথম্ ।
দুর্য্যোধনং জিঘাংসন্তঃ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৪॥
যুগমীশাং বরূথঞ্চ তথৈব ধ্বজসারথী ।
অশ্বাংস্ত্রিবেণুং তল্পঞ্চ তিলশো ব্যধমন্ শরৈঃ ॥৫॥
দুর্য্যোধনং চিত্রসেনো বিরথং পতিতং ভুবি ।
অভিদ্রুত্য মহাবাহুর্জীবগ্রাহমথাগ্রহীৎ ॥৬॥
তস্মিন্ গৃহীতে রাজেন্দ্রে স্থিতং দুঃশাসনং রথে ।
পর্য্যগৃহ্নন্ত গন্ধর্ব্বাঃ পরিবার্য্য সমন্ততঃ ॥৭॥
বিবিংশতিং চিত্রসেনাবাদায়ান্যে বিদুদ্রুবুঃ ।
বিন্দানুবিন্দাবপরে রাজদারাংশ্চ সর্ব্বশঃ ॥৮॥

ভারতকৌমুদী

তামিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্। স দুর্যোধনঃ ॥৩॥
অচিন্ত্যেতি। অচিন্ত্য অবজ্ঞায়েত্যর্থঃ। পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টয়ন্ ॥৪॥
যুগমিতি। ত্রিবেণুম্ ঊর্দ্ধবংশদণ্ডত্রয়ম্, তল্পং রথস্থাং শয্যাম ॥৫॥
দুর্য্যোধনমিতি। জীবং জীবন্তমেব গৃহীত্বেতি জীবগ্রাহম্, "জীবে গ্রহঃ" ইতি ণম্ ॥৬॥
তস্মিন্নিতি। পর্য্যগৃহ্নন্ত জীবন্তমেবাধারয়ন্ত, পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৭॥
বিবিংশতীতি। বিবিংশত্যাদয়ো দুর্য্যোধনভ্রাতরঃ। সর্ব্বশঃ সর্ব্বান্ ॥৮॥

কিন্তু মহারাজ! অরিন্দম দুর্য্যোধন বিশাল গন্ধর্ব্বসৈন্যকে আসিতে দেখিয়া তাহার উপরে বিশাল বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩॥

তখন গন্ধর্ব্বেরা দুর্য্যোধনের শরবর্ষণকে অগ্রাহ্য করিয়া তাঁহাকে বধ করিবার ইচ্ছায় সকল দিক্ হইতে তাঁহার রথখানাকে বেষ্টন করিল ॥৪॥

এবং তাহারা বাণদ্বারা দুর্য্যোধনরথের যুগ, ঈশা, বরূথ, ধ্বজ, সারথি, অশ্ব, ত্রিবেণু ও শয্যাকে তিল তিল করিয়া কাটিয়া ফেলিল ॥৫॥

তখন মহাবাহু চিত্রসেন দ্রুত গমন করিয়া রথহীন ও ভূতলস্থিত দুর্য্যোধনকে জীবিত অবস্থায়ই গ্রহণ করিলেন ॥৬॥

রাজশ্রেষ্ঠ দুর্য্যোধন ধৃত হইলে, গন্ধর্ব্বেরা সকল দিক্ হইতে বেষ্টন করিয়া রথস্থিত দুঃশাসনকে ধারণ করিল ॥৭॥

অন্য কতকগুলি গন্ধর্ব্ব বিবিংশতি ও চিত্রসেনকে লইয়া এবং অপর

(৭) তস্মিন্ গৃহীতে রাজেন্দ্র!—বা ব কা।

যোধাশ্চ ধার্ত্তরাষ্ট্রস্য গন্ধর্ব্বৈঃ সমভিদ্রুতাঃ।
পূর্ব্বপ্রভগ্নৈঃ সহিতাঃ পাণ্ডবানভ্যয়ুস্তদা ॥৯॥
শকটাপণবেশাশ্চ যানযুগ্যঞ্চ সর্ব্বশঃ।
শরণং পাণ্ডবান্ জগ্মুর্হ্রিয়মাণে মহীপতৌ ॥১০॥

সৈনিকা ঊচুঃ।

প্রিয়দর্শী মহাবাহুর্ধার্ত্তরাষ্ট্রো মহাবলঃ।
গন্ধর্ব্বৈর্হ্রিয়তে রাজা পার্থাস্তমনুধাবত ॥১১॥
দুঃশাসনো দুর্বিষহো দুর্ম্মুখো দুর্জ্জয়স্তথা।
বদ্ধা হ্রিয়ন্তে গন্ধর্ব্বৈ রাজদারাশ্চ সর্ব্বশঃ ॥১২॥
ইতি দুর্য্যোধনামাত্যাঃ ক্রোশন্তো রাজগৃদ্ধিনঃ।
আর্ত্তা দীনাস্ততঃ সর্ব্বে যুধিষ্ঠিরমুপাগমন্ ॥১৩॥

ভারতকৌমুদী

যোধা ইতি। সমভিদ্রুতা অভ্যবস্থৃতাঃ। পূর্ব্বপ্রভগ্নৈঃ পূর্ব্বং পরাজিতৈঃ ॥৯॥

শকটেতি। শকটানি ভারবাহীনি যানানি, আপণাঃ ক্রয়বিক্রয়পটগৃহাঃ, বেশা বেশ্যাজনাঃ, যানযুগ্যং শকটবাহিবৃষভাদিবাহনম্। মহীপতৌ দুর্য্যোধনে ॥১০॥

প্রিয়েতি। হে পার্থাঃ পাণ্ডবাঃ! তং দুর্য্যোধনম্, অনুধাবত উদ্ধর্ত্তুমনুসরত ॥১১॥

দুঃশাসন ইতি। দুর্বিষহাদয়োঽপি দুর্য্যোধনভ্রাতরঃ। সর্ব্বশঃ সর্ব্বে ॥১২॥

ইতীতি। ক্রোশন্তো যুধিষ্ঠিরাদীনাহ্বয়ন্তঃ, রাজগৃদ্ধিনো দুর্য্যোধনোদ্ধারাকাঙ্ক্ষিণঃ ॥১৩॥

কতকগুলি গন্ধর্ব্ব—বিন্দ, অনুবিন্দ ও সমস্ত রাজভার্য্যাকে নিয়া দ্রুত প্রস্থান করিতে লাগিল ॥৮॥

পূর্ব্বে যে সকল গন্ধর্ব্ব পরাজিত হইয়া পলায়ন করিয়াছিল, এইক্ষণে তাহারাও আসিয়া দুর্য্যোধনের সৈন্যদিগকে আক্রমণ করিতে লাগিল; তখন তাহারা মিলিত হইয়া পাণ্ডবগণের নিকট গেল ॥৯॥

এবং গন্ধর্ব্বেরা দুর্য্যোধনকে হরণ করিয়া লইয়া চলিলে, গাড়ী, দোকান, বেশ্যাগণ এবং অন্যান্য বাহন সকল যাইয়া পাণ্ডবগণের শরণাপন্ন হইল ॥১০॥

সৈন্যেরা বলিল—"প্রিয়দর্শন, মহাবাহু ও মহাবল রাজা দুর্য্যোধনকে গন্ধর্ব্বেরা হরণ করিয়া লইয়া যাইতেছে; অতএব পাণ্ডবগণ! আপনারা তাঁহার অনুসরণ করুন ॥১১॥

এবং দুঃশাসন, দুর্বিষহ, দুর্ম্মুখ, দুর্জ্জয় ও সমস্ত রাজভার্য্যাকে বন্ধন করিয়া গন্ধর্ব্বেরা হরণ করিয়া নিয়া চলিয়াছে" ॥১২॥

(১) সৈন্যং তদ্ধার্ত্তরাষ্ট্রস্য গন্ধর্ব্বৈঃ সমভিদ্রুতম্—পি

তাংস্তথা ব্যথিতান্ দীনান্ ভিক্ষমাণান্ যুধিষ্ঠিরম্।
বৃদ্ধান্ দুর্য্যোধনামাত্যান্ ভীমসেনোঽভ্যভাষত ॥১৪॥
মহতা হি প্রযত্নেন সন্নহ্য গজবাজিভিঃ।
অস্মাভির্যদনুষ্ঠেয়ং গন্ধর্ব্বৈস্তদনুষ্ঠিতম্ ॥১৫॥
অন্যথা বর্ত্তমানানামর্থো জাতোঽয়মন্যথা।
দুর্ম্মন্ত্রিতমিদং তাবদ্রাজ্ঞো দুর্দ্যূতদেবিনঃ ॥১৬॥
দ্বেষ্টারমন্যে ক্লীবস্য পাতয়ন্তীতি নঃ শ্রুতম্।
ইদং কৃতং নঃ প্রত্যক্ষং গন্ধর্ব্বৈরতিমানুষম্ ॥১৭॥

ভারতকৌমুদী

তানিতি। দীনান্ কাতরান্, ভিক্ষমাণান্ দুর্য্যোধনাদ্যুদ্ধারং যাচমানান্ ॥১৪॥

মহতেতি। সন্নহ্য যুদ্ধসজ্জাং কৃত্বা। মহানেবায়মস্মাকমানন্দবিষয় ইতি ভাবঃ ॥১৫॥

অন্যথেতি। অন্যথা অন্যোদ্দেশেন অস্মাসু স্বসমৃদ্ধিপ্রদর্শনোদ্দেশেনেত্যর্থঃ, বর্ত্তমানানাং প্রবৃত্তানাং দুর্য্যোধনাদীনাম্, অয়ম্ অন্যথা অন্যপ্রকার এব অর্থো বিষয়ঃ অপূর্ব্বঃ পরাভবো জাতঃ, দৈবাদিত্যাশয়ঃ। তথা চ ইদং তাবৎ, দুর্দ্যূতদেবিনো দুষ্টভাবেন দ্যূতক্রীড়াকারিণঃ, রাজ্ঞো দুর্য্যোধনস্য, দুর্ম্মন্ত্রিতং দুষ্টমন্ত্রণাফলম্ ॥১৬॥

দ্বেষ্টারমিতি। অন্যে ক্লাবাসম্বন্ধিনো জনাঃ, ক্লীবস্য অশক্তস্য জনস্য, দ্বেষ্টারং জনং পাতয়ন্তি অভিভবন্তি, ইতি নোঽস্মাকং শ্রুতমাসীৎ। কিন্তু অতিমানুষং মানুষৈরসাধ্যম্, তদিদং কর্ম্ম, গন্ধর্ব্বৈঃ, নঃ অস্মাকং প্রত্যক্ষং কৃতম্। তথা চ সর্ব্বথা ন্যায়ধর্ম্মপ্রবৃত্ততয়া বয়ং ক্লীবপ্রায়া অশক্তাঃ: তাংশ্চাস্মান্ দুর্য্যোধনাদয়ো দ্বিষন্তি, তে চ গন্ধর্ব্বৈরপূর্ব্বমেবাভিভূতা ইত্যহো মহানেবাস্মাকমানন্দবিষয়ঃ সঞ্জাত ইত্যাশয়ঃ ॥১৭॥

দুর্য্যোধনের মন্ত্রীরাও তাঁহার উদ্ধার কামনা করিয়া ব্যথিত ও কাতর হইয়া এইভাবে পাণ্ডবগণকে ডাকিতে থাকিয়া সকলেই যাইয়া যুধিষ্ঠিরের নিকট উপস্থিত হইলেন ॥১৩॥

দুর্য্যোধনের সেই বৃদ্ধ মন্ত্রীরা ব্যথিত ও কাতর হইয়া সেইভাবে যুধিষ্ঠিরের নিকট দুর্য্যোধনের মুক্তি ভিক্ষা করিতে লাগিলে, ভীম তাঁহাদিগকে বলিলেন—॥১৪॥

"আমরা যুদ্ধের জন্য হস্তী ও অশ্বপ্রভৃতি সুসজ্জিত করিয়া গুরুতর চেষ্টায় যাহা করিতাম, গন্ধর্ব্বেরা আজ তাহা করিয়াছে। ॥১৫॥

দুর্য্যোধনপ্রভৃতি অন্য উদ্দেশ্যে প্রবৃত্ত হইয়াছিল; কিন্তু এ ঘটনাটা অন্যপ্রকার হইয়া গিয়াছে।। (সুতরাং অবশ্যই বলিতে হইবে যে,) ইহা—দুষ্টভাবে দ্যূতক্রীড়াকারী সেই দুর্য্যোধনেরই কুমন্ত্রণার ফল ॥১৬॥

দিষ্ট্যা লোকে পুমানস্তি কশ্চিদস্মৎপ্রিয়ে স্থিতঃ।
যেনাস্মাকং হৃতো ভার আসীনানাং সুখাবহঃ ॥১৮॥
শীতবাতাতপসহাংস্তপসা চৈব কর্ষিতান্।
সমস্থো বিষমস্থান্ হি দ্রষ্টুমিচ্ছতি দুর্ম্মতিঃ ॥১৯॥
অধর্ম্মচারিণস্তস্য কৌরব্যস্য দুরাত্মনঃ।
যে শীলমনুবর্ত্তন্তে তে পশ্যন্তি পরাভবম্ ॥২০॥
অধর্ম্মো হি কৃতস্তেন যেনৈতদুপশিক্ষিতম্।
অনৃশংসাস্তু কৌন্তেয়াস্তৎ প্রত্যক্ষং ব্রবীমি বঃ ॥২১॥

ভাবকৌমুদী

শত্রুভিরিতি। পৌরুষবর্জ্জিতো গন্ধর্ব্বৈঃ পরাজিতত্বাদিত্যাশয়ঃ ॥৪৯॥

আমি শত্রুদের মস্তকে থাকিয়া এবং তাহাদের বুকের উপরে বিক্রম প্রকাশ করিয়া এখন নিজের দোষেই তথা হইতে বিচ্যুত হইয়া তাঁহাদিগকে (ভীষ্মপ্রভৃতিকে) কি বলিব ॥২৫॥

দুর্বিনীত লোকেরা সম্পদ্, বিদ্যা কিংবা প্রভুত্ব লাভ করিয়া চিরকাল মঙ্গলে থাকিতে পারে না; যেমন মদগর্ব্বিত আমি ॥৪৬॥

হায়! আমি দুর্বুদ্ধির দোষে মোহবশতঃ এই অযোগ্য, কষ্টকর ও দুর্জ্জনাচরিত কার্য্য করিয়া ফেলিয়াছি, যাহাতে আজ জীবন সংশয় প্রাপ্ত হইয়াছি ॥৪৭॥

অতএব আমি প্রায়োপবেশনই করিব; কিন্তু জীবন ধারণ করিতে সমর্থ হইব না। কারণ, কোন্ চৈতন্যশালী লোক কষ্ট হইতে শত্রুকর্ত্তৃক উদ্ধৃত হইয়া জীবিত থাকিতে পারে? ॥৪৮॥

আমি অভিমানী ছিলাম; কিন্তু এখন পুরুষকারবিহীন হইয়া পড়িয়াছি; তাই শত্রুরাও আমাকে উপহাস করিয়াছে এবং বিক্রমশালী পাণ্ডবেরাও অবজ্ঞার সহিতই দেখিয়াছে" ॥৪৯॥

---

(৪৮) তস্মাৎ প্রায়মুপাশিষ্যে—বা ব কা পি।

প্রতীচ্ছ ত্বং ময়া দত্তমভিষেকং নৃপো ভব।
প্রশাধি পৃথিবীং স্ফীতাং কর্ণসৌবলপালিতাম্ ॥৫১॥
ভ্রাতৄন্ পালয় বিশ্রব্ধং মরুতো বৃত্রহা যথা।
বান্ধবাস্ত্বোপজীবন্তু দেবা ইব শতক্রতুম্ ॥৫২॥
ব্রাহ্মণেষু সদা বৃত্তিং কুর্ব্বীথাশ্চাপ্রমাদতঃ।
বন্ধূনাং সুহৃদাঞ্চৈব ভবেথাস্ত্বং গতিঃ সদা ॥৫৩॥
জ্ঞাতীংশ্চাপ্যনুপশ্যেথা বিষ্ণুর্দেবগণান্ যথা।
গুরবঃ পালনীয়াস্তে গচ্ছ পালয় মেদিনীম্ ॥৫৪॥
নন্দয়ন্ সুহৃদঃ সর্ব্বান্ শাত্রবাংশ্চাবভর্ৎসয়ন্।
কণ্ঠে চৈনং পরিষ্বজ্য গম্যতামিত্যুবাচ হ ॥৫৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। চিন্তাং পরিগতঃ প্রাপ্তঃ। অব্রবীৎ দুর্য্যোধন ইতি শেষঃ ॥৫০॥
প্রতীতি। প্রতীচ্ছ গৃহাণ। স্ফীতাং বৃদ্ধিপ্রাপ্তাম্ ॥৫১॥
ভ্রাতৄনিতি। বিশ্রব্ধং সবিশ্বাসম্। মরুতো দেবান্, বৃত্রহা ইন্দ্রঃ। ত্বা ত্বাম্ ॥৫২॥
ব্রাহ্মণেষিতি। বৃত্তিং ব্যবহারম্। অপ্রমাদতঃ সাবধানতয়া। গতিরাশ্রয়ঃ ॥৫৩॥
জ্ঞাতীনিতি। অনুপশ্যেথা অভাবাভিযোগসমাধানায় পর্য্যবেক্ষেথাঃ। অবভর্ৎসয়ন্ অভিভূয় তিরস্কুর্ব্বন্। এনং দুঃশাসনম্। উবাচ দুর্য্যোধনঃ ॥৫৪—৫৫॥

ভারতভাবদীপঃ

দোষবদিতি ন মন্যে ॥১৫—৩৬॥ এবম্ভূতস্য জীবিতং ন শ্রেয় ইতি সম্বন্ধঃ ॥৩৭—৪৩॥ শ্রেণিমুখ্যাঃ শিল্পিসঙ্ঘাতমুখ্যাঃ প্রকৃতয় ইত্যর্থঃ ॥৪৪—৫১॥ বিশ্রব্ধং সবিশ্বাসং

বৈশম্পায়ন বলিলেন—রাজা দুর্য্যোধন এইরূপ চিন্তান্বিত হইয়া দুঃশাসনকে কহিলেন—"ভরতনন্দন দুঃশাসন! তুমি আমার এই কথা শোন ॥৫০॥

আমি তোমাকে অভিষিক্ত করিতেছি, তুমি তাহা স্বীকার কর, রাজা হও এবং কর্ণ ও শকুনির সাহায্যে এই বিশাল পৃথিবী শাসন কর ॥৫১॥

ইন্দ্র যেমন দেবগণকে পালন করেন, তুমিও সেইরূপ ভ্রাতৃগণকে বিশ্বস্তভাবে পালন কর এবং দেবতারা যেমন ইন্দ্রকে আশ্রয় করিয়া জীবন ধারণ করেন, বন্ধুগণও তেমন তোমাকে আশ্রয় করিয়া জীবন ধারণ করুন ॥৫২॥

তুমি সর্ব্বদাই সাবধানে ব্রাহ্মণদের সহিত ব্যবহার করিবে এবং সর্ব্বদাই বন্ধুগণ ও মিত্রগণের অবলম্বন হইবে ॥৫৩॥

আর, বিষ্ণু যেমন দেবগণের পর্য্যবেক্ষণ করেন, তুমিও তেমন জ্ঞাতিগণের পর্য্যবেক্ষণ করিবে এবং গুরুজনবর্গকে রক্ষা করিবে। যাও, যাইয়া বন্ধুগণকে

তস্য তদ্বচনং শ্রুত্বা দীনো দুঃশাসনোঽব্রবীৎ।
অশ্রুকণ্ঠঃ সুদুঃখার্ত্তঃ প্রাঞ্জলিঃ প্রণিপত্য চ ॥৫৬॥
সগদ্‌গদমিদং বাক্যং ভ্রাতরং জ্যেষ্ঠমাত্মনঃ।
প্রসীদেত্যপতদ্ভূমৌ দূয়মানেন চেতসা ॥৫৭॥ (যুগ্মকম্)
দুঃখিতঃ পাদয়োস্তস্য নেত্রজং জলমুৎসৃজন্।
উক্তবাংশ্চ নরব্যাঘ্রো নৈতদেবং ভবিষ্যতি ॥৫৮॥
বিদীর্য্যেৎ সকলা ভূমির্দ্যৌশ্চাপি শকলীভবেৎ।
রবিরাত্মপ্রভাং জহ্যাৎ সোমঃ শীতাংশুতাং ত্যজেৎ ॥৫৯॥
বায়ুঃ শৈঘ্রমথো জহ্যাদ্ধিমবাংশ্চ পরিব্রজেৎ।
শুষ্যেত্তোয়ং সমুদ্রেষু বহ্নিরপ্যুষ্ণতাং ত্যজেৎ ॥৬০॥
ন ত্বহং ত্বদৃতে রাজন্! প্রশাসেয়ং বসুন্ধরাম্।
পুনঃ পুনঃ প্রসীদেতি বাক্যঞ্চেদমুবাচ হ ॥৬১॥

ভারতকৌমুদী

তস্যেতি। দীনঃ কাতরঃ। অপতৎ পাদমূলে, দূয়মানেন সন্তপ্যমানেন ॥৫৬—৫৭॥
দুঃখিত ইতি। নরব্যাঘ্রো দুঃশাসনঃ, এতৎ তব প্রায়োপবেশনম্ ॥৫৮॥
বিদীর্য্যেদিতি। দ্যৌরাকাশম, শকলীভবেৎ খণ্ডীভবেৎ। জহ্যাৎ ত্যজেৎ ॥৫৯॥
বায়ুরিতি। শৈঘ্রং শীঘ্রগামিত্বম্। পরিব্রজেৎ বিচলেৎ ॥৬০॥
নেতি। ত্বদৃতে ত্বাং বিনা। প্রশাসেয়ং প্রশিষ্যাম্। উবাচ দুঃশাসনঃ ॥৬১॥

আনন্দিত এবং শত্রুগণকে তিরস্কৃত করিতে থাকিয়া পৃথিবী পালন কর"। এই কথা বলিয়া দুর্য্যোধন দুঃশাসনের কণ্ঠ আলিঙ্গন করিয়া বলিলেন—"যাও" ॥৫৪—৫৫॥

দুর্য্যোধনের সেই কথা শুনিয়া দুঃশাসন—কাতর, বাষ্পরুদ্ধকণ্ঠ, অতি দুঃখিত ও কৃতাঞ্জলি হইয়া প্রণিপাত করিয়া আপনার জ্যেষ্ঠভ্রাতা দুর্য্যোধনকে গদ্‌গদভাবে এই কথা বলিলেন—"প্রসন্ন হউন" ইহা বলিয়া সন্তপ্তচিত্তে (দুর্য্যোধনের পাদমূলে) ভূতলে পতিত হইলেন ॥৫৬—৫৭॥

তৎপরে নরশ্রেষ্ঠ দুঃশাসন দুঃখিত হইয়া দুর্য্যোধনের চরণের উপর নয়নজল বর্ষণ করিতে থাকিয়া বলিলেন—"এ ঘটনা এরূপ হইতে পারিবে না ॥৫৮॥

যদি সমগ্র পৃথিবী বিদীর্ণ হয়, আকাশ খণ্ড খণ্ড হইয়া যায়, সূর্য্য নিজের প্রভা পরিত্যাগ করেন এবং চন্দ্রও শীতল কিরণ বর্জ্জন করেন ॥৫৯॥

আর যদি বায়ু দ্রুত গমন ত্যাগ করেন, হিমালয় বিচলিত হয়, সমুদ্রের জল শুকাইয়া যায় এবং অগ্নিও উষ্ণতা ত্যাগ করেন ॥৬০॥

ত্বমেব নঃ কুলে রাজা ভবিষ্যসি শতং সমাঃ।
এবমুক্ত্বা স রাজানং সুস্বরং প্ররুরোদ হ।
পাদৌ সংস্পৃশ্য মানার্হৌ ভ্রাতুর্জ্যেষ্ঠস্য ভারত! ॥৬২॥
তথা তৌ দুঃখিতৌ দৃষ্ট্বা দুঃশাসনসুযোধনৌ।
অভিগম্য ব্যথাবিষ্টঃ কর্ণস্তৌ প্রত্যভাষত ॥৬৩॥
বিষীদথঃ কিং কৌরব্যৌ! বালিশ্যাৎ প্রাকৃতাবিব।
ন শোকঃ শোচমানস্য বিনিবর্ত্তেত কর্হিচিৎ ॥৬৪॥
যদা চ শোচতঃ শোকো ব্যসনং নাপকর্ষতি।
সামর্থ্যং কিন্নু তঃ শোকে শোচমানৌ প্রপশ্যথঃ।
ধৃতিং গৃহ্নীতং মা শত্রূন্ শোচন্তৌ নন্দয়িষ্যথঃ ॥৬৫॥

ভারতকৌমুদী

ত্বমিতি। সমা বৎসরান্। সুস্বরম্ উচ্চৈঃস্বরং যথা স্যাত্তথা। ষটপাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥

তথেতি। ব্যথাবিষ্টো দুঃখিতচিত্তঃ সন্ ॥৬৩॥

বীতি। বালিশ্যাৎ মূর্খত্বাৎ, প্রাকৃতৌ সাধারণলোকাবিব ॥৬৪॥

যদেতি। যদা যতঃ, শোকঃ, শোচতো জনস্য, ব্যসনং বিপদম্, নাপকর্ষতি ন নাশয়তি, অতঃ শোচমানৌ যুবাম্, শোকে কিং নু সামর্থ্যং শক্তিং তৎকরণকারণমিত্যর্থঃ প্রপশ্যথঃ। ধৃতিং ধৈর্য্যং গৃহ্নীতম্, শোচন্তৌ যুবাং শত্রূন্ মা নন্দয়িষ্যথঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৫॥

ভারতভাবদীপঃ

যথা স্যাত্তথা ॥৬২—৬৪॥ যদা চেতি। যদি শোকেন ব্যসনং নশ্যেত্তর্হি স কর্ত্তব্যো ন তু তত্তথা অস্তি অতঃ শোকো ন কর্ত্তব্য ইত্যর্থঃ ॥৬৫—৮০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৮॥

তথাপি আমি আপনাকে ভিন্ন রাজ্য শাসন করিব না"। "আপনি প্রসন্ন হউন" এই কথাও দুঃশাসন বার বার বলিলেন—॥৬১॥

"আপনিই আমাদের বংশে শতবৎসরপর্য্যন্ত রাজা থাকিবেন"। এই কথা বলিয়া দুঃশাসন পূজনীয় জ্যেষ্ঠভ্রাতার চরণযুগল ধারণ করিয়া মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন ॥৬২॥

তখন কর্ণ—দুর্য্যোধন ও দুঃশাসনকে সেইরূপ দুঃখিত দেখিয়া, তাঁহাদের নিকটে যাইয়া, নিজেও ব্যথিত হইয়া তাঁহাদিগকে বলিলেন—॥৬৩॥

"কুরুনন্দনদ্বয়! তোমরা সাধারণ লোকের ন্যায় মূর্খতাবশতঃ কি জন্য বিষণ্ন হইতেছ। শোক করিতে থাকিলে কখনও শোক নিবৃত্তি পায় না ॥৬৪॥

শোক যখন শোককারী লোকের বিপদ নষ্ট করিতে পারে না, তখন তোমরা

কর্ত্তব্যং হি কৃতং রাজন্! পাণ্ডবৈস্তব মোক্ষণম্।
নিত্যমেব প্রিয়ং কার্য্যং রাজ্ঞো বিষয়বাসিভিঃ ॥৬৬॥
পাল্যমানাস্ত্বয়া তে হি নিবসন্তি গতজ্বরাঃ।
নার্হস্যেবং গতে মন্যুং কর্ত্তুং প্রাকৃতবৎ স্বয়ম্ ॥৬৭॥
বিষণ্ণাস্তব সোদর্য্যাস্ত্বয়ি প্রায়ং সমাস্থিতে।
উত্তিষ্ঠ ব্রজ ভদ্রং তে সমাশ্বাসয় সোদরান্ ॥৬৮॥
রাজন্নদ্যাবগচ্ছামি তবেহ লঘুসত্ত্বতাম্।
কিমত্র চিত্রং যদ্বীর! মোক্ষিতঃ পাণ্ডবৈরসি।
সদ্যো বশং সমাপন্নঃ শত্রূণাং শত্রুকর্ষণ! ॥৬৯॥

ভারতকৌমুদী

পাণ্ডবকর্ত্তৃকরক্ষণমেব শোককারণমিতি মন্যমান আহ—কর্ত্তব্যমিতি। বিষয়বাসিভিঃ স্বরাজ্যবাসিভির্জনৈঃ। অতস্তদ্রাজ্যবাসিত্বাদেব পাণ্ডবৈস্ত্বংপ্রিয়ং কর্ত্তব্যমিতি ভাবঃ ॥৬৬॥

পাল্যেতি। তে পাণ্ডবাঃ। গতজ্বরা নষ্টসন্তাপাঃ। গতে স্থিতে, মন্যুং দৈন্যম্ ॥৬৭॥

বিষণ্ণা ইতি। প্রায়ম্ অনশনব্রতম্, সমাস্থিতে আশ্রিতে তদ্গ্রহণে সতি ॥৬৮॥

রাজন্নিতি। লঘুসত্ত্বতাং দুর্ব্বলপ্রাণতাম্। শত্রূণাং সদ্যো বশং সমাপন্নঃ প্রাপ্তঃ। এতেন দীর্ঘকালং বশতাপন্নত্বে স্বয়মেবাত্মমোচনং কর্ত্তুং শক্ত্যা ইতি সূচিতম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৯॥

শোক করার কি কারণ দেখিতেছ? ধৈর্য্য অবলম্বন কর, শোক করিতে থাকিয়া শত্রুগণকে আনন্দিত করিও না ॥৬৫॥

রাজা! পাণ্ডবেরা যে তোমাদিগকে মুক্ত করিয়া দিয়াছে, সেটা তাহারা কর্ত্তব্য কার্য্যই করিয়াছে। কারণ, রাজ্যবাসী লোকেদের সর্ব্বদাই রাজার প্রিয়কার্য্য করা উচিত ॥৬৬॥

বিশেষতঃ, তুমি রক্ষা করিতেছ বলিয়াই তাহারা নিরুপদ্রবে বাস করিতেছে। এইরূপ হইলে তুমি নিজে সাধারণ লোকের ন্যায় দৈন্য প্রকাশ করিতে পার না ॥৬৭॥

তুমি প্রায়োপবেশনের সঙ্কল্প করায় তোমার সহোদরেরা অত্যন্ত বিষণ্ণ হইয়াছেন; অতএব তুমি উঠ, সহোদরগণকে আশ্বস্ত কর এবং চল; তোমার মঙ্গল হইবে ॥৬৮॥

রাজা! এই জীবনে আজ তোমার হৃদয়ের দুর্ব্বলতা বুঝিতে পারিলাম।

---

(৬৭)...কর্ত্তুং প্রাকৃতবদ্যথা—বা ব কা পি। (৬৮) শ্লোকাৎ পরম্ '...চতুশ্চত্বারিংশদধিকদ্বিশততমঃ...'—পি, '...অষ্টচত্বারিংশদধিকদ্বিশততমঃ...'—বা ব, ...ঊনপঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—কা, '...পঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—নি। তদনন্তরমেব—'কর্ণ উবাচ'।

সেনাজীবৈশ্চ কৌরব্য ! তথা বিষয়বাসিভিঃ।
অজ্ঞাতৈর্যদি বা জ্ঞাতৈঃ কর্ত্তব্যং নৃপতেঃ প্রিয়ম্ ॥৭০॥
প্রায়ঃ প্রধানাঃ পুরুষাঃ মোক্ষয়ন্ত্যরিবাহিনীম্।
নিগৃহ্যন্তে চ যুদ্ধেষু মোক্ষ্যন্তে চৈব সৈনিকৈঃ ॥৭১॥
সেনাজীবাশ্চ যে রাজ্ঞাং বিষয়ে সন্তি মানবাঃ।
তৈঃ সঙ্গম্য নৃপার্থায় যতিতব্যং যথাতথম্ ॥৭২॥
যদ্যেবং পাণ্ডবৈ রাজন্ ! ভবদ্বিষয়বাসিভিঃ।
যদৃচ্ছয়া মোক্ষিতোঽসি তত্র কা পরিদেবনা ॥৭৩॥
ন চৈতৎ সাধু যদ্রাজন্ ! পাণ্ডবাস্ত্বাং নৃপোত্তম ।।
স্বসেনয়া সম্প্রয়ান্তং নানুযান্তি স্ম পৃষ্ঠতঃ ॥৭৪॥

ভারতকৌমুদী

কথং ন চিত্রমিত্যাহ—সেনেতি। সেনাজীবৈঃ সৈন্যব্যবসায়িভির্জনৈঃ ॥৭০॥
প্রায় ইতি। অরিভ্যো বাহিনীং স্বসেনাম্। নিগৃহ্যন্তে শত্রুভিরিতি শেষঃ ॥৭১॥
সেনেতি। বিষয়ে দেশে রাজ্য ইতি যাবৎ। সঙ্গম্য মিলিত্বা ॥৭২॥
যদীতি। যদি এবং রীতিরস্তি তদেতি শেষঃ। যদৃচ্ছয়া সঙ্কল্পবিশেষাভাবেন ॥৭৩॥

সে যাহা হউক, শত্রুদমনকারী বীর ! তুমি সত্যই শত্রুগণের বশীভূত হইয়াছিলে; এই অবস্থায় পাণ্ডবেরা যে তোমাকে মুক্ত করিয়াছে, তাহাতে আশ্চর্য্যের বিষয় কি হইয়াছে ? ॥৬৯॥

কারণ, কুরুনন্দন ! সৈন্যব্যবসায়ী লোকেরা বা রাজ্যবাসী লোকেরা পরিচিতই হউক বা অপরিচিতই হউক, অবশ্যই রাজার প্রিয়কার্য্য করা তাহাদের উচিত ॥৭০॥

তা'র পর প্রায় প্রধান লোকেরাই যুদ্ধে শত্রুহস্ত হইতে আপন সৈন্যকে রক্ষা করেন, নিজেরাও শত্রুকর্ত্তৃক নিগৃহীত হন এবং সৈন্যেরাও তাঁহাদিগকে মুক্ত করিয়া থাকে ॥৭১॥

এবং যাহারা সৈন্যব্যবসায়ী কিংবা যে সকল লোক রাজার রাজ্যে বাস করে, তাহারা মিলিত হইয়া যথাযথভাবে রাজার উপকারের জন্য চেষ্টা করিবে, (ইহাই জগতের রীতি) ॥৭২॥

রাজা ! যদি এমন রীতিই থাকিল, তবে তোমার রাজ্যবাসী পাণ্ডবেরা যদৃচ্ছাক্রমে তোমাকে যে মুক্ত করিয়াছে, তাহাতে বিলাপের কারণ কি আছে ? ॥৭৩॥

---

(৭৪)···সম্প্রয়ান্তি স্ম পৃষ্ঠতঃ—বা ব কা।

শূরাশ্চ বলবন্তশ্চ সংযুগেষ্বপলায়িনঃ।
ভবতস্তে সহায়া বৈ প্রেষ্যতাং পূর্ব্বমাগতাঃ ॥৭৫॥
পাণ্ডবেয়ানি রত্নানি ত্বমদ্যাপ্যুপভুঞ্জসে।
সত্ত্বস্থান্ পাণ্ডবান্ পশ্য ন তে প্রায়মুপাবিশন্।
উত্তিষ্ঠ রাজন্! ভদ্রং তে ন চিরং কর্ত্তুমর্হসি ॥৭৬॥
অবশ্যমেব নৃপতে! রাজ্ঞো বিষয়বাসিভিঃ।
প্রিয়াণ্যাচরিতব্যানি তত্র কা পরিদেবনা ॥৭৭॥
মদ্বাক্যমেতদ্রাজেন্দ্র! যদ্যেবং ন করিষ্যসি।
স্থাস্যামীহ ভবৎপাদৌ শুশ্রূষন্নরিমর্দ্দন। ॥৭৮॥

ভারতকৌমুদী

নেতি। এতৎ সাধু ন কৃতং পাণ্ডবৈঃ। সম্প্রয়ান্তং গন্ধর্ব্বান্ প্রতি গচ্ছন্তম্ ॥৭৪॥

শূরা ইতি। সংযুগেষু যুদ্ধেষু। প্রেষ্যতাং দাসত্বম্, পূর্ব্বং দ্যূতক্রীড়াকালে ॥৭৫॥

পাণ্ডবেয়ানীতি। উপভুঙ্ক্ষসে উপভুনক্ষি। তথাপি সত্ত্বস্থান্ ধৈর্য্যস্থান্। ত্বমিব মনোদুঃখেন তে ন প্রায়মুপাবিশন্, অতস্তেষাং দৃষ্টান্তেন ত্বমপি সত্ত্বস্থো ভব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৬॥

উক্তমপ্যর্থং দার্ঢ্যার্থং পুনরাহ—অবশ্যমিতি। পরিদেবনা বিলাপঃ ॥৭৭॥

মদিতি। ন করিষ্যসি ন রক্ষিষ্যসি। ইহ অত্রৈব স্থানে। শুশ্রূষন্ পরিচরন্। জ্যেষ্ঠত্বেঽপি স্বতন্ত্রাভিমানাদিয়মুক্তিঃ সঙ্গচ্ছতে ॥৭৮॥

বৎস রাজা! তুমি যখন নিজের সৈন্য লইয়া গন্ধর্ব্বগণকে আক্রমণ করিতে যাইতেছিলে, তখন পাণ্ডবেরা যে তোমার পিছনে যায় নাই, এইটাই তাহারা ভাল করে নাই ॥৭৪॥

বিশেষতঃ বীর, বলবান্ ও যুদ্ধে অপলায়ী সেই পাণ্ডবেরা পূর্ব্বেই তোমার দাস হইয়া সহায় হইয়া রহিয়াছে ॥৭৫॥

(আর এক কথা,) তুমি অদ্যাপি পাণ্ডবদের সমস্ত রত্ন ভোগ করিতেছ, তথাপি দেখ—পাণ্ডবেরা ধৈর্য্য ধারণ করিয়াই রহিয়াছে, কিন্তু তাহারা (তোমার মত) প্রায়োপবেশন করে নাই। অতএব রাজা! তুমি উঠ, বিলম্ব করিও না; তোমার মঙ্গল হইবে ॥৭৬॥

রাজা! (এই নিয়ম আছে যে,) রাজ্যবাসী লোকেরা অবশ্যই রাজার প্রিয়কার্য্য করিবে; অতএব ও বিষয়ে বিলাপ করিবার কারণ কি আছে? ॥৭৭॥

রাজশ্রেষ্ঠ! তুমি যদি আমার এই কথা না রাখ, তবে আমিও তোমার চরণযুগলের শুশ্রূষা করিতে থাকিয়া এইখানেই থাকিব ॥৭৮॥

নোৎসহে জীবিতুমহং ত্বদ্বিহীনো নরর্ষভ ।।
প্রায়োপবিষ্টস্তু নৃপ ! রাজ্ঞাং হাস্যো ভবিষ্যসি ॥৭৯॥
বৈশম্পায়ন উবাচ ।
এবমুক্তস্তু কর্ণেন রাজা দুর্য্যোধনস্তদা ।
নৈবোত্থাতুং মনশ্চক্রে স্বর্গায় কৃতনিশ্চয়ঃ ॥৮০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং কর্ণদুর্য্যোধনসংবাদে অষ্টাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

নবাধিকদ্বিশততমোঽধ্যায়

—:*:—

বৈশম্পায়ন উবাচ ।
প্রায়োপবিষ্টং রাজানং দুর্য্যোধনমমর্ষণম্ ।
উবাচ সান্ত্বয়ন্ রাজন্ ! শকুনিঃ সৌবলস্তদা ॥১॥

ভারতকৌমুদী

নেতি। নোৎসহে ন শক্নোমি, সৌহার্দ্দাতিশয়াদিতি ভাবঃ ॥৭৯॥

এবমিতি। স্বর্গায় কৃতনিশ্চয়ঃ, প্রায়োপবেশনেন মরণাদিত্যাশয়ঃ ॥৮০॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়ামষ্টাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

প্রায়েতি। অমর্ষণং দুঃখাসহিষ্ণুম্। সৌবলঃ সুবলপুত্রঃ ॥১॥

কারণ, নরশ্রেষ্ঠ! আমি তোমাব্যতীত জীবন ধারণ করিতেই সমর্থ হইব না। (আর এক কথা—) রাজা! তুমি প্রায়োপবিষ্ট হইয়া রাজাদের নিকট হাস্যাস্পদ হইবে' ॥৭৯॥

বৈশম্পায়ন বলিলেন—কর্ণ এইরূপ বলিলে, রাজা দুর্য্যোধন তখনও উঠিতে ইচ্ছা করিলেন না, স্বর্গলাভের জন্যই কৃতনিশ্চয় হইয়া রহিলেন ॥৮০॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—রাজা জনমেজয়! অসহিষ্ণু রাজা দুর্য্যোধন

---

* '...পঞ্চচত্বারিংশদধিকদ্বিশততমঃ...'—পি, '...একোনপঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—বা ব, '...পঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—কা, '...একপঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—নি।'

(১) শ্লোকাৎ পরম্ 'শকুনিরুবাচ'—বা ব কা পি।

সম্যগুক্তং হি কর্ণেন তচ্ছ্রুতং কৌরব! ত্বয়া।
ময়াহৃতাং শ্রিয়ং স্ফীতাং তাং মোহাদপহায় কিম্ ॥২॥
ত্বমবুদ্ধ্যাদ্য নৃপতে! প্রাণানুৎস্রষ্টুমিচ্ছসি।
অথবাপ্যবগচ্ছামি ন বৃদ্ধাঃ সেবিতাস্ত্বয়া ॥৩॥ (১)যুগ্মকম্।
যঃ সমুৎপতিতং হর্ষং দৈন্যং বা ন নিয়চ্ছতি।
স নশ্যতি শ্রিয়ং প্রাপ্য পাত্রমামমিবাম্ভসি ॥৪॥
অতিভীরুমতিক্লীবং দীর্ঘসূত্রং প্রমাদিনম্।
ব্যসনাদ্বিষয়াক্রান্তং ন ভজন্তি নৃপং প্রজাঃ ॥৫॥

ভারতকৌমুদী

সম্যগিতি। আহৃতাং দ্যূতক্রীড়য়া পাণ্ডবেভ্য আনীতাম্, স্ফীতাং বিপুলাম্। অবুদ্ধ্যা নির্ব্বুদ্ধিতয়েত্যর্থঃ। বৃদ্ধা ন সেবিতাস্তেভ্য উপদেশো ন গৃহীতা ইতি তাৎপর্য্যম্ ॥২—৩॥

য ইতি। সমুৎপতিতম্ উপস্থিতম্। আমম্ অপক্বম্, মৃন্ময়ং পাত্রম্ ॥৪॥

অতীতি। অতিক্লীবং সর্ব্বথা নিস্তেজস্কম্, দীর্ঘসূত্রং চিরেণ সর্ব্বকার্য্যকারকম্। ব্যসনাদাসক্তি-বশাৎ বিষয়ৈঃ স্রক্‌চন্দনবনিতাদিভিরাক্রান্তম্ ॥৫॥

ভারতভাবদীপঃ

প্রায়োপবিষ্টমিতি ॥১—৩॥ পাত্রং মৃৎপাত্রম্, আমমপক্বম্ ॥৪॥ ভীরুমাত্মনাশশঙ্কাকুলম্। ক্লীবং সামর্থ্যহীনম্। দীর্ঘসূত্রং চিরকারিণম্। প্রমাদিনমনবহিতম্। ব্যসনাৎ দ্যূতপান-মৃগয়াদিরূপাৎ। বিষয়ৈঃ স্ত্র্যাদিভিরাক্রান্তম্। ত্বন্তু তেষাং মধ্যে প্রমাদী বিষয়াক্রান্ত-

প্রায়োপবেশনেরই সঙ্কল্প করিলে, তখন সুবলনন্দন শকুনি উঁহাকে সান্ত্বনা দিবার অভিপ্রায়ে বলিতে লাগিলেন—॥১॥

"কুরুনন্দন! কর্ণ উপযুক্ত কথাই বলিয়াছেন, তুমিও তাহা শুনিয়াছ। তা'র পর, আমি দ্যূতক্রীড়া করিয়া তোমাকে বিশাল সম্পদ আনিয়া দিয়াছি; কিন্তু তুমি মোহ ও নির্ব্বুদ্ধিতাবশতঃ তাহা পরিত্যাগ করিয়া কি জন্য আজ প্রাণ পরিত্যাগ করিবার ইচ্ছা করিতেছ। অথবা বুঝিলাম যে, তুমি বৃদ্ধের উপদেশ গ্রহণ কর নাই ॥২—৩॥

যে লোক উপস্থিত হর্ষ বা বিষাদকে নিরুদ্ধ করিতে না পারে, সে লোক সম্পদ লাভ করিয়াও—জলে অপক্ক মৃৎপাত্রের ন্যায় বিনষ্ট হইয়া যায় ॥৪॥

অত্যন্ত ভীরু, অত্যন্ত নিস্তেজা, দীর্ঘসূত্র, অসাবধান ও অত্যন্ত বিষয়াসক্ত রাজার প্রতি প্রজারা ভক্তি করে না ॥৫॥

---

(৩)…প্রাণানুৎস্রষ্টুমর্হসি—বা ব কা।

সৎকৃতস্য হি তে শোকো বিপরীতে কথং ভবেৎ।
মা কৃতং শোভনং পার্থৈঃ শোকমালম্ব্য নাশয় ॥৬॥
যত্র হর্ষস্ত্বয়া কার্য্যঃ সৎকর্ত্তব্যাশ্চ পাণ্ডবাঃ।
তত্র শোচসি রাজেন্দ্র! বিপরীতমিদং তব ॥৭॥
প্রসীদ মা ত্যজাত্মানং তুষ্টশ্চ সুকৃতং স্মর।
প্রয়চ্ছ রাজ্যং পার্থানাং যশো ধর্ম্মমবাপ্নু হি।
ক্রিয়ামেতাং সমাজ্ঞায় কৃতজ্ঞস্ত্বং ভবিষ্যসি ॥৮॥
সৌভ্রাত্রং পাণ্ডবৈঃ কৃত্বা সমবস্থাপ্য চৈব তান্।
পিত্র্যং রাজ্যং প্রয়চ্ছৈষাং ততঃ সুখমবাপ্স্যসি ॥৯॥

বৈশম্পায়ন উবাচ।

শকুনেস্তু বচঃ শ্রুত্বা দুঃশাসনমবেক্ষ্য চ।
পাদয়োঃ পতিতং বীরং বিকৃতং ভ্রাতৃসৌহৃদাৎ ॥১০॥
বাহুভ্যাং সাধুজাতাভ্যাং দুঃশাসনমরিন্দমম্।
উত্থাপ্য সংপরিষ্বজ্য প্রীত্যাজিঘ্রত মূর্দ্ধনি ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সদিতি। বিপরীতে হর্ষস্থানে। শোকমালম্ব্য পার্থৈঃ কৃতং শোভনং মা নাশয় ॥৬॥
যত্রেতি। সৎকর্ত্তব্যা আদর্ত্তব্যা উপকারিত্বাদিতি ভাবঃ।৭॥
প্রসীদেতি। সুকৃতং পাণ্ডবকৃতমুপকারম্। সমাজ্ঞায় কর্ত্তুং বাদিশ্য। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৮॥
সৌভ্রাত্রমিতি। শকুনেরীদৃশ উপদেশো বিস্ময়বিষয় এবেতি ভাবঃ ॥৯॥
শকুনেরিতি। বিকৃতং বিহ্বলম্। সাধুজাতাভ্যাং মনোহরাভ্যাম্ ॥১০—১১॥

পাণ্ডবেরা তোমার গৌরব করিয়াছে; সুতরাং হর্ষস্থানে তোমার শোক হয় কি প্রকারে?। পাণ্ডবেরা যে ভাল কাজটা করিয়াছে, তুমি শোক করিয়া সেটাকে নষ্ট করিও না ॥৬॥

রাজশ্রেষ্ঠ! যে বিষয়ে তোমার আনন্দ করা উচিত এবং পাণ্ডবদেরও গৌরব করা সঙ্গত, সেই বিষয়েই তুমি শোক করিতেছ; এটা তোমার বিপরীত ব্যবহার ॥৭॥

অতএব প্রসন্ন হও, প্রাণত্যাগ করিও না, সন্তুষ্ট হইয়া পাণ্ডবদের উপকার স্মরণ কর, তাহাদের রাজ্য তাহাদিগকে দাও এবং যশ ও ধর্ম্ম লাভ কর। অথবা এই কার্য্য করিবার আদেশ দিয়াই তুমি কৃতজ্ঞ হইবে ॥৮॥

পাণ্ডবদের সহিত ভ্রাতৃসৌহার্দ্দ স্থাপন এবং উহাদিগকে যথাস্থানে স্থাপন করিয়া উহাদের পৈতৃক রাজ্য উহাদিগকে দাও; তাহা হইলেই সুখ পাইবে" ॥৯॥

কর্ণসৌবলয়োশ্চাপি সংশ্রুত্য বচনান্যসৌ।
নির্ব্বেদং পরমং গত্বা রাজা দুর্য্যোধনস্তদা ॥১২॥
ব্রীড়য়াভিপরীতাত্মা নৈরাশ্যমগমৎ পরম্।
তচ্ছ্রুত্বা সুহৃদশ্চৈব সমন্যুরিদমব্রবীৎ ॥১৩॥ (যুগ্মকম্)
ন ধর্ম্মধনসৌখ্যেন নৈশ্বর্য্যেণ ন চাজ্ঞয়া।
নৈব ভোগৈশ্চ মে কার্য্যং মা বিহন্যত গচ্ছত ॥১৪॥
নিশ্চিতেয়ং মম মতিঃ স্থিতা প্রায়োপবেশনে।
গচ্ছধ্বং নগরং সর্ব্বে পূজ্যাশ্চ গুরবো মম ॥১৫॥

ভারতকৌমুদী

কর্ণেতি। নির্ব্বেদমাত্মগ্লানিম্। সমন্যুঃ অতীবদৈন্যযুক্তঃ ॥১২—১৩॥

নেতি। কার্য্যং প্রয়োজনম। মা বিহন্যত মৎসঙ্কল্পং মা হত, আর্ষো যন্ ॥১৪॥

নিশ্চিতেতি। পূজ্যাঃ সগৌরবং দ্রষ্টব্যাঃ, গুরবঃ পিত্রাদয়ঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

শ্চেতি ভাবঃ ॥৫॥ পার্থৈঃ কৃতং শোকমালম্ব্য মা নাশয়েতি সম্বন্ধঃ।৬—৭॥ আত্মানং শরীরম, মা ত্যজ ॥৮—৯॥ বিকৃতং ম্লানম্, ভ্রাতৃসৌহৃদং ভ্রাতরি সৌহৃদং বাৎসল্যমস্যাস্তীতি ভ্রাতৃসৌহৃদস্তম্ ॥১০—১১॥ নির্ব্বেদং জীবিতে বৈরাগ্যম্ ॥১২॥ নৈরাশ্যং রাজ্যলাভে ইতি শেষঃ, সমন্যুঃ দৈন্যবান্ ॥১৩॥ ধর্ম্মেণ ধনেন সৌখ্যেন বা ন মম কার্য্যমিতি সম্বন্ধঃ, ধর্ম্মধনাভ্যাং যৎ সৌখ্যং তেন বা আজ্ঞয়া আজ্ঞাফলেন রাজ্যেনেত্যর্থঃ। মা বিহন্যত আত্মানং মা ঘাতয়ত, মম সঙ্কল্পং বা মা নাশয়ত ॥১৪॥ পূজ্যা ভবন্তিতি শেষঃ, গুরবো ধৃতরাষ্ট্রাদয়ঃ

বৈশম্পায়ন বলিলেন—দুর্য্যোধন শকুনির কথা শুনিয়া, ভ্রাতৃসৌহার্দ্দে আকুল ও পাদপতিত বীর দুঃশাসনের প্রতি দৃষ্টিপাত করিয়া এবং অরিন্দম সেই দুঃশাসনকে উঠাইয়া মনোহর বাহুযুগলদ্বারা তাঁহাকে আলিঙ্গন করিয়া স্নেহবশতঃ তাঁহার মস্তকাঘ্রাণ করিলেন ॥১০—১১॥

আর দুর্য্যোধন—কর্ণ ও শকুনির কথাগুলি শুনিয়া, অত্যন্ত আত্মগ্লানিযুক্ত ও লজ্জায় আকুল হইয়া জীবনের প্রতি একেবারে নিরাশ হইলেন এবং সেই সকল উক্তি শুনিবার পরে কাতর হইয়া বন্ধুগণের প্রতি এই কথা বলিলেন—॥১২—১৩॥

"বন্ধুগণ! ধর্ম্ম, ধন, সুখ, প্রভুত্ব, আদেশ বা ভোগদ্বারা আমার কোন প্রয়োজন নাই; আপনারা আমার সঙ্কল্প নষ্ট করিবেন না, চলিয়া যান ॥১৪॥

প্রায়োপবেশন করিবার বিষয়েই আমার বুদ্ধি স্থির করিয়াছি; অতএব আপনারা সকলে হস্তিনায় গমন করুন: আমার গুরুজনবর্গকে গৌরবের সহিত পর্য্যবেক্ষণ করিবেন" ॥১৫॥

ত এবমুক্ত্বা প্রত্যূচু রাজানমরিমর্দ্দনম্।
যা গতিস্তব রাজেন্দ্র ! সাঽস্মাকমপি ভারত !।
কথং বা সম্প্রবেক্ষ্যামস্ত্বদ্বিহীনাঃ পুরং বয়ম্ ॥১৬॥
বৈশম্পায়ন উবাচ।
স সুহৃদ্ভিরমাত্যৈশ্চ ভ্রাতৃভিঃ স্বজনেন চ।
বহুপ্রকারমপ্যুক্তো নিশ্চয়ান্ন ব্যচাল্যত ॥১৭॥
দর্ভাস্তরণমাস্তীর্য্য নিশ্চয়াদ্ধৃতরাষ্ট্রজঃ।
সংস্পৃশ্যাপঃ শুচির্ভূত্বা ভূতলে সমুপস্থিতঃ ॥১৮॥
কুশচীরাম্বরধরঃ পরং নিয়মমাস্থিতঃ।
বাগ্‌যতো রাজশার্দ্দূলঃ স স্বর্গগতিকাম্যয়া।
মনসোঽপচিতিং কৃত্বা নিরস্য চ বহিঃক্রিয়া ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত ইতি। তে সুহৃদঃ। গতিরবস্থা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

স ইতি। স্বজনেন জ্ঞাতিবর্গেণ। নিশ্চয়াৎ প্রায়োপবেশননির্দ্ধারণাৎ ॥১৭॥

দর্ভেতি। সমুপস্থিতঃ তৎসমীপ এবাবস্থিতঃ। কুশচীরং কুশময়কৌপীনমেবাম্বরং ধরতীতি সঃ। অপচিতিম্ ইষ্টদেবতাপূজাম্, নিরস্য ত্যক্ত্বা, বহিঃক্রিয়াঃ স্নানাদীঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮—১৯॥

ভারতভাবদীপঃ

॥১৫—১৬॥ সুহৃদ্ভিঃ কর্ণাদ্যৈঃ, অমাত্যৈঃ শকুনিপ্রভৃতিভিঃ, ভ্রাতৃভির্দুঃশাসনাদিভিঃ, স্বজনৈঃ সম্বন্ধিভিঃ ॥১৭—১৮॥ বাগ্‌যতো মৌনী, স্বর্গগতির্মরণম্, তৎকাম্যয়া তদিচ্ছয়া। মনসা উপ সমীপে, চিতিং দাহার্থং কাষ্ঠসঞ্চয়ম্, কৃত্বা সঙ্কল্প্য অবশ্যং কর্ত্তব্যমিতি নিশ্চিত্যেত্যর্থঃ।

দুর্য্যোধন এইরূপ বলিলে, সেই বন্ধুগণ শত্রুবিজয়ী দুর্য্যোধনকে বলিলেন—"রাজশ্রেষ্ঠ ভরতনন্দন! আপনার যেরূপ অবস্থা, আমাদেরও সেইরূপ অবস্থাই হইবে। কারণ, আমরা আপনাকে ছাড়িয়া কি করিয়া হস্তিনায় প্রবেশ করিব ?" ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—সুহৃদ্‌গণ, মন্ত্রিগণ, ভ্রাতৃগণ ও জ্ঞাতিগণ বহুপ্রকার বলিয়াও দুর্য্যোধনকে তাঁহার নিশ্চিত সঙ্কল্প হইতে বিচলিত করিতে পারিলেন না ॥১৭॥

তখন রাজশ্রেষ্ঠ দুর্য্যোধন স্বর্গলাভ করিবার ইচ্ছায় পবিত্র, কুশময়কৌপীনধারী ও মৌনী হইয়া, স্নানপ্রভৃতি বাহিরের ক্রিয়া পরিত্যাগপূর্ব্বক মনে মনে

(১৭)···নিশ্চয়ান্ন বিচাল্যতে—বা ব কা পি।

অথ তং নিশ্চয়ং তস্য বুদ্ধা দৈতেয়দানবাঃ।
পাতালবাসিনো রৌদ্রাঃ পূর্ব্বং দেবৈর্বিনির্জ্জিতাঃ ॥২০॥
তে স্বপক্ষক্ষয়ং তস্য জ্ঞাত্বা দুর্য্যোধনস্য বৈ।
আহ্বানায় তদা চক্রুঃ কর্ম্ম বৈতানসম্ভবম্ ॥২১॥ (যুগ্মকম্)
বৃহস্পত্যুশনোক্তৈশ্চ মন্ত্রৈর্মন্ত্রবিশারদাঃ।
অথর্ব্ববেদপ্রোক্তৈশ্চ যাশ্চোপনিষদি ক্রিয়াঃ।
মন্ত্রজপ্যসমাযুক্তাস্তাস্তদা সমবর্ত্তয়ন্ ॥২২॥
জুহ্বত্যগ্নৌ হবিঃ ক্ষীরং মন্ত্রবৎ সুসমাহিতাঃ।
ব্রাহ্মণা বেদবেদাঙ্গপারগাঃ সুদৃঢ়ব্রতাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

অথেতি। রৌদ্রা ভীষণাঃ। দুর্য্যোধনস্য আহ্বানায়েতি সম্বন্ধঃ। বৈতানং শ্রৌতো হোমস্তেন সম্ভবতীতি তৎ শ্রৌতহোমপ্রধানমিত্যর্থঃ ॥২০—২১॥

বৃহস্পতীতি। উশনা শুক্রঃ। মন্ত্রবিশারদা যাজ্ঞিকাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

জুহ্বতীতি। জুহ্বতি হুতবন্তঃ। সুসমাহিতাঃ চিত্তৈকাগ্রতাসম্পন্নাঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

বহিঃক্রিয়াঃ স্নানপানাদ্যাঃ ॥১৯—২০॥ বৈতানসম্ভবমগ্নিবিস্তারসাধ্যং নবকুণ্ড্যাদিবিধানম্ ॥২১॥ আথর্ব্বণিকং ন তু ত্রয়ীরূপম্। উপনিষদি আরণ্যকে প্রোক্তাঃ ক্রিয়াঃ—"সর্ব্বং প্রবিধ্য হৃদয়ং প্রবিধ্য শিরোভিবৃশ্চ ধমনীঃপ্রব্রজে"ত্যাদিমন্ত্রপ্রকাশিতাঃ শত্রুমারণার্থা এতন্মন্ত্রজপ-

---

ইষ্টদেবতার পূজা করিয়া, বিশেষ নিয়ম ধারণপূর্ব্বক আচমন করিয়া ভূতলে কুশময় আস্তরণ পাতিয়া, তাহার উপরে উপবেশন করিলেন ॥১৮—১৯॥

তাহার পর পূর্ব্বে দেবগণকর্ত্তৃক পরাজিত পাতালবাসী রৌদ্রমূর্ত্তি দৈত্য ও দানবগণ দুর্য্যোধনের সেই প্রায়োপবেশনের বিষয় জানিতে পারিয়া, সেটা আপন পক্ষেরই ক্ষতি ইহা বুঝিয়া দুর্য্যোধনকে আনিবার জন্য বেদোক্ত কোন যজ্ঞ আরম্ভ করিল ॥২০—২১॥

মন্ত্রবিশারদ যাজ্ঞিকেরা তখন বৃহস্পতি ও শুক্রাচার্য্যপ্রোক্ত মন্ত্র এবং অথর্ব্ববেদোক্ত মন্ত্রদ্বারা—মন্ত্র ও জপযুক্ত যে সকল ক্রিয়া উপনিষদে উক্ত আছে, সেই সকল ক্রিয়া করিতে আরম্ভ করিলেন ॥২২॥

আর দৃঢ়ব্রতপরায়ণ ও বেদবেদাঙ্গপারদর্শী ব্রাহ্মণেরা বিশেষভাবে একাগ্রচিত্ত হইয়া অগ্নিতে দুগ্ধ ও হবির্দ্বারা হোম করিতে লাগিলেন ॥২৩॥

---

(২২)···তাস্তদা সম্প্রবর্ত্তয়ন্—বা ব কা।

কর্ম্মসিদ্ধৌ তদা তত্র জৃম্ভমাণা মহাদ্ভুতা।
কৃত্যা সমুত্থিতা রাজন্! কিং করোমীতি চাব্রবীৎ ॥২৪॥
আহুর্দৈত্যাশ্চ তাং তত্র সুপ্রীতেনান্তরাত্মনা।
প্রায়োপবিষ্টং রাজানং ধার্ত্তরাষ্ট্রমিহানয় ॥২৫॥
তথেতি চ প্রতিশ্রুত্য সা কৃত্যা প্রযযৌ তদা।
নিমেষাদগমচ্চাপি যত্র রাজা সুযোধনঃ ॥২৬॥
সমাদায় চ রাজানং প্রবিবেশ রসাতলম্।
দানবানাং মুহূর্ত্তাচ্চ তমানীতং ন্যবেদয়ৎ ॥২৭॥
তমানীতং নৃপং দৃষ্ট্বা রাত্রৌ সঙ্গত্য দানবাঃ।
প্রহৃষ্টমনসঃ সর্ব্বে কিঞ্চিদুৎফুল্ললোচনাঃ।
সাভিমানমিদং বাক্যং দুর্য্যোধনমথাব্রুবন্ ॥২৮॥

ভারতকৌমুদী

কর্ম্মেতি। জৃম্ভমাণা মুখং ব্যাদদানা, কৃত্যা কাচিদাভিচারিকী দেবতা ॥২৪॥
আহুরিতি। চকারাদ্দানবাশ্চ। সুপ্রীতেন, আশায়াঃ সাফল্যসম্ভবাদিত্যাশয়ঃ ॥২৫॥
তথেতি। প্রযযৌ যাত্রাং চকারেতি ন পুনরুক্তিঃ ॥২৬॥
সমিতি। রাজানং নিদ্রিতং দুর্য্যোধনম্। দানবানামন্তিকে ন্যবেদয়ৎ সা কৃত্যা ॥২৭॥
তমিতি। সঙ্গত্য মিলিত্বা। সাভিমানং সগর্ব্বম। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥২৮॥

রাজা! এইভাবে সেই কার্য্য সমাপ্ত হইলে, অত্যন্ত আশ্চর্য্য এক কৃত্যা (আভিচারিকী দেবতা) মুখব্যাদান করিয়া উত্থিত হইল এবং বলিল—"আমি কি করিব?" ॥২৪॥

তখন দৈত্য ও দানবেরা সন্তুষ্টচিত্তে বলিল—"তুমি—প্রায়োপবিষ্ট রাজা দুর্য্যোধনকে এইখানে আনয়ন কর" ॥২৫॥

'তাহাই হইবে' এইরূপ প্রতিজ্ঞা করিয়া সেই কৃত্যা তখনই যাত্রা করিল এবং নিমেষের মধ্যে—যেখানে দুর্য্যোধন ছিলেন, সেইখানে গেল ॥২৬॥

এবং দুর্য্যোধনকে লইয়া মুহূর্ত্তমধ্যে পাতালে প্রবেশ করিল এবং দানবগণের নিকটে তাঁহার আনয়নের কথা জানাইল ॥২৭॥

সেই রাজা দুর্য্যোধনকে আনীত দেখিয়া দানবেরা সকলে সেই রাত্রিতেই মিলিত হইয়া, আনন্দিতচিত্তে এবং ঈষদুৎফুল্লনয়নে গর্ব্বের সহিত দুর্য্যোধনকে এই কথা বলিল— ॥২৮॥

---

(২৮) শ্লোকাৎ পরম্—'...ষট্চত্বারিংশদধিকদ্বিশততমঃ...'—পি, '...পঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—বা ব, '...একপঞ্চাশদধিকদ্বিশততমঃ ...'—কা, '...দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—নি।

দানবা ঊচুঃ।

ভোঃ সুযোধন! রাজেন্দ্র! ভরতানাং কুলোদ্বহ!।
শূরৈঃ পরিবৃতো নিত্যং তথৈব চ মহাত্মভিঃ ॥২৯॥
অকার্ষীঃ সাহসমিদং কস্মাৎ প্রায়োপবেশনম্।
আত্মত্যাগী হ্যধো যাতি বাচ্যতাঞ্চাযশস্করীম্ ॥৩০॥
নহি কার্য্যবিরুদ্ধেষু বহুপাপেষু কর্ম্মসু।
মূলঘাতিষু সজ্জন্তে বুদ্ধিমন্তো ভবদ্বিধাঃ ॥৩১॥
নিয়চ্ছৈনাং মতিং রাজন্! ধর্ম্মার্থসুখনাশিনীম্।
যশঃপ্রতাপবীর্য্যঘ্নীং শত্রূণাং হর্ষবর্দ্ধিনীম্ ॥৩২॥
শ্রূয়তাঞ্চ প্রভো! তত্ত্বং দিব্যতা চাত্মনো নৃপ!।
নির্ম্মাণঞ্চ শরীরস্য ততো ধৈর্য্যমবাপ্নুহি ॥৩৩॥

ভারতকৌমুদী

ভো ইতি। শূরৈঃ পরিবৃত ইতি পাণ্ডববিজয়ন্তে সুকর এবেতি ভাবঃ ॥২৯॥
অকার্ষীরিতি। আত্মত্যাগী আত্মনৈব দেহত্যাগী। বাচ্যতাং লোকবাদম্ ॥৩০॥
নহীতি। কার্য্যবিরুদ্ধেষু কর্ত্তব্যবিপরীতেষু। সজ্জন্তে প্রবর্ত্তন্তে ॥৩১॥
নিয়চ্ছেতি। এনাং প্রায়োপবেশনেনাত্মত্যাগবিষয়াম্ ॥৩২॥
শ্রূয়তামিতি। তত্ত্বং যাথার্থ্যম্, দিব্যতা স্বর্গীয়তা ॥৩৩॥

ভারতভাবদীপঃ

হোমাদিরূপাঃ সমবর্ত্তয়ন্, সংপ্রাবর্ত্তয়ন্ দৈতেয়দানবা ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥২২—২৩॥ কৃত্যা আজ্ঞাকরী দেবতা ॥২৪—৩০॥ কার্য্যবিরুদ্ধেষু শত্রুজয়বিরুদ্ধেষু, পাপেষু আত্মহত্যাদিষু ॥৩১॥

দানবগণ বলিল—"হে ভরতকুলধুরন্ধর রাজশ্রেষ্ঠ দুর্য্যোধন! আপনি সর্ব্বদাই বীরগণে ও মহাত্মগণে পরিবেষ্টিত রহিয়াছেন ॥২৯॥

অতএব কি জন্য আপনি এই প্রায়োপবেশনরূপ সাহসের কার্য্য করিয়াছেন?। আত্মহত্যাকারী লোকের অধোগতি ও লোকনিন্দা হইয়া থাকে ॥৩০॥

আপনার তুল্য বুদ্ধিমান্ লোকেরা কর্ত্তব্যের বিপরীত, বহু পাপজনক এবং মূলনাশক কার্য্যে কখনও প্রবৃত্ত হন না ॥৩১॥

অতএব রাজা! ধর্ম্ম, অর্থ, সুখ, যশ, প্রতাপ ও শক্তির নাশকারী এবং শত্রুদিগের আনন্দজনক এই সঙ্কল্প ত্যাগ করুন ॥৩২॥

প্রভু! রাজা! আপনি যথার্থ ঘটনা শ্রবণ করুন এবং নিজের স্বর্গীয়তা ও শরীরনির্ম্মাণের বিষয় অবগত হউন; তাহার পর ধৈর্য্য ধারণ করুন ॥৩৩॥

---

(৩৩)...দিব্যতাকাত্মনো নৃপ!"—বা ব.কা নি।

পুরা ত্বং তপসাস্মাভির্লব্ধো রাজন্! মহেশ্বরাৎ।
পূর্ব্বকায়শ্চ সর্ব্বস্তে নির্ম্মিতো বজ্রসঞ্চয়ৈঃ ॥৩৪॥
অস্ত্রৈরভেদ্যঃ শস্ত্রৈশ্চাপ্যধঃকায়শ্চ তেঽনঘ!।
কৃতঃ পুষ্পময়ো দেব্যা রূপতঃ স্ত্রীমনোহরঃ ॥৩৫॥ (যুগ্মকম্)
এবমীশ্বরসংযুক্তস্তব দেহো নৃপোত্তম!।
দেব্যা চ রাজশার্দ্দূল! দিব্যস্ত্বং হি ন মানুষঃ ॥৩৬॥
ক্ষত্রিয়াশ্চ মহাবীর্য্যা ভগদত্তপুরোগমাঃ।
দিব্যাস্ত্রবিদুষঃ শূরাঃ ক্ষপয়িষ্যন্তি তে রিপূন্ ॥৩৭॥
তদলং তে বিষাদেন ভয়ং তব ন বিদ্যতে।
সাহায্যার্থঞ্চ তে বীরাঃ সম্ভূতা ভুবি দানবাঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

পুরেতি। পূর্ব্বকায়ো নাভেরুপরিভাগঃ, বজ্রসঞ্চয়ৈর্বজ্রবদ্দৃঢ়োপকরণৈর্মহেশ্বরেণ নির্ম্মিতঃ, অতএবাসৌ অস্ত্রৈঃ শস্ত্রৈরপি চাভেদ্যঃ। অস্যন্ত ইত্যস্ত্রাণি দূরক্ষেপযোগ্যানি বাণাদীনি, শস্যন্ত এভিরিতি শস্ত্রাণি সন্নিধিমারণসাধনানি কৃপাণাদীনি। অধঃকায়ো নাভেরধোভাগঃ। পুষ্পময়স্তদ্বৎ কোমলঃ, দেব্যা পার্ব্বত্যা ॥৩৪—৩৫॥

এবমিতি। ঈশ্বরসংযুক্তঃ শিবসৃষ্টিযুক্তঃ। দেব্যা পার্ব্বত্যা চ সৃষ্ট ইতি শেষঃ ॥৩৬॥

ক্ষত্রিয়া ইতি। দিব্যাস্ত্রবিদুষোঽপি রিপূন্ ক্ষপয়িষ্যন্তীতি সম্বন্ধঃ ॥৩৭॥

তদিতি। দানবানাং ভুবি সম্ভবশ্চ আদিপর্ব্বণি সম্ভবপর্ব্বণ্যুক্তো দ্রষ্টব্যঃ ॥৩৮॥

রাজা! আমরা পূর্ব্বে তপস্যা করিয়া মহাদেবের নিকট হইতে আপনাকে লাভ করিয়াছি; তিনি বজ্রতুল্য দৃঢ় উপকরণদ্বারা আপনার দেহের নাভির উপরের সমস্ত অংশ নির্ম্মাণ করিয়াছেন; সুতরাং ঐ অংশ অস্ত্র-শস্ত্রের অভেদ্য। আর দেবী পার্ব্বতী আপনার নাভির নিম্নভাগটাকে পুষ্পের ন্যায় কোমল এবং রূপে স্ত্রীদিগের মনোহর করিয়া সৃষ্টি করিয়াছেন ॥৩৪—৩৫॥

রাজশ্রেষ্ঠ! এইরূপে আপনার দেহটা শিব ও পার্ব্বতীর নির্ম্মিত; সুতরাং আপনি স্বর্গীয় লোকই বটেন; কিন্তু মানুষ নহেন ॥৩৬॥

তা'র পর আপনার শত্রুরা স্বর্গীয় অস্ত্র জানিলেও, ভগদত্তপ্রভৃতি মহাবীর ক্ষত্রিয়েরা তাহাদিগকে সংহার করিবেন ॥৩৭॥

অতএব আপনি বিষণ্ণ হইবেন না এবং আপনার কোন ভয়ও নাই। বিশেষতঃ মহাবীর দানবেরা আপনার সাহায্য করিবার জন্য ভূতলে জন্মগ্রহণ করিয়াছেন ॥৩৮॥

(৩৭)...ক্ষয়িষ্যন্তি তে রিপূন্—বা ব কা পি।

ভীষ্মদ্রোণকৃপাদীংশ্চ প্রবেক্ষ্যন্ত্যপরেঽসুরাঃ।
যৈরাবিষ্টা ঘৃণাং ত্যক্ত্বা যোৎস্যন্তে তব বৈরিভিঃ ॥৩৯॥
নৈব পুত্রান্ ন চ ভ্রাতৄন্ ন পিতৄন্ ন চ বান্ধবান্।
নৈব শিষ্যান্ ন চ জ্ঞাতীন্ ন বালান্ স্থবিরান্ ন চ ॥৪০॥
যুধি সম্প্রহরিষ্যন্তো মোক্ষ্যন্তি কুরুসত্তম!।
নিঃস্নেহা দানবাবিষ্টাঃ সমাক্রান্তেঽন্তরাত্মনি ॥৪১॥ (যুগ্মকম্)
প্রহরিষ্যন্তি বন্ধুভ্যঃ স্নেহমুৎসৃজ্য দূরতঃ।
হৃষ্টাঃ পুরুষশার্দ্দূলাঃ কলুষীকৃতমানসাঃ ॥৪২॥
অনভিজ্ঞাতমূলাশ্চ দৈবাচ্চ বিধিনির্ম্মিতাৎ।
ব্যাভাষমাণাশ্চান্যোন্যং ন মে জীবন্ বিমোক্ষ্যসে ॥৪৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ভীষ্মেতি। ঘৃণাং দয়াম্। যোৎস্যন্তে তে ভীষ্মদ্রোণকৃপাদয়ঃ ॥৩৯॥

নেতি। পিতৄন্ পিতৃপর্য্যায়গতান্। অন্তরাত্মনি মনসি, সমাক্রান্তে দানবৈরেব ॥৪০—৪১॥

প্রেতি। কলুষীকৃতমানসা দানবৈরেব। বিধিনির্ম্মিতাৎ বিধাতৃনিয়মিতাৎ, দৈবাৎ পূর্ব্বজন্ম-কর্ম্মতঃ, অনভিজ্ঞাতমূলা অস্মৃতসম্বন্ধাঃ, জীবন্ মে ন বিমোক্ষ্যস ইত্যন্যোন্যং ব্যাভাষমাণাঃ ॥৪২-৪৩॥

ভারতভাবদীপঃ

নিয়চ্ছ ত্যজেত্যর্থঃ ॥৩২—৩৩॥ পূর্ব্বকায়ঃ নাভেরুপরি ॥৩৪—৩৮॥ অসুরা ইতি চ্ছেদঃ। ঘৃণাং কৃপাম্ ॥৩৯—৪০॥ অন্তরাত্মনি চিত্তে, সমাক্রান্তে দানবৈরেব ॥৪২॥ অবিজ্ঞানং কার্য্যাকার্য্যবিজ্ঞানাভাবস্তেন মূঢ়াঃ, দৈবাদদৃষ্টাৎ, বিধিনির্ম্মিতাৎ পূর্ব্বকর্ম্মকৃতাৎ ॥৪৩॥

তা'র পর, অন্যান্য অসুরেরাও ভীষ্ম, দ্রোণ এবং কৃপপ্রভৃতির দেহে প্রবেশ করিবেন; যাঁহাদের প্রবেশে ঐ ভীষ্মপ্রভৃতি দয়া বিসর্জ্জন দিয়া আপনার শত্রুগণের সহিত যুদ্ধ করিবেন ॥৩৯॥

কৌরবশ্রেষ্ঠ! দানবেরা দেহে প্রবেশ করিয়া মন আক্রমণ করিলে, ঐ ভীষ্ম-দ্রোণপ্রভৃতি স্নেহ বিসর্জ্জন দিয়া যুদ্ধে পুত্র, ভ্রাতা, বন্ধু, শিষ্য, জ্ঞাতি, বালক বা বৃদ্ধকেও প্রহার করিতে ছাড়িবেন না ॥৪০—৪১॥

দানবেরা চিত্ত বিকৃত করিয়া দিলে ঐ সকল শ্রেষ্ঠ পুরুষ বিধিনিয়মিত দৈব অনুসারে সমস্ত সম্বন্ধ বিস্মৃত ও আনন্দিত হইয়া 'তুমি জীবিত অবস্থায় আমার হাত হইতে মুক্তি পাইবে না' এইরূপ পরস্পর বলিতে থাকিয়া, দূরে স্নেহ বিসর্জ্জন দিয়া বন্ধুদিগকেও প্রহার করিবেন ॥৪২—৪৩॥

---

(৪৩) অবিজ্ঞানবিমূঢ়াশ্চ—বা ব কা পি।

সর্ব্বশস্ত্রাস্ত্রমোক্ষেণ পৌরুষে সমবস্থিতাঃ।
শ্লাঘমানাঃ কুরুশ্রেষ্ঠ! করিষ্যন্তি জনক্ষয়ম্ ॥৪৪॥
তেঽপি পঞ্চ মহাত্মানঃ প্রতিযোৎস্যন্তি পাণ্ডবাঃ।
বধঞ্চৈষাং করিষ্যন্তি দৈবযুক্তা মহাবলাঃ ॥৪৫॥
দৈত্যরক্ষোগণাশ্চৈব সম্ভূতাঃ ক্ষত্রযোনিষু।
যোৎস্যন্তি যুধি বিক্রম্য শত্রুভিস্তব পার্থিব!।
গদাভির্মুষলৈঃ শূলৈঃ শস্ত্রৈরুচ্চাবচৈস্তথা ॥৪৬॥
যচ্চ তেঽন্তর্গতং বীর! ভয়মর্জ্জুনসম্ভবম্।
তত্রাপি বিহিতোঽস্মাভির্বধোপায়োঽর্জ্জুনস্য বৈ ॥৪৭॥
হতস্য নরকস্যাত্মা কর্ণমূর্ত্তিমুপাশ্রিতঃ।
তদ্বৈরং সংস্মরন্ বীর! যোৎস্যতে কেশবার্জ্জুনৌ ॥৪৮॥

ভারতকৌমুদী

সর্ব্বেতি। শ্লাঘমানাঃ পরস্পরমাত্মপ্রশংসাং কুর্ব্বাণাঃ ॥৪৪॥
ত ইতি। দৈবযুক্তা ইত্যনেন দৈবং বিনা পাণ্ডবানাং বধঃ অসম্ভব এবেতি সূচিতম্ ॥৪৫॥
দৈত্যেতি। উচ্চাবচৈর্নানাবিধৈরপরৈশ্চ শস্ত্রৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥
যদিতি। সর্ব্বাপেক্ষয়া অর্জ্জুনস্য দৃষ্টাধিকবীর্য্যত্বাদিতি ভাবঃ ॥৪৭॥
হতস্যেতি। নরকস্য তদাখ্যস্য অসুরস্য। কেশবার্জ্জুনৌ প্রাপ্যেতি শেষঃ ॥৪৮॥

কৌরবশ্রেষ্ঠ! পুরুষকারশালী বীরগণ পরস্পর আত্মশ্লাঘা করিতে থাকিয়া সর্ব্বপ্রকার অস্ত্র-শস্ত্র নিক্ষেপ করিয়া লোকক্ষয় করিবেন ॥৪৪॥

সেই মহাত্মা পঞ্চ পাণ্ডবও যুদ্ধ করিবেন বটে; তবে দৈবশালী মহাবীরেরা উঁহাদিগকেও বধ করিবেন ॥৪৫॥

রাজা! দৈত্যগণ ও রাক্ষসগণ যাইয়া ক্ষত্রিয়যোনিতে জন্মগ্রহণ করিয়াছেন; সুতরাং তাঁহারাও যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া গদা, মুষল, শূল এবং অন্য নানাবিধ অস্ত্রদ্বারা আপনার শত্রুদের সহিত যুদ্ধ করিবেন ॥৪৬॥

বীর! আপনার মনে যে অর্জ্জুনের ভয় রহিয়াছে, সে বিষয়েও আমরা অর্জ্জুনের বধের উপায় করিয়া রাখিয়াছি ॥৪৭॥

বীর! নিহত নরকাসুরের আত্মা যাইয়া কর্ণের দেহ আশ্রয় করিয়া রহিয়াছে; সুতরাং সেই আত্মাই সেই শত্রুতা স্মরণ করিয়া কৃষ্ণ ও অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবে ॥৪৮॥

---

(৪৬)...গদাভির্মুষলৈঃ খড়্গৈঃ—পি।

স তে বিক্রমশৌটীরো রণে পার্থং বিজেষ্যতি ।
কর্ণঃ প্রহরতাং শ্রেষ্ঠঃ সর্ব্বাংশ্চারীন্ মহারথঃ ॥৪৯॥
জ্ঞাত্বৈতচ্ছদ্মনা বজ্রী রক্ষার্থং সব্যসাচিনঃ ।
কুণ্ডলে কবচঞ্চৈব কর্ণস্যাপহরিষ্যতি ॥৫০॥
তস্মাদস্মাভিরপ্যত্র দৈত্যাঃ শতসহস্রশঃ ।
নিযুক্তা রাক্ষসাশ্চৈব যে তে সংশপ্তকা ইতি ॥৫১॥
প্রখ্যাতাস্তেঽর্জ্জুনং বীরং নিহনিষ্যন্তি মা শুচঃ ।
অসপত্না ত্বয়া হীয়ং ভোক্তব্যা বসুধা নৃপ ! ॥৫২॥
মা বিষাদং গমস্তস্মান্নৈতত্ত্বয্যুপপদ্যতে ।
বিনষ্টে ত্বয়ি চাস্মাকং পক্ষো হীয়েত কৌরব ! ॥৫৩॥
গচ্ছ বীর ! ন তে বুদ্ধিরন্যা কার্য্যা কথঞ্চন ।
ত্বমস্মাকং গতির্নিত্যং দেবতানাঞ্চ পাণ্ডবাঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

স ইতি। বিক্রমেণ শৌটীরো গর্ব্বিতঃ। প্রহরতাং যোদ্ধৄণাম্ ॥৪৯॥
জ্ঞাত্বেতি। এতৎ কর্ণকর্ত্তৃকার্জ্জুনহননম, ছদ্মনা ছলেন, বজ্রী ইন্দ্রঃ ॥৫০॥
তস্মাদিতি। অত্র অর্জ্জুনবধবিষয়ে ॥৫১॥
প্রেতি। প্রখ্যাতা বীরত্বেন প্রসিদ্ধাঃ, তে সংশপ্তকাঃ। অসপত্না শত্রুশূন্যা ॥৫২॥
মেতি। এতৎ প্রায়োপবেশনম্, উপপদ্যতে সঙ্গচ্ছতে। হীয়েত ন্যূনো ভবেৎ ॥৫৩॥

অতএব বিক্রমগর্ব্বিত, যোদ্ধৃশ্রেষ্ঠ ও মহারথ কর্ণই যুদ্ধে অর্জ্জুনকে এবং আপনার সমস্ত শত্রুকে জয় করিবেন ॥৪৯॥

ইহা বুঝিতে পারিয়া ইন্দ্র অর্জ্জুনকে রক্ষা করিবার জন্য ছল করিয়া কর্ণের দুইটী কুণ্ডল ও কবচ অপহরণ করিবেন ॥৫০॥

অতএব আমরাও এবিষয়ে শত শত ও সহস্র সহস্র দৈত্য ও রাক্ষসকে নিযুক্ত করিয়া রাখিয়াছি, যাহারা সেই 'সংশপ্তক'-নামে প্রসিদ্ধ ॥৫১॥

বীর বলিয়া প্রসিদ্ধ সেই সংশপ্তকেরা বীর অর্জ্জুনকে বধ করিবে; অতএব আপনি শোক করিবেন না। কেন না, আপনি এই নিষ্কণ্টক পৃথিবী ভোগ করিবেন ॥৫২॥

কুরুনন্দন! আপনি বিষণ্ণ হইবেন না, এ প্রায়োপবেশন আপনার পক্ষে সঙ্গত হয় না। বিশেষতঃ, আপনি বিনষ্ট হইলে আমাদের পক্ষটাই হীন হইয়া পড়ে ॥৫৩॥

(৫২) প্রখ্যাতাস্তেঽর্জ্জুনং বীর !—বা ব কা নি।

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা পরিষ্বজ্য দৈত্যাস্তং রাজকুঞ্জরম্।
সমাশ্বাস্য চ দুর্দ্ধর্ষং প্রাদ্রবন্ দানবর্ষভাঃ ॥৫৫॥
স্থিরাং কৃত্বা বুদ্ধিমস্য প্রিয়াণ্যুক্ত্বা চ ভারত!।
গম্যতামিত্যনুজ্ঞায় জয়মাপ্নুহি চেত্যথ ॥৫৬॥ (যুগ্মকম্)
তৈর্বিসৃষ্টং মহাবাহুং কৃত্যা সৈবানয়ৎ পুনঃ।
তমেব দেশং যত্রাসৌ তদা প্রায়মুপাবিশৎ ॥৫৭॥
প্রতিনিক্ষিপ্য তং বীরং কৃত্যা সমভিপূজ্য চ।
অনুজ্ঞাতা চ রাজ্ঞা সা তত্রৈবান্তরধীয়ত ॥৫৮॥

ভারতকৌমুদী

গচ্ছেতি। গতিরবলম্বনম্। পাণ্ডবাশ্চ দেবতানাং গতিরিতি সম্বন্ধঃ ॥৫৪॥
এবমিতি। রাজকুঞ্জরং রাজশ্রেষ্ঠম্। প্রাদ্রবন্ প্রাতিষ্ঠন্ত। ইতি চানুজ্ঞায় ॥৫৫—৫৬॥
তৈরিতি। কৃত্যা আভিচারিকী দেবতা। অসৌ দুর্য্যোধনঃ ॥৫৭॥
প্রতীতি। প্রতিনিক্ষিপ্য সংস্থাপ্য, তং দুর্য্যোধনম্ ॥৫৮॥

ভারতভাবদীপঃ

ব্যাভাষমাণাঃ বিরুদ্ধমাভাষন্তঃ ॥৪৩—৪৮॥ বিক্রমে শক্রজয়ে, শৌটীরঃ সমর্থঃ ॥৪৯—৫৩॥ তে ত্বয়া, অন্যা মরণার্থা। বৈরশান্ত্যর্থা বা বুদ্ধির্ন কার্য্যা ॥৫৪—৫৫॥ জয়মাপ্নুহি চেত্যুক্ত-

অতএব বীর! আপনি হস্তিনায় যান, আপনি অন্য কোন প্রকার বুদ্ধি করিবেন না। কারণ, আপনি সর্ব্বদাই আমাদের অবলম্বন, আর পাণ্ডবেরা দেবতাদের অবলম্বন" ॥৫৪॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন। দৈত্য ও দানবশ্রেষ্ঠগণ এইরূপ বলিয়া রাজশ্রেষ্ঠ ও দুর্দ্ধর্ষ দুর্য্যোধনকে আলিঙ্গনপূর্ব্বক আশ্বস্ত করিয়া, উঁহার স্থিরবুদ্ধি জন্মাইয়া, নানাবিধ প্রিয় বাক্য বলিয়া এবং 'চলিয়া যান ও জয়লাভ করুন' এইরূপ অনুমোদন করিয়া চলিয়া গেল ॥৫৫—৫৬॥

অসুরেরা বিদায় করিলে, সেই কৃত্যাই (আভিচারিকী দেবতাই) পুনরায় মহাবাহু দুর্য্যোধনকে সেই স্থানে আনয়ন করিল, যে স্থানে দুর্য্যোধন তখন প্রায়োপবেশন করিয়াছিলেন ॥৫৭॥

কৃত্যা দুর্য্যোধনকে সেইখানে স্থাপন করিয়া, সম্মান জানাইয়া, তাঁহার অনুমতিক্রমে সেইখানেই অন্তর্হিত হইল ॥৫৮॥

---

(৫৫)...পুত্রবদ্দানবর্ষভাঃ- বা ব কা নি।

গতায়ামথ তস্যাস্তু রাজা দুর্য্যোধনস্তদা।
স্বপ্নভূতমিদং সর্ব্বমচিন্তয়ত ভারত!।
বিজেষ্যামি রণে পাণ্ডূনিতি চাস্যাভবন্মতিঃ ॥৫৯॥
কর্ণং সংশপ্তকাংশ্চৈব পার্থস্যামিত্রঘাতিনঃ।
অমন্যত বধে যুক্তান্ সমর্থাংশ্চ সুযোধনঃ ॥৬০॥
এবমাশা দৃঢ়া তস্য ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ম্মতেঃ।
বিনির্জ্জয়ে পাণ্ডবানামভবদ্ভরতর্ষভ! ॥৬১॥
কর্ণোঽপ্যাবিষ্টচিত্তাত্মা নরকস্যান্তরাত্মনা।
অর্জ্জুনস্য বধে ক্রূরাং করোতি স্ম তদা মতিম্ ॥৬২॥
সংশপ্তকাশ্চ তে বীরা রাক্ষসাবিষ্টচেতসঃ।
রজস্তমোভ্যামাক্রান্তাঃ ফাল্গুনস্য বধৈষিণঃ ॥৬৩॥
ভীষ্মদ্রোণকৃপাদ্যাশ্চ দানবাক্রান্তচেতসঃ।
ন তথা পাণ্ডুপুত্রাণাং স্নেহবন্তো বিশাংপতে! ॥৬৪॥

ভারতকৌমুদী

গতায়ামিতি। স্বপ্নভূতং স্বপ্নস্বরূপম্। অচিন্তয়ত জাগরণাৎ পরম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৫৯॥
কর্ণমিতি। পার্থস্য অর্জ্জুনস্য। যুক্তান্ প্রবৃত্তানিব ॥৬০॥
এবমিতি। এবম্ অনেন স্বপ্নদর্শনেন ॥৬১॥
কর্ণ ইতি। আবিষ্টৌ চিত্তাত্মানৌ মনোবুদ্ধী যস্য সঃ, নরকস্য অসুরস্য ॥৬২॥
স্বাভ্যাং তদানীন্তনীমবস্থামাহ—সমিতি। ফাল্গুনস্যার্জ্জুনস্য, বধৈষিণঃ অভবন্ ॥৬৩॥
ভীষ্মেতি। তথা পূর্ব্ববৎ, স্নেহবন্ত আসন্নিতি শেষঃ ॥৬৪॥

কৃত্যা অন্তর্হিত হইলে, রাজা দুর্য্যোধন তখন এই স্বপ্নের বৃত্তান্ত সকল ভাবিলেন এবং যুদ্ধে পাণ্ডবগণকে জয় করিব—এইরূপই তাঁহার ধারণা হইল ॥৫৯॥

এবং কর্ণ ও সংশপ্তকগণ যেন শত্রুহন্তা অর্জ্জুনের বধে প্রবৃত্ত হইয়াছেন, আর যেন তাহাতে তাঁহারা সমর্থও হইয়াছেন, ইহাও দুর্য্যোধন ধারণা করিলেন ॥৬০॥

ভরতশ্রেষ্ঠ! এইরূপ স্বপ্ন দর্শন করায় পাণ্ডবগণকে জয় করিবার বিষয়ে দুর্ম্মতি দুর্য্যোধনের দৃঢ় আশা জন্মিল ॥৬১॥

নরকাসুরের আত্মা যাইয়া কর্ণের অন্তঃকরণে আবিষ্ট হওয়ায় কর্ণও তখন অর্জ্জুনবধে ক্রূর বুদ্ধি স্থির করিলেন ॥৬২॥

এবং রাক্ষসেরা যাইয়া সংশপ্তকদের চিত্তে আবিষ্ট হওয়ায় রজোগুণ ও তমোগুণাক্রান্ত সেই বীর সংশপ্তকেরাও অর্জ্জুনের বধাভিলাষী হইল ॥৬৩॥

ন চাচচক্ষে কস্মৈচিদেতদ্রাজা সুযোধনঃ।
দুর্য্যোধনং নিশান্তে চ কর্ণো বৈকর্ত্তনোঽব্রবীৎ।
স্ময়ন্নিবাঞ্জলিং কৃত্বা পার্থিবং হেতুমদ্বচঃ ॥৬৫॥
ন মৃতো জয়তে শত্রূন্ জীবন্ ভদ্রাণি পশ্যতি।
মৃতস্য ভদ্রাণি কুতঃ কৌরবেয়! কুতো জয়ঃ ॥৬৬॥
ন কালোঽস্য বিষাদস্য ভয়স্য মরণস্য বা।
পরিষ্বজ্যাব্রবীচ্চৈনং ভুজাভ্যাং স মহাভুজঃ ॥৬৭॥
উত্তিষ্ঠ রাজন্! কিং শেষে কস্মাচ্ছোচসি শত্রুহন্!।
শত্রূন্ প্রতাপ্য বীর্য্যেণ স কথং মৃত্যুমিচ্ছসি ॥৬৮॥
অথবা তে ভয়ং জাতং দৃষ্ট্বার্জ্জুনপরাক্রমম্।
সত্যং তে প্রতিজানামি বধিষ্যামি রণেঽর্জ্জুনম্ ॥৬৯॥

ভারতকৌমুদী

নেতি। এতৎ স্বপ্নবিবরণম্। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ। স্ময়ন্নীষদ্ধসন। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৬৫॥
নেতি। ভদ্রাণি নানাবিধমঙ্গলানি ॥৬৬॥
নেতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য, এনং দুর্য্যোধনম্, স কর্ণঃ ॥৬৭॥
উত্তিষ্ঠেতি। শেষে স্বপিষি। যঃ খলু বীর্য্যেণ শত্রূন্ প্রতাপ্য স্থিতঃ, স ত্বম্ ॥৬৮॥
অথবেতি। দৃষ্ট্বা—গন্ধর্ব্বৈঃ সহ যুদ্ধকালে ইতি ভাবঃ ॥৬৯॥

আর, নরনাথ! ভীষ্ম, দ্রোণ এবং কৃপপ্রভৃতিও দানবাক্রান্তচিত্ত হইয়া পূর্ব্বের ন্যায় আর পাণ্ডবগণের প্রতি স্নেহশালী থাকিলেন না ॥৬৪॥

এদিকে রাজা দুর্য্যোধনও এই স্বপ্নবৃত্তান্ত কাহাকেও বলিলেন না। পরে রাত্রিশেষে সূর্য্যপুত্র কর্ণ যাইয়া কৃতাঞ্জলি হইয়া ঈষৎ হাস্য করিয়া রাজা দুর্য্যোধনকে এই সকল যুক্তিযুক্ত কথা বলিলেন—॥৬৫॥

"মানুষ মরিয়া শত্রু জয় করিতে পারে না, জীবিত থাকিয়াই নানাবিধ মঙ্গল দেখিতে পায়। মৃত ব্যক্তির মঙ্গল বা জয় হইবে কোথা হইতে? ॥৬৬॥

তা'র পর এটা তোমার বিষাদ, ভয় বা মরণের সময় নহে"। ইহা বলিয়া মহাবাহু কর্ণ বাহুযুগলদ্বারা দুর্য্যোধনকে আলিঙ্গন করিয়া পুনরায় বলিলেন—॥৬৭॥

"শত্রুহন্তা রাজা! গাত্রোত্থান কর, কেন শয়ন করিয়া রহিয়াছ, কি জন্যই বা শোক করিতেছ; তুমি এতকাল যাবৎ বাহুবলে শত্রুদিগকে সন্তপ্ত করিয়া এখন কেন মৃত্যু কামনা করিতেছ? ॥৬৮॥

অথবা অর্জ্জুনের পরাক্রম দেখিয়া তোমার ভয় জন্মিয়াছে; সুতরাং

গতে ত্রয়োদশে বর্ষে সত্যেনায়ুধমালভে।
আনয়িষ্যাম্যহং পার্থান্ বশং তব জনাধিপ ! ॥৭০॥
এবমুক্তস্তু কর্ণেন দৈত্যানাং বচনাত্তথা।
প্রণিপাতেন চাপ্যেষামুদতিষ্ঠৎ সুযোধনঃ ॥৭১॥
দৈত্যানাং তদ্বচঃ স্মৃত্বা হৃদি কৃত্বা স্থিরাং মতিম্।
ততো মনুজশার্দ্দূলো যোজয়ামাস বাহিনীম্ ॥৭২॥
রথনাগাশ্বকলিলা পদাতিজনসঙ্কুলা।
গঙ্গৌঘপ্রতিমা রাজন্। প্রয়াতা সা মহাচমূঃ ॥৭৩॥
শ্বেতচ্ছত্ত্রৈঃ পতাকাভিশ্চামরৈশ্চ সুপাণ্ডরৈঃ।
রথৈর্নাগৈঃ পদাতৈশ্চ শুশুভেঽতীব সঙ্কুলা।
ব্যপেতাভ্রঘনে কালে দ্যৌরিবাব্যক্তশারদী ॥৭৪॥

ভাবত্তকৌমুদী

গত ইতি। আলভে স্পৃশামি। আনযিষ্যামি অ'নেষ্যামি ॥৭০॥
এবমিতি। বচনাৎ বচনস্মবণাৎ। এষাং দুঃশাসনাদানাম ॥৭১॥
দৈত্যানামিতি। মতিং জয়বিষযে। যোজয়ামাস হস্তিনায়াং গমনায় ॥৭২॥
রথেতি। রথনাগাশ্বকলিলা রথহস্ত্যশ্বব্যাপ্তা। প্রযাতা প্রস্থিতা ॥৭৩॥

ভাবভাবদাপঃ

মিতি শেষঃ ॥৫০॥ অথ ত্রৈবিষ্টপমিতি সম্বন্ধঃ ॥৫০—৬॥ অন্তরাত্মনা মনসা ॥৬২—৬৫॥ পাণ্ডুপুত্রাণামুপরীতি শেষঃ ॥৬৭—৭০॥ এষাং দুঃশাসনাদীনাম্ ॥৭১ ৭৩॥ পদাতৈঃ

আমি তোমার নিকট সত্য প্রতিজ্ঞা করিতেছি যে, যুদ্ধে অর্জ্জুনকে বধ করিব ॥৬৯॥

নরনাথ। আমি অস্ত্র স্পর্শ করিয়া শপথ করিতেছি যে, ত্রয়োদশ বৎসর অতীত হইলে আমি পাণ্ডবগণকে তোমার বশে আনয়ন করিব" ॥৭০॥

কর্ণ এইরূপ বলায়, দৈত্যগণের বচন স্মরণ করায় এবং দুঃশাসনপ্রভৃতির প্রণিপাতে দুর্য্যোধন গাত্রোত্থান করিলেন ॥৭১॥

তাহার পর নরশ্রেষ্ঠ দুর্যোধন দৈত্যগণের সেই সকল বাক্য স্মরণ করিয়া এবং হৃদয়ে স্থির ধারণা করিয়া হস্তিনায় যাইবার জন্য সৈন্য যোজনা করিলেন ॥৭২॥

রাজা। ক্রমে হস্তী, অশ্ব, রথ ও পদাতিসমূহে পরিপূর্ণ এবং গঙ্গাপ্রবাহসদৃশী সেই মহাবাহিনী তথা হইতে প্রস্থান করিল ॥৭৩॥

---

(৭২) দৈত্যানাং তদ্বচঃ শ্রুত্বা—বা ব কা নি। (৭৩) রথনাগাশ্বকলিলাং পদাতিজনা সঙ্কুলাম্—কা পি নি।

জয়াশীর্ভির্দ্বিজেন্দ্রৈঃ স স্তূয়মানোঽধিরাজবৎ।
গৃহ্ণন্নঞ্জলিমালাশ্চ ধার্ত্তরাষ্ট্রো জনাধিপঃ।
সুযোধনো যযাবগ্রে শ্রিয়া পরময়া জ্বলন্ ॥৭৫॥
কর্ণেন সার্দ্ধং রাজেন্দ্র! সৌবলেন চ দেবিনা।
দুঃশাসনাদয়শ্চাস্য ভ্রাতরঃ সর্ব্ব এব তে ॥৭৬॥
ভূরিশ্রবাঃ সোমদত্তো মহারাজশ্চ বাহ্লিকঃ।
রথৈর্নানাবিধাকারৈর্হয়ৈর্গজবরৈস্তথা ॥৭৭॥
প্রয়ান্তং নৃপসিংহং তমনুজগ্মুঃ কুরূদ্বহাঃ।
কালেনাল্পেন রাজেন্দ্র! স্বপুরং বিবিশুস্তদা ॥৭৮॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং দুর্য্যোধনপুরপ্রবেশে নবাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

শ্বেতেতি। পদাতৈঃ পদাতিভিঃ। ব্যপেতং দূরীভূতম্ অভ্রঘনং মেঘসমূহো যস্মাত্তস্মিন্ কালে শরদি। "ঘনং সংঘঃ" ইত্যনেকার্থধ্বনিমঞ্জরী। অব্যক্তা উদয়ারম্ভাদস্পষ্টা শারদী জ্যোৎস্না যস্যাং সা, শ্বেতচ্ছত্রাদিসাম্যার্থমেতৎ। দ্যৌরাকাশমিব অতীব শুশুভে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৪॥

জয়েতি। অধিরাজবৎ যুবরাজোঽপি মহারাজবৎ। গৃহ্ণন্নঙ্গীকুর্ব্বন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৫॥

কর্ণেনেতি। দেবিনা দ্যূতনিপুণেন। ভ্রাতরো যযুরিতি শেষঃ ॥৭৬॥

ভূরীতি। হয়ৈরশ্বৈঃ। তং দুর্য্যোধনম্। স্বপুরং হস্তিনাম্ ॥৭৭—৭৮॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি ঘোষযাত্রায়াং নবাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

তখন শ্বেতবর্ণ ছত্র, পতাকা ও চামরে সমাকীর্ণ এবং হস্তী, পদাতি ও রথে পরিপূর্ণ সেই মহাবাহিনী মেঘবিহীন শরৎকালে অস্পষ্ট জ্যোৎস্নাযুক্ত আকাশের ন্যায় অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥৭৪॥

ব্রাহ্মণেরা জয়ধ্বনি ও আশীর্ব্বাদদ্বারা সংবর্দ্ধিত করিতে লাগিলে, নরনাথ দুর্য্যোধন যুবরাজ হইয়াও মহারাজের ন্যায় পরম শোভায় শোভিত হইয়া উপস্থিত লোকদিগের অঞ্জলিবন্ধন গ্রহণ করিতে থাকিয়া অগ্রে অগ্রে যাইতে লাগিলেন ॥৭৫॥

রাজশ্রেষ্ঠ জনমেজয়! তখন দুঃশাসনপ্রভৃতি সকল ভ্রাতারাও কর্ণ ও দ্যূতনিপুণ শকুনির সহিত যাইতে থাকিলেন ॥৭৬॥

---

* '...সপ্তচত্বারিংশদধিকদ্বিশততমঃ...'—পি, '...একপঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—বা ব, '...দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমঃ...'- কা, '...ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমঃ...'—নি।

দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:*:—

জনমেজয় উবাচ।

বসমানেষু পার্থেষু বনে তস্মিন্ মহাত্মসু।
ধার্ত্তরাষ্ট্রা মহেষ্বাসাঃ কিমকুর্ব্বত সত্তম ।॥১॥
কর্ণো বৈকর্ত্তনশ্চৈব শকুনিশ্চ মহাবলঃ।
ভীষ্মদ্রোণকৃপাশ্চৈব তন্মে শংসিতুমর্হসি ॥২॥

ভারতকৌমুদী

বসেতি। পার্থেষু পাণ্ডবেষু, তস্মিন্ দ্বৈতবনাখ্যে। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥১॥
কর্ণ ইতি। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ। ভীষ্মদ্রোণকৃপাশ্চ কিমকুর্ব্বতেত্যনুবৃত্তিঃ ॥২॥

ভারতভাবদীপঃ

পদাতিভিঃ, সা চমূর্দ্যৌরিব শুশুভে ইতি দ্বয়োঃ সম্বন্ধঃ। ব্যপেতঃ অভ্রঘনঃ মেঘবিস্তারো যস্মিন্ "ঘনং স্যাদিত্যুপক্রম্য 'বিস্তারে লোহমুদ্গরে" ইতি মেদিনী। শরদীত্যর্থঃ, অব্যক্তা ঈষদ্ব্যক্তা, শারদী শরজ্জাতপুণ্ডরীককাশকুসুমাস্থাকাশচ্ছত্রচামরাদিরূপা শোভা যস্যাং সাব্যক্তশারদা ॥৭৪॥ অধিরাজ সার্ব্বভৌমো যুধিষ্ঠিরস্তদ্বৎ গৃহ্নন্ দৃক্প্রসারাদিনানুগৃহ্নন্। অঞ্জলিমালাঃ নমস্কারাঞ্জলি-পঙ্ক্তীঃ, বদ্ধাঞ্জলীনিত্যর্থঃ ॥৭৫॥ দেবিনা দ্যূতকেন ॥৭৬—৭৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০৯॥

—:*:—

এবং ভূরিশ্রবা, সোমদত্ত, মহারাজ বাহ্লিক ও অন্যান্য কুরুবংশীয়েরা নানাবিধ রথ, অশ্ব ও হস্তীতে আরোহণ করিয়া রাজশ্রেষ্ঠ দুর্য্যোধনের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন। রাজশ্রেষ্ঠ! এইভাবে তাঁহারা অল্পকালের মধ্যেই যাইয়া হস্তিনায় প্রবেশ করিলেন ॥৭৭—৭৮॥

—:*:—

জনমেজয় বলিলেন—"সাধুশ্রেষ্ঠ। মহাত্মা পাণ্ডবেরা সেই দ্বৈতবনে বাস করিতে থাকিলে, মহাধনুর্দ্ধর ধৃতরাষ্ট্রপুত্রেরা (হস্তিনায় আসিয়া) কি করিলেন? ॥১॥

এবং মহাবল সূর্য্যপুত্র কর্ণ, শকুনি, ভীষ্ম, দ্রোণ ও কৃপ—ইঁহারাই বা কি করিলেন, তাহা আপনি আমার নিকট বলুন" ॥২॥

(১)…কিমকুর্ব্বত সত্তমাঃ!—বা ব কা নি।

বৈশম্পায়ন উবাচ।

এবং গতেষু পার্থেষু বিসৃষ্টে চ সুযোধনে।
আগতে হাস্তিনপুরং মোক্ষিতে পাণ্ডুনন্দনৈঃ।
ভীষ্মোঽব্রবীন্মহারাজ! ধার্ত্তরাষ্ট্রমিদং বচঃ ॥৩॥
উক্তং তাত! ময়া পূর্ব্বং গচ্ছতস্তে তপোবনম্।
গমনং মে ন রুচিতং তব তত্র কৃতঞ্চ তে ॥৪॥
ততঃ প্রাপ্তং ত্বয়া বীর! গ্রহণং শত্রুভির্ব্বলাৎ।
মোক্ষিতশ্চাপি ধর্ম্মজ্ঞৈঃ পাণ্ডবৈর্ন চ লজ্জসে ॥৫॥
প্রত্যক্ষং তব গান্ধারে! সসৈন্যস্য বিশাংপতে!।
সূতপুত্রোঽপয়াদ্ভীতো গন্ধর্ব্বাণাং তদা রণাৎ।
ক্রোশতস্তব রাজেন্দ্র! সসৈন্যস্য নৃপাত্মজ! ॥৬॥

ভারতকৌমুদী

এবমিতি। গতেষু দ্বৈতবনস্থিতিং প্রাপ্তেষু। ধার্ত্তরাষ্ট্রং সুযোধনমেব। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩॥

উক্তমিতি। তপোবনং দ্বৈতবনম্। তব তত্র গমনং মে ন রুচিতম্, তথাপি তে ত্বয়া তৎ কৃতঞ্চ। পূর্ব্বং ভীষ্মোদিতমেব ধৃতরাষ্ট্রেণানূদিতমিতি নাহুপপত্তিঃ ॥৪॥

তত ইতি। ধর্ম্মজ্ঞত্বাভাবে পাণ্ডবা নৃশংসান্ যুষ্মান্ ন মোচয়েয়ুরিতি ভাবঃ ॥৫॥

প্রত্যক্ষমিতি। গান্ধারে! গান্ধারীপুত্র!। গান্ধারীশব্দাৎ "বাহ্বাদেশ্চ বিধীয়তে" ইত্যণ্-প্রত্যয়েন সিদ্ধমিদম্। অপয়াৎ অপায়াৎ পলায়ত। অড়াগমাভাব আর্ষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! পাণ্ডবেরা ঐভাবে দ্বৈতবনে বাস করিতে থাকিলে এবং তাঁহারা গন্ধর্ব্বদের হাত হইতে দুর্য্যোধনকে মুক্ত করিয়া বিদায় দিলে, পরে দুর্য্যোধন হস্তিনায় আসিলে, ভীষ্ম তাঁহাকে এই কথা কহিলেন—॥৩॥

"বৎস! পূর্ব্বে দ্বৈতবনে যাইবার সময়ে তোমাকে আমি বলিয়াছিলাম যে, তোমার সেখানে গমনটা আমার অভিপ্রেত নহে; তথাপি তুমি তাহা করিয়াছিলে ॥৪॥

বীর! তাহার পর গন্ধর্ব্বেরা বলপূর্ব্বক তোমাকে ধরিয়াছিল এবং ধর্ম্মজ্ঞ পাণ্ডবেরা মুক্ত করিয়া দিয়াছে; তথাপি তোমার লজ্জা হইতেছে না। ॥৫॥

গান্ধারীনন্দন! তখন সৈন্যগণের সহিত তোমার সমক্ষে এবং সৈন্যগণের সহিত তুমি ডাকিতেছিলে—এই অবস্থাতেই সূতপুত্র কর্ণ ভীত হইয়া গন্ধর্ব্বদের যুদ্ধ হইতে পলায়ন করিয়াছিল ॥৬॥

দৃষ্টস্তে বিক্রমশ্চৈব পাণ্ডবানাং মহাত্মনাম্।
কর্ণস্য চ মহাবাহো! সূতপুত্রস্য দুর্ম্মতেঃ ॥৭॥
ন চাপি পাদভাক্ কর্ণঃ পাণ্ডবানাং নৃপোত্তম!।
ধনুর্ব্বেদে চ শৌর্য্যে চ ধর্ম্মে বা ধর্ম্মবৎসল! ॥৮॥
তস্মাদহং ক্ষমং মন্যে পাণ্ডবৈস্তৈর্মহাত্মভিঃ।
সন্ধিং সন্ধিবিদাং শ্রেষ্ঠ! কুলস্যাস্য বিবৃদ্ধয়ে ॥৯॥
এবমুক্তস্তু ভীষ্মেণ ধার্ত্তরাষ্ট্রো জনেশ্বরঃ।
প্রহস্য সহসা রাজন্! বিপ্রতস্থে সসৌবলঃ ॥১০॥
তং তু প্রস্থিতমাজ্ঞায় কর্ণদুঃশাসনাদয়ঃ।
অনুজগ্মুর্মহেষ্বাসা ধার্ত্তরাষ্ট্রং মহাবলম্ ॥১১॥
তাংস্তু সংপ্রস্থিতান্ দৃষ্ট্বা ভীষ্মঃ কুরুপিতামহঃ।
লজ্জয়া ব্রীড়িতো রাজন্! জগাম স্বং নিবেশনম্ ॥১২॥

ভারতকৌমুদী

দৃষ্ট ইতি। তে ত্বয়া। যেভ্যো ভয়েন কর্ণঃ পলায়িতস্ত এব গন্ধর্ব্বাঃ পাণ্ডবৈর্বিজিতা ইতি ভাবঃ। মহাত্মদুর্ম্মতিবিশেষণাভ্যাং হৃদয়বৈধর্ম্ম্যমপি দর্শিতম্ ॥৭॥

নেতি। পাদভাক্ ক্ষমতায়া একচতুর্থাংশভাক্। শৌর্য্যে দৈহিকবলে ॥৮॥

তস্মাদিতি। ক্ষমমুচিতম্। তাদৃশং কর্ণং প্রতি তবাশ্বাসস্যানৌচিত্যাদিতি ভাবঃ ॥৯॥

এবমিতি। প্রহস্য, স্থবিরং ভীষ্মং প্রতি অবজ্ঞাবশাদিত্যাশয়ঃ ॥১০॥

তমিতি। আজ্ঞায় দৃষ্ট্বা। মহেষ্বাসা মহাধানুষ্কাঃ ॥১১॥

সুতরাং মহাবাহু! তুমি নিজেই মহাত্মা পাণ্ডবদের ও দুর্ম্মতি সূতপুত্র কর্ণের বিক্রম প্রত্যক্ষ করিয়াছ ॥৭॥

ধর্ম্মবৎসল রাজশ্রেষ্ঠ! কর্ণ ধনুর্ব্বেদে, বীরত্বে বা ধর্ম্মে পাণ্ডবদের ক্ষমতার এক চতুর্থাংশেরও অধিকারী নহে ॥৮॥

অতএব হে সন্ধিজ্ঞশ্রেষ্ঠ! আমি মনে করি—এই বংশের উন্নতির জন্য সেই মহাত্মা পাণ্ডবদের সহিত তোমার সন্ধি করাই উচিত” ॥৯॥

রাজা! ভীষ্ম এইরূপ বলিলে, রাজা দুর্য্যোধন একটু হাস্য করিয়া তৎক্ষণাৎ শকুনির সহিত তথা হইতে প্রস্থান করিলেন ॥১০॥

তিনি প্রস্থান করিলেন দেখিয়া কর্ণ ও দুঃশাসনপ্রভৃতি ধনুর্দ্ধরেরাও সেই মহাবল দুর্য্যোধনের অনুগমন করিলেন ॥১১॥

তাঁহারা প্রস্থান করিলেন দেখিয়া কুরুপিতামহ ভীষ্ম লজ্জায় আকুল হইয়া আপন ভবনে চলিয়া গেলেন ॥১২॥

গতে ভীষ্মে মহারাজ ! ধার্ত্তরাষ্ট্রো জনেশ্বরঃ ।
পুনরাগম্য তং দেশমমন্ত্রয়ত মন্ত্রিভিঃ ॥১৩॥
কিমস্মাকং ভবেচ্ছ্রেয়ঃ কিং কার্য্যমবশিষ্যতে ।
কথঞ্চ সুকৃতং তৎ স্যান্মন্ত্রয়ামোহস্য যদ্ধিতম্ ॥১৪॥

ভারতকৌমুদী

তানিতি । ব্রীড়িতঃ প্রস্থাতুং প্রণোদিতঃ, অপমানাতিশয়াদিতি ভাবঃ ॥১২॥
গত ইতি । ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ । মন্ত্রিভিঃ কর্ণাদিভিঃ সহ ॥১৩॥
কিমিতি । যৎ হিতম্, তচ্চ কথং সুকৃতং সুষ্ঠু কৃতং স্যাৎ ॥১৪॥

মহারাজ জনমেজয় ! ভীষ্ম চলিয়া গেলে, রাজা দুর্য্যোধন পুনরায় সেই স্থানে আসিয়া মন্ত্রিগণের সহিত মন্ত্রণা করিতে লাগিলেন ॥১৩॥

'বর্ত্তমান সময়ে কোন্ কার্য্য আমাদের পক্ষে ভাল হয়, কোন্ কার্য্য অবশিষ্ট আছে এবং আমার যাহা হিত, তাহা কোন্ প্রকারে সুসম্পাদিত হয়, সেই সকল বিষয়ে এখন আমরা মন্ত্রণা করিব' ॥১৪॥

---

(১৪) কথঞ্চ সুকৃতং মে স্যাৎ—পি । ইতঃ পরং কর্ণদিগ্বিজয়বর্ণনাত্মকঃ সার্দ্ধোহধ্যায়ঃ বা ন কা পুস্তকেষু দৃশ্যতে । স চাধিকঃ, পিতামহলিখিতপুস্তকে অলিখিতত্বাৎ দাক্ষিণাত্যনির্ণয়সাগরযন্ত্র-মুদ্রিতপুস্তকে 'এতদাদিঃ সার্দ্ধোহধ্যায়ঃ ঝ—পুস্তক এব দৃশ্যতে' ইতি কৃত্বা বন্ধনীমধ্যে লিখিতত্বাৎ পূর্ব্বাপরভাষাবৈষম্যাৎ একাকিনঃ কর্ণস্য দিগ্বিজয়ে "একাকিনা ত্বয়া কর্ণ ! কিং নামেহ কৃতং পুরা" ইতি বিরাটপর্ব্বোক্তিবিরোধাৎ আদিপর্ব্বণি পর্ব্বসংগ্রহাধ্যায়ে বনপর্ব্বণো বৃত্তান্তকথনপ্রকরণে কর্ণদিগ্বিজয়াত্মকবৃহদবৃত্তান্তস্যাকথনাচ্চ । অতশ্চ নীলকণ্ঠটীকা প্রক্ষেপাৎ পরমেব সঙ্গাতেতি প্রতীয়তে । স চ সার্দ্ধোহধ্যায়ো যথা —

কর্ণ উবাচ ।

দুর্য্যোধন ! নিবোধেদং যত্ত্বাং বক্ষ্যামি কৌরব ! । ভীষ্মোহস্মান্নিন্দতি সদা পাণ্ডবাংশ্চ প্রশংসতি ॥১॥
ত্বদ্দ্বেষাচ্চ মহাবাহো ! মমাপি দ্বেষ্টুমর্হতি । বিগর্হতে চ মাং নিত্যাং ত্বৎসমীপে নরেশ্বর ! ॥২॥
সোহহং ভীষ্মবচস্তদ্বৈ ন মৃষ্যামীহ ভারত ! । ত্বৎসমক্ষং যদুক্তঞ্চ ভীষ্মেণামিত্রকর্ষণ ! ॥৩॥
পাণ্ডবানাং যশো রাজংস্তব নিন্দাঞ্চ ভারত ! । অনুজানীহি মাং রাজন্ ! সভৃত্যবলবাহনম্ ॥৪॥
জেষ্যামি পৃথিবীং রাজন্ ! সশৈলবনকাননাম্ । জিতা চ পাণ্ডবৈর্ভূমিশ্চতুর্ভির্বলশালিভিঃ ॥৫॥
তামহং তে বিজেষ্যামি এক এব ন সংশয়ঃ । সম্পশ্যতু সুদুর্ব্বুদ্ধির্ভীষ্মঃ কুরুকুলাধমঃ ॥৬॥
অনিন্দ্যং নিন্দতে যো হি অপ্রশংস্যং প্রশংসতি । স পশ্যতু বলং মেহদ্য আত্মানন্ত বিগর্হতু ॥৭॥
অনুজানীহি মাং রাজন্ ! ধ্রুবো হি বিজয়স্তব । প্রতিজানামি তে সত্যং রাজন্নায়ুধমালভে ॥৮॥
তচ্ছ্রুত্বা তু বচো রাজন্ ! কর্ণস্য ভরতর্ষভ ! । প্রীত্যা পরময়া যুক্তঃ কর্ণমাহ নরাধিপঃ ॥৯॥
ধন্যোহস্ম্যনুগৃহীতোহস্মি যস্য মে ত্বং মহাবলঃ । হিতেষু বর্ত্তসে নিত্যং সফলং জন্ম চাদ্য মে ॥১০॥
যদা চ মন্যসে বীর ! সর্ব্বশত্রুনিবর্হণম্ । তদা নির্গচ্ছ ভদ্রং তে হ্যনুশাধি চ মামিতি ॥১১॥
এবমুক্তস্তদা কর্ণো ধার্ত্তরাষ্ট্রেণ ধীমতা । সর্ব্বমাজ্ঞাপয়ামাস প্রায়াত্রিকমরিন্দমঃ ॥১২॥
নির্যযৌ চ মহেষ্বাসো নক্ষত্রে শুভদৈবতে । শুভে তিথৌ মুহূর্ত্তে চ পূজ্যমানো দ্বিজাতিভিঃ ॥১৩॥

মঙ্গলৈশ্চ শুভৈঃ স্নাতো বাগ্‌ভিশ্চাপি প্রপূজিতঃ। নাদয়ন্ রথঘোষেণ ত্রৈলোক্যং সচরাচরম্ ॥১৪॥

ইতি মহাভারতে বনপর্ব্বণি ঘোষযাত্রাপর্ব্বণি দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫২॥

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কর্ণো মহেষ্বাসো বলেন মহতা বৃতঃ। দ্রুপদস্য পুরং রম্যং রুরোধ ভরতর্ষভ ! ॥১॥

যুদ্ধেন মহতা চৈনং চক্রে বীরং বশানুগম্। সুবর্ণং রজতঞ্চাপি রত্নানি বিবিধানি চ ॥২॥

করঞ্চ দাপয়ামাস দ্রুপদং নৃপসত্তম !। তং বিনির্জ্জিত্য রাজেন্দ্র ! রাজানস্তস্য যেঽনুগাঃ ॥৩॥

তান্ সর্ব্বান্ বশগাংশ্চক্রে করং চৈনানদাপয়ৎ। অথোত্তরাং দিশং গত্বা বশে চক্রে নরাধিপান্ ॥৪॥

ভগদত্তঞ্চ নির্জ্জিত্য রাধেয়ো গিরিমারুহৎ। হিমবন্তং মহাশৈলং যুধ্যমানশ্চ শত্রুভিঃ ॥৫॥

প্রযযৌ চ দিশঃ সর্ব্বান্ নৃপতীন্ বশমানয়ৎ। স হৈমবতিকান্ জিত্বা করং সর্ব্বানদাপয়ৎ ॥৬॥

নেপালবিষয়ে যে চ রাজানস্তানবাজয়ৎ। অবতীর্য্য ততঃ শৈলাৎ পূর্ব্বাং দিশমভিদ্রুতঃ ॥৭॥

অঙ্গান্ বঙ্গান্ কলিঙ্গাংশ্চ শুণ্ডিকান্মিথিলানথ। মাগধান্ কর্কখণ্ডাংশ্চ নিবেশ্য বিষয়েঽত্মনঃ ॥৮॥

আবশীরাংশ্চ যোধ্যাংশ্চ অহিক্ষত্রঞ্চ নির্জ্জয়ৎ। পূর্ব্বাং দিশং বিনির্জ্জিত্য বৎসভূমিং তথাগমৎ ॥৯॥

বৎসভূমিং বিনির্জ্জিত্য কেরলাং মৃত্তিকাবর্তীম্। মোহনং পত্তনং চৈব ত্রিপুরীং কোশলাং তথা ॥১০॥

এতান্ সর্ব্বান্ বিনির্জ্জিত্য করমাদায় সর্ব্বশঃ। দক্ষিণাং দিশমাস্থায় কর্ণো জিত্বা মহারথান্ ॥১১॥

রুক্মিণং দাক্ষিণাত্যেষু যোধয়ামাস সূতজঃ। স যুদ্ধং তুমুলং কৃত্বা রুক্মী প্রোবাচ সূতজম্ ॥১২॥

প্রীতোঽস্মি তব রাজেন্দ্র ! বিক্রমেণ বলেন চ। ন তে বিঘ্নং করিষ্যামি প্রতিজ্ঞাং সমপালয়ম্ ॥১৩॥

প্রীত্যা চাহং প্রযচ্ছামি হিরণ্যং যাবদিচ্ছসি। সমেত্য রুক্মিণা কর্ণঃ পাণ্ড্যং শৈলঞ্চ সোঽগমৎ ॥১৪॥

স কেরলং রণে চৈব নীলঞ্চাপি মহীপতিম্। বেণুদারিসুতং চৈব যে চান্যে নৃপসত্তমাঃ ॥১৫॥

দক্ষিণস্যাং দিশি নৃপান্ করান্ সর্ব্বানদাপয়ৎ। শৈশুপালিং ততো গত্বা বিজিগ্যে সূতনন্দনঃ ॥১৬॥

পার্শ্বস্থাংশ্চাপি নৃপতীন্ বশে চক্রে মহাবলঃ। আবন্ত্যাংশ্চ বশে কৃত্বা সাম্না চ ভরতর্ষভ !। বৃষ্ণিভিঃ সহ সঙ্গম্য পশ্চিমামপি নির্জয়ৎ ॥১৭॥

বারুণীং দিশমাগম্য যাবনান্ বর্ব্বরাংস্তথা। নৃপান্ পশ্চিমভূমিস্থান্ দাপয়ামাস বৈ করান্ ॥১৮॥

বিজিত্য পৃথিবীং সর্ব্বাং সপূর্ব্বাপরদক্ষিণাম্। সম্লেচ্ছাটবিকান্ বীরঃ সপর্ব্বতনিবাসিনঃ ॥১৯॥

ভদ্রান্ রোহিতকাংশ্চৈব আগ্নেয়ান্ মালবানপি। গণান্ সর্ব্বান্ বিনির্জিত্য নীতিকৃৎ প্রহসন্নিব ॥২০॥

শশকান্ যবনাংশ্চৈব বিজিগ্যে সূতনন্দনঃ। নগ্নজিৎ প্রমুখাংশ্চৈব গণান্ জিত্বা মহারথান্ ॥২১॥

ভারতভাবদীপঃ

মমাপি মামপি ॥২—১১॥ প্রায়াত্রিকং প্রয়াতুং রাজ্ঞোঽপেক্ষিতং শকটাপণবীথ্যাদি ॥১২—১৩॥ মঙ্গলৈর্মঙ্গলদ্রব্যৈঃ সুগন্ধতৈলাদিভিঃ, স্নাতঃ শুভৈর্নীরাজনাদিভিঃ প্রযযাবিতি সম্বন্ধঃ ॥১৪॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫২॥

—:*:—

তত ইতি ॥১—৭॥ নিবেশ্য বিষয়েঽত্মনঃ আত্মনো গোচরে কৃত্বেত্যর্থঃ। বিষয়ে আত্মন ইতি আকারপূর্ব্বরূপং লোপো বা আর্ষঃ ॥৮॥ নির্জ্জয়ৎ জিতবান্, অড়ভাবঃ আর্ষঃ ॥৯—১২॥ প্রতিজ্ঞাং ক্ষত্রধর্ম্মং সমপালয়ং পালিতবানস্মি ক্ষত্রধর্ম্মাবেক্ষয়ৈব ত্বয়া সহ যুদ্ধং কৃতং ন ত্বজ্জিগীষয়েতি

কর্ণ উবাচ।

দুর্য্যোধন! নিবোধেদং যত্ত্বাং বক্ষ্যামি কৌরব!।
শ্রুত্বা চ তত্তথা সর্ব্বং কর্তুমর্হস্যরিন্দম! ॥১৫॥

ভাবকৌমুদী

